

জন্মশতবার্ষিক-সংস্করণন্

মহর্ষি-শ্রীকৃষ্ণদ্বৈপায়নবেদব্যাস-প্রণীতম্

বনপর্বব ৮

দর্শনাচার্য্য-শ্রীমন্নীলকণ্ঠকৃত্য়া ভারতভাবদীপ-দমাখ্যয়া দীক্য়া

মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণেন শ্রীমদ্ হরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যেণ প্রাণীত্যা ভারতকোম্দীসমাধ্যয়া টীকয়া তৎকৃত-বঙ্গানুবাদেন চ সহিত্য

বিশ্ববাণী প্রকাশনী

কলিকাতা-৭০০০১

প্রথম প্রকাশ : ১৩৪০ বঙ্গাব্দ

দ্বিতীয় (বিশ্ববাণী) সংস্করণ : মহালয়া, ১৩৮৪ বঙ্গান্দ

প্রকাশক ।
বন্ধবাণী প্রকাশনী
৭৯/১বি, মহাত্মা গান্ধী রোড,
কলিকাতা-৭০০০০

म्खक:

অনাদিনাথ কুমার উমাশহর প্রেস ১২, গৌরমোহন ম্থার্জী স্লীট কলিকাতা-৭০০০৬

্মূল্য: ৩০:০০

প্রকাশকের নিবেদন

'মহাভাবতম্' মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ শ্রীমদ্ হরিদাস সিদ্ধান্তবাগীশ মহাশ্যের তপস্থালব্ধ অমৃতম্য ফল। সে আশ্চর্য্য তপশ্চর্যাব কাহিনী আজ সকলেই জানেন। প্রায় একুশ বছব তিনি ছিলেন 'মহাভারতম্'-এব তপস্থায় মগ্ন—এবং সে একক ও তুশ্চর তপস্থায় তাঁর পাণ্ডিত্য ও প্রজ্ঞাব সঙ্গে মিলিত হয়েছিল অসীম ধৈর্য্য, আশেষ নিষ্ঠা ও অলোকিক আদ্বাস। কলে তিনি আমাদেব জন্ম রেখে গেছেন তাঁর 'মহাভারতম্'—এক আশ্চর্য্য ঐশ্বর্য়। 'মহাভাবতম্'-এব দিতীয় সংস্করণ প্রকাশনার মূলে আছে আমাদের সেই জাতীয় ঐশ্বর্য সংরক্ষণের এবং জন্মশতবর্ষপূর্ত্তি উপলক্ষে ঋষি হরিদাসের প্রতি শ্রদ্ধান্তনিবদন করার পুণ্য প্রেরণা ও প্রযাস। স্থাজনের সানন্দ সমর্থনে আমাদের প্রয়াস সার্থক হোক—এইমাত্র কামনা।

ষ্ট্সপ্ততিত্বোহধ্যায়ঃ।

--°*°--

বৈশম্পায়ন উবাচ।

এবং সম্ভাষমাণে তু ধোম্যে কৌরবনন্দর্ম।
লোমশঃ স্থমহাতেজা ঋষিস্তত্রাজগাম হ॥>॥
তং পাগুবাগ্রজো রাজা সগণো ব্রাহ্মণাশ্চ তে।
উপাতিষ্ঠন্মহাভাগং দিবি শক্রমিবামরাঃ॥২॥
তমভার্চ্য যথান্যায়ং ধর্মপুত্রো যুধিষ্ঠিরঃ।
পপ্রচ্ছাগমনে হেতুমটনে চ প্রযোজনম্॥৩॥
স পৃক্টঃ পাণ্ডুপুত্রেণ প্রীয়মাণো মহামনাঃ।
উবাচ শ্লক্ষ্মা বাচা হর্ষয়নিব পাগুবান্॥৪॥

ভাৰতকৌমুদী

এবমিতি। কোরবনন্দনং যুধিষ্টিবম, এবং সম্ভাষমাণে ব্রুবতি সতি ॥১॥
তমিতি। সগণো ভীমাদিভিবন্সচবৈঃ সহ। উপাডিষ্ঠৎ পালাদিভিবপূজ্যৎ ॥২॥
তমিতি। তং লোমশমেব হেতুং পপ্রাচ্ছ। প্রাচ্ছিদ্বিকর্মকঃ। অটনে বিচরণে ॥৩॥
স ইতি। স লোমশঃ। শ্লক্ষয়া কোমলন ॥৪॥

মিলিত হইয়া এই তীর্থসমূহে বিচবণ কবিতে থাকিয়া অর্জুনের উৎকণ্ঠা ত্যাগ করিতে পারিবে" ॥১৪॥

---°#°---

বৈশম্পায়ন বিলিলেন—ধৌমাপুরোহিত যুধিষ্ঠিরকে এইরূপ বলিতেছিলেন, এমন সময়ে অতিমহাতেজা লোমশমুনি সেখানে উপস্থিত হইলেন ॥১॥

তখন স্বর্গে দেবগণ যেমন দেবরাজের পূজা করেন, সেইরূপ অন্তুচরবর্গের সহিত যুর্ধিষ্ঠিব এবং সেই ব্রাহ্মণগণ মহাত্মা লোমশের পূজা করিলেন ॥২॥

যথানিয়মে পূজা করিয়া ধর্ম্মপুত্র যুধিষ্ঠির লোমশেব নিকটে তাঁহার আগমনেব কারণ এবং বিচরণের প্রয়োজন জিজ্ঞাসা করিলেন॥৩॥

যুধিষ্ঠির ঐবপ জিজ্ঞাসা করিলে, মহামনা লোমশ আনন্দিত হইয়া পার্ভ্র-গণকেও আনন্দিত কবিবার জন্ম কোমল বাক্যে বলিতে লাগিলেন—॥৪॥

⁽১) এবং সপ্তায়মাণে তু ধোম্যে কোবনন্দন।—বা ব কা। (২) · · ড দ্তি চন্দ্রহা-ভাগম্—পি।

বন-১০৫ (৮)

সঞ্চরমন্মি কোন্তেয়। সর্বান্ লোকান্ যদৃচ্ছয়।
গতঃ শক্রস্থা ভবনং তত্রাপশ্যং স্থবেশ্বরম্ ॥৫॥
তব চ লাতবং বীরমপশ্যং সব্যসাচিনম্।
শক্রস্থার্জাসনগতং তত্র মে বিশ্বয়ো মহান্ ॥৬॥
আসীৎ পুরুষশার্দ্দ্ল! দৃষ্ট্বা পার্থং তথা গতম্।
আহ মাং তত্র দেবেশো গচ্ছ পাণ্ডুস্থতান্ প্রতি ॥৭॥ (য়ুয়্মকম্)
সোহহমভ্যাগতঃ ক্ষিপ্রং দিদৃক্ষুস্তাং সহাক্রজম্।
বচনাৎ পুরুহুতস্থা পার্থস্থা চ মহাত্মনঃ ॥৮॥
আখ্যাম্মে তে প্রিয়ং তাত। স্থমহৎ পাণ্ডুনন্দন!।
ঋষিভিঃ সহিতো রাজন্! কৃষ্ণয়া চৈব তচছ্পু ॥৯॥
যত্তয়োস্তো মহাবাহুবস্তার্থং ভরতর্বভ।।
তদন্তমাপ্তং পার্থেন ক্রন্তাদপ্রতিমং বিভো!॥>০॥

ভাবতকৌমুদী

কিম্বাচেত্যাহ—সঞ্চবন্নিতি। যদৃচ্ছষা উদ্দেশ্যবিহীনেচ্ছয়া ॥৫॥
তবেতি। সব্যসাচিনমৰ্জ্নম্। তথা গতং শক্রস্তার্জাসনগতং পার্থমর্জ্নং দৃষ্টা মে মহান্
বিশ্বয় আসীৎ, মাহুবস্ত দেববাজার্জাসনে স্থিত্যসম্ভবাদিতি ভাবঃ ॥৬—৭॥

দ ইতি। বচনাদন্মবোধবাক্যাৎ, পুকহৃতস্ত ইন্দ্রস্ত, পার্থস্ত অর্জ্জ্নস্ত ॥৮॥ আখ্যাস্ত ইতি। প্রিয়ং প্রীতিকবং বচনম্। রুফ্যা শ্রোপতা ॥२॥

"কুন্তীনন্দন! আমি যদৃচ্ছাক্রমে সমস্ত লোকে বিচরণ কবিতে করিতে ইন্দ্রের ভবনে যাইয়া উপস্থিত হইয়াছিলাম এবং সেখানে ইন্দ্রকে দেখিয়াছিলাম ॥৫॥ এবং তোমার ভ্রাতা মহাবীব অর্জ্জ্নকে ইন্দ্রের অর্জ্ধাসনে উপবিষ্ট দেখিয়াছিলাম। পুক্ষশ্রেষ্ঠ! অর্জ্জ্নকে সেইস্থানে উপবিষ্ট দেখিয়া আমার গুক্তর বিশ্বর জন্মিয়াছিল। তখন দেববাজ আমাকে বলিলেন—"খাষি! আপনি পাশুবগণের নিকট গমন ককন"॥৬—৭॥

তা'র পব দেববাজের ও মহাত্মা অর্জুনের অন্তুরোধে কনিষ্ঠ ভ্রাতাদের সহিত তোমাকে দেখিবাব জন্ম সহুব আমি এখানে আসিয়াছি ॥৮॥

বংস পাণ্ড্নন্দন! আমি তোমাব নিকট গুকতর প্রিয় সংবাদ বলিব। বাজা! ঋষিগণ ও জ্রোপদীব সহিত তুমি তাহা শ্রবণ কব ॥১॥

ভবতশ্রেষ্ঠ রাজা ! তুমি যে অস্ত্রলাভের জন্ম অর্জুনকে বলিয়াছিলে, অর্জুন মহাদেবেব নিকট হইতে সেই অতুলনীয় অস্ত্র লাভ কবিয়াছেন ॥১০॥ যত্ত্বদত্তক্ষশিরো নাম তপদা রুদ্রমাগতম। অমৃতাত্মখিতং রোদ্রং তল্লবং সব্যসাচিনা ॥>>॥ তৎ সমন্ত্রং সশংহারং সপ্রায়শ্চিত্রমঙ্গলম্। বজ্রমন্ত্রাণি চান্যানি দণ্ডাদীনি যুধিষ্ঠির ! ॥১২॥ যমাৎ কুবেরাদ্বরুণাদিশ্রাচ্চ কুরুনন্দন!। অস্ত্রাণ্যধীতবান্ পার্থো দিব্যান্যমিতবিক্রমঃ ॥১৩॥ বিশ্বাবদোস্ত তনয়াদ্গীতং নৃত্যঞ্চ সাম চ। বাদিত্রঞ্চ যথান্যায়ং প্রত্যবিন্দদ্যথাবিধি ॥>৪॥ এবং কতান্ত্রঃ কোন্ডেয়ো গান্ধর্ববং বেদমাপ্তবান । হুখং বদতি বীভৎস্থরনুজস্থানুজন্তব ॥১৫॥

ভারতকৌমুদী

যদিতি। মহাবাছবর্জ্জুনঃ। আপ্তং লক্ষম্, পার্থেন অর্জুনেন ॥১०॥ কিং নাম তদন্তমিত্যাহ —যদিতি। অমৃতাৎ মন্থনসমযে অমৃতাপ্রবাৎ সমুদ্রাৎ ॥১১॥ তদিতি। সংহাবেণ নিবর্জনেন সহেতি সসংহাবম, প্রাযশ্চিত্তং পবপ্রায়ুক্তন্ত নিবাবণং তদেব মঙ্গলং তেন সহেতি তৎ। লব্ধং লব্ধানি চেত্যন্থবৰ্ত্ততে ॥১২॥

অথ কন্মানুক্ত লক্ষানি বেতাাহ – যমাদিতি। যথাসম্ভবমধীতবান ॥১৩॥ বিশ্বতি। বিশ্বাবসোম্ভনয়াৎ চিত্রসেনাৎ। সাম সাম্ভবাদং সামগানং বা ॥১৪॥ এবমিতি। ক্বতান্ত্ৰ: শিক্ষিতান্ত্ৰ্য, আপ্তবান চিত্ৰসেনালৰবাংশ্চ সন্ ॥১৫॥

ভারতভাবদীপঃ

প্রযোগাদো মন্ত্রসহিতম্। সংহাবস্ত্যক্তস্থাকর্ষণম্। এবমিতি 112-221 সমন্ত্রং প্রাযন্চিত্তম্ অস্তাগ্নিনা নিরপবাধানাং দাহে যো দোষস্তত্ত্য শোধনম্। মঙ্গলং দগ্ধানামেবাবা-মাদীনাং পুনর্বিকসনম্। বজ্ঞং বজ্ঞবদপ্রতীকার্য্যং রোজ্রমেব ॥১২—১৩॥ গীতং লোকিকং

সেই যে 'ব্রহ্মশির'-নামক অস্ত্র সমুদ্রমন্থনের সময়ে তাহা হইতে উঠিয়াছিল এবং মহাদেবের তপস্থায় তাঁহাব নিকট আসিয়াছিল; সেই পাশুপত অস্ত্র অর্জ্জুন লাভ করিয়াছেন ॥১১॥

আর, যুধিষ্ঠির ! মন্ত্র, উপসংহার ও নিবারণের উপায়েব সহিত সেই বজ্র এবং দণ্ডপ্রভৃতি অক্যান্য অন্ত্রও অর্জুন লাভ করিয়াছেন॥১২॥

কুরুনন্দন! অসাধাবণ-বিক্রমশালী অর্জ্জুন যম, কুবের, বরুণ ও ইন্দ্রের নিকট হইতে স্বৰ্গীয় অস্ত্ৰ সকল শিক্ষা কবিয়াছেন ॥১৩॥

তাহার পর তিনি –বিশ্বাবস্থর পুত্র চিত্রদেনগদ্ধর্বের নিকট নৃত্য, গীত, বাগ্ত ও সামগান যথানিয়মে ও যথাবিধানে শিক্ষা কবিয়াছেন ॥১৪॥

1

Í

1

4

⁽১১)···ক্স্মাগম্থ—বা ব কা নি।

যদর্থং মাং স্থরশ্রেষ্ঠ ইদং বচনমত্রবীৎ।
তচ্চ তে কথরিয়ামি যুথিষ্ঠির! নিবাধ মে ॥১৬॥
ভবান্ মনুয়লোকেংপি গমিয়তি ন সংশরঃ।
জ্রয়াদ্যুথিষ্ঠিরং তত্র বচনামে দ্বিজাত্তম!॥১৭॥
আগমিয়তি তে ভ্রাতা কৃত্যন্ত্রঃ ক্ষিপ্রমর্জ্জনঃ।
স্থরকার্য্যং মহৎ কৃত্বা যদশক্যং দিবৌকসৈঃ॥১৮॥
তপদাপি ত্বমাত্মানং যোজয় ভ্রাতৃভিঃ সহ।
তপদো হি পরং নাস্তি তপদা বিন্দতে মহৎ ॥১৯॥
ত্রহঞ্চ কর্নং জ্ঞানামি যথাবদ্ভবতর্বত!।
সত্যসন্ধং মহোৎদাহং মহাবীর্য্যং মহাবলম্॥২০॥

ভারতকোমুদী

যদিতি। স্বশ্রেষ্ঠো দেববাজ:। নিবোধ শৃগ্ ॥১৩॥
কিং তদ্বচনমিত্যাহ—ভবানিতি। তত্ত্ব সম্মালোকে, বচনাদম্বরোধবাক্যাৎ ॥১৭॥
আগমিয়তীতি। স্বরকাশ্যং নিবাতকবচাদীনাং বধরপম্। দিবৌকলৈদেবৈঃ, "সমাসাস্তগতানাং
বা বাজাদীনামদন্ততা" ইত্যদন্তত্যা ভিস্ এস ॥১৮॥

তপদেতি। ত্বমপীতার্থঃ। পবমূত্র্যম্। বিন্দতে ল্ভতে, মূহৎ ফলম্ ॥১৯॥
অহমিতি। সত্যসন্ধং সত্যপ্রতিজ্ঞম্। বীর্ঘাং কায়িকী শক্তিঃ, বলর্ঞ মানসিকী শক্তিঃ
ভাবতভাবদীপঃ

গানম, সাম ঋতুগানম্॥১৪॥ অন্তজ্ঞ ভীমস্তান্তজ্ঞ ॥১৫—১৭॥ স্থরকার্য্য নিবাতকবচা-দীনাং বধঃ। দিবৌকসৈরিতি বছলং ছন্দদীতৈ্যস্॥১৮—১৯॥ সত্যসন্ধং সৃত্যপ্রতিজ্ঞম্

যুধিষ্টির! তোমাব কনিষ্ঠ প্রাতার (ভীমেব) কনিষ্ঠপ্রাতা অর্জুন এইভার্বে অস্ত্র ও গান্ধর্ববেদ শিক্ষা কবিয়া স্বর্গলোকে স্থথে বাস করিতেছেন ॥১৫॥

দেবরাজ যেজন্য আমাকে এই কথা বলিয়া দিয়াছেন,-তাহা আমি তোমাব নিকট বলিব; ভূমি প্রবণ কর ॥১৬॥

বান্দণশ্রেষ্ঠ ! আপনি নিশ্চরই মন্ম্যুলোকেও যাইবেন ; স্থতরাং আমার অন্তরোধে দেখানে যুধিষ্ঠিবকে বলিবেন (যে)— ॥১৭॥

'তোমাব ভ্রাতা অর্জ্জুন অন্ত্রশিক্ষা সমাপ্ত করিয়াছেন, এখন দেবগণেব যাহা অসাধ্য, এমন একটী গুকতর দেবকার্য্য সম্পন্ন কবিয়া শীন্তই আসিবেন ॥১৮॥

ত্মিও অপর প্রতিদেব সহিত মিলিত হইয়া তপস্থা কর। কারণ, তপস্থা হইতে উত্তম কিছুই নাই , স্বতরাং তপস্থা দ্বাবা গুকতব ফল পাওয়া যায়॥১৯॥

ভরতশ্রেষ্ঠ ৷ সামিও যথাযথভাবেই কর্ণকে জানি ; কর্ণ—সত্যপ্রতিজ্ঞ,

মহাহবেষপ্রতিমং মহাযুদ্ধবিশারদম্।
মহাধনুর্দ্ধরং বীরং মহান্তং বরবন্মিণম্ ॥২১॥
মহেশ্বরস্কতপ্রখ্যমাদিত্যতনয়ং প্রভুম্।
তথাহর্জ্জ্বনমতিক্ষন্ধং সহজোল্বণপৌরুষম্।
ন স পার্থস্থ সংগ্রামে কলামর্হতি যোড়শীম্ ॥২২॥ (বিশেষকম্)
ঘচ্চাপি তে ভয়ং কর্ণান্মনসিস্থমবিন্দম!।
তচ্চাপ্যপহরিষ্যামি সব্যুদাচিন্ততো গতে ॥২০॥
ঘচ্চ তে মানসং বীর! তীর্থযাত্রামিমাং প্রতি।
স মহর্ষিলোমশন্তে কর্থয়িয়ত্যসংশয়ম্ ॥২৪॥

ভারতকোমুদী

সাহসাখ্যা। মহাহবেষ্ মহাযুদ্ধেষ্। বরব্দিণং সহজাভেল্লবর্দশালিনম্। মহেশ্বরস্বতপ্রখ্যং কাত্তিকেযতুল্যম্, আদিত্যতনযং ত্র্যপুত্রম্, প্রভুম্ অল্পপ্রভাবশালিনম্। অতিস্কন্ধং মহাধ্যবসায়ম্, "স্কন্ধঃ প্রকাণ্ডে দৈলাংশে বাহুম্লসমূহয়োঃ। সমীহানুপ্যোশচাপি" ইতি বিশ্বঃ। সহজং স্বাভাবিকম্ উল্লব্দ তিল্লতক পৌক্ষং প্রক্ষকাবো যক্ত তম্। স তাদৃশোহপি কর্ণঃ, সংগ্রামে, পার্থস্থ অর্জ্বন্ত, বোড়শীং কলাং ভাগমপি নার্হতি, অর্জ্বন্তেদানীং দেবাল্গলাভাদিতি ভাবঃ। বটুপাদোহয়ং গ্লোকঃ ॥২০—২২।॥

যদিতি। হে অবিন্দম! কর্ণাৎ, ভযং ভয়হেতুভূতম, যচ্চাপি অভেন্তং কবচম্, মনসিস্থম্, ভচ্চাপি সব্যসাচিনি অর্জুনে, অতঃ স্বর্গলোকাৎ, গতে সতি, অহমপহরিক্যামি ॥২৩॥

যদিতি। মানসং কর্ম সঙ্কল্প:। স প্রসিদ্ধ:। তৎ কথবিয়তি ॥২৪॥

ভাবতভাবদীপঃ

॥২০॥ বববর্ণিনমতিহ্বন্দরম্॥২১॥ মহেশ্ববহৃতপ্রথাং স্থন্দতুলাম্, অতিস্কন্ধ্যুরতাংসম্, জ্ঞানগতিস্কন্ধমিতি পাঠে যোগিশ্রেষ্ঠম্॥২২—২৩॥ অপহবিদ্যামি কবচকুগুলাপহরণে ইন্দ্রেণ কতে সতি তদগীল্রক্তান্তঃ প্রবিশ্চ সম্পাদয়িয়ামি আর্বেণাভেদদর্শনেনাহং মহরভব-মহোৎসাহী, গুক্তব দৈহিক বল ও মানসিক বলসম্পন্ন, মহাযুদ্ধে অতুলনীয় বিশারদ, মহাধন্মন্ধর, মহাবীর, মহাস্ত্রসমূহে অভিজ্ঞ, উত্তম বর্ম্মধারী, কার্তিকের তুল্য, স্থর্যের পুত্র এবং অন্তপ্রভাবসম্পন্ন। আবার অর্জ্জনকেও জ্ঞানি; অর্জ্জনও গুরুতর অধ্যবসায়ী এবং স্বভাবতই মহাপুক্ষকারসম্পন্ন; স্থৃতরাং সে কর্ণ এখন অর্জ্জনের বোল ভাগেব এক ভাগেরও যোগ্য নহে॥২০—২২॥

অরিন্দম যুখিষ্ঠিব! কর্ণেব যে অভেন্ন কবচ তোমার ভয়ের কারণ, তাহাও আমি—অর্জুন এ স্থান হইতে গেলে পুরুই হরণ করিব ॥২৩॥

⁽২২)- তথা জ্ঞাতগতিং হেনং সহস্রনাপমম্ — পি। (২৩) ফ্রচাপি তে ভযং তত্মান্মন-সিস্কং হি ধর্মজ।। তদপ্যপহবিদ্যোহয়ং সব্যসাচিত্যপাগতে॥—পি।

যচ্চ কিঞ্চিত্তপোযুক্তং ফলং তীর্থেরু ভারত ! । ব্রন্দর্যিরেষ ব্রুয়াত্তে তচ্ছু দ্ধেয়মনমূখা ॥২৫॥ লোমশ উবাচ ।

ধনঞ্জয়েন চাপ্যুক্তং যত্তচ্ছূ গু যুধিষ্ঠির ! ।

যুধিষ্ঠিবং ভ্রাতবং মে যোজয়েধ র্ম্যায়া গিরা ॥২৬॥

ত্বং হি ধর্মান্ পরান্ বেখ তপাংসি চ তপোধন ! ।

শ্রীমতাঞ্চাপি জানাসি ধর্মাং রাজ্ঞাং সনাতনম্ ॥২৭॥

স ভবান্ পরমং বেদ পাবনং পুরুষান্ প্রতি ।

তেন সংযোজয়েথাস্তং তীর্থপুণ্যেন পাগুবান্ ॥২৮॥

যথা তীর্থানি গচ্ছেত গাশ্চ দত্যাৎ স পার্থিবঃ ।

তথা সর্ব্যাল্যনা কার্য্যমিতি মামর্জ্জনোহত্রবীৎ ॥২৯॥

ভারতকৌমূদী

যদিতি। অনন্তথা সংশন্তাদিরাহিত্যেন, তৎ, শ্রদ্ধেং বিশ্বাশুম্ ॥२৫॥ ধনেতি। ধর্ম্মান্তা ধর্মাদনপেত্যা গিবা যোজয়েঃ তাং প্রাব্যেরিত্যর্থঃ ॥২৬॥ দ্বমিতি। প্রান্ প্রেষ্ঠান্। শ্রীমতাং ধনাদিসম্পত্তিশালিনাম্ ॥২৭॥ স ইতি। পাবনং তীর্থপুণাম্, পুরুষান্ প্রতি পুরুষাণামিত্যর্থঃ ॥২৮॥

বীর! তীর্থযাত্রা বিষয়ে তোমার যে ইচ্ছা জন্মিয়াছে, সে বিষয়ে প্রাসিদ্ধ মহর্ষি লোমশ নিশ্চয়ই নিয়মাদি বলিবেন ॥২৪॥

ভরতনন্দন! তীর্থে তপস্থাপ্রযুক্ত যে কিছু কল হয়, তাহা তোমার নিকট এই ব্রহ্মর্বি লোমশই বলিবেন; তুমি নিঃসন্দেহে তাহা বিশ্বাস করিও" '॥২৫॥

লোমশ বলিলেন—"যুধিষ্ঠির! অর্জ্জ্নও যাহা বলিয়া দিয়াছেন, তাহাও শোন— "আপনি আমাব ভ্রাতৃগণকে ধর্মদঙ্গত বাক্য শুনাইবেন ॥২৬॥

কারণ, আপনি উত্তম ধর্ম ও তপস্থার বিষয় জানেন এবং সম্পত্তিশালী রাজাদের সনাতন ধর্মও অবগত আছেন ॥২৭॥

আব, আপনি মানুষেব পরম তীর্থধর্ম্মেব বিষয়ণ্ড জ্ঞানেন; স্মৃতরাং আপনি পাওবগণকে সেই তীর্থধর্ম্মযুক্ত করিবেন ॥২৮॥

যাহাতে সেই রাজা তীর্থে গমন ও গোদান করেন, তাহা আপনি সর্ব্বপ্রয়ত্বে কবিবেন," এই কথা অর্জ্জুন আমাকে বলিয়াছেন ॥২৯॥

⁽২৫)…ন ভক্তুদ্দেবমন্তথা—বা ব কা নি। ইতঃ পরম্—'…একনবতিতমোহধ্যারঃ'—বা ব কা পি, '…একোননবতিতমোহধ্যানঃ'—নি। (২৬)…ধর্ম্মারা শ্রিষা—বা ব কা, ধর্ম্মারা ধিযা— নি। (২৮)…পুরুষং প্রতি—বা ব কা নি।

ভবতা চানুগুপ্তোহসোঁ চরেত্তীর্থানি সর্বশঃ।
বক্ষোভ্যো রক্ষিতব্যশ্চ প্রপের্যু বিষমেরু চ ॥৩০॥
দধীচ ইব দেবেন্দ্রং যথা চাপ্যঙ্গিরা রবিম্।
তথা রক্ষম্ব কোন্ডেরান্ রাক্ষসেভ্যো দিজোভম!॥৩১॥
যাজুধানা হি বহবো বাক্ষসাঃ পর্ববতোপমাঃ।
দ্বয়াভিগুপ্তান্ কোন্ডেরান্ নাভিবর্তেরুরন্তিকাৎ ॥৩২॥
সোহহমিন্দ্রস্থা বচনানিয়োগাদর্জ্জ্বনস্থা চ।
রক্ষমাণো ভযেভাস্থাং চরিয়ামি দ্বরা দহ ॥৩০॥
দ্বিত্তীর্থানি ময়া পূর্ববং দৃষ্টানি কুরুনন্দন!।
উদং ভতীয়ং দেক্ষামি তান্থেব ভবতা দহ ॥৩৪॥

ভারতকোমুদী

যথেতি। স পার্থিবো যুধিষ্টিরঃ। সর্বাজ্মনা সর্বপ্রয়ত্বেন, কার্যাং কর্তব্যম্ ॥২১॥
ভবতেতি। অন্বপ্রপ্তো বক্ষিতঃ। তুর্গেষ্ তুর্গমেষ্, বিষমেষ্ উচ্চাবচেষ্ স্থানেষ্ ॥৩০॥
দধীচ ইতি। দধীচো নাম মূনিঃ। রক্ষর বক্ষোদ্বমন্ত্রণাঠাদিনা ॥৩১॥
যাত্বিতি। যাতুং সময় এব দধতীতি যাতুধানাঃ। অভি লক্ষ্যীকৃত্য ॥৩২॥
স ইতি। চরিক্সামি তীর্থেদিতি শেষঃ ॥৩৩॥
দিরিতি। দির্বারম্বযম্। ভূতীয়ং বারম্, তান্তেব তীর্থানি ॥৩৪॥
ভারতভাবদীপঃ

মিত্যাদিবদহমেবেদ্রকণী কবিস্থামীতি ॥২৪॥ তৎ শ্রাদ্ধেরং ন স্বস্থারগৃহীতব্যমিত্যর্থং ॥২৫॥ যোজ্যেং যোজ্য, ধর্ম্মায়া ধর্মাদনপেতরা ॥২৬—২৭॥ দিঃ দ্বিবারম, তৃতীয়ং তৃতীযবারম

আপনি তাঁহাকে তুর্গমস্থানে এবং বিষমস্থানে রক্ষা করিবেন; আপনি রক্ষা করিলেই তিনি সকল তীর্থে বিচরণ করিতে পারিবেন ॥৩০॥

ব্রাহ্মণশ্রেষ্ঠ। দধীচমূনি ষেমন দেবরাজকে এবং অঙ্গিরা যেমন স্থ্যাকে রক্ষা কবেন, আপনিও তেমনই রাক্ষসগণ হইতে পাণ্ডবগণকে রক্ষা করিবেন ॥৩১॥

আপনি রক্ষা কবিতে থাকিলে, হঠকারী পর্ববতপ্রমাণ বহুতর রাক্ষমও নিকট হইতে পাগুবগণের সম্মুখে আসিতে পাবিবে না" ॥৩২॥

ইন্দ্রেব কথায় ও অর্জুনের অনুরোধে আমি সর্ব্বপ্রকার ভয় হইতে তোমাকে রক্ষা করিতে থাকিয়া তোমার সহিত তীর্থে বিচবণ করিব ॥৩৩॥

কুক্দন্দন! আমি পূর্ব্বে ছইবার তীর্থগুলি দেখিয়াছি; এখন তৃতীয় বার তোমার সহিত সেইগুলিই দেখিব ॥৩৪॥

বন-১•৬ (৮)

ইয়ং:বাজর্ষিভির্যাতা পুণ্যকৃত্তিরু ধিষ্ঠিব। ।
মন্নাদিভির্মহাবাজ! তীর্থবাত্রা ভয়াপহা ॥৩৫॥
নানৃজুর্নাকৃতাত্মা চ নাবিত্যো ন চ পাপকৃৎ।
ম্নাতি তীর্থেরু কোবব্য! ন চ বক্রমতির্নরঃ ॥৩৬॥
ত্বস্তু ধর্মমতির্নিত্যং ধর্মজ্ঞঃ সত্যসঙ্গরঃ।
বিমুক্তঃ সর্ব্বপাপেভ্যো ভূর এব ভবিয়িসি ॥৩৭॥
যথা ভগীরথো রাজা বাজানশ্চ গয়াদরঃ।
যথা য্যাতিঃ কোভের! তথা ত্বমপি পাগুব!॥৩৮॥
যুধিষ্ঠির উবাচ।

ন হর্ষাৎ সম্প্রপশ্যামি বাক্যস্থাস্থোত্তরং কচিৎ। স্মবেদ্ধি দেবরাজো বং কো নামাভ্যধিকস্ততঃ॥৩৯॥

ভারতকৌসুদী

ইযমিতি। যাতা প্রাপ্তা ক্বভেতার্থ:। ভয়াপহা পাপভবনাশিকা ॥৩৫॥

নেতি। অনুজ্যু অসবলঃ শঠঃ তীর্থেব্ ন স্নাতি, পৰপ্রতাবণাব্যাপৃতত্বাৎ, অক্কতাত্মা ভূপ্রেদেশদর্শনাভাবেনাশিক্ষিতচিতঃ তীর্থেব্ ন স্নাতি, কৃপমণ্ড্কতুল্যত্বাৎ, অবিচঃ তীর্থেব্ ন স্নাতি শান্ত্রাজ্ঞানেন তীর্থফলাজ্ঞানাৎ, পাপকৃৎ তীর্থেব্ ন স্নাতি চৌর্যাদিনিবভন্তাৎ, বক্রমতির্নিশ্চ, তীর্থেব্ ন স্নাতি হেত্বাদেন তীর্থফলানঙ্গীকাবাৎ ॥৩৬॥

দ্বমিতি। সত্যসঙ্গবং সত্যপ্রতিজ্ঞঃ। বিমৃক্তঃ, তীর্থন্নানাদিনা সর্বপাপক্ষবাৎ ॥৩৭॥ যথেতি। অতস্তীর্থপর্ব্যটনেনাধিকধর্মনাভে তব বৃদ্ধিভবেদেবেতি ভাবঃ ॥৬৮॥

. মহাবাজ যুধিষ্ঠিব। মন্ত্রপ্রভৃতি পুণ্যকাবী বাজর্বিবা পাপভয়নাশক এই জীর্থপর্যাটন কবিয়া গিয়াছেন ॥৩৫॥

ুকুকনন্দন। শঠ, কৃপমণ্ড,ক্সভাব, মূর্থ, পাপকাবী এবং কুটিলবৃদ্ধি লোক ভীর্থে স্নান কবে না ॥৩১॥

কিন্তু তোমাব সর্ব্বদাই ধর্ম্মে মতি রহিষাছে এবং তুমি ধর্ম্মজ্ঞ ও সত্যপ্রতিজ্ঞ; অতএব তুমি (তীর্থপর্য্যটন কবিয়া) সম্পূর্ণকপেই সমস্ত পাপ হইতে মুক্ত হইবে॥৩৭॥

পাণ্ডুনন্দন! ভগীবধরাজা বেমন ছিলেন, গয়প্রভৃতি রাজাবা বেমন গিয়াছেন এবং য্যাতিবাজা যেমন ছিলেন, তুমিও তেমনই হইয়াছ"॥৩৮॥

যুধিষ্ঠিব বলিলেন—"আমি আনন্দবশতঃ এই বাক্যেব উত্তব কোথাও খুঁজিয়া পাইতেছি না এবং দেববাজ যাহাকে স্মবণ কবেন, তাহা হইতে কোন্ ব্যক্তি বড় ? ॥৩৯॥

⁽७१)…विग्ङः मर्त्तमप्त्रजाः—वा व का।

ভবতা সঙ্গমো যস্ত ভ্রাতা চৈব ধনপ্তায়ঃ।
বাসবঃ স্মরতে যস্ত কো নামাভ্যধিকস্ততঃ ॥৪০॥
যচ্চ মাং ভগবানাহ তীর্থানাং দর্শনং প্রতি।
ধৌম্যস্ত বচনাদেষা বুদ্ধিঃ পূর্ববং ক্রতৈব মে ॥৪১॥
তদ্যদা মন্যসে ভ্রহ্মন্! গমনং তীর্থদর্শনে।
তদৈব গন্তাম্মি তীর্থান্তেষ মে নিশ্চয়ঃ পরঃ ॥৪২॥

বৈশম্পায়ন উবাচ।

গমনে কৃতবুদ্ধিন্ত পাগুবং লোমশোহত্রবীৎ। লঘুর্ভব মহারাজ! লঘুঃ স্বৈরং গমিয়াসি॥৪৩॥.

যুধিষ্ঠিব উবাচ। *

ভিক্ষাভুজে। নিবর্তন্তাং ব্রাহ্মণা যতয়শ্চ যে। কুত্রফাধ্বশ্রমায়াদশীতার্ভিমসহিফবঃ ॥৪৪॥

ভারতকৌমুদী

নেতি। হর্ষাৎ অর্জ্জনশু সর্বদেবান্ত্রলাভস্বাস্থ্যসংবাদপ্রাপ্তিজনিতাদান্দাৎ ॥७৯॥ ভবতেতি। বাসব ইন্দ্রঃ। মুক্তোতি "শ্বতার্থকর্মানি" ইতি কর্মানি বন্ধী ॥৪০॥ যদিতি। ভগবান্ ভবান্। দর্শনং প্রতি দর্শনবিষয়ে। মে মুষা ॥৪১॥

তদিতি। গস্তান্মি গমিষ্যামি। বনবাসপ্রতিজ্ঞাষা অগৃহবাসতাৎপূর্যকত্মাৎ তীর্থল্মণেনাপি ন তৎপ্রতিজ্ঞাভঙ্গঃ। কিঞ্চ অবসবে মহাধর্মার্জনং মহালাভ এবেতি ভাবঃ ॥৪২॥

- গমন ইতি। লঘুর্ভাবশৃন্তঃ স্বর্লপবিজন ইত্যর্থঃ। কণমিত্যাহ—ল্যুরিতি। লঘুঃ সন্, স্বৈরং স্ক্রন্থং যথেচ্ছমিতি যাবং, গমিশুসি। বহুপরিজনসত্ত্বে তু ব্যাপারবাহুল্যাদিনা যথেচ্ছগমনব্যাঘাতো ভবিশ্বতীতি ভাবঃ। "মন্দ্রস্ক্রন্ধ্রোঃ স্বৈরম্" ইত্যমবঃ ॥৪৩॥
- , ভিক্ষেতি। ভিক্ষাভূজো নিবর্ত্তন্তম, তীর্থে ভিক্ষালাভাসম্ভবাৎ "তীর্থে ন প্রতিগৃহীয়াৎ আপনার সহিত যাহাব সম্মেলন হইল, অর্জুন যাহার প্রাতা এবং ইক্র যাহাকে শ্বনণ করিয়াছেন, তাহা হইতে কোনু ব্যক্তি প্রধান ? ॥৪০॥
- তা'র পর, আপনি যে আমাকে তীর্থদর্শনের বিষয়ে বলিতেছেন, এ বৃদ্ধি আমি ধৌম্যপুনোহিতের বাক্যে পূর্ব্বেই করিয়াছি ॥৪১॥
- ি অতএব যখনই অপনি ভীর্থদর্শনে গমন করা সঙ্গত মনে করিবেন, তখনই আমি ভীর্থে গমন কবিব ; ইহাই আমার একান্ত নিশ্চয়" ॥৪২॥

বৈশম্পায়ন বলিলেন—যুখিষ্ঠির তীর্থগমনে মত করিলে, লোমশ তাহাকে কহিলেন—"যুখিষ্ঠির! লঘু হও (অল্প পরিজন সঙ্গে লও), লঘু হইলে ইচ্ছামুসারে গমন করিতে পারিবে' ॥৪৩॥

^{*} বাজোবাচ--পি।

তে সর্বে বিনিবর্ত্তত্তাং যে চ মিফ্টভুজো দ্বিজাঃ।
পকামলেহ্যপানানাং মাংসানাঞ্চ বিকল্পকাঃ ॥৪৫॥
তেহপি সর্বে নিবর্ত্তত্তাং যেহপি সূদানুযায়িনঃ।
ময়া যথোচিতাজীবৈঃ সংবিক্তাশ্চ রুত্তিভিঃ ॥৪৬॥
যে চাপ্যনুগতাঃ পৌরা রাজভক্তিপুবস্কৃতাঃ।
ধ্বতবাষ্ট্রং মহারাজমভিগচ্ছন্ত তে চ বৈ।
স দাস্ততি যথাকালমুচিতা যস্ত বা ভৃতিঃ ॥৪৭॥

ভারতকৌমূদী

প্রাণৈঃ কণ্ঠগতৈবপি" ইতি শ্বত্যা নিষেধাচেতি ভাবঃ। যে যতযো জিতেন্দ্রিয়া বান্দ্রণাশ্চ, তেৎপি নিবর্তন্তান, তেবামিন্দ্রিয়জয়িত্যা দর্শনাভর্থং ভব্র তব্র গসনাসম্ভবেন সর্বেবামেব তদসম্ভবাৎ। কুধাগুসহিষ্ণুনাঞ্চ সর্বব্র গমনশ্রৈত্বাসম্ভবাৎ ॥৪৪॥

ত ইতি। মিষ্টভূজো মধুবভোজিনঃ, সর্বত্ত মধুববস্তুলাভাসন্তবাৎ। বিকল্পকা আহারে উক্ত-বিবিধকল্পগ্রাহিণঃ, তীর্থে তাদুশবিবিধকল্পসম্পাদনাসন্তবাৎ ॥৪৫॥

ত ইতি। প্দান্ন্যাবিনঃ শ্বয়ং শ্বয়ং পাকাসামর্থ্যেন পাচকাপেক্ষিতাবঃ, সর্বজ্ঞ পাচকপ্রাপ্ত্য-সম্ভবাৎ। যথোচিতাজীবৈঃ যথোচিতনিন্দিষ্টথাডাদিদানৈঃ, বৃত্তিভিনিন্দিষ্টবেতনৈন্চ, সংবিভক্তা বিভজ্য রক্ষিতাঃ, তেহপি নিবর্জন্তাম, সর্বজ্ঞ তন্ধানাসম্ভবাৎ ॥৪৬॥

য ইতি। অভিগচ্ছন্ত, তত্রাপি রাজভক্তিসম্ভবাৎ তত্ত্যৈব প্রকৃতবাজত্বাৎ। ভৃতির্বেতনং থাতাদিকঞ্চ। ঘটপাদোহযং শ্লোকঃ ॥৪ ৭॥

ভাবতভাবদীপঃ

॥২৮—৩৬॥ সত্যসঙ্গবং সত্যযজ্ঞঃ, ''যান্তেব সংগ্রামনামানি তানি যজ্ঞনামানী''তি যাস্কবচনাৎ
॥৬৭—৪২॥ লঘুবল্পবিবারঃ ॥৪৩—৪৪॥ বিকল্পকাঃ মৃষ্টামৃষ্টবিভাজকাঃ ॥৪৫॥ আজীবৈ্য-

যুধিষ্ঠিব বলিলেন—"যে সকল ব্রাহ্মণ ভিক্ষাভোজী ও জিতেন্দ্রিয় এবং যাঁহারা ক্ষ্মা, পিপাসা, পথেব পরিশ্রম, গ্রীষ্মেব কষ্ট ও শীতের কষ্ট সহ্য করিতে না পারেন, তাঁহাবা সকলেই নিবৃত্ত হউন ॥৪৪॥

যে সকল ব্রাহ্মণ কেবল সুস্বাত বস্তু ভোজন করেন এবং যাঁহারা প্রকাম লেহ, পেয ও মাংস ইত্যাদি বিবিধ বস্তু ভোজন কবিয়া থাকেন, তাঁহারা সকলেও নিবৃত্ত হউন ॥৪৫॥

যাঁহাবা পাচকের অপেক্ষা বাখেন, কিংবা আমি যাঁহাদিগকে নির্দ্দিষ্ট উপযুক্ত খাল্ল এবং নির্দ্দিষ্ট বেতন দিয়া বাখিয়াছি, তাঁহারা সকলেও নিবৃত্ত হউন ॥৪৬॥

আর, যে সকল পুরবাসীবা রাজভক্তিবশতঃ আমার দঙ্গে আদিয়াছেন, তাঁহারা মহাবাজ ধৃতবাষ্ট্রের নিকট গমন ককন; তিনিই—যাহার যাহা যোগ্য বৃত্তি আছে, তাহা তাঁহাকে যথাসময়ে দিবেন" ॥৪৭॥

⁽⁸७)…मग्रा यर्शिकिजाङ्गीरैताः—वा व का नि।

স চেদ্যথোচিতাং বৃত্তিং ন দতানানুজেশ্বরঃ। অস্মৎপ্রিয়হিতার্থায় পাঞ্চাল্যো বঃ প্রদাস্তর্তি॥৪৮॥ বৈশম্পায়ন উবাচ।

ততো ভূমিষ্ঠশঃ পৌরা গুরুভারপ্রগীড়িতাঃ।
বিপ্রাশ্চ যতয়ো মুখ্যা জগ্মুর্নাগপুরং প্রতি ॥৪৯॥
তান্ সর্বান্ ধর্মরাজস্ম প্রেম্ণা রাজাহিষিকাস্ততঃ।
প্রতিজ্ঞাহ বিধিবদ্ধনৈশ্চ সমতর্পয়ৎ ॥৫০॥
ততঃ কুন্তীস্ততো রাজা লঘুভির্রাদ্ধণৈঃ সহ।
লোমশেন চ স্থ্রীতন্তিরাত্রং কাম্যকেহবদৎ ॥৫১॥

ইতি শ্রীমহাভারতে শতদাহস্র্যাং সংহিতারাং বৈয়াদিক্যাং বনপর্ববিদ তীর্থযাত্রারাং বুধিষ্ঠিরতীর্থযাত্রামন্ত্রণে ষট্দগুতিতমোহধ্যারঃ॥०॥ *

ভারতকৌমূদী

স ইতি। পাঞ্চাল্যো ক্রপদো রাজা, বো যুদ্মভাম্। অতস্কত্রৈব গচ্ছেতেতি ভাব: ॥৪৮॥ তত ইতি। গুরুভারেণ হুঃথাতিরেকেণ প্রশীডিতা:। নাগপুবং হস্তিনাম্ ॥৪৯॥ তানিতি! ধর্মরাজন্ম যুধিষ্ঠিবন্স, প্রেম্ণা বাৎসল্যেন ॥৫০॥

তত ইতি। লঘুভিবল্পসংখ্যকৈ:। লোমশাগমনাবধিত্তিবাত্তবাসাভাবে যুধিষ্টিরাদীনাং যাত্রাসিদ্ধাবপি লোমশশু যাত্রা ন শুাৎ ''ত্তিবাত্তং যত্ত নো বাসস্ততো যাত্রা ন সিধ্যতি' ইতি জ্যোভিষাৎ লোকব্যবহারাচ্চ। তথাত্বে লোমশশু তীর্থযাত্রাঙ্গকার্য্যমপি ন শুাৎ। অভস্তিরাত্তং কাম্যকেহবসদিত্যক্তম্ ॥৫১॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিবচিতায়াং মহাভারতটীকায়াং ভাবতকোমূদীসমাখ্যাষাং বনপর্বাণি তীর্থযাত্রায়াং বট্সপ্ততিতমোহধ্যায়ঃ ॥•॥
ভারতভাবদীপঃ

ষ্ঠ্ ত্যাদিভিব্ ব্তিভিৰ্জীবনহেভূভিবন্নাদিভিঃ ॥৪৬—৪৭॥ পাঞ্চাল্যো ক্ৰপদঃ, বো যুগ্মভাম্ ॥৪৮—৫১॥ ইতি শ্ৰীমহাভাবতে বনপৰ্বাদি নৈলকন্তীয়ে ভাৰতভাৰদীপে ষট্সপ্ততিতমোহধ্যায়ঃ ॥৭৬॥

তিনি যদি যথোচিত বৃত্তি না দেন, তবে ক্রুপদবাঙ্কা আমাদের প্রীতি ও হিতেব জন্ম তাহা আপনাদিগকে দিবেন" ॥৪৮॥

তাহাব পর বহুসংখ্যক পুৰবাসী এবং জিতেন্দ্রিয় শ্রেষ্ঠ ব্রাহ্মণগণ অত্যন্ত চু:খিত হইয়া হস্তিনানগবে গমন করিলেন ॥৪৯॥

বাজা ধৃতরাষ্ট্র যুধিষ্ঠিবেব প্রণয়বশতঃ তাঁহাদিগকে গ্রহণ করিলেন এবং ধনদারা যথাবিধানে সন্তুষ্ট করিলেন ॥৫০॥

^{* &#}x27;--- দ্বিনবতিতমঃ---'---বা ব কা পি, '--- নবতিতমঃ---'---নি !

সপ্তদপ্ততিতমোহধ্যায়ঃ।

--:*:--

,বৈশস্পায়ন উবাচ।

ততঃ প্রয়ান্তং কোন্তেরং ব্রাহ্মণা বনবাসিনঃ।
অভিগম্য তদা বাজনিদং বচনমক্রবন্ ॥>॥
রাজংস্তীর্থানি গন্তাসি পুণ্যানি ভাতৃতিঃ সহ।
ঝাষণা চৈব সহিতো লোমশেন মহাত্মনা ॥২॥
অম্মানপি মহারাজ! নেতুমর্হসি পাণ্ডব!।
অম্মাতির্হি ন শক্যানি জদৃতে তানি কৌরব!॥৩॥
শ্বাপদৈরুপস্কানি তুর্গানি বিষমানি চ।
অগম্যানি নিরেরল্প্রীর্থানি মনুজেশ্ব!॥৪॥

-ভারতকৌ মূদী

তত ইতি। বনবাদিন: য্থিষ্টিবাভাগমনাৎ পূর্ব্বাবধিকাম্যকবনস্থিতা: ॥১॥ রাজনিতি। গস্তাদি গমিস্থাদি ॥২॥ অম্মানিতি। নেতৃৎ দহচরীকর্জুম্। জদৃতে তাং বিনা, তানি তীর্থানি ॥৩॥ খেতি। খাপদৈহিংশ্রজম্ভিতঃ, মুর্গাণি মুর্গমানি, বিষমাণি বিপৎসম্থলানি ॥৪॥

তদনস্তর যুর্ষিষ্ঠিব আনন্দিত হইয়া অন্নসংখ্যক ব্রাহ্মণ এবং লোমশমূনির সহিত আরও তিন রাত্রি কাম্যকবনে বাস কবিলেন ॥৫১॥

—ి≉%—

বৈশস্পায়ন বলিলেন—রাজা জনমেজয়! তাহার পর যুর্ধিষ্টিব যখন তীর্থযাত্রার আয়োজন করিতে লাগিলেন, তখন পূর্ব্ব হইতে কাস্যকবনবাদী ত্রাহ্মণেরা ঘাইয়া তাঁহাকে এই কথা বলিলেন—॥১॥

"রান্ধা ! আপনি—ভ্রাভৃগণ ও মহাত্মা লোমশমুনির সহিত তীর্থসমূহে ভ্রমণ কবিবেন ॥২॥

অতএব মহাবাজ! আপনি আমাদিগকেও সঙ্গে লইয়া চলুন। কাবণ, আমবা আপনাকে ভিন্ন সে তীর্থভ্রমণে সমর্থ হইব না ॥।॥

কারণ, নবনাথ ! তীর্থ দকল হিংস্র জন্ততে পরিপূর্ণ, ছুর্গম ও বিপংসঙ্গুল ; সূতবাং দেগুলি মন্ন লোকেব মগম্য ॥৪॥ ভবন্তো ভাতরঃ পূরা ধর্ম্বরবরাঃ সদা।
ভবিদ্ধঃ পালিতাঃ শূরৈর্গচ্ছেম বয়মপুতে ॥৫॥
ভবৎপ্রসাদাদ্ধি বয়ং প্রাপ্পরামঃ স্থাং ফলম্।
তীর্থানাং:পৃথিবীপাল! বনানাঞ্চ বিশাংপতে!॥৬॥
তব বীর্যাপরিত্রাতাঃ শুদ্ধান্তীর্থপরিপ্লুতাঃ।
ভবেম ধৃতপাপানন্তীর্থসন্দর্শনাম্প নি।॥।
ভবানপি নবেন্দ্রস্থ কার্ত্বীর্যাস্থ ভারত!।
ভবকস্থ চ রাজর্বেলে মিপাদস্থ চৈব হ ॥৮॥
ভবকস্থ চ বীরস্থ সার্বভৌমস্থ পার্থিব!।
গ্রহাং প্রাপ্সাদি স্প্রোপান্ লোকাংন্তীর্থপরিপ্লুতঃ॥৯॥ (যুগাকম্)
প্রভাদাদীনি তীর্থানি মহেন্দ্রাদীংশ্চ পর্বতান্।
গঙ্গাত্যাঃ সরিত্রশৈচব প্রক্ষাদীংশ্চ বনস্পতীন্।
ভ্রমা সহ মহীপাল। দ্রেন্ট্র্মিচ্ছামহে বয়ম্॥১০॥

ভারতকৌমুদী

ভবস্তিরিতি। পালিতা বিপদ্ধো বক্ষিতা:। উতশবঃ পাদপ্ববে ॥৫॥
ভবদিতি। স্থমনায়াসং ঘধা স্থান্তথা। তীর্থানাং বনানাঞ্চ ভ্রমণাৎ ফলম্ ॥৬॥
তবেতি। শুদ্ধাঃ স্বভাবত এব নির্মলচিত্তাঃ, তীর্থেষ্ পরিপ্ল, তাঃ মাতাঃ ॥।॥
ভবানিতি। অষ্টকস্থ আদিপর্বাধি প্রাপ্তস্থা। লোকান্ স্বর্গান্ ॥৮—>॥

আপুনারা ভাতারা সকলেই প্রধান ধন্তুর্বিও বীর; অতএব আপনারা সর্ব্বদা রক্ষা করিতে থাকিলে, আমরাও তীর্থভ্রমণ করিতে পাবিব ॥৫॥

রাজা! নরনাথ! আপনার অমুগ্রহে আমরা তীর্থ ও বনভ্রমণের ফল অনার্য়াদে লাভ করিতে পারিব ॥৬॥

রাজা! আমরা স্বভাবতই নির্মাল চিত্ত; স্থতরাং আপনার বলে রক্ষিত হইয়া, তীর্থস্নান ও তীর্থদর্শন করিয়া আমরা পাপশৃক্ত হইতে পারিব ॥॥

ভরতনন্দন রাজা। আপনিও তীর্থে স্নান করিয়া—রাজা কার্ত্তরীর্য্যার্জ্জুন, রাজর্ষি অষ্টক ও লোমপাদ এবং মহাবীব ও সার্ব্বভৌম ভরতের তুর্লভ স্বর্গগুলি নিশ্চয়ই লাভ করিবেন ॥৮—৯॥

রাজা! আমরা আপনার সহিত মিলিত হইযা—প্রভাসপ্রভৃতি তীর্থ, মহেন্দ্র-প্রভৃতি পর্বত, গঙ্গাপ্রভৃতি নদী এবং প্লক্ষপ্রভৃতি বৃক্ষ সকল দেখিতে ইচ্ছা করি॥১০॥

⁽e) ভবতো ভাতর: শ্বা:—বা ব কা নি। (a) ভরতশ্য দিলীপশ্য—পি।

যদি তে ব্রাহ্মণেষস্তি কাচিৎ প্রীতির্জনাধিপ !।
কুরু ক্ষিপ্রং বচোহস্মাকং ততঃ শ্রেরোহভিপৎস্তদে ॥>>॥
তীর্থানি হি মহাবাহো! তপোবিত্মকরৈঃ সদা।
অনুকীর্ণানি বক্ষোভিন্তেভ্যো নদ্রাতুমর্হসি ॥>২॥
তীর্থান্যুক্তানি ধৌম্যেন নারদেন চ ধীমতা।
যান্যুবাচ চ দেবর্ষিলে মশঃ স্থমহাতপাঃ ॥> ৩॥
বিধিবক্তানি সর্ব্বাণি পর্য্যটম্ব নরাধিপ ।।
ধৃতপাপ্যা সহাম্মাভিলে মিশেনাভিপালিতঃ ॥>৪॥

বৈশম্পায়ন উবাচ। *

স রাজা পূজ্যমানকৈর্হর্ষাদশ্রুপরিপ্ল,তঃ।
ভীমসেনাদিভির্বীরৈজ্র্যাভৃতিঃ পবিবারিতঃ ॥>৫॥
বাঢ়মিত্যত্ত্রবীৎ সর্ব্বাংস্তানৃষীন্ পাশুবর্ষভঃ।
লোমশং সমনুজ্ঞাপ্য ধৌম্যকৈব পুরোহিতম্ ॥>৬॥ (যুগ্মকম্)

ভারতকোমুদী

প্রভাসেতি। প্রকাদীন্ প্রকাপ্পবনাদিতীর্থগতান্। বটুপাদোহরং শ্লোকঃ ॥১০॥
যদীতি। বচো বাক্যান্তরপং কার্য্যন্। শ্রেরো মঙ্গলম্, অভিপংস্তানে লঙ্গানে ॥১১॥
তীর্থানিতি। অন্থকীর্ণানি ব্যাপ্তানি। নঃ অস্মান্ ॥১২॥
তীর্থানীতি। উবাচ গদ্ভমাদিদেশ, লোমশেন প্রাক্ তীর্থানামবর্ণনাৎ ॥১৩॥
বিধিবদিতি। ধৃতপাপ্যা তীর্থস্পানাদিনা অপিতপাপো ভবিশ্বসীতি শেষঃ ॥১৪॥

নরনাথ! আপনার যদি ব্রাহ্মণদেব প্রতি কোনরূপ ভালবাদা থাকে, তবে সম্বর আমাদের প্রার্থনাব অমুরূপ কার্য্য ক্রুন; তাহা হইলে মঙ্গলই লাভ ক্রিবেন ॥১১॥

মহাবাছ! তীর্থগুলি তপোবিত্মকারি-বাক্ষসগণকর্ত্ত্ব সর্ব্বদাই ব্যাপ্ত রহিয়াছে; স্মৃতরাং আপনি সেই রাক্ষদগণ হইতে আমাদিগকে রক্ষা করিবেন ॥১২॥

জ্ঞানী নারদ ও ধৌম্য তীর্থসমূহেব বিষয় বলিয়াছেন; যে সকল তীর্থে গমন করিবার জন্ম পবে মহাতপা দেবর্ষি লোমণ আদেশ কবিয়াছেন ॥১৩॥

নরনাথ! আপনি লোমশকর্তৃক রক্ষিত হইয়া বথাবিধানে সেই সকল তীর্থে পর্য্যটন করুন; তাহা হইলে আপনি আমাদের সহিত নিস্পাপ হইতে পারিবেন ॥১৪॥

^{*} भग्नः পাঠः বা ব का नि नान्छि।

ততঃ দ পাশুবশ্রেষ্ঠো ভ্রাতৃতিঃ দহিতো বশী।
দ্রোপতা চানবতাঙ্গ্যা গমনায় মনো দধে ॥১৭॥
অথ ব্যাদো মহাভাগন্তথা পর্ব্বতনারদৌ।
কাম্যকে পাশুবং দ্রেন্ট্যুং দমাজগ্মুর্মনীষিণঃ ॥১৮॥
তেষাং যুধিন্ঠিরো রাজা পূজাঞ্চক্রে যথাবিধি।
দংকৃতান্তে মহাভাগা যুধিন্ঠিরমথাক্রবন্ ॥১৯॥
যুধিন্ঠির! যমো! ভীম! মনদা কুরুতার্জ্জবম্।
মনদা কৃতশোচা বৈ শুদ্ধান্তীর্থানি যাস্থথ ॥২০॥
শরীরনিয়মং প্রাহুর্ত্রান্দ্রণা মানুষং ব্রতম্।
মনোবিশুদ্ধাং বুদ্ধিঞ্চ দৈবমাহুর্ত্রতং দ্বিজাঃ ॥২১॥

ভারতকৌমুদী

স ইতি। অশ্রপরিপ্র,তো ন্যনজলসিজ্ঞগণ্ডঃ। বাঢ়ং যুষমবশ্যমেবাশ্মাভিঃ সহচবীকর্ত্তব্যা ইতি বাচম। সমস্ত্রজাপ্য সম্যাগস্থজাং কাবযিত্ব। ॥১৫—১৬॥

তত ইতি। বশী জিতেন্দ্রিয়:। অনবভাঙ্গা অনিন্দ্যাবয়বযা ॥১৭॥
অথেতি। পর্বজে নাম মূনিবিশেষ:। মনীবিণো জ্ঞানিনন্তে ত্রয়: ॥১৮॥
তেবামিতি। সংক্রতা: পূজ্যা সম্মানিতাঃ, তে ব্যাসাদযন্ত্রয়: ॥১৯॥
যুধীতি। হে যমো নকুলসহদেবোঁ!। আর্জ্জবং সাবলাং হিংসাচিন্তাদিত্যাগম্ ॥২০॥
শবীরেতি। শরীরক্ত নিয়মম্ অগম্যদেশাগমনাদিকম্, মাহুষং ব্রতং প্রাহ্ণ:। মনসা বিশুদ্ধাং
হিংসাচিন্তাদিত্যাগেন নির্ম্মলাং বৃদ্ধিঞ্চ, দৈবং ব্রতমাহ্ণ: ॥২১॥

বৈশম্পায়ন বলিলেন—সেই ব্রাহ্মণেবা ঐকপ গৌরব কবিলে, পাণ্ডবশ্রেষ্ঠ বৃধিষ্টির ভীমপ্রভৃতি বীর ত্রাতৃগণে পবিবেষ্টিত থাকিয়া, লোমশ ও ধৌম্যপুরোহিতের অমুমতি লইয়া, সেই সকল ঋষিকে বলিলেন—"অবশ্যই আপনাদিগকে সঙ্গে লইয়া যাইব''॥১৫—১৬॥

তদনন্তর জিতেন্দ্রিয় যুর্ধিষ্ঠির ভ্রাতৃগণ ও অনিন্দ্যস্থন্দরী জ্রোপদীব সহিত মিলিত ইইয়া তীর্থে গমন করিবার ইচ্ছা করিলেন ॥১৭॥

তাহার পর মহাত্মা বেদব্যাস, পর্বত ও নারদ—এই জ্ঞানী তিনজন মহর্বি যুর্ধিষ্ঠিরেব সহিত সাক্ষাৎ করিবার জন্ম কাম্যকবনে আসিলেন ॥১৮॥

তথন রাজা যুর্ধিষ্ঠির যথাবিধানে তাঁহাদেব পূজা করিলেন। তৎপরে সেই মহাত্মারা পূজিত হইয়া যুর্ধিষ্ঠিরপ্রভৃতিকে বলিলেন—॥১৯॥

"যুধিষ্ঠির! ভীম! নকুল! সহদেব! তোমরা আপন আপন মনকে নির্ম্মল কর; মন পবিত্র করিয়া শুদ্ধ হইয়া পরে তীর্থে যাইবে॥২০॥

বন-১•৭ (৮)

মনো ছদৃষ্টং শোচায় পর্য্যাপ্তং বৈ নরাধিপ !।
মৈত্রীং বুদ্ধিং সমাস্থায় শুদ্ধাস্তীর্থানি দ্রক্ষ্যুথ ॥২২॥
তে যুয়ং মানসৈঃ শুদ্ধাঃ শরীরনিষমন্ত্রতিঃ।
দৈবং ব্রতং সমাস্থায় যথোক্তং ফলমাপ্ষ্যুথ ॥২০॥
তে তথেতি প্রতিজ্ঞায় কৃষ্ণয়া সহ পাশুবাঃ।
কৃতস্বস্ত্যয়নাঃ সর্বেব মুনিভির্দিব্যমানুষেঃ ॥২৪॥
লোমশস্যোপসংগৃহ্খ পাদো দ্বৈপায়নস্থ চ।
নাবদস্থ চ রাজেন্দ্র! দেবর্ষেঃ পর্ববতন্য চ ॥২৫॥
ধোম্যেন সহিতা বীবাস্তথা তৈর্বনবাসিভিঃ।
মার্গশীর্য্যমতীতায়াং পুয়েণ প্রযযুক্ততঃ ॥২৬॥ (বিশেষকম্)

ভাবতকৌমুদী

মন ইতি। হিংসাচিম্ভাদিভিবত্তং মন এব শৌচায পর্য্যাপ্তং যথেষ্ঠং শক্তম্ ॥২২॥

ত ইতি। তে ব্যম্, দৈবং ব্রভং প্রানিষ্টচিন্তাত্যাগাদির্বপ্র, সমাস্থায় অবলম্বা, মান্ট্রন-দ্যাদিভির্তাব্যে, শ্রীবনিষমব্রতৈর্নিবামিধৈকভক্তাদির্বপ্রেচ, শুদ্ধাঃ সম্ভঃ, যথোক্তং তীর্থক্যত্যানাং ফলম্, আপ্সাথ লপ্যাধ্বে। এতেনাক্তেবামপ্যবমেব নিষম উক্তঃ ॥২৩॥

ত ইতি। দিব্যো স্বৰ্গীয়ো নাবদপৰ্বতো মান্নবাশ্চ ব্যাসাদ্যক্তৈম্ নিভিঃ, ক্বতস্বস্তায়নাঃ কত্যাজাকালীনমান্সলিকোপাসনাঃ সন্তঃ। উপসংগৃহ্ধ প্রণম্যেত্যর্থঃ। মার্গনীর্য্যাম্ অগ্রহায়ণ-পূর্ণিমাযামতীতাযাং সত্যাম্, পুরোণ নক্ষজেণ। অর্থাৎ তৎপববর্তিকৃষ্ণপক্ষত্তীয়াযাম্, পূর্ণিমাযাং মুগনিবসি তৎপবছতীযাযামেব পুশ্বনক্ষত্রসম্ভবাৎ, বুধবাবে তয়োর্যোগে তু জ্রামৃত্বযোগলাভাৎ। যাজাযান্ত পুশ্বনক্ষত্রশ্ব প্রাশন্ত্যম্ম, "অশ্বিনীমৈজবেবত্যো মুগম্লে পুনর্বস্থঃ।
ভাবতভাবদীপঃ

তত ইতি ॥১— ৩॥ তুৰ্গাণি কণ্টকাজাক্ৰান্তত্বাৎ, বিষমাণি হিংপ্ৰব্যাদ্ৰাজাবৃতত্বাৎ ॥৪—১২॥ অমুকীৰ্ণানি ব্যাপ্তানি, নোহম্মান্ ॥১৩—১৯॥ আৰ্জ্জবমৃজুবৃদ্ধি শ্ৰদ্ধামিত্যৰ্থ: ॥২০—২৬॥

কাবণ, বান্দাণেবা বলিয়া থাকেন যে, শবীবসংযম মানুষব্ৰত; আর মনঃসংযম দৈবব্ৰত ॥২১॥

কেন না, নিৰ্দ্দোষ মনই পবিত্ৰতা জন্মাইতে সমৰ্থ ; অভএব সৰ্ব্বভূতে মৈত্ৰীবুদ্ধি অবলম্বন কবিয়া পবিত্ৰ হইয়া পবে তীৰ্থদৰ্শন কবিবে ॥২২॥

তোমবা পবেৰ অনিষ্টচিন্তাপ্রভৃতি দৈবত্রত অবলম্বন করিয়া, দয়াদাক্ষিণ্যপ্রভৃতি মানসিকভাবে এবং নিবামিষ একাহাবাদি শাবীবিক নিয়মে বিশুদ্ধ হইয়া, তীর্থে গমন কবিলেই তীর্থেব যথোক্ত ফল লাভ কবিতে পাবিবে' ॥২৩॥

"তাহাই হইবে" এইরূপ পাগুবেবা স্বীকাব করিলে, তখন স্বর্গীয়মূনি নারদ-প্রভৃতি এবং পৃথিবীর মূনি বেদব্যাসপ্রভৃতি তাঁহাদের জন্ম স্বস্তায়ন করিলেন। কঠিনানি সমাদায় চীরাজিনজটাধরাঃ।
আভেত্তিঃ কবচৈযুঁক্তান্তীর্থান্যন্তবংস্ততঃ ॥২৭॥
ইক্রসেনাদিভিভূ তৈয় রথৈঃ পরিচতুর্দ্দশৈঃ।
মহানসব্যাপৃতৈশ্চ তথাক্যিঃ পরিচারকৈঃ ॥২৮॥
সায়ুধা বদ্ধনিদ্রিংশান্ত্ ণবন্তঃ সমার্গণাঃ।
প্রাল্মুখাঃ প্রযযুবীরাঃ পাণ্ডবা জনমেজয় । ॥২৯॥ (যুগ্মকম্)
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ববিশি
তীর্থবাত্রায়াং যুধিষ্ঠিবতীর্থগমনে সপ্তসপ্ততিতমোহধ্যায়ঃ॥০॥ #

ভারতকৌমূদী

পুয়া হস্তা তথা জ্যেষ্ঠা যাত্রাযাঞ্চোত্তমাঃ শ্বতাঃ ॥" ইতি জ্যোতির্বচনাৎ। অত্তেদমব্ধেষম্—দাদশ বর্ষাণি বনবাসঃ, একং বর্ষঞ্চাজ্ঞাতবাসঃ প্রতিজ্ঞাতঃ, তত্র চ বনবাসবর্ষাণাং পঞ্চবর্ষাতিক্রমঃ প্রাণ্ডক্তঃ, শ্বিতানি সপ্ত বর্ষাণি অজ্ঞাতবাসস্থ চৈকং বর্ষম্; ততশ্চ কতিপ্রমাসাৎ পবং যুদ্ধমৃ, ততোহিপি চ মৃদ্ধম্বাৎ পবং যুধিষ্টিবান্ধাবস্তঃ কল্যন্ধাবস্তশ্চ। এবঞ্চ যুধিষ্টিবান্ধাবস্তাৎ কল্যন্ধারস্তাচ্চ পূর্ব্ববিত্তিনি নব্মে অন্দে তীর্থযাত্রা আবন্ধেতি ॥২৪ —২৬॥

কঠিনানীতি। কঠিনানি স্ব্যাদক্তহাল্যাদিছালীঃ, "কঠিনং নিষ্ঠ্বে স্থাল্যাং শর্কবাষাং গুড়শু চ" ইতি বিশ্বঃ। এতেন "কঠিনানি ষষ্টীঃ" ইতি নীলকণ্ঠোক্তং হেষম্, প্রমাণাভাবাৎ বছবচনং স্থাল্যম্ভরগ্রহণার্থম্। সমাদায় পাকসোকর্যার্থং গৃহীত্বা। ততঃ কাম্যকরনাৎ, অম্বচবন্ লোমশাদিভিঃ সহ প্রস্থিতবন্তঃ ॥২ ৭॥

ইন্দ্রেডি। চতুর্দ্ধশভ্যঃ পবি অধিকা ইতি পবিচতুর্দ্ধশাক্তিঃ। "সমাসান্তগতানাং বা" ভারতভাবদীপঃ

কঠিনানি যষ্টি:, কাঠীতি মহাবাষ্ট্রপ্রসিন্ধে:। অন্তে ত্ শিক্যানি কবণ্ডানি, বেতি ব্যাচখ্য: গ্রংগ পরিচতুর্দ্ধশৈ: পঞ্চদশভি: চতুর্দ্ধশভ্য: পবি উপরীতি ব্যুৎপত্তে:। সংখ্যযাব্যযাসরেতি নমাসঃ, বছরীহো সংখ্যেয়ে ডজিতি ডচ্ ॥২৮—২২॥

ইতি শ্রীমহাভাবতে বনপর্বাণি নৈলক্ষীযে ভাবতভাবদীপে সপ্তসপ্ততিতমোহধ্যায়: ॥ १ ৭॥

তৎপবে পাগুবগণ জৌপদীব সহিত মিলিত হইয়া লোমশ, বেদব্যাস, নাবদ ও পর্বতম্নিকে নমস্কাব করিয়া, ধৌম্যপুরোহিত ও সেই সকল বনবাসী ব্রাহ্মণেব সহিত অগ্রহায়ণমাসের পূর্ণিমা অতীত হইলে পুয়ানক্ষত্রে কাম্যকবন হইতে যাত্রা কবিলেন ॥২৪—২৬॥

তাহাবা কৌপীন, কৃষ্ণাজিন ও জটা ধারণ করিয়া, সূর্য্যদত্ত স্থালীপ্রভৃতি লইয়া, অভেগ্ন কবচে আবৃত হইয়া, কাম্যকবন হইতে তীর্থে রওনা হইয়াছিলেন ॥২৭॥

মহারাজ জনমেজয়! ইন্দ্রদেনপ্রভৃতি ভৃত্যগণ, চতুর্দ্দশাধিক রথ, বন্ধন-

^{* &#}x27;····দ্রিনবতিতমঃ···'—বা ব বা পি, '···একনবতিতমঃ···'—নি !

অষ্ট্রসপ্ততিতমোহধ্যায়ঃ।

যুধিষ্ঠির উবাচ।

ন বৈ নিশ্ব পমাজানং মন্যে দেবর্ষিসভ্তম !। তথান্দ্রি দ্বঃখদন্তপ্রো বথা নাম্যো মহীপতিঃ ॥১॥ পবাংশ্চ নিগুণান্ মন্যে ন চ ধর্মবতানপি। তে চ লোমশ! লোকেহস্মিন্ন ধ্যন্তে কেন হেতুনা॥২॥

লোমশ উবাচ।

নাত্র হঃখং দ্বয়া রাজন্! কার্য্যং পার্থ! কথঞ্ন। যদধর্মেণ বর্দ্ধেয়ুবধর্মরুচয়ো জনাঃ॥৩॥

ভারতকোমুদী

ইত্যাদিনা অদম্ভত্বম। মহানসব্যাপতেঃ পাকস্থানাধিকৃতিঃ পুক্তিয়, অক্ট্যেঃ পরিচারকৈশ্চ সহ। বন্ধনিস্তিংশাঃ কটিবন্ধকূপাণাঃ। সমার্গণাঃ সবানাঃ ॥২৮—২১॥

ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাদসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতাযাং মহাভাবতটীকাষাং ভাবতকৌমুদীসমাথ্যাষাং বনপৰ্ববি তীৰ্থযাত্ৰাষাং সপ্তসপ্ততিতমোহধ্যায়ঃ॥।॥

নেতি। নিগুণিং ধর্মশোর্য্যাদিগুণহীনন্। তথাপি তথা ছংখসন্তপ্তঃ অন্মি, যথা অস্ত্রো মহীপতির্ন। অত্ত গুণসত্থে তৎফলস্থপাসগুম, দোষাসত্ত্বে চ তৎফলতু:খনত্তমিত্যন্তব্যতিরেকোভয-ব্যভিচার এব প্রশ্নবিষয় ইত্যাশয়:। এবং পরত্রাপি ॥১॥

পরানিতি। পরানু শত্রন্ তুর্ব্যোধনাদীন্। ঋধ্যন্তে বর্দ্ধন্তে ॥২॥

শালার নিযুক্ত লোকসমূহ এবং অক্যান্ত পরিচারকদের সহিত মিলিত হইয়া মহাবীর পাণ্ডবেবা কটীদেশে তরবারি বন্ধন কবিয়া, অন্তান্ত নানাবিধ অন্ত্র লইয়া, বাণপূর্ণ ভূণ ধাৰণ করিয়া, পূর্বব্যুখে প্রস্থান কবিষাছিলেন" ॥২৮—২৯॥

যুধিটির বলিলেন—"দেবর্ষিশ্রেষ্ঠ লোমশ! আমি নিজেকে নিগুণি মনে করি না ; তথাপি অন্ত বাজা ষেকপ হুঃখভোগ করেন না, আমি দেইরূপ হুঃখভোগ করিতেছি ! ॥১॥

আবাব শত্রুগণকে নির্গুণ বলিয়াই মনে করি এবং তাহাদিগকে ধর্ম্মে নিবত বলিয়াও ধারণা কবিতে পাবি না , তথাপি তাহাবা কি কারণে এই জগতে উন্নতি লাভ কৰিতেছে !" ৷৷২৷৷

বর্দ্ধত্যথর্মেণ নরস্ততো ভদ্রাণি পশ্যতি।
ততঃ সপত্মান্ জয়তি সমূলস্ত বিনশ্যতি ॥৪॥
ময়া হি দৃষ্টা দৈতেয়া দানবাশ্চ মহীপতে!।
বর্দ্ধমানা হুধর্মেণ ক্ষরঞোপগতাঃ পুনঃ ॥৫॥
পুবা দেবযুগে চৈব দৃষ্টং সর্ববং ময়া বিভো!।
অব্যোচয়ন্ হুরা ধর্মাং ধর্মাং তত্যজিরেহহুরাঃ ॥৬॥
তীর্থানি দেবা বিবশুর্নাবিশন্ ভারতাহ্ববাঃ।
তানধর্মকৃতো দর্গঃ পূর্বব্যেব সমাবিশৎ ॥৭॥
দর্পাম্মানঃ সমভবন্মানাৎ ক্রোধো ব্যজায়ত।
ক্রোধাদক্রীস্ততোহলজ্জা বৃত্তং তেষাং ততোহনশৎ ॥৮॥

ভারতকৌমুদী

নেতি ৷ অধর্মকচ্যঃ পাপপ্রবৃত্তয়ঃ াতা

বৰ্দ্ধতী/তি। সপত্মান শক্রন্। মূলং বংশস্থিতিহেতু: পূ্রাদিন্তৎসহিতঃ সমূলঃ। অত্র প্রাক্তন-কর্মবশাদ্বদ্ধিঃ, ঐহিককর্মবশাচ্চ পবং সমূলধ্বংস ইতি ভাবঃ ॥॥॥

উক্তার্থে দৃষ্টান্তমাহ—মযেতি। হিশব্দোহবধারণে, মবৈবেত্যর্থঃ ॥৫॥

পুবেতি। দেবযুগে সত্যযুগে। অবোচযন্ প্রবৃত্ত্যা গ্রহীতুনৈচ্ছন্ ॥৬॥

তীর্থানীতি। অধর্মাকৃতঃ পাপসম্পাদিতঃ, অন্যনতীর্থত্রযক্ততাশু নিত্যত্বাৎ 'তদকরণে প্রত্যবাযোদয়স্থাবশুস্কাবাদিতি ভাবঃ। দর্পঃ বধং শ্রেষ্ঠা ইতি গর্বঃ ॥৭॥

ভাবতভাবদীপঃ

ন বা ইতি। নিগুণমুক্তমগুণহীনম্ ॥১॥ পবান্ শত্রন্ ॥২—৩॥ সমূলঃ পুত্রপোঁত্রাদিবংশ-বৃদ্ধিমূলং তৎসহিতঃ ॥৪—৬॥ বিবিশুঃ স্নানার্থমিতি শেষঃ। অধর্মজীর্থমাত্রা-২প্রবেশন্ততংক্ত্ন্ অধর্মকৃতঃ। অধর্মেণ কৃত উৎপাদিতো বা দর্পো গর্কঃ, ততো মানঃ

লোমশ বলিলেন—"পৃথানন্দন বাজা! পাপপ্রবৃত্তিসম্পন্ন লোকেরা যে পাপেই বৃদ্ধি পায়, এ বিষয়ে তুমি কোনপ্রকাব হুঃখ করিও না ॥৩॥

কাবণ, মানুষ প্রথমে পাপে বৃদ্ধি পায়, তাহার পর নানাবিধ মঙ্গল দেখিতে থাকে, তৎপরে শত্রু জয় করে, তদনস্তব সমূলে বিনষ্ট হইয়া যায় ॥৪॥

রাজা। আমিই দেখিয়াছি—দৈত্যেরা ও দানবেবা পাপে বৃদ্ধি পাইয়া, আবাব ক্ষয় পাইয়া গিয়াছে ॥৫॥

বাজা! আমি সত্যযুগে সমস্তই দেখিয়াছিলাম—দেবতাবা ইচ্ছাপূর্বক ধর্ম গ্রহণ করিয়াছিলেন; আব অন্তুরেরা সেইভাবে সে ধর্ম্ম ত্যাগ কবিয়াছিল॥৬॥

ভরতনন্দন! দেবতাবা সমস্ত তীর্থে বিচবণ কবিয়াছিলেন; আর অস্থুরেরা কোন তীর্থে ই গিয়াছিল না; সেই পাপে প্রথমেই তাহাদের দর্গ জন্মিয়াছিল ॥৭॥ তানলজ্জান্ গতব্লীকান্ হীনস্থত্তান্ র্থাব্রতান্।
ক্ষমা লক্ষ্মীনচ ধর্মনচ নচিবাৎ প্রজহুততঃ ॥৯॥
লক্ষ্মীস্ত দেবানগমদলক্ষ্মীরস্থরান্ নৃপা!।
তানলক্ষ্মীসমাবিষ্টান্ দর্পোপহতচেতসঃ ॥>০॥
দৈতেরান্ দানবাং নৈচব কলিরপ্যাবিশত্ততঃ।
তানলক্ষ্মীসমাবিষ্টান্ দানবান্ কলিনা হতান্ ॥>>॥
দর্পাভিভূতান্ কোন্ডের! ক্রিয়াহীনানচেতসঃ।
মানাভিভূতানচিবাদিনাশঃ সমপ্ততে ॥>২॥ (বিশেষকম্)
নির্যশন্ত্রাস্থা দৈত্যাঃ কুৎস্পশো বিলয়ং গতাঃ।
তাধর্মরক্রচয়ো রাজমলক্ষ্যা সমধিন্তিতাঃ ॥>৩॥
দেবাস্ত সাগরাং নৈচব সরিতন্ত সরাংসি চ।
তাভ্যগচ্ছন্ ধর্মনীলাঃ পুণ্যান্থায়ত্তনানি চ ॥>৪॥

ভাবতকৌমুদী

দর্পাদিতি। মান আত্মনি পৃজ্যত্বৃদ্ধিং। মানাৎ মানব্যাঘাতাৎ। অ**হ্রীঃ অকো**মলতা। অলজ্য নিন্দ্যেহপি কর্ত্তব্যত্বৃদ্ধিঃ। বৃত্তং চরিত্রম্ ॥৮॥

তানিতি। গতত্ত্বীকান্ বিনষ্টকোমলভাবান্, হীনক্তান্ ত্যক্তবিজ্ঞান্ ॥ ॥

লন্ধীবিতি। দর্গোপহতচেতসঃ গর্কো নাশিতকর্ত্ব্যবৃদ্ধীন্। আবিশৎ অধিষ্টিতবান্। হতান্ হতসদ্বৃত্তীন্। সমপ্যত সমাশ্র্যং ৢ।১০—১২॥

নিবিতি। তথা তাদুশৈবপকর্মভিঃ, নির্ধশন্ত। লোকে নিন্দিতাঃ সম্ভঃ ॥১৩॥

দর্প হইতে তাহাদের মান আসিরাছিল, মান হইতে ক্রোধ জন্মিয়াছিল, ক্রোধ হইতে উগ্রতা প্রকাশ পাইরাছিল, তাহা হইতে নির্লজ্জতা দেখা দিয়াছিল এবং তাহা হইতেই চবিত্র নষ্ট হইরাছিল ॥৮॥

তাহাবা নির্লজ্জ, উগ্রস্বভাব, হীনচরিত্র ও নিফলনিয়ম হইয়া পড়িলে, তৎপরে অচিবকালমধ্যে তাহাদিগকে ক্ষমা, লক্ষ্মী ও ধর্ম পরিত্যাগ করিলেন ॥১॥

লক্ষ্মী দেবগণেব পক্ষে গেলেন; আর অলক্ষ্মী অসুবদিগের পক্ষ লইলেন। এই-ভাবে অলক্ষ্মীসমাবিষ্ট এবং দর্পনষ্টবৃদ্ধি নেই দৈত্যগণ ও দানবগণের ঘাড়ে আসিয়া কলি (শরতান) অধিষ্ঠিত হইল। কুন্তীনন্দন! তাহার পব অচিরকালমধ্যেই সেই অলক্ষ্মীসমাবিষ্ট, কলিকর্তৃক হতচবিত্র, দর্পাভিভূত, সংকার্য্যশৃত্য, মানাক্রান্ত এবং অচেতনপ্রায় অসুবগণেব বিনাশ উপস্থিত হইল ॥১০—১২॥

ক্রনে পাপপ্রবৃত্তি ও অলম্বীনমাবিষ্ট অস্থবেবা নেইভাবে জগতে নিন্দিত হইয়া সকলেই লয পাইযা গেল ॥১৩॥ তপোভিঃ ক্রতুভির্দানৈরাশীর্বাদৈশ্চ পাণ্ডব!।
প্রজন্থঃ সর্ববিপাপানি শ্রেয়শ্চ প্রতিপেদিরে ॥>৫॥
এবমাদানবন্তশ্চ নিরাদানাশ্চ সর্ববশঃ।
তীর্থান্তগচ্ছন্ বিবুধান্তেনাপুর্ভু তিমুক্তমাম্ ॥>৬॥
তথা ত্বমপি বাজেন্দ্র! স্নাত্বা তীর্থেষু সান্তুজঃ।
পুনর্বেৎস্থাসি তাং লক্ষীমেষ পন্থাঃ সনাতনঃ ॥>৭॥
যথৈব হি নৃগো রাজা শিবিরোশীনরো যথা।
ভূগীরথো বস্তমনা গয়ঃ পুরুঃ পুরুরবাঃ ॥>৮॥

ভারতকৌমুদী

দেবা ইতি। অত্র পুণ্যানীতি যথাসম্ভবলিঙ্গবিপরিণামেন সর্বত্ত যোজ্যম্ ॥১৪॥
তপোভিরিতি। তপোভিঃ কুচ্ছুচান্দ্রায়ণাদিভিঃ। প্রতিপেদিরে লেভিবে ॥১৫॥
এবমিতি। আদানবস্তো বৈধকর্মগ্রহণবস্তঃ, নিবাদানা নিবিদ্ধকর্মাগ্রহণকারিণঃ, সর্বকা
সর্ব্বথা। বিবৃধা দেবাঃ, আপুর্লেভিবে, ভূতিমৈশ্বর্যম্ ॥১৬॥

তথেতি। বেৎশুদি লক্ষ্যদে। লাভার্থশু বিদেঃ প্রযোগোহয়ম্ ॥১৭॥

ভারতভাবদীপঃ

প্জোহমীতি বৃদ্ধি: ॥१॥ ততঃ পূজাযা অলাভে প্রতিঘাতে বা ক্রোধং, ততঃ অহ্নী: অকার্য্যে প্রবৃদ্ধিং, ততঃ অলজা লজা নিন্দাতাদোষাভ্তযং তক্ত নাশঃ ॥৮॥ নচিরাৎ শীদ্রমেব ॥৯—:৪॥ আদানবস্ত আর্জ্জবাদিনিযমগ্রহণবস্তঃ, নিবাদানা অপ্রতিবন্ধাং, দর্বশং দেবাদিভিবপি ॥১৫—১৬॥ বেৎক্রসি ল্প্যাসে ॥১৭—২০॥

ইতি শ্রীমহাভারতে বনপর্বাণি নৈলক্ষীয়ে ভাবতভাবদীপে অষ্টনপ্ততিতমোহধ্যায়ঃ ॥ ৭৮॥

কিন্ত ধর্মশীল দেবতাবা সমুজ, নদী, সরোবর ও পুণ্যক্ষেত্রসমূহে গমন করিলেন ॥১৪॥

এবং তপস্থা, যজ্ঞ, দান ও আশীর্বাদলাভ দ্বারা সমস্ত পাপ হইতে মুক্ত হইলেন এবং উত্তম পুণ্য লাভ করিলেন ॥১৫॥

এইভাবে সর্বপ্রকাবে বৈধকর্মেব গ্রহণ এবং নিষিদ্ধ কর্ম্মের পরিত্যাগকারী দেবতারা তীর্থ পর্য্যটন করিয়াছিলেন, তাহাতেই উত্তম ঐশ্বর্য্য লাভ করিয়া-ছিলেন ॥১৬॥

রাজশ্রেষ্ঠ ! সেইবাপ ভূমিও ভ্রাতাদেব সহিত তীর্থে স্নান করিয়া পুনরায় সেই সম্পদ লাভ করিবে। কারণ, ইহাই সনাতন পদ্ধতি ॥১৭॥

নরনাথ রাজশ্রেষ্ঠ ! নুগ, উশীনরপুত্র শিবি, ভগীরথ, বস্থমনা, গয়, পূরু,

চরমাণান্তপো নিত্যং স্পর্শনাদম্ভদশ্চ তে।
তীর্থাভিগমনাৎ পূতা দর্শনাচ্চ মহাত্মনাম্॥১৯॥
অলভন্ত যশঃ পূণ্যং ধনানি চ বিশাংপতে!।
তথা ত্মপি বাজেদ্র । লব্ধ স্থবিপূলাং শ্রেয়ম্॥২০॥ (বিশেষকম্)
যথা চেক্ষ্বাকুবভবৎ দপুত্রধনবান্ধবঃ।
মুচুকুন্দোহথ মান্ধাতা মরুভশ্চ মহীপতিঃ॥২১॥
কীর্ভিং পূণ্যামবিন্দন্ত যথা দেবান্তপোবলাৎ।
দেবর্ধয়শ্চ কার্থ স্মোন তথা ত্মপি বেৎস্থাদি॥২২॥
ধার্ত্তরাষ্ট্রাল্ডধর্মেণ মোহেন চ বশীকৃতাঃ।
নচিরাদ্রৈ বিনজ্ক্যন্তি দৈত্যা ইব ন শংসয়ঃ॥২৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈষাসিক্যাং বনপর্ব্বনি তীর্থযাত্রায়াং যুধিষ্ঠিরতীর্থগমনে অফ্টসগুতিতমোহধ্যায়ঃ॥०॥ *

ভাবতকৌমুদী

যথেতি। 'উশীনৰ উশীনৰপুত্ৰ: শিবি:। অন্তদন্তীৰ্থজনক্ষ। পুণাং যশঃ পুণাজন্তাং স্থ্যাতিম্। লক্ষা ভবিয়ানি, তুনপ্ৰত্যযান্তথাৎ কৰ্মণি দিতীবৈব ॥১৮—২০॥

যথেতি। তথা ত্বমপি সপুত্রধনবান্ধবো ভবিশ্বসীতি শেষঃ ॥২১॥

কীর্ত্তিমিতি। অবিন্দম্ভ অলভন্ত। কার্ৎস্মোন সাকল্যেন। বেৎশুসি লক্ষ্যাসে ॥২২॥

ধার্ত্তে। মোহেন অকর্তব্যে কর্ত্তব্যরুদ্ধ্যা, বশীক্ততাঃ সমাবিষ্টাঃ ॥২৩॥

ইতি মহামহোপাধ্যায-ভাবতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসনিদ্ধান্তবাদীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকাষাং ভাবতকোম্দীসমাখ্যাযাং বনপর্ব্বণি তীর্থষাত্রাযামন্টসপ্ততিতমোহধ্যায়ঃ॥•॥

এবং পুকরবা—এই সকল রাজা যেমন সর্ববদা তপস্থা করিতে থাকিয়া এবং তীর্থগমন, তীর্থজলম্পর্ম ও মহাত্মাদিগের দর্শন করিয়া, পবিত্র হইয়া, পুণ্যযশ ও ধনলাভ কবিয়াছিলেন, তেমন তুমিও অতিবিপুল সম্পদ লাভ করিবে ॥১৮—২০॥

এবং ইন্দ্ৰাকু, মৃচুকুন্দ, মান্ধাতা ও মকত্তবাজা যেমন পুত্ৰ, খন ও বন্ধুসম্পন্ন হইয়াছিলেন, তুমিও তেমনই হইবে ॥২১॥

আব, দেবতাবা ও ঋষিবা যেমন তপস্থার বলে পুণ্যকীর্ত্তি লাভ করিয়াছিলেন, তুমিও তেমনই সমস্ত পুণ্যকীর্ত্তি লাভ করিবে ॥২২॥

কিন্তু পাপ ও মোহেব বশীভূত ধৃতবাষ্ট্রপুত্রগণ অচিবকালমধ্যেই অস্থ্রগণের গ্যায বিনষ্ট হইবে ; এ বিষয়ে কোন সন্দেহ নাই''॥২৩॥

⁽২০)···'লন্ধ,'·· ইতি ভুল্তঃ পাঠঃ—বা কা পি নি। (২১)···সপুত্রজনবান্ধবঃ—বা ব কা পি। * '···চতুর্নবতিতমঃ···'—বা ব কা পি, '···দ্বিনবতিতমঃ···'—নি।

উনাশীতিতসোহধ্যায়ঃ।

--:*:--

বৈশস্পায়ন উবাচ।

তে তথা সহিতা বীরা বসন্তস্তত্র তত্র হ।
ক্রমেণ পৃথিবীপাল! নৈমিষারণ্যমাগতাঃ ॥>॥
ততন্তীর্থেষু পুণ্যেষু গোমত্যাঃ পাগুবা নৃপ!।
ক্রতাভিষেকাঃ প্রদত্নগাশ্চ বিত্তঞ্চ ভারত!॥২॥
তত্র দেবান্ পিতৃন্ বিপ্রাংস্তর্পয়িত্বা পুনঃ পুনঃ।
কন্যাতীর্থেহশ্বতীর্থে চ গবাং তীর্থে চ ভারত!॥৩॥
কালকোট্যাং বিষপ্রস্থে গিরাবুয়্ম চ পাগুবাঃ।
বাহুদায়াং মহীপাল! চক্রুঃ সর্বেহভিষেচনম্॥৪॥ (য়ুয়্মকম্)
প্রয়াগে দেবযজনে দেবানাং পৃথিবীপতে!।
উষুরাপ্লুত্য গাত্রাণি তপশ্চাতস্কুক্রমম্॥৫॥

ভারতকোমুদী

ত ইতি। সহিতাং সন্দিলিতাং, বদস্তো বিশ্রামায় অবতিষ্ঠমানাং দস্তং ॥১॥
তত ইতি। তীর্থেবৃ ঘট্টেবৃ, গোমত্যা নতাং। ক্বতাভিষেকাং ক্বতসানাং ॥২॥
তত্ত্বেতি। বিপ্রতর্পণং ধনদানেন। উন্ধ বাদং ক্ববা। বাহুদায়াং নতাম্ ॥৩—॥
প্রধাগ ইতি। দেবা ইজ্যন্তে অন্মিনিতি দেবযজনম্। আগ্লুত্য মজ্জযিত্বা ॥৫॥

বৈশম্পায়ন বলিলেন—বাজা! বীর পাশুবগণ সেইভাবে সন্মিলিত থাকিয়া সেই সেই স্থানে বাস করিতে করিতে ক্রমশঃ নৈমিষারণ্যে আসিয়া উপস্থিত ইইলেন ॥১॥

ভরতনন্দন রাজা। তাহার পর পাণ্ডবেবা গোমতীনদীর পবিত্র তীর্থগুলিতে স্নান করিয়া বহুতর গরু ও ধন দান করিলেন ॥২॥

ভরতনন্দন রাজা। পাগুবেরা সেখানে দেবগণ ও পিতৃগণের তর্পণ করিয়া এবং বার বার ধনদানে ব্রাহ্মণদিগকে সন্তুষ্ট করিয়া কন্যাতীর্থ, অশ্বতীর্থ, গোতীর্থ, কালকোটীতীর্থ ও বিষপ্রস্থপর্বতে বাস কবিয়া বাহুদানদীতে সকলেই স্নান করিলেন ॥৩—৪॥

রাজা ! তৎপরে তাঁহারা দেবগণের যজ্জ্জান প্রয়াগে স্নান করিয়া বাস করিলেন এবং উত্তম তপস্থা করিলেন ॥৫॥

⁽১)···গৃথিবীপালাঃ—পি। (৪)···গিবাব্য চ কোরবাঃ—বা ব কা নি। বন-১০৮ (৮)

গঙ্গাষমুনয়োশ্চাপি সঙ্গমে সত্যসঙ্গরাঃ।
বিপাপাানো মহাত্মানো বিপ্রেভ্যঃ প্রদত্র্বয় ॥৬॥
তপস্বিজনজুষ্টাঞ্চ ততা বেদীং প্রজাপতেঃ।
জগ্মুঃ পাণ্ডুম্বতা বাজন্! ব্রাহ্মণেঃ সহ ভারত!॥৭॥
তত্র তে অবসন্ বীরাস্তপশ্চাতস্কুরুত্তমন্।
সন্তর্পয়ন্তঃ সততং বন্সেন হবিষা দ্বিজান্॥৮॥
ততো মহীধরং জগ্মুর্ধর্মজ্ঞেনাভিসংস্কৃতম্।
বাজর্ষিণা পুণাক্বতা গয়েনানুপমত্যতে।॥৯॥
নগো গয়শিবো যত্র পুণ্যা চৈব মহানদী।
বানীবমালিনী রম্যা নদী পুলিনশোভিতা॥১০॥
পরিতশ্চিত্রকূটঞ্চ পবিত্রং ধরণীধরম্।
ঋষিজুষ্টং অপুণ্যঞ্চ তীর্থং পুণ্যসরোত্তমম্॥১১॥

ভারতকোমুদী

গঙ্গেতি। সভ্যসঙ্গবাং সভ্যপ্রতিজ্ঞাং, বিপাপু নিং প্রানেন নিম্পাপাং। বস্থ ধনম্ ॥৬॥
তপরীতি। তপস্বিজনৈজু ষ্টাং সেবিতাম্, বেদীং নাম তীর্থম্ ॥৭॥
তব্রেতি। হবিষা ফলমূলাদিনা বিজ্ঞানামগ্রিরপত্মেন তম্বক্ষ্যত্মাপি হবীরপত্ম্ ॥৮॥
তত ইতি। অভিসংস্কৃতং যজ্ঞান্মগ্রানেন পবিত্রাক্ষতম্। গবেন তয়ায়া॥॥॥
নগ ইতি। নগং পর্যবিভং, গয়শিবো নাম। মহানদী নাম। বানীবো বেতসং॥১০॥,
পবিত ইতি। পবিতং সর্ব্বতং চিত্রা নানাবিধাং কূটা গৃহাণি যত্ম তৎ, ''কূটং কোটে ঘটে
গেহে'' ইত্যাদি বিশ্বং। ধবণীধবং নাম। পুণ্যসবোত্তমমিতি বিদর্গলোপেহপি সন্ধিবার্ধং॥১১॥

সভ্যপ্ৰতিজ্ঞ মহাত্মা পাণ্ডবেবা গঙ্গাযমূনাসঙ্গমে স্নান ক্বিয়া নিষ্পাপ, হইয়া , ব্ৰাহ্মণদিগকে ধনদান কবিলেন ॥৬॥

ভরতনন্দন বাজা। তাহাব পব পাগুবেবা ব্রাহ্মণদেব সহিত মিলিত হইয়া তপস্বিসেবিত ব্রহ্মবেদীতে গমন করিলেন॥৭॥

সেখানে সেই বীব পাণ্ডবগণ বস্তু ফল-মূলপ্রভৃতি দ্বারা ব্রাহ্মণগণকে সম্ভুষ্ট কবিতে থাকিয়া বাস ও উত্তম তপস্থা করিলেন ॥৮॥

অসাধাবণপ্রতাপসম্পন্ন রাজা! তাহার পর ধর্ম্মজ্ঞ ও ধর্মচারী রাজর্ষি গয় যজ্ঞ কবিয়া যাহাকে পবিত্র কবিয়াছিলেন, সেই পর্ব্বতে পাগুবেরা গমন করিলেন ॥২॥

যেখানে 'গয়শিব'-নামে পর্বেত এবং বেতসযুক্তা, পুলিনশোভিতা ও স্বভাবমনোহবা 'মহানদী'-নামে নদী আছে॥১০॥

⁽১১) পবিজ্ঞ চিত্রকুটঞ্চ—বা ব কা নি।

অগস্ত্যো ভগবান্ যত্র গতো বৈবস্বতং প্রতি।
উবাস চ স্বয়ং যত্র ধর্মারাজঃ সনাতনঃ ॥>২॥
সর্ববাসাং সরিতাঞ্চিব সমুদ্ধেদো বিশাংপতে!।
তত্র সমিহিতো নিত্যং মহাদেবঃ পিনাকপ্পক্ ॥>৩॥
তত্র তে পাগুবা বীরাশ্চাতুর্মাস্পৈস্তদেজিরে।
ঋষিযজেন মহতা যত্রাক্ষয়বটো মহান্॥>৪॥
অক্ষয়ে দেবযজনে হক্ষয়ং যত্র বৈ ফলম্।
তে তু তত্ত্রোপবাসাংস্ত চক্রুনিশ্চিতমানসাঃ॥>৫॥
তার্কালাস্তত্র শতশঃ সমাজগ্মু স্তপোধনাঃ।
চাতুর্মাস্থেনাযজন্ত আর্বেণ বিধিনা তদা ॥>৬॥
তত্র বিভাতপোর্দ্ধা ত্রাক্ষণা বেদপারগাঃ।
কথাং প্রচক্রিবে পুণ্যাং সদসিন্থা মহাত্মনাম্॥>৭॥
ভারতকৌমুদী

অগন্ত্য ইতি। বৈবন্ধতং যমম্। ধর্মবাজো যমঃ॥>২॥ সর্ব্বাসামিতি। সমৃদ্ভেদঃ প্রভাবেণাবির্ভাবঃ শ্বস্থমানফলজনকতেত্যর্থঃ॥১৩॥ তত্ত্বেতি। চাতুর্মান্ত্রৈর্ব তৈঃ, মহতা ঋষিযজ্ঞেন চ ঈজিবে দেবান্ পৃজিতবন্তঃ॥১৪॥ অক্ষয় ইতি। দেবা ইজ্যান্তে যশ্মিন্ তত্ত্ব, অক্ষয়ে অক্ষয়বটসন্নিধানে॥১৫॥

অক্ষয় হাত। দেবা হুড়াতে বামন্ তথ্য, অমধ্যে অমাব্যলামবানে ॥১৫॥ ব্রাহ্মণা ইতি। চাতুর্মান্তেন চতুর্মাসব্যাপিনা, আর্বেণ ঋষিবিহিতেন ॥১৬॥

এবং অতিশয় পুণাজনক, ঋষিসেবিত ও পবিত্র 'ধবণীধব'-নামে একটা উত্তম সরোবর আছে; তাহার সকল দিকে নানাবিধ গৃহ রহিয়াছে॥১১॥

যেখানে সনাতন স্বয়ং ধর্মবাজ বাস কবিয়াছিলেন; স্থতরাং তাঁহার নিকটে ভগবান্ অগস্ত্যমূনি গিয়াছিলেন ॥১২॥

নরনাথ। সেখানে সমস্ত নদীরই (প্রভাব প্রকাশদারা) অধিষ্ঠান আছে এবং পিনাকধারী মহাদেব সর্ববদা সন্নিহিত রহিয়াছেন ॥১৩॥

সেই তীর্থে যেখানে অক্ষয়বট রহিয়াছে, তাহার নিকটে বীর পাণ্ডবগণ চাতুর্শ্বাস্থবত ও বৃহৎ ঋষিযজ্ঞ করিয়া দেবগণের তৃপ্তিসাধন কবিলেন ॥১৪॥

এবং দেবগণের যজ্ঞস্থান যে অক্ষয়বটের নিকটে কর্ম্মাত্রেই অক্ষয় ফল হয়, সেইখানে তাঁহারা স্থিরচিত্ত হইয়া উপবাস করিলেন ॥১৫॥

তখন সেধানে শত শত তপস্বী ব্রাহ্মণ আগমন করিলেন এবং তাঁহারা ঋষিবিহিত বিধানে চতুর্মাসব্যাপী যজ্ঞ আবস্ত করিলেন ॥১৬॥

এবং তখন বিভাবৃদ্ধ, তপোবৃদ্ধ ও বেদপাবদর্শী ব্রাহ্মণেবা আসিয়া মহাত্মা পাণ্ডবদেব সভায় থাকিয়া পুণ্য উপাখ্যান সকল বলিতে লাগিলেন ॥১৭॥ তত্র বিল্যাব্রতস্নাতঃ কৌমারং ব্রতমাস্থিতঃ। শমঠোহকথয়দ্রাজন্মামূর্ত্তবয়সং গয়ম্ ॥১৮॥ শমঠ উবাচ।

অমূর্ত্তবয়সঃ পুত্রো গযো বাজর্ষিসত্তমঃ।
পুণ্যানি তম্ম কর্মাণি তানি মে শৃণু ভারত।॥>৯॥
যম্ম যজ্যে বভূবেহ বহুবনো বহুদক্ষিণঃ।
যত্রামপর্বতা বাজন্। শতশোহথ সহস্রশঃ॥২০॥
যাতকুল্যাশ্চ দর্শচ নচ্যো বহুশতাস্তথা।
ব্যঞ্জনানাং প্রবাহাশ্চ মহার্হাণাং সহস্রশঃ॥২১॥
অহন্যহনি চাপ্যেতদ্ বাচতাং সম্প্রদীয়তে।
অন্যে চ ব্রাহ্মণা রাজন্। ভুঞ্জতেহন্নং স্কুসংস্কৃতম্॥২২॥

ভারতকৌমুদী

তত্ত্তেতি। কথামাখ্যানম্। সদসিস্থা ইতি "বা তু বনেচরাদোঁ" ইতি সপ্তম্যা অলুক্ ॥১ গা

তত্ত্তেতি। বিজাবতাভ্যাং স্নাতঃ শোধিতচিত্তদেহঃ। আমূর্ড্রবদম্ অমূর্ত্তবিষদঃ পুত্রম্ ॥১৮॥

অমূর্ত্তেতি। অমূর্ত্তবেধা নাম কন্চিদ্রাজা তত্ম। গ্রো নাম ॥১৯॥

যত্তেতি। বহুনি অনানি যত্ত্র সং, বহুবো দক্ষিণা যত্ত্র স চ ॥২ •॥

ছতেতি। স্বতক্ত কুল্যাঃ ক্ষুদ্রাঃ কৃত্তিমাঃ সবিতঃ। মহার্হাণাং মহামূল্যানাম্ ॥২১॥

অহনীতি। এতদ্ব্রতাদিকম্। সম্প্রদীয়তে ভূঞ্গতে ইত্যুভ্যত্তাপি স্মাধাধ্যাহারঃ ॥২২॥

বাজা। তাঁহাদেব মধ্যে বিছা ও অনুশীলনে পরম পবিত্র এবং কৌমাব-ব্রভাবলম্বী 'শমঠ'-নামে এক ব্রাহ্মণ অমূর্ত্তবয়াব পুত্র গয়েব উপাখ্যান বলিতে লাগিলেন ॥১৮॥

শমঠ বলিলেন—"অপূর্ত্তরয়ার পুত্র গয় বাজর্বিদের মধ্যে শ্রেষ্ঠ ছিলেন; ভবতনন্দন! আপনি তাঁহাব প্রসিদ্ধ পুণ্যকর্মগুলি আমার নিকট প্রবণ করুন ॥১৯॥ বাজা! এইখানেই যাঁহাব যজ্ঞ হইয়াছিল এবং সেই যজ্ঞে প্রচুর অন্ধ ও দক্ষিণা বিতবণ করা হইয়াছিল; আব সেই যজ্ঞে শত শত ও সহস্র সহস্র অন্ধর্পর্বত হইয়াছিল॥২০॥

এবং বহু শত ঘৃতেব হুদ, দধিব নদী ও সহস্র সহস্র মহামূল্য ব্যঞ্জনের প্রবাহ হইয়াছিল ॥২১॥

রাজা! যে কেহ আসিয়া প্রার্থনা কবিলেই তাহাকে এই সকল বস্তু দেওয়া হইড; তাহাতে ব্রাক্ষণেবা ও অক্সান্ত লোকেবা প্রত্যহই স্পুপক অন্ন ভোজন কবিতেন ॥২২॥ তত্ত্বৈ দক্ষিণাকালে ব্রহ্মঘোষো দিবং গতঃ।
ন চ প্রজ্ঞায়তে কিঞ্চিদ্বেদ্মশব্দেন ভারত!॥২০॥
পুণ্যেন চরতা বাজন্! ভূদিশঃ খং নভস্তথা।
আপূর্ণমাসীচ্চব্দেন তদপ্যাসীন্মহাজুতম্ ॥২৪॥
তত্রে স্ম গাথা গায়ন্তি মনুষ্যা ভরতর্বভ!।
আনপানৈঃ শুভৈন্ত প্রা দেশে দেশে স্বর্চ্চসঃ॥২৫॥
গয়স্থ যজে কে মন্ত প্রাণিনো ভোক্ত মীস্পবঃ।
তত্র ভোজনশিষ্টস্থ পর্ববতাঃ পঞ্চবিংশতিঃ॥২৬॥
ন তৎ পূর্বের জনাশ্চক্রের্ন করিয়ন্তি চাপবে।
গয়ো যদকরোদ্যজে রাজ্যবিমিতত্যুতিঃ ॥২৭॥
কথং মু দেবা হবিষা গয়েন পরিতোষিতাঃ।
পনঃ শক্ষাজ্যপাদাভমন্যৈর্দত্তানি কানিচিৎ॥২৮॥

ভারতকোমূদী

তত্ত্বেতি । ব্রহ্মঘোষো বেদধ্বনিং, "বেদন্তব্বং তপো ব্রহ্ম" ইত্যমরঃ ॥২৩॥
পুণ্যেনেতি । থং স্বর্গঃ, নভ আকাশম্ । শব্দেন জ্বধ্বনিনা ॥২৪॥
তত্ত্বেতি । স্বর্ক্সনঃ অতিতেজনো গয়স্ত শুভৈরম্পানৈভৃপ্তা মহয়াঃ ॥২৫॥
গয়স্তেতি । ঈস্পব ইচ্ছবঃ দন্তি, তে আগচ্ছন্থিতি শেষঃ ॥২৬॥
নেতি । পূর্ব্বে পূর্ব্বর্ত্তিনঃ, অপরে পববর্ত্তিনঃ । অমিত্ত্যুতিরতৃলপ্রতাপঃ ॥২৭॥
কথমিতি । হবিষা মৃতাদিনা । দন্তানি হবীংবি ॥২৮॥

ভবতনন্দন! সেই যজ্ঞেই দক্ষিণাদানের সময়ে বেদধ্বনি উঠিয়া আকাশে গিয়াছিল; স্থতরাং সেই বেদধ্বনিতে অগু কিছুই শুনা যায় নাই ॥২৩॥

রাজা। পবিত্র জয়ধানি উঠিয়া ভূলোক, বর্গলোক, আকাশ ও দিক্ সকল পরিপূর্ণ করিয়াছিল; তাহাও অত্যস্ত অভুতই হইয়াছিল॥২৪॥

ভরতশ্রেষ্ঠ । মহাতেজা গয়রাজার সেই যজ্ঞে উৎকৃষ্ট অন্ন্-পানে পরিতৃপ্ত ইইয়া মান্তবেরা দেশে দেশে এই সকল গাথা গাহিয়াছিল—॥২৫॥

'গয়রাজার যজ্ঞে কোন্ কোন্ প্রাণী ভোজন করিতে ইচ্ছা কর, (তাহারা আইস) ; এখনও সেখানে ভুক্তাবশিষ্ট অন্নেব পঁচিশটী পাহাড় রহিয়াছে ॥২৬॥

পূর্ববর্ত্তী লোকেরা তাহা কবিতে পাবেন নাই, পরবর্ত্তী লোকেরাও করিতে পারিবেন না, যাহা অমিতপ্রতাপ রাজর্ষি গয় করিলেন ॥২৭॥

হবিদ্বারা গয়কর্ত্বক পরিতর্গিত দেবতাবা অন্যপ্রদত্ত কিঞ্চিম্মাত্র হবিও কি কবিয়া আবাব গ্রহণ করিতে সমর্থ হইবেন ॥২৮॥ দিকতা বা যথা লোকে যথা বা দিবি তারকাঃ।
যথা বা বর্ষতো ধারা অসংখ্যেয়াঃ স্ম কেনচিৎ।
তথা গণয়িতুং শক্যা গয়যজে ন দক্ষিণাঃ॥২৯॥
এবংবিধাঃ স্থবহবস্তস্থ যজা মহীপতেঃ।
বভূবুরস্থ সরসঃ সমীপে কুরুনন্দন!॥৩০॥

ইতি শ্রীমহাভাবতে শতসাহস্র্যাং সংহিতাযাং বৈয়াসিক্যাং বনপর্ব্বিণ তীর্থযাত্রায়াং গ্রযজ্ঞকথনে ঊনাশীতিতমোহধ্যায়ঃ ॥০॥ #

--:*:--

ভারতকোমুদী

দিকতা ইভি। দিকতা বাল্কাঃ। কেনচিদপি গণযিতুং ন শক্যাঃ। ষটুপাদোধ্যং শ্লোকঃ॥২৯॥

এবমিতি। তম্ম গয়স্ত। অস্ম প্রাগ্ বর্ণিতম্ম ॥০০॥ ইতি মহামহোপাধ্যায-ভাবতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহবিদাসদিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিবচিতাযাং মহাভাবতটীকাষাং ভাবতকোমুদীসমাখ্যাষাং বনপর্কণি তীর্থযাত্রাযাম্ উনাশীতিতমোহধ্যায়ঃ ॥০॥

-:*:--

ভাবতভাবদীপঃ

তে তথেতি ॥১—৯॥ বানীবমালিনী বেত্ৰপঞ্জিযুকা ॥১০—২২॥ ব্ৰহ্মশব্দেন বেদধ্বনিনা ॥২৩—২৮॥ সিকতাদিবদ্যজ্ঞে দক্ষিণা ন গণ্যিত্ং শক্যা ইত্যশ্বয়ঃ ॥২৯—৩০॥

ইতি শ্রীমহাভাবতে বনপর্ব্বণি নৈলক্ষীয়ে ভাবতভাবদীপে উনাশীতিতমোহধ্যায়ঃ॥৭৯॥

--:*:--

ভূতলেব বালি, আকাশেব নক্ষত্র এবং মেঘেব বৃষ্টিধারা যেমন সংখ্যা কবিতে পাবা যায় না, তেমন গ্যবাজাব যজেব দক্ষিণাও কেহু সংখ্যা করিতে পাবে নাই'॥২৯॥

কুকনন্দন! এই সবোববেৰ নিকটে গয়বাজাৰ এইব্দপ বহুতর যজ হইযাছিল' ॥৩০॥

 ^{&#}x27; পঞ্চনবতিতম:…'—ব। ব কা পি, '.. ত্রিনবতিতম:…'—নি।

অশীতিতমোহধ্যায়ঃ।

বৈশস্পায়ন উবাচ।

ততঃ সংপ্রস্থিতো রাজা কোন্তেরো ভূবিদক্ষিণঃ। অগস্ত্যাশ্রমমাসাত তুর্জ্জ্বারামুবাস হ।।>।। তত্ত্বৈ লোমশং বাজা পপ্রচ্ছ বদতাং ববঃ। অগস্ত্যেনেহ বাতাপিঃ কিমর্থমুপশামিতঃ।।২।। আসীঘা কিংপ্রভাবশ্চ স দৈত্যো মানবাস্তকঃ। কিমর্থঞোদিতো মন্যুরগস্ত্যস্ত মহাত্মনঃ।।৩।।

লোমশ উবাচ।

ইল্পলো নাম দৈতের আসীৎ কৌরবনন্দন!।
মণিমত্যাং পুরি পুরা বাতাপিস্তম্য চামুজঃ॥৪॥
স ব্রোক্ষাণং তপোযুক্তমুবাচ দিতিনন্দনঃ।
পানেং মে ভগবানেকমিন্দ্রতল্যং প্রয়চ্ছত ॥৫॥

ভাৰতকৌমূদী

তত ইতি। তুর্জ্ঞয়ায়াং পরিথাপ্রাচীরাদিমস্বাদিতি ভাবঃ। নাম তু তক্সা মণিমতীতি ॥>॥
তত্ত্বেতি। উপশামিতো বিনাশিতঃ। অমন্তত্বেংপি দীর্ঘত্মার্যম্ ॥২॥
আসীদিতি। কঃ কীদৃশঃ প্রভাবো যক্ত দ কিংপ্রভাবঃ। মন্ত্যঃ ক্রোধঃ ॥>॥
ইন্থল ইতি। মণিমত্যাং তদাখ্যাযাম্। বাতাপির্নাম ॥৪॥
দ ইতি। দ ইন্থলঃ। প্রযক্তকে, আত্মনস্তপোবলাদিতি ভাবঃ ॥৫॥

বৈশম্পায়ন বলিলেন—তদনস্তব বাজা যুখিষ্ঠিব তত্ত্য ব্রাহ্মণদিগকে প্রচুর দক্ষিণা দিয়া, সে স্থান হইতে প্রস্থান করিয়া অগস্ত্যাশ্রমে যাইয়া, তুর্জয় মণিমতী-পুবীতে অবস্থান করিলেন ॥১॥

বাগিশ্রেষ্ঠ যুর্ধিষ্টির সে স্থানে থাকিয়াই লোমশের নিকট জিজ্ঞাস। করিলেন—
"মহর্ষি অগস্ত্য কি কারণে এখানে বাতাপিকে বিনাশ করিয়াছিলেন ? ॥২॥

মান্ত্ৰহস্তা দেই দৈত্যের প্রভাবই বা কি প্রকার ছিল ? মহাত্মা অগস্ত্যেরই বা কি জন্ম ক্রোথ জন্মিয়াছিল ?" ॥৩॥

লোমণ বলিলেন—''কোরবনন্দন! পূর্ববিকালে এই মণিমতীপুবীতে 'ইল্বল'-নামে এক দৈত্য ছিল'; বাতাপি ছিল—তাহার কনিষ্ঠ জাতা ॥॥ তিমে দ ব্রাহ্মণো নাদাৎ পুত্রং বাসবদন্মতম্ ।

চুক্রোধ সোহস্তরস্তম্য ব্রাহ্মণস্য ততো ভূশম্ ॥৬॥

ততঃ প্রভৃতি রাজেন্দ্র ! ইন্ধলো ব্রহ্মহাহস্তরঃ ।

মন্ত্রমান্ ভ্রাতরং ছাগং মায়াবী ছকবোত্ততঃ ॥৭॥

মেষরূপী চ বাতাপিঃ কামরূপ্যভবৎ ক্ষণাৎ ।

সংস্কৃত্য চ ভোজয়তি ততো বিপ্রং জিবাংসতি ॥৮॥

স চাহ্ময়তি যং বাচা গতং বৈবস্বতক্ষয়ম্ ।

দ পুনর্দেহমাস্থায় জীবন্ সংপ্রত্যদৃশ্যত ॥৯॥

ততো বাতাপিমস্তরং ছাগং কৃত্বা স্থসংস্কৃতম্ ।

তং ব্রাহ্মণং ভোজয়িত্বা পুনরেব সমাহ্ময়ৎ ॥১০॥

ভারতকৌমুদী

তন্ম ইতি। বাসবসন্মিতমিক্সতুল্যম্। তন্স বান্ধণশ্ম উপবি ॥॥।
তত ইতি। বন্ধহা ব্ৰহ্মশ্ল সন্, তদ্বান্ধণং প্ৰতি ক্ৰোধেন বান্ধণজাত্যানেব ক্ৰোধাৎ ॥৭॥
মেবেতি। কামক্ৰণী বাতাপিক, ক্ষণাদেব, মেষক্ৰণী চকাবাচ্ছাগৰূপী চাভবৎ। ভোজু বিচ্ছয়া
তাদৃশো ৰূপবিকল্প ইতি ভাবং। ততক্ষেত্ৰলং সংস্কৃত্য ছাগৰূপিণং বাতাপিং ছিম্বা পজ্বা চ বিপ্ৰং
ভোজয়তি শ্ব, ততোহপি চ তং জিঘাংসতি হস্তমিচ্ছতি শ্ব ॥৮॥

তৎপরে দেবতাবা পূর্ব্বে বৃত্তাস্থরকেই বধ করিবার জন্ম যত্ন করিলেন ; তাই তাহারা ইন্দ্রকে অগ্রবর্ত্তী করিয়া ব্রহ্মাব নিকট উপস্থিত হইলেন ॥৫॥

তাঁহারা সকলে যাইয়া কৃতাঞ্জলি হইয়া দাঁড়াইলেন; তখন ব্রহ্মা বলিলেন— "দেবগণ! তোমরা যে কার্য্য করিবাব ইচ্ছা করিয়াছ, তাহা সমস্তই আমি জানিতে পারিয়াছি ॥৬॥

তোমরা যে উপায়ে বৃত্রাস্থবকে বধ করিতে পাবিবে, সেই উপায় আমি বলিব। 'দধীচ'-নামে উদারচেতা এক মহর্ষি আছেন॥৭॥

তোমরা সকলে যাইয়া সম্মিলিত হইয়া তাঁহার নিকট বর প্রার্থনা কর। তিনি ধর্মাত্মা; স্থতরাং তিনি সম্ভষ্ট চিত্তেই তোমাদিগকে বব দান করিবেন ॥৮॥ দ বাচ্যঃ দহিতৈঃ দবৈর্বভবন্তির্জয়কাজ্মিভিঃ।
স্বাক্তস্থানি প্রয়চ্ছেতি ত্রেলোক্যস্থ হিতায় বৈ ॥२॥
দ শরীরং দমুৎস্থজ্য স্বাক্তস্থানি প্রদাস্থাতি।
তস্থাস্থিভির্মহাঘোরং বজ্ঞং দংক্রিয়তাং দৃঢ়য়্ ॥>০॥
মহচ্ছক্রহণং ঘোরং বড়স্রং ভীমনিস্বনম্।
তেন বজ্ঞেণ বৈ ব্রব্রং বিধয়তি শতক্রহুঃ ॥>>॥ (য়ুয়য়য়য়্)
এতদ্বঃ দর্বমাখ্যাতং তন্মাচ্ছীস্রং বিধীয়তাম্।
এবয়ুক্তাস্ততো দেবা অনুজ্ঞাপ্য পিতামহম্ ॥>২॥
নারায়ণং পুবস্কৃত্য দধীদস্যাশ্রমং বয়ুঃ।
দরস্বত্যাঃ পবে পাবে নানাক্রমলতাব্তম্ ॥>০॥ (য়ুয়য়য়্)
য়ট্পদোদ্গীতনিনদৈর্বিঘুক্তং দামগৈরিব।
পুংস্কোকিলববোন্মিশ্রাং জীবঞ্জীবকনাদিতম্ ॥>৪॥

ভাবতকৌমূদী

তমিতি। সাহিত্যেন যাক্রাষা গুরুষাতিবেক ইত্যাশয়:। দাশ্রতি তং ববম্ ॥৮॥
স ইতি। তৈলোক্যক্স হিতায একস্ম প্রাণত্যাগো যুক্ত এবেত্যভিপ্রায়: ॥৯॥
স ইতি। সংক্রিষতাং নির্মাযতাম্। দৃঢং লোহাদপি, অতিপ্রাচীনদ্বাত্তদম্বামিতি ভাব:।
শক্রং হস্তীতি শক্রহণম্, পচাদিদ্বাদচ্। যড্সং ষট্কোণম্ ॥১০—১১॥
এতদিতি। অনুজ্ঞাপ্য অনুজ্ঞাং কাব্যিদ্বা। পুরস্কৃত্য অগ্রবর্ত্তীক্বত্য ॥১২—১৩॥
ভারতভাবদীপঃ

ভূয ইতি ॥১—৭॥ স বো দাশুতি ঈস্পিতমিতি শেষঃ ॥৮—১০॥ ২ডম্রি ষট্কোণন্
॥১১—১৩॥ জীবঞ্জীববদিবেতি লুপ্তোপমা, যতো জীবকৈঃ ক্ষুক্তজীবৈঃ পশাদিভিন'দিতমত-

তোমরা জয়াভিলাষীবা সকলেই সম্মিলিত হইয়া তাঁহাকে বলিবে যে, "ত্রিভূবনেব মঙ্গলেব জন্ম আপনি আপনাব অন্থিগুলি দান ককন" ॥৯॥

তিনি দেহত্যাগ কবিয়া নিজেব অস্থিগুলি দান করিবেন; তাঁহার অস্থি দ্বাবা অতি ভয়ন্ধর, দৃঢ়, বৃহৎ, শত্রুঘাতী, ষট্কোণ ও ভীমনাদী একটা বজ্র নির্মাণ করিবে। সেই বজ্রদারাই ইন্দ্র বৃত্তাস্থরকে বধ করিবেন॥১০ —১১॥

দেবগণ। এই তোমাদেব নিকট সমস্ত বলিলাম; তোমরা সত্তর এই কার্য্য কর।" ব্রহ্মা এইনপ বলিলে, তাহাব পব দেবতারা ব্রহ্মার অনুমতি লইযা নারায়ণকে অগ্রবর্ত্তী কবিয়া সরস্বতী নদীব অপব পাবে নানাবিধ বৃক্ষলতায আর্ত দ্বীচমুনিব আশ্রমে গেলেন ॥১২—১৩॥

^{(&}gt;>) --- वर्ण्य छी भनियनम् -- वा व का।

মহিষৈশ্চ ববাহৈশ্চ স্মবৈশ্চমবৈরপি।
তত্র তত্রানুচবিতং শার্দ্দূলভয়বর্জ্জিতৈঃ॥১৫॥
কবেণুভির্বারণেশ্চ প্রভিন্নকরটামুখৈঃ।
সবোহবগাড়ৈঃ ক্রীড়দ্ভিঃ সমস্তাদনুনাদিতম্॥১৬॥
সিংহৈর্ব্যাদ্রের্মহানাদান্ নদদ্ভিরন্থনাদিতম্।
অপবৈশ্চাপি সংলীনৈগুহাকন্দরশায়িভিঃ॥১৭॥
তেয়ু তেম্ববলাশেয়ু শোভিতং স্থমনোরমম্।
ত্রিপিষ্টপদমপ্রখ্যং দ্বীচাপ্রম্মাগমন্॥১৮॥ (কুলকম্)
তত্রাপশ্যন্ দ্বীচং তে দিবাকরদমন্ত্যতিম্।
জাজ্ল্যমানং বপুষা যথা লক্ষ্যা পিতামহম্॥১৯॥

ভারতকোমূদী

আশ্রমং বিশিনষ্টি পঞ্চতিঃ। বট্পদেতি। সামগৈর্রান্ধণৈরিব, বট্পদানাং ভ্রমরাণাম্ উদ্গীতনিনদৈর্গানধ্বনিভিঃ, বিষ্টুং শব্দিতম্। পুংক্ষোকিলানাং রবৈক্ষপ্রিশ্রং যুক্তম্, জীবঞ্জীবকৈঃ
পক্ষিবিশেবৈনাদিতম্। স্থাবচমরে মুগবিশেবে।। শার্দ্দ্রভাষবর্জিতৈরিত্যনেন মুনিপ্রভাবাৎ
হিংসারাহিত্যং স্টিতম্। সরোহবগাট্রেজ্গাশ্যপ্রবিষ্টেঃ, করেণুভিইন্তিনীভিঃ সহ ক্রীডন্তিঃ,
প্রভিন্নানি মদ্র্রাবীণি করটাম্থানি গণ্ডবয়বদনানি যেষাং তৈঃ। কবটেতি হ্রম্বস্ত দীর্ঘতা।
বারবৈহন্তিভিঃ, সমস্তাৎ সর্কান্থ দিক্ষ্, অন্থনাদিতম্। নদ্ভিঃ কুর্ক্ডিঃ। অপবৈশ্চাপি সিংহৈব্যাছৈঃ, গুহাল্ম কন্দ্রেষ্ বিবরেষ্ চ শেরতে তিইন্তীতি তৈঃ। "কন্দরোহন্ধ্শে। বিবরে চ
গুহান্নাঞ্গ" ইতি হেমচন্ত্রঃ। অবকাশেষ্ বৃক্ষলতাদিশ্রান্থানেষ্, শোভিতং দ্র্বাদিভিঃ। ত্রিপিইপসমা স্বর্গক্রা প্রথ্যা শোভা যক্ষ তম্। আগমন্ দেবা ইত্যন্তর্বিঙঃ ॥১৪—১৮॥

তত্ত্তেতি। তে দেবাঃ। লক্ষ্যা শরীরকান্ত্যা, পিতামহং ব্রহ্মাণম্ ॥১৯॥

যে আশ্রমে সামগানকারী ব্রাহ্মণগণের স্থায় ভ্রমরগণ গান করিতেছিল; পুরুষজাতীয় কোকিলগণ ও চকোরপক্ষিগণ রব কবিতেছিল; ব্যাদ্রভয়বিহীন মহিষগণ, শূকবগণ, স্থমবহরিণগণ ও চমরহরিণগণ সেই সেই স্থানে বিচবণ কবিতেছিল; মদস্রাবী হস্তিগণ হস্তিনীগণের সহিত মিলিত হইয়া, সবোববে অবগাহনপূর্বক খেলা কবিতে থাকিয়া সকল দিকে শব্দ করিতেছিল; বিচরণকাবী সিংহগণ ও ব্যাদ্রগণ এবং গুহা ও গর্ত্তশায়ী নিভৃত সিংহগণ ও ব্যাদ্রগণ গুরুতর গর্জন কবিতেছিল; সেই সেই স্থানে নবভূণে শোভা জন্মাইতেছিল এবং স্বর্গেব ভূল্য সৌন্দর্য্য প্রকাশ পাইতেছিল, দেবতাবা সেই দধীচমুনির আশ্রমে যাইয়া উপস্থিত ইইলেন ॥১৪—১৮॥

তাঁহারা সেই আশ্রামে শবীরকান্তিতে ব্রহ্মার স্থায় দেদীপ্যমান এবং সূর্য্যের তুল্য তেজম্বী দধীচমুনিকে দর্শন করিলেন ॥১৯॥

বন-১১৩ (৮)

তত্ম পাদে স্থা রাজন্মভিবাত কৃতাঞ্জলি।

ততা দখীচঃ পরমপ্রতীতঃ স্থরোত্তমাংস্তানিদমস্থাবাচ।

করোমি যদো হিতমত দেবাঃ! স্বঞ্চাপি দেহং স্থরমূৎস্কামি॥২১॥

স এবমূক্ত্ব্বা দিপদাং বরিষ্ঠঃ প্রাণান্ বশী স্বান্ সহসোৎসমর্জ্ব।

ততঃ স্থরাস্তে জগৃহুঃ পরাসোবস্থীনি তত্মাথ যথোপদেশম্॥২২॥

প্রস্থাতির পোশ্চ জয়ায় দেবাস্ব্রফীবমাগম্য তমর্থমূচুঃ।

হৃষ্টা তু তেবাং বচনং নিশম্য প্রস্থাতিরপাং প্রয়তঃ প্রবত্বাৎ॥২৩॥

ভারতকোমূদী

তত্যেতি। ক্বতঃ অঞ্জলিঃ করছযযোগো যদ্মিন্ কর্মণি তদ্যথা তথা ॥২০॥
তত ইতি। পরমপ্রতীত আজ্মনা জগড়পকারসম্ভবশ্রধণাদতীবানন্দিতঃ, 'প্রতীতঃ দাদরে
জাতে স্বষ্টপ্রথ্যাতযোগ্রির্" ইতি মেদিনী। বো যুম্মাক্য্। অহো ! জগত্যামীদৃশম্দাহরণমভ্যব্যান্দ্রপ্রথমেব, যৎ স্বদেহত্যাগেনিব পরোপকাবকরণম্ ॥২১॥

স ইতি। দ্বিদাং মন্ত্র্যাণাম্। বনী প্রাণত্যাগেহপি স্বাধীনঃ। উৎস্দর্জ যোগবলেন তত্যাজ। প্রাসোম্ভিন্ত। যথোপদেশং ব্রহ্ম উপদেশমন্তিক্রম্য ॥২২॥

ভাবতভাবদীপঃ

শ্চেতনমিবেতার্থ: ॥১৪—১৫॥ কবেণুভির্ননিভি:, প্রভিন্ন সদম্রাবি করটা মদোন্তেদস্থানং গণ্ডস্থলৈকদেশন্তক্ত মৃথমূপবিভাগো যেবাং তৈ: ॥১৬—১৭॥ ত্রিবিষ্টপদমপ্রথাং স্বর্গতুলাপ্রকাশন্ ॥১৮—২১॥ পরাদো: গতপ্রাণক্ত ॥২১—২৫॥

ইতি শ্রীমহাভারতে বনপর্বাণি নৈলক্ষীয়ে ভারতভাবদীপে পঞ্চাশীতিতমো২ধ্যায়ঃ ॥৮৫॥

বাজা ! তথন দেবতারা সকলেই দধীচমুনির চরণযুগলে নমস্কার করিযা কৃতাঞ্চলিপুটে—ব্রহ্মা যেমন বলিয়া দিয়াছিলেন, তেমন ব্রই প্রার্থনা করিলেন ॥২০॥

তাহাব পব দধীচমূনি অত্যন্ত আনন্দিত হইয়া সেই দেবশ্রেষ্ঠগণকে এই কথা বলিলেন—"দেবগণ! আপনাদের যাহা হিত, তাহা আজ আমি করিতেছি, আমি নিজেব দেহও নিজে ত্যাগ কবিতেছি" ॥২১॥

নমুন্তাশ্রেষ্ঠ স্বাধীন দধীচমূনি এইৰূপে বলিয়া (যোগবলে) তৎক্ষণাৎ নিজে প্রাণ পবিত্যাগ কবিলেন। তাহাব পব সেই দেবতারা ব্রহ্মাব উপদেশক্রমে মৃত দধীচমুনিব মস্থিপ্তলি গ্রহণ কবিলেন॥২২॥

তংপবে দেবতাবা আনন্দিত হইয়া জয়লাভেব জন্ম বিশ্বকৰ্মাৰ নিকট আদিযা

চকাব বজ্রং ভূশমুগ্ররূপং কৃষা চ শক্রং স উবাচ হাষ্টঃ।
অনেন বজ্রপ্রবরেণ দেব! ভস্মীকুরুষাত্য স্থবারিমুগ্রম্ ॥২৪॥ (যুগ্মকম্)
ততো হতারিঃ সগণঃ হুখং বৈ প্রশাধি কৃৎস্নং ত্রিদিবং দিবিষ্ঠঃ।
ছাষ্ট্রা তথোক্তস্ত পুরন্দরন্তদক্তং প্রহাতঃ প্রয়তো হুগৃহ্লাৎ ॥২৫॥
ইতি শ্রীমহাভাবতে শতসাহস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ববিশি
তীর্থযাত্রায়াং বজ্রনির্মাণকখনে পঞ্চাশীতিতমোহধ্যায়ঃ॥।॥ **

বড়নীতিতমোহধ্যায়ঃ।

--%*;---

লোমণ উবাচ।

ততঃ স বজ্জী বলিভির্দৈবতৈরভিরক্ষিতঃ। আসমাদ ততো রত্রং স্থিতমারত্য রোদসী॥>॥

ভাবতকোমুদী

প্রস্থাতি। স্কাবং বিশ্বকর্মাণম্। অর্থং বজ্ঞনির্মাণরপং বিষয়ম্। প্রযতঃ ক্বতমনোযোগঃ সন্। শক্তমিক্রম্, স স্কাটা। স্থয়ারিং বৃত্তান্থবম্ ॥২৩—২৪॥

তত ইতি। সগণ আত্মীয়বর্গসহিতঃ। দিবিষ্ঠঃ স্বর্গে স্থিত এব। প্রয়তঃ সাবধানঃ ॥২৫॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিবচিতাযাং
মহাভারতটীকাষাং ভাবতকোমুদীসমাধ্যাযাং বনপর্ববি তীর্থযাত্রাযাং পঞ্চাশীতিতমোহধ্যায়ঃ ॥॥

--:*:--

সেই বিষয় বলিলেন। তখন বিশ্বকর্মা তাঁহাদেব কথা শুনিয়া, আনন্দিত ও মনোযোগী হইয়া, বত্বপূর্ব্বক অতিভয়ঙ্করাকৃতি বজ্র নির্মাণ করিলেন, সেইবূপ বজ্র নির্মাণ কবিয়া আনন্দিত হইযা ইন্দ্রকে কহিলেন—"দেব। আপনি এখন এই উত্তম বজ্রধারা ভয়ঙ্কর বুত্রাস্থরকে ভস্ম ককন ॥২৩—২৪॥

শক্র সংহার কবিয়া তৎপরে স্বর্গে থাকিয়া আত্মীয়স্বজনের সহিত স্থাথে সমস্ত স্বর্গবাজ্য শাসন করুন।" বিশ্বকর্মা সেইবাপ বলিলে, দেবরাজ আনন্দিত ও সাবধান হইয়া সেই বজ্র গ্রহণ করিলেন"॥২৫॥

----0350----

লোমশ বলিলেন—"তাহার পব ইন্দ্র বজ্ঞ ধাবণ করিয়া, বলসম্পন্ন দেবগণ-কর্ত্তক সকল দিকে বক্ষিত হইষা, স্বস্থান হইতে যাইয়া বুত্রাস্থবকে পাইলেন;

(২৫)…দিবিষ্ঠ !—বা ব কা। * '…শততমঃ…'—বা ব কা পি, '…একোনশততমঃ…'—নি।

কালকেরৈর্যহাকারিঃ সমন্তাদভিরক্ষিত্য ।
সমুগতপ্রহবণৈঃ সশৃক্ষৈরিব পর্ববিতঃ ॥২॥ (রুগ্মকম্)
ততো যুদ্ধং সমভবদ্দেবানাং দানবৈঃ সহ ।
মুহূর্ত্তং ভরতপ্রেষ্ঠ ! লোকত্রাসকবং মহৎ ॥৩॥
উন্নতপ্রতিপিন্টানাং থড়গানাং বীরবাহুভিঃ ।
আসীৎ স্থভুমূলঃ শব্দঃ শরীরেম্বভিপাত্যতাম্ ॥৪॥
শিরোভিঃ প্রপতন্তিশ্চাপ্যন্তরীক্ষামাহীতলম্ ।
তালৈরিব মহারাজ ! রুন্তাদ্ভব্টেবদৃশ্যত ॥৫॥
তে হেমকবচা ভূত্বা কালেয়াঃ পরিবায়্বধাঃ ।
ত্রিদশানভ্যবর্ত্তর দাবদ্ধা ইবাদেয়ঃ ॥৬॥

ভারতকৌসুদা

তত ইতি। বজ্রী বজ্রধব ইন্দ্রঃ। বোদদী স্বর্গমত্যোর্, ''ভূডাবো বোদস্রো বোদদী চ তে'' ইত্যমরঃ। ততঃ স্বদেশাং। কালকেরৈরস্ক্রিঃ। প্রাহরণানাং শৃঙ্গভূলাত্বমু ॥১—২॥

তত ইতি। মূহুর্ভং কিষম্ভং কালং ব্যাপ্য। মহদ্যুদ্ধমিতি সম্বন্ধঃ ॥०॥

উছতেতি। বীবাণাং বাছভিঃ, আর্দো উছতা উদ্যোলিতাঃ অনস্তরং প্রতিপিষ্টা বিপশৈং প্রত্যাঘাতেন ভয়ান্তেয়াম্, বিপক্ষাণাং শবীরেষু অভিপাত্যভাম্ অভিপাত্যমানানাং থজানাম্, স্ত্যুকঃ শব্দ আসীৎ ॥॥॥

শিরোভিবিভি। তালৈঃ বলৈবিব। মহীতলং ব্যাপ্তমিতি শেষঃ ॥৫॥
ত ইতি। কালেযা অস্করাঃ। অভ্যবর্জন্ত অভ্যধাবন্। দাবো বনবহিঃ॥৬॥

বুত্রান্থর তখন (আপন সৈন্তগণ দ্বাবা) স্বর্গ-মর্ত্ত্য ব্যাপ্ত কবিয়া অবস্থান কবিজে ছিল; আর শৃঙ্গযুক্ত পর্ববিত্রস্থাহের স্থায় উন্ততান্ত্র বিশাল দেহ কালকেয় অস্থবগণ সকল দিক হইতে তাহাকে রক্ষা কবিতেছিল ॥১——২॥

ভরতশ্রেষ্ঠ ! তাহার পব কিছুকাল দানবগণের সহিত দেবগণের লোকভয়জনক মহাযুদ্ধ হইল ॥৩॥

বীরগণ হস্ত দারা তববারি সকল উত্তোলন করিষা বিপক্ষগণেব শরীরে আঘাত করিবার উপক্রম করিবামাত্র বিপক্ষেবা প্রতিঘাত করিল; তৎক্ষণাৎ সে তরবারিগুলি ভগ্ন হইতে থাকায় অতিতুমূল শব্দ হইতে থাকিল ॥৪॥

মহারাজ। তথন দেখা গেল যে, বৃন্তচ্যুত তালফলেব ক্যায় আকাশ হ^{ইতে} নিপতিত মস্তকদারা ভূতল ব্যাপ্ত হইতে লাগিল ॥৫॥

তখন কালকেয় অস্ত্রগণ স্বর্ণময় কবচ ধাবণপূর্বক পবিঘ উত্তোলন ক^{রিয়া} দাবাগ্লিদহ্যমান পর্ববতসমূহেব ক্যায় দেবগণেব দিকে ধাবিত হইল ॥৬॥ তেষাং বেগবতাং বেগং সাভিমানং প্রধাবতাম্।
ন শেকুন্ত্রিদশাঃ সোঢ়ুং তে ভগ্না প্রাদ্রবন্ ভগ্নাৎ ॥৭॥
তান্ দৃষ্ট্বা দ্রবতো ভীতান্ সহস্রাক্ষঃ পুবন্দরঃ।
রত্রে বিবর্জমানে চ কশ্মলং মহদাবিশৎ ॥৮॥
কালেয়ভয়সন্ত্রন্তো দেবং সাক্ষাৎ পুবন্দরঃ।
জগাম শরণং শীঘ্রং তস্তু নারায়ণং প্রভুম্ ॥৯॥
তং শব্রুং কশ্মলাবিষ্টং দৃষ্ট্বা বিষ্ণুঃ সনাতনঃ।
সতেজো ব্যদধচ্ছক্রে বলমস্ত বিবর্জয়ন্ ॥>০॥
বিষ্ণুনা গোপিতং শব্রুং দৃষ্ট্বা দেবগণাস্ততঃ।
সর্বের তেজঃ সমাদধ্যুত্তথা ব্রহ্মর্যয়োহমলাঃ ॥>>॥
স সমাপ্যায়িতঃ শব্রো বিষ্ণুনা দৈবতৈঃ সহ।
খাহিভিশ্চ মহাভাগৈর্বলবান্ সমপ্যত্ত ॥>২॥

ভারতকোমুদী

তেষামিতি। সাভিমানং সগর্বম্। ভগ্নাঃ স্বসংঘবিশ্লিষ্টাঃ স্থঃ ॥ ৭॥
তানিতি। কশ্মনং মোহম্, "মৃচ্ছা তু কশ্মনং মোহং" ইত্যমরঃ ॥ ৮॥
কালেয়েতি। শরণং জগাম, আত্মনি বলাধানার্থমিতি ভাবঃ ॥ ৯॥
তমিতি। কশ্মনাবিষ্টং মোহাবিষ্টম্। ব্যদ্ধং অপিতবান্॥ ১০॥
বিষ্ণুনেতি। গোপিতং বক্ষিতম্। সমাদ্যুরপিতবন্তঃ। অমলা নিম্পাপাঃ ॥ ১১॥
স ইতি। সমাপ্যাযিতঃ তেজোহর্পণেন বর্দ্ধিতঃ। সম্পদ্ধত অজায়ত ॥ ১২॥

ভাবতভাবদীপঃ

তত ইতি। রোদসী ভাবাপৃথিব্যো ॥১ – ৩॥ বীববাছভিঃ দার্দ্ধনাদাব্ভতাঃ পশ্চাদভিঃ প্রতিপিষ্টান্তেষাম্ ॥৪॥ তালৈস্তালফলৈঃ ॥৫— २॥ ব্যদ্ধৎ নিহিতবান্ ॥১০ – ১২॥ বলত্বং

গর্বের সহিত ধাবিত বেগবান্ সেই অস্ত্ররগণের বেগ দেবতারা সহ্য কবিতে পারিলেন না; তাঁহাবা বণে ভঙ্গ দিয়া ভয়ে পলায়ন করিতে লাগিলেন ॥৭॥

বৃত্তাস্থরের পবাক্রম বৃদ্ধি পাইতে লাগিলে, দেবগণ ভীত হইয়া পলায়ন করিতেছেন—ইহা দেখিয়া দেবরাজ অত্যস্ত মোহাবিষ্ট হইলেন ॥৮॥

এবং তিনি কালেয় অস্থবগণের ভয়ে অত্যন্ত ভীত হইয়া সদ্বই যাইয়া প্রভু নারায়ণের শ্বণাপন্ন হইলেন ॥৯॥

তখন সনাতন নারায়ণ দেবরাজকে মোহাবিষ্ট দেখিয়া উহাব বলবৃদ্ধি করিবাব জন্ম নিজের তেজ উহার শবীরে সমর্পণ করিলেন ॥১০॥

তাহার পর দেবতারা ও নিষ্পাপ ব্রন্মর্থিবা সকলেই দেবরাজকে বিষ্ণুকর্তৃক বক্ষিত দেখিয়া আপন আপন তেজ তাঁহার শরীরে সমর্পণ কবিলেন ॥১১॥ জ্ঞান্বা বলস্থং ত্রিদশাধিপন্ত ননাদ বৃত্রো মহতো নিনাদান্।
তস্তু প্রণাদেন ধবা দিশন্চ খং স্থোনিগাশ্চাপি চচাল সর্বম্ ।১৩॥
ততো মহেন্দ্রঃ পরমাভিতপ্তঃ শ্রুত্বা ববং ঘোবরূপং মহান্তম্।
ভযে নিমগ্রস্থরিতো মুমোচ বজ্রং মহত্তস্তু বধার রাজন্! ॥১৪॥
স শত্রুবজ্ঞাভিহতঃ পপাত মহাস্তবঃ কাঞ্চনমাল্যধাবী।
যথা মহাশৈলববঃ পুরস্তাৎ স মন্দবো বিষ্ণুকরাদ্বিমৃক্তঃ ॥১৫॥
তত্মিন্ হতে দৈত্যববে ভয়ার্ত্তঃ শক্রঃ প্রত্মোব সবঃ প্রবেষ্ট্রম্।
বজ্ঞং স মেনে ন কবাদ্বিমৃক্তং বৃত্তং ভ্যাচ্চাপি হতং ন মেনে ॥১৬॥
সর্বের চ দেবা মুদিতাঃ প্রস্তৃত্বা মহর্ষরশেচন্দ্রমভিষ্ট্রবন্তঃ।
বৃত্তং হতং সংদদৃশ্তঃ পৃথিব্যাং বজ্ঞাহতং শৈলমিবাবদীর্ণম্ ॥১৭॥

ভাবতকোমূদী

জ্ঞাত্বেতি। বলস্থং বলবস্তম্। নানদ চকাব। নগাঃ পর্বতাশ্চ, এতৎ সর্বম্॥১০॥
তত ইতি। পবমাভিতপ্তঃ অতীবসম্ভপ্তচিত্তঃ। তত্ম বৃত্তান্ত্বত্ত ॥১৪॥

স ইতি। স বৃত্তঃ। পুবস্তাৎ পূর্বাং সমুদ্রমন্থনানন্তবমিতার্থঃ ॥১৫॥
তত্মিন্নিতি। ত্যাতিবেকাদিক্রতাবং মহানেব বিভ্রম আসীদিত্যাশ্বঃ ॥১৬॥

তখন মহাভাগ ঋষিগণ ও দেবগণেৰ সহিত বিষ্ণু তেজ দান কবিয়া বৰ্দ্ধিত কবিলে, দেববাজ অত্যন্ত বলবান্ হইলেন ॥১২॥

দেববাজ বলবান্ হইয়াছেন—ইহা জানিয়া বৃত্তাস্থ্ৰ বিশাল সিংহনাদ কবিয়া উঠিল; ভাহাব সেই সিংহনাদে পৃথিবী, দিক্ সকল, আকাশ, স্বৰ্গ ও পৰ্ব্বত এই সমস্তই যেন কাঁপিতে লাগিল ॥১৩॥

বাজা! তাহাব পর দেবরাজ বৃত্রাস্থরের বিশাল ও ভয়ঙ্কব সিংহনাদ শুনিযা, অত্যন্ত সন্তপ্ত ও ভযে নিমগ্ন হইযা, তাহার বধের জন্ম সম্বই সেই বিশাল বঞ্জ নিক্ষেপ কবিলেন ॥১৪॥

স্বৰ্ণমাল্যধানী মহাস্থৰ বৃত্ৰ ইন্দ্ৰেৰ বজ্ৰে ভাড়িত হইযা—পূৰ্ব্বকালে বিষ্ণুৰ হন্ত হইতে বিমুক্ত মহাপৰ্ব্বত মন্দ্ৰবেৰ স্থায় ভূতলে পতিত হইল ॥১৫॥

সেই দৈতাশ্রেষ্ঠ বৃত্র নিহত হইলে, ইন্দ্র ভ্যবিহ্বল হইয়া সবোববে প্রবেশ কবিবাব জন্ম ধাবিত হইলেন। কারণ, আপন হস্ত হইতে বজ্র যে নিশ্নিও হইয়াছিল, তাহা তিনি ভয়বশতঃ ধাবণা কবিতে পাবিয়াছিলেন না; কিংবা ব্রাহ্র যে নিহত হইয়াছিল, তাহাও তিনি ভয়বশতই মনে কবিতে পাবিয়াছিলেন না॥১৬॥

⁽১৭) দ্বিতাশিদ্ধ বা ব বা পি নাস্তি।

সর্বাংশ্চ দৈত্যাংস্থরিতাঃ সমেত্য জন্মুঃ হ্রবা রুত্রবধাভিতপ্তান্।
তৈন্ত্রাম্মনান্ত্রিদশৈঃ সমেতিঃ সমুদ্রমেবাবিবিশুর্ভয়ার্ত্তাঃ ॥১৮॥
প্রবিশ্য চৈবােদধিমপ্রমেয়ং বাধাকুলং নক্রসমাকুলঞ্চ।
তদা স্ম মন্ত্রং সহিতাঃ প্রচক্রুদ্রৈলােক্যনাশার্থমভিস্ময়ন্তঃ ॥১৯॥
তত্র স্ম কেচিন্মতিনিশ্চয়জ্ঞান্তাংস্তানুপায়ানুপবর্ণয়ন্তি।
তেষাস্ত তত্র ক্রমকালযােগাদ্যােরা মতিশ্চিন্তয়তাং বভূব ॥২০॥
যে সন্তি বিত্যাতপদােপপন্নান্তেষাং বিনাশঃ প্রথমন্ত কার্য্যঃ।
লোকা হি সর্বের তপা প্রিয়ন্তে তত্মান্তরধ্বং তপাঃ ক্রয়ায় ॥২১॥

ভারতকোমূদী

সর্ব্ব ইতি। মুদিতা আনন্দিতাং, অতএব প্রস্কুটা উৎত্বল্লবদনা ইত্যপৌনক্ষক্তাম্ ॥১ ৭॥ সর্ব্বানিতি। ত্রিদশৈর্দেবৈং, সমেতৈং সন্মিলিতেং। আবিবিশুর্দৈত্যা ইতি শেবং ॥১৮॥ প্রবিশ্রেতি। বাধনক্রো মৎশ্রকুন্তীবে। অভিন্যবন্তো গর্বিতা ভবন্তঃ ॥১৯॥

তত্ত্বতি। তত্ত্ব মন্ত্রণাসভাষাম, মত্যা স্বস্থব্দ্যিব নিশ্চয়ং কার্য্যসিদ্ধেরবশ্বস্থাবং জানস্থীতি তে মতিনিশ্চমজ্ঞাং, কেচিলৈত্যাং, জগদিনাশায় তাংস্তান্ গুপ্তহত্যাদীস্থপাযান্, উপবর্ণমস্তি স্ম। তত্ত্ব তদানীম্, চিম্বয়তাং জগদিনাশোপাষং ভাবষতাম্, তেষাং দৈত্যানাম্, ক্রমকাল্যোগাৎ ক্রমশং, ইয়ং ঘোরা মতির্বভূব ॥২০॥

য ইতি। হি ফমাৎ। ধ্রিবন্তে অবতিষ্ঠন্তে। স্বৰধ্বং স্বৰ্ষা যতধ্বস্ ॥২১॥

এদিকে দেবতাবা ও মহর্ষিবা সকলে আনন্দিত এবং উৎফুল্লমুখ হইয়া ইন্দ্রের প্রশংসা করিতে থাকিয়া, বজ্রতাড়িত ভূতলপতিত পর্বতের স্থায় নিহত বৃত্রাস্থরকে দর্শন করিলেন ॥১৭॥

তাহাব পর দেবতাবা সম্মিলিত ও ছরিত হইয়া বুত্রবধসম্ভপ্ত দৈত্যগণকে বধ করিতে লাগিলেন; তথন সম্মিলিত দেবগণের আক্রমণে সম্ভ্রম্ভ হইয়া দৈত্যেরা যাইয়া সমুদ্রেই প্রবেশ করিল ॥১৮॥

মংস্থ ও কুম্ভীরে পরিপূর্ণ অপরিমেয় সমুদ্রে প্রবেশ কবিয়া দৈত্যেবা আবার সম্মিলিত ও গর্বিবত হইয়া তথনই ত্রিভুবনবিনাশের জন্ম মন্ত্রণা করিতে লাগিল ॥১৯॥

সেই সভায় বৃদ্ধিমান্ বলিয়া অভিমানী কতকগুলি দৈত্য জগদ্বিনাশেব জন্ম নানা উপায়েব বর্ণনা করিল ; তাহাব পব চিন্তা করিতে কবিতে তাহাদেব ক্রমশঃ এই ভয়ঙ্কব বৃদ্ধি হইল—॥২০॥

"বিতা ও তপস্থাসম্পন্ন যে সকল লোক আছে, প্রথমে তাহাদিগকে বিনাশ কবাই উচিত। কারণ, তপস্থাব বলেই সমস্ত লোক অবস্থান কবিতেছে; অতএব তপস্থা নষ্ট কবিবার জন্মই সত্তর চেষ্টা কব ॥২১॥ যে সন্তি কেচিচ্চ বস্তব্ধরায়াং তপস্থিনো ধর্ম্মবিদশ্চ তজ্জাঃ!।
তেষাং বধঃ ক্রিয়তাং ক্ষিপ্রমেব তেয়ু প্রণফেয়ু জগৎ প্রণফেম্ ॥২২॥
এবং হি সর্বের গতবুদ্ধিভাবা জগদ্বিনাশে পরমপ্রহান্টাঃ।
দুর্গং সমাজ্রিত্য মহোশ্মিমন্তং বত্লাকরং বরুণস্থালয়ং স্ম ॥২৩॥
ইতি জ্রীমহাভাবতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ববিদি
তীর্থযাত্রাযাং ব্রত্রবধোপাখ্যানে ষড়শীতিতমোহধ্যায়ঃ॥০॥ *

ভাবতকোমুদী

য ইতি। তান্ ভপদ্বিনো ধর্মবিদশ্চ জ্বানস্তীতি তে তথা, তৎসম্বোধনম্ ॥২২॥
এবনিতি। জগদ্বিনাশে গতে বৃদ্ধিভাবে মত্যভিপ্রাযে যেষাং তে। বরুণশু আলযং সমূত্রং
তব্রেপং ফুর্গং সমান্রিত্য পরমপ্রস্থাই আসন্। স্মেতি পাদপূবণে ॥২৩॥
ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ শ্রীহবিদাসসিদ্ধান্তবাসীশভট্টাচার্য্যবির্বিচতায়াং
মহাভারতটীকাষাং ভারতকোমুদীসমাধ্যায়াং বনপর্বাণি তীর্ধ্যাজায়াং বঙ্দশীতিতমোহধ্যায়ঃ ॥০॥

--:#8---

ভারতভাবদীপঃ

বলবস্তম্ ॥১৩—১৪॥ মাল্যধাবী মালাধারী ॥১৫॥ হতমপি বৃক্তং ভষাৎ ন হতমিব মেনে ॥১৬—২•॥ ধিযতে জীবন্তি ॥২১—২২॥ গতবৃদ্ধিভাবাঃ প্রাপ্তধীনিশ্চমাঃ। বক্ষণভালয়ং সম্প্রম্ ॥২৩॥ ইতি শ্রীমহাভারতে বনপর্বাণি নৈলক্ষীয়ে ভাবতভাবদীপে বড়শীতিতমোহধ্যায়ঃ ॥৮৬॥

---:#:---

হে অভিজ্ঞ দৈত্যগণ। পৃথিবীতে যে কেহ তপস্থী বা ধর্মজ্ঞ আছে, সম্বই তাহাদিগকে বধ কর। কারণ, তাহাবা বিনষ্ট হইলেই জগৎ বিনষ্ট হইবে"॥২২॥ এইভাবে জগদ্বিনাশেব দিকে বৃদ্ধি ও অভিপ্রায় স্থির হইলে, দৈত্যেরা সকলে মহাতরঙ্গশালী ও রত্নেব আকর সমুদ্র-ছর্গ আশ্রয় করিয়া প্রম আনন্দিত হইয়া অবস্থান কবিতে লাগিল"॥২৩॥

সপ্তাশীতিতমোহধ্যায়ঃ।

---;*:----

লোমশ উবাচ।

সমুদ্রং তে সমাশ্রিত্য বারুণং নিধিমন্ত্রসঃ।
কালেয়াঃ সম্প্রবর্ত্তত ত্রৈলোক্যস্থ বিনাশনে ॥>॥
তে বাত্রো সমভিকুদ্ধা ভক্ষয়ন্তি সদা মুনীন্।
আশ্রমেষু চ যে সন্তি পুণ্যেষায়তনেষু চ ॥২॥
বশিষ্ঠস্থাশ্রমে বিপ্রা ভক্ষিতান্তৈত্র রাত্মভিঃ।
অশীতিঃ শতমক্টো চ নব চান্থে তপস্থিনঃ॥৩॥
চ্যবনস্থাশ্রমং গত্বা পুণ্যং দিজনিষেবিতম্।
ফলমূলাশনানাং হি মুনীনাং ভক্ষিতং শতম্ ॥৪॥
এবং রাত্রো স্ম কুর্বনন্তি বিবিশুশ্চার্ণবং দিবা।
কালেয়ান্তে তুরাত্মানো ভক্ষয়ন্তস্তপোধনান্॥৫॥

ভারতকৌমুদী

সম্শ্রমিতি। বান্ধণং বরণদেবতাকম্। সম্প্রবর্তন্তেতি অভাগমাভাব আর্বঃ ॥১॥ ত ইতি। ভক্ষস্তি বিনাশম্ভি স্মেত্যর্থঃ। আয়তনেযু ক্যেত্রেযু ॥২॥ বিনাশিতা ইত্যর্থঃ ॥৩॥ চ্যবনশ্রেতি। ফলমূলাশনানাং ফলমূলভোজিনাম্ ॥৪॥

লোমশ বলিলেন—"সেই কালেয় অস্থবেরা বরুণপালিত ও জলের আধার সমুত্র-ছুর্গ আশ্রয় করিয়া ত্রিভুবনবিনাশে প্রবৃত্ত হইল ॥১॥

আশ্রমে ও পুণ্যক্ষেত্রে যাঁহারা থাকিতেন, সেই সকল মুনিকে তাহাবা প্রত্যহ রাত্রিতেই ক্রেন্ধ হইয়া যাইয়া বিনাশ করিত ॥২॥

সেই ত্রাত্মারা বশিষ্ঠের আশ্রমে যাইয়া একশত সাতান্নবেই জন তপস্বী বাহ্মণকে বিনাশ করিল ॥৩॥

ব্ৰাহ্মণসেবিত পৰিত্ৰ চ্যবনেৰ আশ্ৰমে যাইয়া ফল-মূলভোজী একশত ব্ৰাহ্মণকে সংহাৰ কৰিল ॥৪॥

তপস্বি-সংহাবে প্রবৃত্ত সেই ছবাত্মা কালেয় দৈত্যগণ বাত্রিতে এইবূপ করিত এবং দিনের বেলায় সমুদ্রে প্রবেশ করিত ॥৫॥

⁽৫) পরাদ্ধ বা ব কা পি নান্তি।বন-১১৪ (৮)

ভরদ্বাজাশ্রমে চৈব নিয়তা ব্রহ্মচারিণঃ।
বায্বাহারাম্ব্রুশাশ্চ বিংশতিঃ সংনিস্দিতাঃ॥৬॥
এবং ক্রমেণ সর্ববাংস্তানাশ্রমান্ দানবাস্তদা।
নিশায়াং পরিধাবন্তি মত্তা ভুজবলাশ্রয়াৎ।
কালোপস্ফাঃ কালেয়া দ্বন্তো দিজগণান্ বহুন্॥৭॥
ন চৈনানম্বর্ধ্যন্ত মন্তুজা মনুজোত্তম!।
এবং প্রবৃত্তান্ দৈত্যাংস্তাংস্তাপসেষু তপম্বিনঃ॥৮॥
প্রভাতে সমদৃশ্যন্ত নিয়মাহারকর্শিতাঃ।
মহীতলম্বা মুনয়ঃ শরীবৈর্গতজীবিতৈঃ॥৯॥

ভাবতকোমুদী

এবমিতি। বাজো গুপ্তহত্যাদোকর্যাৎ দিবা চ দেবভবাদিতি ভাবং ॥৫॥ ভবদাজেতি। নিয়ত্বা নিয়ত্ববজ্ঞো ব্রতিন ইতি যাবৎ। সংনিস্থদিতা নাশিডাং ॥৬॥ এবমিতি। কালোপস্থা আসময়ত্যবং। বটুপাদোহযং শ্লোকঃ ॥৭॥

নেতি। হে মহজোত্তম। তপস্থিনো মহজা অপি, তাপসেরু এবং গুপ্তহত্যাযাং প্রার্থতান্ তান্ এনান্ দৈত্যান্ ন চ নৈব অন্তব্ধ্যন্ত নাজানন্ত। যন্তজাত্তান্, তদাবশ্রমের তপোবলেন ক্যবারয়িয়ামিতি ভাবঃ ॥৮॥

প্রভাত ইতি। নিষমেন উপবাসাদিব্রতেন আহাবেণ ফলমূলাদিমাত্রভোজনেন চ কর্শিতাঃ ফ্রশীক্বতশবীরাঃ। গভজীবিতৈঃ শরীবৈবিশিষ্টাঃ সমদৃশ্রস্তাপবিঃ ॥२॥

ভারতভাবদীপঃ

নমুন্তমিতি। কালেয়াঃ কালায়াঃ কশ্মপভার্য্যায়াঃ পুত্রাঃ ॥১—৬॥ কালোপস্ষ্টাঃ মৃত্যুনা গ্রস্তাঃ ॥৭॥ তাপসেষ্ প্রবৃত্তান্ দৈত্যাংস্তাপসা এব তাপসা কুতো ন বাবয়স্তি ইত্যাশস্কাহ— তপস্বিদ্বিতি। তপসৈব ধনবংস্থ দেহনাশেহপি তপোনাশো মাভূদিতি ভাবঃ ॥৮॥

এবং তাহারা ভবদ্বাজেব আশ্রমে যাইয়া ব্রতী, ব্রন্মচারী, বায়ুভোজী ও জলমাত্রপায়ী কুড়ি জন তপস্বীকে সংহাব করিল ॥৬॥

বাহুবলে মন্ত সেই আসন্নমৃত্যু কালেয়দানবেরা তখন এই প্রকাবে বহুতর ব্রাহ্মণকে বধ করিতে থাকিয়া রাত্রিতে সেই সকল আশ্রমে বিচরণ কবিতে লাগিল॥৭॥

নবশ্রেষ্ঠ ! সেই দৈত্যেবা তপম্বিগণেব প্রতি এইভাবে গুগুহত্যায় প্রবৃত্ত হইলেও তপম্বীবা তাহা বৃঝিতে পারিতেন না ॥৮॥

প্রভাতকালে দেখা যাইত উপবাসে ও ফলমূলমাত্র ভোজনে কৃশ এবং প্রাণহীন মূনিগণেব শবীবগুলি ভূতলে পড়িয়া রহিয়াছে ॥৯॥

⁽৮)…তাপদেৰু তপস্বিৰু—বা ব কা নি। (२)…নিয়মাহারকর্বিতাঃ—বা ব কা পি।

ক্ষীণমাং সৈর্বিরুধিরৈর্বিমজ্জান্তৈর্বিসন্ধিভিঃ।
আকীর্নেরাবভৌ ভূমিঃ শন্ধানামিব রাশিভিঃ॥>০॥
কলসৈর্বিপ্রবিদ্ধেন্চ ক্রেবৈর্ভয়েন্তথৈব চ।
বিকীর্নেরিয়েহোত্রেন্চ ভূর্বভূব সমারতা॥>>॥
বিঃস্বাধ্যায়বষট্টকারং নফ্রযজ্ঞোৎসবক্রিয়ম্।
জগদাসীরিরুৎসাহং কালেযভয়পীড়িতম্॥>২॥
এবং সংক্ষীয়মাণান্চ মানবা মনুজেশ্বর!।
আত্মত্রাণপরা ভীতাঃ প্রাদ্রবন্ত দিশো ভয়াৎ॥>০॥
কেচিদ্গুহাঃ প্রবিবিশুর্নির্মারাংন্চাপরে তথা।
অপবে মরণোদ্বিয়া ভয়াৎ প্রাণানবাস্ত্রন্॥>৪॥
কেচিদত্র মহেষাসাঃ শ্বাঃ পরমহর্ষিতাঃ।
মার্গমাণাঃ পবং যত্নং দানবানাং প্রচক্রিরে॥>৫॥

ভারতকোমুদী

ক্ষীণেতি। বিমজান্ত্রৈঃ মজ্জান্ত্রবহিতৈঃ, বিসন্ধিভিঃ বিশ্লিষ্টদংযোগস্থানৈঃ ॥১•॥
কলসৈবিতি। বিপ্রবিধৈন্ত্র্য জন্ত্রাদিনা বিপবীতীকৃতিঃ, জ্রুবৈর্যজ্ঞপাত্রবিশেধৈঃ ॥১১॥
নিবিতি। নিংস্বাধনায়বষট্কারং বেদপাঠদেবহবিদানবহিত্য্ ॥১২॥
এবমিতি। আত্মত্রাণপবা আত্মবক্ষাব্যাপৃতাঃ সন্তঃ ॥১৩॥
কেচিদিতি। নির্মাবান পর্বতজলপ্রবাহান্ তদাবৃতদেশানিত্যর্থঃ ॥১৪॥

বক্ত, মাংস, মজ্জা ও অন্ত্র না থাকায় এবং সন্ধিসকল বিশ্লিষ্ট হওয়ায় কেবল অন্থিরাশিই অবশিষ্ট রহিত ; স্কুতবাং শঙ্খরাশিব ক্যায় বিক্লিপ্ত সেই অন্থিরাশিদ্বারা ভূতল ব্যাপ্ত থাকিত ॥১০॥

উন্টা-পান্টা করা কলসী, ভগ্ন ভ্রুব এবং ইভস্ততঃ বিক্ষিপ্ত অগ্নিহোত্রেব পাত্রগুলি দ্বারা ভূতল আবৃত থাকিত ॥১১॥

তখন জগৎটাই কালেয় অসুবগণেব ভয়ে পীডিত হইয়া পড়িল বলিয়া বেদপাঠ, বষট্কাব, যজ্ঞ ও উৎসবকার্য্য ভিরোহিত হইয়া গেল এবং কাহারও কোন উৎসাহ থাকিল না ॥১২॥

বাজা! মনুয়াগণ এইভাবে ক্ষয় পাইতে থাকিয়া অস্ত্বগণের ভয়ে ভীত হইয়া আত্মবক্ষাব জন্ম নানাদিকে পলায়ন করিতে লাগিল ॥১৩॥

কতকগুলি লোক যাইয়া গুহায় প্রবেশ করিল, অন্ত কতকগুলি পার্ববত্য জল-প্রপাতের অস্তরালে লুকাইল এবং মৃত্যুভয়ে অস্থির অপর কতকগুলি লোক ভয়ে প্রাণত্যাগই কবিল ॥১৪॥ ন চৈতানধিজগা ুস্তে সমুদ্রং সমুপাঞ্জিতান্।
গ্রামং জগা ুশ্চ পরমমাজগা ুঃ ক্ষরমেব চ ॥১৬॥
জগতুপশমং ধাতে নফ্টযজ্ঞোৎসবক্রিয়ে।
আজগা ৣঃ পরমামার্ভিং ত্রিদশা মনুজেশ্বর । ॥১৭॥
সমেত্য সমহেলাশ্চ ভয়ানান্ত্রং প্রচক্রিয়ে।
শরণ্যং শরণং দেবং নারায়ণমজং বিভুম্ ॥১৮॥
তেহভিগম্য নমস্কৃত্য বৈকু্ঠমপাবাজিতম্।
ততো দেবা সমস্তান্তে তদোচুর্মধুসূদনম্ ॥১৯॥
ত্বং নঃ প্রফী চ ভর্তা চ হর্তা চ জগতঃ প্রভো!।
ত্বয়া স্ফ্টমিদং বিশ্বং যচ্চেঙ্গং ঘচ্চ নেঙ্গতি ॥২০॥

ভারতকৌমূদী

অথ তেবাং বিনাশায় কোহপি কিং ন যততে স্বেত্যাহ বাত্যাং—কেচিদিতি। মহেবাসা
মহাধহর্দবাঃ। মার্গমাণাঃ তানস্থরানেবাদ্বিয়ন্তঃ, দানবানাং বিনাশায়েতি শেবঃ ॥১৫॥
নেতি। অধিজগ্মঃ প্রাপুঃ। ক্ষবং গৃহম্, "নিলয়াপচয়ে ক্ষরোঁ" ইত্যমরঃ ॥১৬॥
জগতীতি। উপশমন্ উৎসাহনিবৃত্তিম্, নষ্টা যজ্ঞা উৎসবক্রিষাশ্চ যন্দ্রিন্ তত্ত ॥১৭॥
সমেত্যেতি। সমেত্য প্রাপ্য। শরণাং শরণেষু রক্ষকেষু সাধুম্, শরণং রক্ষকম্ ॥১৮॥
ত ইতি। বৈকুঞ্চ নাবায়ণম্। সর্বজ্ঞাপবাজিতত্বাদেবাশ্বাস ইতি ভাবঃ ॥১৯॥
ভাবতভাবদীপঃ

শরীরৈর্মাংসাদিবহিতত্বাদস্থিমাতৈরিত্যর্থ: ॥>॥ অতএব শব্ধবাশিতুল্যৈ: ॥১০॥ কলশৈ: শিরোঘটে: ॥১১—১৪॥ দানবানাং বধাযেতি শেষ: ॥১৫॥ ক্ষমং গৃহং নাশং বা ॥১৬—১৯॥

এই সময়ে কতকগুলি মহাধনুর্দ্ধর বীর অত্যন্ত ছাষ্টচিত্তে সেই দানবগণকে অন্বেষণ কবিতে থাকিয়া তাহাদের বধের জন্ম বিশেষ চেষ্টা করিয়াছিল ॥১৫॥

কিন্তু সেই দানবেবা সমূত্রে ছিল বলিয়া তাহাদিগকে তাহাবা পাইল না ; পরে সেই বীরগণ পরিশ্রান্ত হইয়া গৃহেই ফিরিয়া আসিয়াছিল ॥১৬॥

রাজা। যজ্ঞ ও উৎসবকার্য্য তিবোহিত হওয়ায় জগৎটাই অবসন্ন হইয়া পড়িলে দেবতাবাও অত্যস্ত ত্বঃথিত হইয়া পড়িলেন ॥১৭॥

তাহার পর ইন্দ্রপ্রভৃতি দেবগণ ভয়বশতঃ রক্ষকশ্রেষ্ঠ, অনাদি ও প্রভূ নারায়ণেব শরণাপন্ন হইয়া মন্ত্রণা করিতে লাগিলেন ॥১৮॥

সেই দেবতারা সকলেই যাইয়া অপরাজিত নারায়ণকে নমস্কার কবিয়া তাহাব পর তথনই তাঁহাকে বলিতে লাগিলেন—॥১৯॥

⁽२•) पः नः यहा ह दर्श ह-ना व का नि।

স্বয়া ভূমিঃ পুরা নফী সমুদ্রোৎ পুক্ষবেক্ষণ ! ।
বারাহং বপুরাশ্রিত্য জগদর্থে সমুদ্ধৃতা ॥২১॥
আদিদৈত্যো মহাবীর্য্যো হিরণ্যকশিপুস্বয়া ।
নারসিংহং বপুঃ কৃত্বা সূদিতঃ পুরুষোত্তম ! ॥২২॥
অবধ্যঃ সর্বভূতানাং বলিশ্চাপি মহাস্তবঃ ।
বামনং বপুরাশ্রিত্য ত্রেলোক্যাদ্জংশিতস্বয়া ॥২০॥
অস্তরশ্চ মহেষাদো জন্ত ইত্যভিবিশ্রুতঃ ।
যজ্ঞকোভকবঃ ক্রুরস্বরৈষ বিনিপাতিতঃ ॥২৪॥
এবমাদীনি কর্মাণি যেষাং সংখ্যা ন বিহুতে ।
অস্থাকং ভয়ভীতানাং স্বং গতির্মধুসূদন ! ॥২৫॥

ভারতকৌমুদী

ত্বমিতি। ভর্জা পালযিতা। জগতো মধ্যে। ইঙ্গতীতি ইঙ্গং জঙ্গমম্, নেঙ্গতি ন চলতি স্থাবরমিত্যর্থঃ। ইঙ্গমিতি গত্যর্থস্থ ইঙ্গধাতোঃ পচাদিত্বাদ্চি সিদ্ধম্ ॥২০॥

স্বয়েতি। নষ্টা জলসগ্নস্থাদদৃশ্যতাং গতা। পুষ্ণরেক্ষণ। পদানমন।॥২১॥
আদীতি। নারদিংহং বপুঃ নরদিংহরপাং মৃত্তিম্। স্থাদিতো নাশিতঃ॥২২॥
অবধ্য ইতি। ত্রৈলোক্যাৎ ত্রৈলোক্যবাজ্যাৎ, ব্রংশিতঃ প্রচ্যাবিতঃ॥২৩॥
অন্তব্য ইতি। মহেম্বাসো মহাধাস্তবঃ, যজ্জশ্র ক্ষোভকবো বিল্লকাবী ॥২৪॥
এবমিতি। কর্মাণি তবেতি শেষঃ। গতিরুপায়ঃ॥২৫॥

"প্রভূ। জগতের মধ্যে আপনিই আমাদের স্মষ্টিকর্তা, রক্ষাকর্তা ও সংহারকর্তা এবং আপনিই এই স্থাবর-জঙ্গমাত্মক সকল স্মষ্টি করিয়াছেন॥২ •॥

পুণ্ডরীকাক্ষ! আপনিই পূর্ব্বকালে বরাহরূপ ধারণ করিয়া জলমগ্না পৃথিবীকে জগতেব জন্ম সমুদ্র হইতে উত্তোলন করিয়াছিলেন ॥২১॥

পুক্ষোত্তম! আপনি নুসিংহমূর্ত্তি ধাবণ করিয়া মহাবল আদিদৈত্য হিরণ্য-কশিপুকে বিনাশ করিয়াছিলেন ॥২২॥

এবং আপনিই বামনৰূপ ধাৰণ করিয়া সর্ববভূতের অবধ্য মহাস্থব বলিকেও ত্রিভূবনেব বাজস্ব হইতে বিচ্যুত করিয়াছিলেন ॥২৩॥

ষজ্ঞবিদ্মকারী, হিস্রংস্বভাব ও মহাধন্ত্র্দ্ধর 'জস্তু'-নামে বিখ্যাত অস্ত্রুবকেও আপনিই নিপাত করিয়াছিলেন ॥২৪॥

মধুস্থদন! ইত্যাদি কর্ম আপনাব অতীত হইয়া গিয়াছে, যাহার সংখ্যা নাই। বর্ত্তমানে আমবা ভীত হইয়া পড়িয়াছি; স্মৃতরাং আপনিই আমাদের গতি ॥২৫॥ তস্মান্ত্রাং দেবদেবেশ! লোকার্থং জ্ঞাপরামহে।
রক্ষ লোকাংশ্চ দেবাংশ্চ শক্রঞ্চ মহতো ভ্য়াৎ ॥২৬॥
তব প্রসাদাদ্বন্ধন্তে প্রজাঃ সর্ববাশ্চভুবিধাঃ।
তা ভাবিতা ভাবয়ন্তি হব্যকব্যৈদিবৌকসঃ ॥২৭॥
লোকা ছেবং বিবর্দ্ধন্তে ছন্যোভাং সমুপাশ্রিতাঃ।
তৃৎপ্রসাদাদ্বিক্রদ্বিগ্নাস্থায়েব পবিরক্ষিতাঃ ॥২৮॥
ইদঞ্চ সমন্ত্রপ্রাপ্তং লোকানাং ভ্রমুক্তমম্।
ন চ জানীম কেনেমে রাত্রৌ বধ্যন্তি ব্রাহ্মণাঃ ॥২৯॥
ক্ষীণেরু চ ব্রাহ্মণেরু পৃথিবী ক্ষরমেয়তি।
ততঃ পৃথিব্যাং ক্ষীণারাং ত্রিদিবং ক্ষরমেয়তি॥৩০॥

ভারতকৌমূদী

তশাদিতি। লোকার্থং লোকবন্ধার্থম। শত্রশেতি রাজদ্বাৎ পৃথগুক্তিঃ ॥২৬॥
তবেতি। চতুর্বিধাঃ জরামুজাগুজস্বেদজোন্তিক্জাঃ। ভাবিতা বর্দ্ধিতাঃ ॥২৭॥
লোকা ইতি। অফ্রান্তং দেবা মাহবান মাহবান্ধ দেবানিত্যর্থঃ ॥২৮॥
ইদমিতি। বধ্যস্তি বধ্যন্তে। জানীম ইতি বিদর্গাভাবঃ বধ্যন্তীতি পরশ্বৈপদঞ্চার্থম্ম ॥২৯॥
ক্ষীণেদিতি। পৃথিবী ক্ষয়মেন্ত্রতি উপদেষ্টুবভাবাৎ, ত্রিদিবং দ্বর্গঃ ক্ষয়মেন্ত্রতি পৃথিবীলোককর্ত্ব্যযাগাত্যভাবাদিতি ভাবঃ ॥৩০॥

অতএব হে দেবদেব ! হে পবমেশ্বব ! লোকরক্ষার জন্ম আমরা আপনাব নিকট নিবেদন কবিতেছি—আপনি লোকসমূহ, দেবগণ ও দেববাজকে মহাভয় হইতে রক্ষা করুন ॥২৬॥

আপনার অন্তগ্রহেই সমস্ত চতুর্বিধ প্রাণী বৃদ্ধি পাইতেছে; তাহারা বৃদ্ধি পাইয়া হব্য-কব্যদ্বাবা দেবগণকে বর্দ্ধিত কবিতেছে ॥২৭॥

লোকসকল আপনাকর্তৃক রক্ষিত হইয়া আপনার অন্তগ্রহেই নিকছেগে থাকিয়া, পরস্পর পরস্পারকে আশ্রয় করিয়া বৃদ্ধি পাইতেছে ॥২৮॥

কিন্তু লোকদিগেব এই একটা দাকণ ভয় উপস্থিত হইয়াছে। কে যে রাত্রিতে আসিয়া এই ব্রাহ্মণদিগকে বধ করিতেছে, তাহা আমরা জানিতে পারিতেছি না॥২৯॥

বাদ্মণ ক্ষয় পাইয়া গেলে পৃথিবীই ক্ষয় পাইবে, পৃথিবী ক্ষয় পাইলে স্বর্গও ক্ষয় পাইবে ॥৩•॥

⁽২৬) শ্লোকাৎ পরন্ '···ঘাধিকশততমোহধ্যাদঃ'—বা ব বা পি, '···একাধিকশততমোহধ্যাদঃ' —নি, দেবা উচ্:—বা ব কা নি।

ত্বৎপ্রসাদান্মহাবাহো! লোকাঃ সর্বের জ্বগৎপতে!। বিনাশং নাধিগচ্ছেয়ুস্ত্বরা বৈ পরিরক্ষিতাঃ ॥৩১॥ বিষ্ণুক্রবাচ।

বিদিতং মে স্থরাঃ! সর্ববং প্রজানাং ক্ষয়কারণম্।
ভবতাঞ্চাপি বক্ষ্যামি শৃণুধ্বং বিগতজ্বাঃ ॥৩২॥
কালেয় ইতি বিখ্যাতো গণঃ পবমদারুণঃ।
তৈশ্চ রক্রং সমাজিত্য জগৎ সর্ববং প্রমাথিতম্ ॥৩৩॥
তে রক্রং নিহতং দৃষ্ট্বা সহস্রাক্ষেণ ধীমতা।
জীবিতং পরিরক্ষন্তঃ প্রবিষ্টা বরুণালয়ম্ ॥৩৪॥
তে প্রবিশ্যোদধিং বোরং নক্রগ্রাহসমাকৃলম্।
উৎসাদনার্থং লোকানাং রাক্রো দ্বন্তি মুনীনিহ ॥৩৫॥
ন তু শক্যাঃ ক্ষয়ং নেতুং সমুদ্রাজ্রয়ণা হি তে।
সমুদ্রস্থ ক্ষয়ে বুদ্ধির্ভবন্তিঃ সম্প্রধার্য্যতাম্ ॥৩৬॥

ভারতকোমুদী

ষদিতি। নাধিগচ্ছেয্র্ন প্রাপ্ন যুহ ॥৩১॥
বিদিতমিতি। প্রজানাং জনানাম্। বিগতজ্ঞবাং তিরোহিতসন্তাপাং সন্তঃ ॥৩২॥
কালেয় ইতি। গণো দানবানাং সংঘঃ। প্রমাথিতম্ উৎপীডিতম্ ॥৩০॥
ত ইতি। সহস্রাক্ষেণ ইস্কেণ। পরিবক্ষম্ভঃ পরিবক্ষিত্মিচ্ছম্ভঃ, বরুণালয়ং সম্ভ্রম্ ॥৩৪॥
ত ইতি। নক্ষৈং কৃষ্টীবৈঃ প্রাহৈস্তদিতরজ্লজ্জ্ভিঃ সমাকুলং ব্যাপ্তম্ ॥৩৫॥

অতএব মহাবাহু। জগৎপতি। নাবায়ণ। আপনাব অন্থ্যুহে আপনা-কর্ত্তুক রক্ষিত হইয়া লোকসকল যেন বিনাশ পায় না"॥৩১॥

বিষ্ণু বলিলেন—"দেবগণ। আমি লোকবিনাশেব সমস্ত কারণই জানি; আপনাদের নিকটেও তাহা বলিব, আপনারা সম্ভাপবিহীন হইয়া প্রবণ কফন ॥৩২॥

'কালেয়'-নামে বিখ্যাত অতিভয়ন্ধর কতকগুলি দানব আছে; তাহারা পূর্বের বুত্রাস্থরকে আশ্রয় করিয়া সমগ্র জগৎ উৎপীড়িত কবিত ॥৩০॥

পরে ধীমান্ দেবরাজ দেই বৃত্রাস্থরকে বধ করিয়াছেন দেখিয়া তাহারা জীবন রক্ষা করিবার ইচ্ছায় সমুদ্রে প্রবেশ করিয়াছিল ॥৩৪॥

তাহারা এখন জগৎ উৎসন্ন করিবার জন্ম দিনে কুস্তীব ও জলজন্তুগণে পরিপূর্ণ ভয়ঙ্কর সমূত্রে প্রবেশ করিয়া থাকিয়া রাত্রিতে আদিয়া মূনিগণকে বধ করিতেছে ॥৩৫॥

⁽৩৬) --- সমূদ্রাশ্রমণা হি তে—বা ব কা, সমূদ্রাশ্রমিণা হি তে—নি।

অগস্তোন বিনা কো হি শক্তোহন্যোহর্ণবশোষণে। অন্যথা হি ন শক্যান্তে বিনা সাগরশোষণম ॥৩৭॥ এতচ্প্ৰুত্বা তদা দেবা বিষ্ণুনা সমুদাহতমু। পরমেষ্ঠিনমাজ্ঞাপ্য অগস্ত্যস্থাশ্রমং যয়ঃ ॥২৮॥ তত্রাপশ্যন্মহাত্মানং বারুণিং দীপ্ততেজসম। উপাস্থমানমূষিভির্দে বৈরিব পিতামহম্ ॥৩৯॥ তেহভিগম্য মহাত্মানং মৈত্রাবরুণিমচ্যুত্য। আশ্রমস্থং তপোরাশিং কর্মাভিঃ স্বৈরভিষ্টুবন্ ॥৪০॥

দেবা উচ্চঃ।

নহুষেণাভিতপ্তানাং হুং লোকানাং গতিঃ পুরা। ভংশিতশ্চ হুরৈশ্বর্য্যাৎ স্বলে কাল্লোককণ্টকঃ ॥৪১॥

ভারতকোমুদী

তর্হি বয়মেব তান্ হনিক্সাম ইত্যাহ—নেতি। সম্প্রধার্যতাং স্থিবীক্রিযতাম্ ॥৩৬॥ তৎ সম্প্রধারণং ভবতৈব ক্রিয়তামিত্যাহ—অগস্তোনেতি। শক্যা হস্কমিতি শেষঃ ॥৩৭॥ এতদিতি। প্রমেষ্টিনং ব্রহ্মাণম্, আজ্ঞাপ্য আজ্ঞাং কার্যয়িত্ব। ॥৩৮॥ ডজেতি। বারুণিং মৈত্রাবকণপুত্রমগস্ত্যম্। পিতামহং ব্রহ্মাণম্॥৩৯॥ ত ইতি। অচ্যুত্তম্ অচ্যুত্তমদৃশং মহাশক্তিম্। অভিষ্টুবন্নিত্যভাগমাভাব আর্বঃ ॥৪০॥ 💽 ভাবতভাবদীপঃ

ইপতি চলতীতি ইঙ্গং পচাল্চচ্ জঙ্গমং নেঙ্গতি ছাব্বম্ ॥২০—২৬॥ চতুৰ্বিধাঃ স্থবন্ব-তির্যাক্স্থাবরাঃ, দিবোকসো দেবান্ ॥২৭—৩৮॥ বাঞ্চণিং মৈত্রাবক্লণপুত্রম্ ॥৩৯॥ অভিটুবন্

কিন্তু তাহাদিগকে বিনষ্ট কবা সন্তবপর নহে। ু কারণ, তাহারা সমুদ্রেব ভিতবে রহিয়াছে; স্থতরাং সেই সমুদ্রকে নষ্ট কবিবার জন্মই আপনারা বৃদ্ধি স্থিব করুন ॥৩৬॥

অগস্ত্য ব্যতীত অম্ম কোন লোকই সমুদ্ৰ শোষণ করিতে সমর্থ হইবে না, আবাব সমূত্র শোষণ ব্যতীত অন্য প্রকাবেও সে দানবগণকে সংহাব কবা যাইবে না" ॥৩৭॥

দেবতারা বিষ্ণুর এই কথা শুনিয়া, ব্রহ্মাব অনুমতি লইয়া তখনই মহর্ষি অগস্ত্যেব আশ্রমে চলিয়া গেলেন ॥৩৮॥

তাঁহারা সেখানে যাইয়া দেখিলেন—দেবতারা যেমন ব্রহ্মাব সেবা কবেন, তেমনই অন্যান্ত ঝবিরা উজ্জলতেজা মহাত্মা অগস্ত্যেব সেবা করিভেছেন ॥১৯॥

তথন দেবতারা নিকটে যাইয়া বিষ্ণুব তুল্য শক্তিশালী এবং তপোবাশিব স্থায় আশ্রমে অবস্থিত মহাত্মা অগস্ত্যকে তাঁহারই চরিত্রেব উল্লেখ করিয়া স্তব কবিতে লাগিলেন ॥৪•॥

ক্রোধাৎ প্রবৃদ্ধঃ সহসা ভাস্কবস্থ নগোত্তমঃ।
বচস্তবানতিক্রামন্ বিদ্ধ্যঃ শৈলো ন বর্দ্ধতে ॥৪২॥
তমসা চারতে লোকে মন্যুনাহভ্যদ্দিতাঃ প্রজাঃ।
ত্বামেব নাথমাসাগ্থ নির্বৃতিং পরমাং গতাঃ ॥৪৩॥
অস্মাকং ভয়ভীতানাং নিত্যশো ভগবান্ গতিঃ।
ততস্ত্বার্ত্তাঃ প্রযাচামো বরং ত্বাং ববদো হুদি ॥৪৪॥
হাভাবতে শতসাহস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্ব

ইতি শ্রীমহাভাবতে শতদাহস্র্যাং সংহিতায়াং বৈয়াদিক্যাং বনপর্বেনি তীর্থযাত্রায়ামগস্ত্যমাহাত্ম্যকথনে সপ্তাশীতিতমোহধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমূদী

নছবেণেতি। গতিঃ উপায় আসীঃ। স্ক্রৈশ্বর্যাৎ দেববাজস্বপদাৎ ॥৪১॥
ক্রোধাদিতি। ভাস্করশু তমনাদৃত্যেতার্থঃ, নগোত্তমঃ পর্বতশ্রেষ্ঠঃ ॥৪২॥
তমসেতি। তমসা বিদ্ধার্ক্ষ্যা স্বর্যাপথরোধাদদ্ধকারেণ। মন্ত্যনা দৈক্ত্যেন ॥৪৩॥
অস্মাকমিতি। নিত্যশশ্চিবমেব। আর্ডাঃ কালেযোৎপীজনেন ক্লিষ্টা বয়ম্ ॥৪৪॥
ইতি মহামহোপাধ্যায-ভাবতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহবিদাসনিদ্ধান্তবাদীশভট্টাচার্য্যবিরচিতাষাং
মহাভাবতটীকাষাং ভারতকোম্দীসমাধ্যাষাং বনপর্ববিণ তীর্থ্যাত্রাষাং সপ্তাশীতিতমোহধ্যায়ঃ ॥০॥
ভাবতভাবদীপঃ

অন্তবন্ অডভাব আর্ব: ॥৪০—৪১॥ নগোত্তম: পর্বতেষু শ্রেষ্ঠা, বিন্ধ্যো নায়া ॥৪২॥ তমসা বিন্ধার্থ্যা আবৃতে গ্রস্তালোকে লোকে জগতি সভি ॥৪৩ —৪৪॥

ইতি শ্রীমহাভাবতে বনপর্বাণি নৈলক্ষীবে ভাবতভাবদীপে সপ্তাশীতিতমোহধ্যাযঃ ॥৮৭॥

দেবগণ বলিলেন—''মহর্ষি ! আপনি পূর্ব্বকালে নছ্ষদন্তপ্ত লোকদিগেব উদ্ধাবেব উপায় হইয়াছিলেন এবং জগতেব কণ্টক সেই নছ্যকে দেবগণেব রাজত্বপদ ইইতে ও স্বর্গলোক হইতে বিচ্যুত করিয়াছিলেন ॥৪১॥

পর্বতশ্রেষ্ঠ বিশ্ব্যপর্বত ক্রোধবশতঃ সূর্য্যকে অগ্রাহ্য কবিয়া হঠাৎ বৃদ্ধি পাইতে থাকিয়াও, আপনাব বাক্য অতিক্রম করিতে না পাবিয়া বৃদ্ধি পায় নাই ॥৪২॥

জগৎটা অন্ধকাবে আবৃত হইলে লোক সকল বিষাদে পীড়িত হইয়াছিল ; তাহাব পর তাহারা আপনাকে রক্ষক পাইয়া পরম নির্বৃতি লাভ করিয়াছিল ॥৪৩॥

আমাদেরও ভয়ভীত অবস্থায় চিবকালই আপনি উদ্ধাবেব উপায় হইথা আসিতেছেন; স্থতরাং বর্ত্তমান সময়েও আমরা অত্যন্ত পীড়িত হইয়া আপনাব নিকট বব প্রার্থনা করিতেছি; কাবণ, আপনি ববদাতা" ॥৪৪॥

^{* &#}x27;···অ্যধিকশততমঃ····'---বা ব কা পি, '···দ্যধিকশততমঃ···'--নি । বন-১১৫ (৮)

অষ্টাশীতিতমোহধ্যায়ঃ।

--:*:---

যুধিষ্ঠিব উবাচ।

কিমর্থং সহসা বিষ্ক্যঃ প্রবৃদ্ধঃ ক্রোধমূর্চ্ছিতঃ। এতদিচ্ছাম্যহং শ্রোভুং বিস্তবেণ মহামুনে!॥১॥

লোমশ উবাচ।

অদ্রিবাজং মহাশৈলং মেরুং কনকপর্বতম্।
উদয়ান্তমনে ভানুঃ প্রদক্ষিণমবর্ত্ত ॥२॥
তন্তু দৃষ্ট্বা তথা বিষ্ণাঃ শৈলঃ দূর্য্যমথাত্রবীৎ।
যথা হি মেরুর্ভবতা নিত্যশঃ পরিগম্যতে ॥৫॥
প্রদক্ষিণন্চ ক্রিয়তে মামেবং কুরু ভাস্কব।।
এবমুক্তন্ততঃ দূর্য্যঃ শৈলেন্দ্রং প্রত্যভাষত ॥৪॥ (যুগ্মকম্)
নাহমাত্মেচ্ছয়া শৈল! করোম্যেনং প্রদক্ষিণম্।
এয় মার্গঃ প্রদিক্টো মে যৈবিদং নির্দ্মিতং জগৎ॥৫॥

ভারতকোমূদী

কিমিতি। বিদ্ধাঃ পর্বতঃ, ক্রোধমূর্চ্ছিতঃ মৃচ্ছ যেব ক্রোধেন কর্ত্তব্যজ্ঞানহীনঃ ॥১॥

অদ্রীতি। উদযান্তমনে উদয়ান্তকালে, ভান্থ: পূর্যাঃ ॥২॥

তমিতি। পবিগম্যতে পবিতো বিচর্ব্যতে; শৈলেন্ত্রং বিদ্ধ্যম্ ॥৩—॥

ভাবতভাবদীপঃ

কিমর্থমিতি ॥১—২৫॥

ইতি শ্রীমহাভাবতে বনপর্বাণি নৈলক্ষীয়ে ভাবতভাবদীপে অষ্টাশীতিতমোহধ্যায়ঃ 🕪 ৮॥

যুথিষ্ঠিব বলিলেন—"মহর্ষি! বিদ্ধাপর্বত কিজন্ম ক্রুদ্ধ হইয়া সহসা বৃদ্ধি পাইয়াছিল, ইহা আমি বিস্তবক্রমে শুনিতে ইচ্ছা করি"॥১॥

লোমশ বলিলেন—''সূৰ্য্য উদযকালে ও অস্তকালে পৰ্ব্বতবাজ ও মহাপ^{ৰ্ব্বত} স্বৰ্ণময় স্থুমেককে প্ৰদক্ষিণ কবিয়া বাইতেন ॥২॥

বিদ্যাপর্বত সূর্য্যকে সেইৰূপ করিতে দেখিয়া তাঁহাকে বলিরাছিল—"প্রভা-কব! আপনি যেমন প্রত্যহই সুমেকপর্বতে বিচরণ করেন এবং তাহাকে প্রদক্ষিণ করেন, আমাকেও এইৰূপ ককন।" বিদ্যাপর্বত এইৰূপ বলিলে সূর্য্য তাহাকে বলিলে—॥৩—৪॥

এবমুক্তস্ততঃ ক্রোধাৎ প্রবৃদ্ধঃ সহসাহচলঃ।
সূর্য্যাচন্দ্রমনোর্মার্গং বোদ্ধু মিচ্ছন্ পরন্তপ। ॥৬॥
ততো দেবাঃ সহিতাঃ সর্বব এব বিদ্ধ্যং সমাগম্য মহাদ্রিরাজম্।
নিবারয়ামান্তরুপায়তন্তং ন চ স্ম তেষাং বচনং চকাব ॥৭॥
অথাভিজগ্মুর্মুনিমাশ্রমস্থং তপস্বিনং ধর্মাভ্তাং ববিষ্ঠম্।
অগন্ত্যমত্যদ্ভতবীর্যুবন্তং তঞ্চার্থমূচঃ সহিতাঃ স্কুরান্তে ॥৮॥

সূর্য্যাচন্দ্রমসোর্মার্গং নক্ষত্রাণাং গতিং তথা।
শৈলরাজো রূণোত্যেষ বিদ্ধ্যঃ কোপবশানুগঃ ॥৯॥
তং নিবাবযিতুং শক্তো নান্তঃ কশ্চিদ্ধিজোত্তম !।
খাতে ত্বাং হি মহাভাগ ! তত্মাদেনং নিবারয় ॥>০॥

ভাবতকৌমুদী

নেতি। এনং মেরুম্। প্রদিষ্টো নির্দিষ্ট:। থৈবীশ্ববৈং, গৌববাদ্বছবচনম্। তেবামাদেশং নাতিক্রমিতুমহামীতি ভাবং ॥৫॥

এবমিতি। অচলো বিদ্ধাঃ। মার্গং দৈনিকবিচবণপথম্ ॥৬॥

তত ইতি। উপায়তঃ অন্থন্যভীতিপ্রদর্শনাভিরুপার্ট্যং। চকাব বিদ্ধাং॥৭॥

অথেতি। বীর্যামত্র তপঃপ্রভাবঃ। সহিতাঃ সম্মিলিতাঃ সন্তঃ ॥৮॥

স্থাতি। বুণোতি কণদ্ধি। কোপবশাহগঃ স্থাং প্রতি ॥३॥

তমিতি। তং বিশ্বাম। ঋতে বিনা॥১•॥

"পর্বত! আমি নিজেব ইচ্ছায স্থমেককে প্রাদক্ষিণ কবি না; যিনি এই জগৎ স্থাষ্টি কবিয়াছেন, তিনিই আমাৰ এই পথ নির্দিষ্ট কবিয়া দিয়াছেন" ॥৫॥

পবন্তপ ৷ সূর্য্য এইবাপ বলিলে, তাহাব পরই বিদ্ধ্যপর্বত ক্রোধে চন্দ্র ও সূর্য্যের পথ রোধ কবিতে ইচ্ছা করিয়া হঠাৎ বৃদ্ধি পাইতে লাগিল ॥৬॥

তাহাব পৰ দেবতাবা সকলেই সিম্মিলিত হইয়া, পর্ববিতরাজ বিদ্ধ্যের নিকট যাইয়া, নানাবিধ উপায়ে তাহাকে বারণ করিবাব চেষ্টা করিলেন; কিন্তু সে বিদ্ধাপর্বিত তাঁহাদের অন্ধুবোধ রক্ষা করিল না ॥৭॥

তদনস্তব সেই দেবতাবা সম্মিলিত হইয়াই আশ্রমস্থিত, তপস্বী, ধার্ম্মিকশ্রেষ্ঠ এবং অত্যস্ত অন্তুতপ্রভাবশালী অগস্ত্যমূনির নিকট গমন করিলেন এবং সেই বিষয় বলিতে লাগিলেন—॥৮॥

"পর্ববিত্তবাজ এই বিদ্ধা ক্রোধেব বশবর্ত্তী ইইযা চন্দ্র ও সূর্য্যের পথ এবং নক্ষত্রমগুলের গতি রোধ করিতেছে ॥১॥

⁽৮) শ্লোকাৎ পবং 'দেবা উচু:'—বা ব কা পি।

তচ্প্রত্বা বচনং বিপ্রঃ স্থবাণাং শৈলমভ্যগাৎ।
সোহভিগম্যাত্রবীদিন্ধ্যং দদাবঃ দমুপস্থিতম্॥১১॥
মার্গমিচ্ছাম্যহং দত্তং ভবতা পর্বতোত্তম!।
দক্ষিণামভিগন্তান্মি দিশং কার্য্যেণ কেনচিৎ॥১২॥
যাবদাগমনং মহুং তাবত্তং প্রতিপালয়।
নির্ত্তে ময়ি শৈলেঞ্ছ! ততো বর্দ্ধস্থ কামতঃ॥১৩॥
এবং দ দময়ং কৃত্বা বিন্ধ্যেনামিত্রকর্ষণ।।
অত্যাপি দক্ষিণাদ্দেশাদ্বারুণির্ন নিবর্ত্তে॥১৪॥
এতত্তে দর্বমাখ্যাতং যথা বিন্ধ্যোন বর্দ্ধতে।
অগস্ত্যস্থ প্রভাবেণ যন্মাং ত্বং পরিপ্রচ্ছিদি॥১৫॥

ভাৰতকৌমুদী

তদিতি। বিপ্রঃ অগস্তাঃ। দাবৈর্জার্থ্যথা লোপামূন্তরা সহেতি সদাবঃ ॥১১॥
মার্গমিতি। মার্গং মদ্গমনপথম্। কেনচিং কার্যোণ তত্তদ্দেশন ॥১২॥
যাবদিতি। মহুং মম। প্রতিপালব প্রতীক্ষম্ব। নির্ত্তে প্রত্যাবৃত্তে সতি ॥১৩॥
এবমিতি। হে অমিত্রকর্ষণ। স বাক্ষণিবগস্তাঃ, বিস্কোন সহ, এবং সমষং প্রতিজ্ঞাং কৃষা,
দক্ষিণং দেশং গত্তেতি শেষঃ, তত্মাদ্দক্ষিণাদ্দেশাদ্ভাপি ন নিবর্ত্ততে ॥১৪॥
এতদিতি। আখ্যাতং ম্যা উক্তম্। পবিপুচ্ছসীত্যতীত্সামীপ্যে বর্ত্ত্যানা ॥১৫॥

কিন্তু ব্রাহ্মণশ্রেষ্ঠ মহাত্মন্! আপনি ব্যতীত অন্ত কোন লোকই তাহাকে বারণ কবিতে সমর্থ হইতেছে না; অতএব আপনি ইহাকে বাবণ ককন''॥১০॥

জগস্ত্যমূনি দেবগণের সেই কথা শুনিয়া, ভার্য্যা লোপামূজার সহিত মিলিত হইয়া বিদ্যাপর্বতেব নিকটে গেলেন এবং নিকটে যাইয়া সমাগত বিদ্ধ্যপর্বতেকে বলিলেন—॥১১॥

"পর্ব্বতশ্রেষ্ঠ ! আমি কোন কার্য্য উদ্দেশ্যে দক্ষিণদিকে যাইব ; অতএব আমি ইচ্ছা কবি যে, আপনি আমাকে পথ ছাড়িয়া দেন ॥১২॥

পর্বতবাজ। যে পর্যান্ত আমাব পুনরার আগমন হয়, সেই পর্যান্ত আপনি প্রতীক্ষা ককন; তা'ব পব আমি ফিবিয়া আসিলে, আপনি ইচ্ছান্তসারে বৃদ্ধি পাইবেন' ॥১৩॥

শক্রকর্ষণ রাজা! অগস্তামূনি বিদ্যাপর্ব্বতেব সহিত এইবাপ প্রতিজ্ঞা করিয়া দক্ষিণদেশে যাইয়া অগ্নাপি সে দক্ষিণদেশ হইতে ফিবিয়া আসেন নাই ॥১৪॥

⁽১১)·· সদার: সমুপ্স্থিত:—পি নি ।

কালেয়াস্ত যথা রাজন্ ! স্থবৈঃ সবৈর্বনিসূদিতাঃ ।

অগস্ত্যাদ্বমাসাত তম্মে নিগদতঃ শৃণু ॥>৬॥

ত্রিদশানাং বচঃ শ্রুত্বা মৈত্রাবরুণিরব্রবীৎ ।

কিমর্থমভিযাতাঃ স্থ ববং মতঃ কিমিচ্ছথ ॥>৭॥

এবমুক্তাস্ততন্তেন দেবতা মুনিমব্রুবন্ ।

সর্বাঃ প্রাঞ্জলয়ো ভূত্বা পুরন্দরপুরোগমাঃ ॥>৮॥

এবং স্বয়েচ্ছাম কৃতং হি কার্য্যং মহার্ণবং পীয়মানং মহাত্মন্ ! ।

ততো বধিয়াম সহাত্মবন্ধান্ কালেয়সংজ্ঞান্ স্থববিদ্বিষস্তান্ ॥>৯॥

ত্রিদশানাং বচঃ শ্রুত্বা তথেতি মুনিরব্রবীৎ ।

করিয়ে ভবতাং কামং লোকানাঞ্চ মহৎ স্থখম্ ॥২০॥

ভারতকোমুদী

প্রক্তমন্থসবন্ধাহ—কালেয়া ইতি। কালেযান্তদাখ্যা অন্থরাঃ ॥১৬॥
বিদেশানামিতি। মৈত্রাবন্ধণিবগল্ঞাঃ। অভিযাতা আগতাঃ ॥১৭॥
এবমিতি। তেন অগল্ঞােন। ম্নিমগল্ডামেব ॥১৮॥
এবমিতি। অন্থবন্ধৈবন্ধচবৈঃ সহেতি সহান্থবন্ধান্তান্ ॥১৯॥
বিদেশানামিতি। কাম্যত ইতি কামন্তম্ অভীষ্ঠং সম্প্রপানমিত্যর্থঃ ॥২০॥

বিদ্ধ্যপর্বত অগস্ত্যের প্রভাবেই যে বৃদ্ধি পার নাই—যাহা তুমি আমাকে জিজ্ঞাসা করিয়াছিলে, এই তোমার নিকট সে সমস্তই বলিলাম ॥১৫॥

রাজা! দেবতারা সকলে অগস্ত্যেব নিকট বর লাভ করিয়া যে ভাবে কালেয় অস্ত্ররগণকে বিনাশ করিয়াছিলেন, তাহা আমি বলিতেছি, প্রবণ কর ॥১৬॥

. দেবগণেব কথা শুনিয়া অগস্ত্য বলিলেন—"দেবগণ! আপনারা কি জন্ম আসিয়াছেন? কোন্ ববই বা আমাব নিকট হইতে লাভ কবিতে ইচ্ছা করেন?" ॥১৭॥

অগস্ত্য এইবাপ বলিলে, তাহার পর ইন্দ্রপ্রভৃতি দেবতাবা সকলে কৃতাঞ্জলি হইয়া অগস্ত্যকে বলিলেন—॥১৮॥

"মহাত্মন্! আপনি এইবাপ কার্য্য করেন, অর্থাৎ মহাসমুজ্টাকে পান করেন— ইহা আমবা ইচ্ছা করি। তাহার পব আমবা সেই কালেয়নামক অস্ত্বগণকে অন্তরদের সহিত্ই বিনাশ কবিব" ॥১৯॥

দেবগণেব কথা শুনিয়া অগস্ত্য বলিলেন—"ভাহাই হইবে। আমি আপনাদের অভীষ্ট বিষয় এবং লোকেব বিশেষ নির্বুতি কবিব"॥২০॥

⁽১৮) দ্বিতীযাৰ্দ্ধং বা ব কা পি নাস্তি।

এবমুক্ত্বা ততোহগচ্ছৎ সমুদ্রং সরিতাং পতিম্।
খাষিভিশ্চ তপঃসিদ্ধিঃ সার্দ্ধং দেবৈশ্চ স্কৃত্রত। ॥২১॥
মনুয়োরগগন্ধর্ব-যক্ষকিম্পুরুষান্তদা।
অনুজগ্মুর্যাত্মানং দ্রেফ্ট্কামান্তদভূতম্ ॥২২॥
ততোহভ্যগচ্ছন্ সহিতাঃ সমুদ্রং ভীমনিস্বনম্।
নৃত্যন্তমিব চোন্মীভির্বল্লন্তমিব বায়ুনা ॥২৩॥
হসন্তমিব ফেনোবিঃ শ্বলন্তং কন্দবেষু চ।
নানাগ্রাহসমাকীর্ণং নানাদ্বিজ্ঞগান্তিতম্ ॥২৪॥ (যুগ্মকম্)
অগন্ত্যসহিতা দেবাঃ সগন্ধর্বমহোরগাঃ।
খাষ্য্রশ্চ মহাভাগাঃ সমাসেত্র্মহোদধিম্ ॥২৫॥

ইতি শ্রীমহাভাবতে শতদাহস্র্যাং দংহিতায়াং বৈয়াদিক্যাং বনপর্বাণ তীর্থযাত্রায়ামগন্ত্যমাহাত্ম্যকথনে স্কাশীতিতমোহধ্যায়ঃ ॥০॥ #

ভাৰতকৌমুদী

এবনিতি। শাস্ত্রবিহিতনিযমানাং যথাযথপালনাৎ স্থব্রতেতি যুধিষ্টিরভ সম্বোধন্ম্ ॥২১॥ মহুরোতি। মহাত্মানমগন্তাম্। তৎ সম্ফ্রণান্ম্ ॥২২॥

তত ইতি। বাযুনা বাযুগ্রাতিকুল্যেন, বন্ধন্তং সাটোপং গচ্ছম্ভমিব। ফেনেটিঘ্র্ছসম্ভমিব, ফেনোঘানাং শুভ্রত্বাৎ, কন্দবেষু গৃহাস্থ, খালন্তং খালিতা পতস্তমিব। নানা অনেকৈগ্রাহিৎ-র্জলজন্তুভিঃ সমাকীর্ণং ব্যাপ্তম্, নানা দিজগণৈঃ পক্ষিগণৈবন্বিতম্ ॥২৩ – ২৪॥

জগন্ত্যেতি। সমাসেত্ন প্রাপুন, মহোদধিন্ উক্তরণং মহাসমূত্রন্ ॥ > ৫॥ ইতি মহামহোপাধ্যাব-ভাবতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহবিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভাবতটীকাষাং ভাবতকোমূদীসমাধ্যাবাং বনপর্বণি তীর্থযাত্রাযাম্ অষ্টাশীতিতমোহধ্যায়ঃ॥ •॥

যুধিষ্ঠিব! এইনপ বলিয়া তাহার পর অগস্ত্য তপঃসিদ্ধ ঋষিগণ ও দেবগণেব সহিত মিলিত হইযা সবিংপতি সমূত্রে গমন করিলেন ॥২১॥

তখন মনুয়া, নাগ, গন্ধর্বে, যক্ষ ও কিম্পুক্রবগণ সেই অভুত ঘটনা দেখিবার জ্ঞা মহাত্মা অগস্তোর অন্তগমন কবিলেন ॥২২॥

তাহার পর তাঁহারা সম্মিলিত হইয়া সমুদ্রের তীবে উপস্থিত হইলেন। তথন সমুদ্র ভয়স্কর গর্জন করিতেছিল, তরঙ্গদারা যেন নৃত্য করিতেছিল, বাযুব প্রতিকূলতাবশতঃ যেন উদ্ধৃভভাবে চলিতেছিল এবং গুহা সকলের ভিতরে যেন পড়িয়া যাইতেছিল; আন সে সমুদ্র নানাবিধ জলজন্ততে পরিপূর্ণ এবং নানাবিধ পক্ষিগণে সমাকীর্ণ ছিল ॥২৩—২৪॥

 ^{&#}x27;…চতুরধিকশতভদা:···'—বা ব কা পি, '…আধিকশতভদ্ম:···'—নি।

উননবতিতমোহধ্যায়ঃ।

—<u>%</u>

লোমশ উবাচ।

সমুদ্রং স সমাসাত্য বারুণির্ভগবানৃষিঃ।
উবাচ সহিতান্ দেবানৃষীংশ্চৈব সমাগতান্॥>॥
এষ লোকহিতার্থং বৈ পিবামি বরুণালয়ম্।
ভবদ্ভির্যদমুঠেয়ং তচ্ছীত্রং সংবিধীয়তাম্॥২॥
এতাবছক্ত্বা বচনং মৈত্রাবরুণিরচ্যুতঃ।
সমুদ্রমপিবৎ ক্রুদ্ধঃ সর্বলোকস্থ পশ্যতঃ॥৩॥
পীয়মানং সমুদ্রন্ত দৃষ্ট্বা সেক্রাস্তদাহমরাঃ।
বিস্ময়ং পরমং জগ্যঃ স্তুতিভিশ্চাপ্যপূজ্যন্॥৪॥

ভাবতকোমুদা

সমূল্রমিতি। বারুণিবগস্তাঃ। সহিতান্ সন্মিলিতান্ ॥১॥
এষ ইতি। বরুণালয়ং সমূল্রম্। অনুষ্ঠেয়ং বিধেষম্ ॥২॥
এতাবদিতি। মৈত্রাবরুণিবগস্তাঃ, অচ্যুতঃ তপঃপ্রভাবাদল্রইঃ ॥৩॥
ভাবতভাবদীপঃ

সমূদ্রমিতি ॥১—২১॥

ইতি শ্রীমহাভাবতে বনপর্ব্বণি নৈলক্ষীয়ে ভাবতভাবদীপে উননবতিতমোহধ্যায়ঃ ॥৮৯॥

তথন দেবতারা ও মহাত্মা ঋষিরা অগস্ত্যেব সহিত এবং গন্ধর্ববগণ ও নাগগণেব সহিত মিলিত হইয়া উক্তবিধ মহাসমুজের তীবে গমন কবিলেন"॥২৫॥

____°44°___

লোমশ বলিলেন—"ভগবান্ অগস্ত্যমূনি সমুজতীবে উপস্থিত হইয়া সমাগত এবং সম্মিলিত দেবগণ ও ঋষিগণকে কহিলেন—॥১॥

"লোকহিতের জন্য এই আমি সমুদ্র পান করিতেছি। আপনাদের যাহা কর্ত্তব্য, তাহা শীঘ্র কক্ষন"॥২॥

এইটুকুমাত্র কথা বলিয়া মহাপ্রভাবসম্পন্ন অগস্ত্য ক্রুদ্ধ হইয়া সকল লোকেব সাক্ষাতে সমূব্দ পান করিতে আবস্ত কবিলেন ॥৩॥

তখন অগস্ত্য সমুদ্র পান কবিতেছেন দেখিয়া ইন্দ্রপ্রভৃতি দেবগণ অত্যন্ত বিস্ময়াপন্ন হইলেন এবং স্তব দাবা তাঁহাব সম্মান করিতে লাগিলেন—॥৪॥

⁽२) অহং লোকহিতার্থং বৈ—বা ব কা।

ত্বং নস্ত্রাতা বিধাতা চ লোকানাং লোকভাবন !।

ত্বৎপ্রসাদাৎ সমুচ্ছেদং ন গচ্ছেৎ সামবং জগৎ ॥৫॥

স পূজ্যমানস্ত্রিদশৈর্মহাত্মা গন্ধর্বভূর্য্যেয়ু নদৎস্ত সর্বশাঃ।

দিব্যেশ্চ পুল্পৈরবকীর্য্যমাণো মহার্ণবং নিঃসলিলং চকার ॥৬॥

দৃষ্ট্বা কৃতং নিঃসলিলং মহার্ণবং স্থরাঃ সমস্তাঃ পরমপ্রহান্টাঃ।

প্রগৃহ্ছ দিব্যানি বরায়ুধানি তান্ দানবান্ জন্মুবদীনসন্ত্রাঃ ॥৭॥

তে বধ্যমানাস্ত্রিদশৈর্মহাত্মহাবলৈর্বেগিভিক্তমদন্তিঃ।

ন সেহিবে বেগবতাং মহাত্মনাং বেগং তদা ধারয়িত্বং দিবৌকসাম্॥৮॥

তে বধ্যমানাস্ত্রিদশৈর্দানবা ভীমনিস্থনাঃ।

চক্রুঃ স্ত্রুমুলং যুদ্ধং মুস্কুর্ত্তমিব ভাবত।॥৯॥

ভাৰতকোম্বনী

পীষমানমিতি। ইন্দেশ সহেতি সেন্দাং। অপূজ্যন্ অগস্তামিতি শেষং ॥॥॥
দ্বিতি। বিধাতা শুভন্তেতি শেষং। লোকভাবন । লোকানাং নির্ভিকাবক ।॥॥॥
দ্বৈতি। সং অগস্তাং, ত্রিদশৈর্দেবৈঃ। নদৎস্থ বাদনাৎ শন্ধাযমানেযু॥॥॥
দ্বৈতি। দিব্যানি স্বর্গায়ানি। অদীনসন্থা অন্ধ্রাধ্যবসাষাং॥।॥
ত ইতি। তে দানবাং। উন্নদন্ভিং সিংহনাদং কুর্বন্তিঃ। সেহিবে শেকুং॥॥॥
ত ইতি। ত্রিদশৈর্দেবৈঃ। ভীমনিস্থনা ভ্যন্ধবসিংহনাদাং॥॥॥

'জগতেব নির্বৃতিকারক মহর্ষি ! আপনি আমাদেব বক্ষাকর্ত্তা এবং ত্রিভূবনেবই মঙ্গলবিধাতা । আপনাব অনুগ্রহেই দেবগণের সহিত সমস্ত জগৎ উচ্ছেদ প্রাপ্ত হইবে না' ॥৫॥

এইভাবে দেবতাবা স্থব করিতে লাগিলেন, গন্ধর্বেবা সকল দিকে তূর্যাধ্বনি কবিতে থাকিল এবং আকাশ হইতে পুষ্পবৃষ্টি হইতে লাগিল; এই অবস্থায় মহাত্মা অগস্থ্য মহাসমুক্তটাকে জলশৃত্য কবিয়া ফেলিলেন ॥৬॥

অগস্ত্য মহাসমুদ্রটাকে জলশৃন্ম কবিয়াছেন দেখিয়া দেবতাবা সকলেই আনন্দিত হইযা স্বৰ্গীয় উৎকৃষ্ট অস্ত্র সকল ধাবণ কবিয়া বিশেষ অধ্যবসায়ের সহিত সেই দানবগণকে বধ কবিতে লাগিলেন ॥৭॥

মহাবল, বেগবান্ ও সিংহনাদকাৰী মহাত্মা দেবতাবা বধ করিতে লাগিলে, তথন সেই দানবেবা বেগবান্ ও মহাবল দেবগণেব সেই বেগ ধারণ করিতে সমর্থ হইল না ॥৮॥

ভবতনন্দন ! দেবতাবা দানবগণকে বধ করিতে লাগিলে, তাহারা ভ্যকর সিংহনাদ কবিয়া কিছুকাল অভিত্যুল যুদ্ধ কবিল ॥৯॥ তে পূর্বাং তপসা দগ্ধা মুনিভির্ভাবিতাত্মভিঃ।

যতমানাঃ পরং শক্ত্যা ত্রিদলৈবিনিস্দিতাঃ॥>০॥

তে হেমনিন্ধাভরণাঃ কুণ্ডলাঙ্গদধারিণঃ।

নিহতা বহুবোভন্ত পুষ্পিতা ইব কিংশুকাঃ॥>>॥

হতশেষাস্ততঃ কেচিৎ কালেয়া মনুজোত্তম!।

বিদার্য্য বস্থধাং দেবীং পাতালতলমান্ত্রিতাঃ॥>২॥

নিহতান্ দানবান্ দৃষ্ট্যা ত্রিদশা মুনিপুঙ্গবম্।

তুষ্ট্যুব্রিবিধৈর্বাক্যৈরিদক্ষৈবাক্রবন্ বচঃ॥>০॥

তুৎপ্রসাদান্মহাবাহো! লোকৈঃ প্রাপ্তং মহৎ স্থম্।

ত্বেজসা চ নিহতাঃ কালেয়াঃ ক্র্বিক্রমাঃ॥>৪॥

পূর্মস্ব মহাবাহো! সমুদ্রং লোকভাবন!।

যত্ত্ব্যা সলিলং পীতং তদন্মিন্ পুনক্রৎস্ত্র ॥>৫॥

ভারতকৌমূদী

ত ইতি। ভাবিতাত্মভিঃ মৈজ্যাদিভাবন্যা শোধিতচিত্তৈঃ ॥১০॥
ত ইতি। হেমনিকং স্বৰ্ণমাল্যম্ আভবণং যেবাং তে। বহু অধিকম্ ॥১১॥
হতেতি। কালেযাঃ ক্ষাপভাব্যাযাঃ কালাযাঃ পুজা আদিপৰ্বণ্যুক্তাঃ ॥১২॥
নিহতানিতি। ম্নিপুঙ্গবমগস্তাম্ ॥১৩॥
অদিতি। মহাবাহুবন্মহাশক্ৰসংহার্ঘটনান্মহাবাহো ইত্যাপস্তাশ্যৈব সম্বোধন্ম্ ॥১৪॥

নির্মালচিত্ত মুনিরা পূর্ব্বেই তাহাদিগকে তপস্থানলে দগ্ধ করিয়াছিলেন; স্মৃতরাং তথন তাহারা শক্তি অনুসারে জয়েব জন্ম বিশেষ যত্ন কবিতে থাকিলেও দেবতারা তাহাদিগকে সংহার করিলেন ॥১০॥

স্বর্ণময় হার, কুণ্ডল ও অঙ্গদধারী সেই দানবেরা নিহত হইয়া পুষ্পিত কিংশুক-বুক্ষেব স্থায় অত্যন্ত শোভা পাইতে লাগিল ॥১১॥

নবশ্রেষ্ঠ। তাহাব পর হতাবশিষ্ট কতকগুলি কালেয় অসুর পৃথিবী বিদারণ করিয়া পাতালে যাইয়া আশ্রয় লইল ॥১২॥

তখন দেবগণ দানবগণকে নিহত দেখিয়া নানাবিধ বাক্যে মূনিশ্রেষ্ঠ অগস্ত্যের স্তব করিলেন এবং এই কথা বলিলেন—॥১৩॥

"মহাবাহু! আপনার অমুগ্রহেই লোকেরা মহাসুখ লাভ করিল। কারণ, আপনার তেজেই ক্রুববিক্রম কালেয়গণ নিহত হইয়াছে ॥১৪॥

⁽১২)---পাতালতলমাস্থিতাং---বা ব কা নি। (১৩)---ইদং ব্চনমব্রুবন্--বা ব কা নি। বন-১১৬ (৮)

এবমুক্তঃ প্রত্যুবাচ ভগবান্ মুনিপুঙ্গবঃ।
তাংস্তদা সহিতান্ দেবানগস্ত্যঃ সপুরন্দরান্ ॥>৬॥
জীর্ণং তদ্ধি ময়া তোরমুপায়োহন্তঃ প্রচিন্ত্যুতাম্।
পূরণার্থং সমুদ্রস্থ ভবদ্ভির্যত্বমাস্থিতৈঃ ॥>৭॥
এতচ্ শ্রুত্বা তু বচনং মহর্ষেন্তাবিতাত্মনঃ।
বিশ্বিতাশ্চ বিষয়াশ্চ বভূবুঃ সহিতাঃ স্থবাঃ ॥>৮॥
পরম্পরমনুজ্ঞাপ্য প্রণম্য মুনিপুঙ্গবম্।
প্রজাঃ সর্বা মহারাজ! বিপ্রজন্মুর্যথাগতম্ ॥>৯॥
ত্রিদশা বিষ্ণুনা সার্দ্ধমুপজন্মুঃ পিতামহম্।
পূবণার্থং সমুদ্রস্থ মন্ত্রিত্বা পুনঃ পুনঃ ॥২০॥

ভাবতকৌমুদী

পূব্যক্ষেতি । হে লোকভাবন । লোকানাং মঙ্গলকাবক ! অস্মিন্ সমৃদ্রথাতে ॥১৫॥
এবমিতি । ভগবান্ অতিশবেনাণিমাতিখর্য্যবান্, মহার্ণবিশ্রেব পানাৎ ॥১৬॥
জীর্ণমিতি । অক্তঃ মৎকর্ত্কোদগাবাদপবঃ ॥১৭॥
এতদিতি । বিস্মিতাঃ ক্ষণেনৈব জলরাশের্জাণীকবণাৎ , বিষপ্লাঃ সমৃদ্র জলশ্মতাৎ ॥১৮॥
প্রস্পবমিতি । প্রজা গন্ধর্বমন্ত্র্যাদ্যো জনাঃ । যথাগতং যথাস্থানম্ ॥১৯॥
ত্রিদশা ইতি । পিতামহং ব্রহ্মাণমূপজগ্মুঃ, সমৃদ্রপূবণার্থমিতি ভাবঃ ॥২০॥

মহাবাছ। লোকমঙ্গলকাবক। আপনি আবাব সমূদ্র পূর্ণ ককন; আপনি যে জল পান করিয়াছেন, তাহা আবার এই খাতে বিসৰ্জ্জন ককন' ॥১৫॥

দেবতারা এইরূপ বলিলে, মুনিশ্রেষ্ঠ ভগবান্ অগস্ত্য তথন ইন্দ্রপ্রভৃতি সেই সম্মিলিত দেবগণকে বলিলেন—॥১৬॥

"আমি সে জল জীর্ণ করিয়া ফেলিয়াছি; স্থতরাং আপনারা সমূত্র পূবণেব জন্ম বিশেষ যত্ন অবলম্বন করিয়া অন্য উপায় চিন্তা ককন" ॥১৭॥

নির্ম্মলচিত্ত মহর্ষি অগস্ত্যেব এই কথা শুনিয়া সন্মিলিত দেবতারা সকলেই বিস্মিত এবং বিষয় হইলেন ॥১৮॥

মহারাজ। তাহাব পব তত্রত্য লোকেবা সকলেই মুনিশ্রেষ্ঠ অগস্ত্যকে প্রণাম কবিয়া পবস্পব পবস্পরেব অনুমতি লইয়া যথাস্থানে চলিয়া গেল ॥১৯॥

আব, দেবতারা সমূদ্রকে পূরণ করিবাব জন্ম বিফুর সহিত বার বার মন্ত্রণা কবিযা ব্রহ্মার নিকট গমন কবিলেন ॥২০॥

⁽১৬) বিতীমাৰ্ক্ষ বাব কা পি নাস্তি।

তে ধাতাবমুপাগম্য ত্রিদশাঃ সহ বিষ্ণুনা।
উচুঃ প্রাঞ্জলয়ঃ সর্বের সাগবস্থাভিপূরণম্ ॥২১॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ববিশি
তীর্থযাত্রায়াং সমুদ্রপূরণমন্ত্রণে উননবতিতমোহধ্যায়ঃ॥।॥ *

----%*%----

নবতিতমোহধ্যায়ঃ।

--:*:--

লোমশ উবাচ।

তামুবাচ সমেতাংস্ত ব্রহ্মা লোকপিতামহঃ।
নিহ্র'দিন্যা গিরা রাজন্। দেবানাশ্বাসয়ংস্তদা ॥>॥
গচছধ্বং বিবুধাঃ সর্বেব যথাকামং যথেপ্সিতম্।
মহতা কালযোগেন প্রকৃতিং যান্যাতেহর্বিঃ॥২॥

ভারতকৌমূদী

ত ইতি। ধাতাবং ব্রহ্মাণ্ম্। উচ্: পপৃজ্ঞ:। অভিপূবণং তত্ত্পাষম্ ॥२১॥ ইতি মহামহোপাধ্যায-ভাবতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহবিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভাবতটীকাষাং ভাবতকোমূদীসমাধ্যায়াং বনপর্কণি তীর্থযাত্তাযামূননবভিতমোহধ্যায়ঃ ॥०॥

তানিতি। সমেতান্ সমাগতান্। নির্হাদিন্তা স্বভাবত এব গম্ভীবয়া ॥১॥ গচ্ছধ্বমিতি। যথাকামং গচ্ছধ্বম, যথেন্সিতঞ্চ কুরুধ্বমিতি শেষঃ ॥২॥

সেই দেবতারা বিষ্ণুর সহিত ব্রহ্মার নিকট যাইয়া, সকলেই কৃতাঞ্জলি হইয়া, সমুদ্র পুরণের উপায় জিজ্ঞাসা করিলেন" ॥২১॥

লোমশ বলিলেন—"রাজা! লোকপিতামহ ব্রহ্মা সমাগত দেবগণকে আশ্বস্ত করিবার জন্ম গম্ভীর বাক্যে তাঁহাদিগকে বলিলেন—॥১॥

"দেবগণ! তোমবা সকলে ইচ্ছা হইলে যাইতে পার এবং ইচ্ছানুসারে কার্য্য কবিতে পাব। কারণ, সমুদ্র বহুকাল পরে নিজেই স্বাভাবিক অবস্থা প্রাপ্ত হইবে॥২॥

⁽২১) পূর্বান্ধি বা ব কা পি নাস্তি। * '...পঞ্চাধিকশততম:...'—বা ব কা পি, '...চতুবধিকশততম:...'—নি। (১) দ্বিতীয়াৰ্জ্য বা ব কা পি নাস্তি।

জ্ঞাতীংশ্চ কাবণং কৃত্বা মহারাজো ভগীরথঃ। পূর্বিয়য়তি তোরোধিঃ সমুদ্রং নিধিমস্তুসাম্ ॥৩॥ পিতামহবচঃ শ্রুত্বা সর্কেব বিবুধসক্তমাঃ। কালযোগং প্রতীক্ষন্তো জগ্মুশ্চাপি যথাগতম্ ॥৪॥ যুধিষ্ঠির উবাচ।

কথং বৈ জ্ঞাতয়ো ব্রহ্মন্ ! কারণঞ্চাত্র বৈ মুনে !।
কথং সমুদ্রঃ পূর্ণশ্চ ভগীরথপ্রতিশ্রয়াৎ ॥৫॥
এতদিচ্ছাম্যহং শ্রোভুং বিস্তবেণ তপোধন !।
কথ্যমানং ত্বয়া বিপ্র ! রাজ্ঞাং চরিতমুক্তমম্ ॥৬॥
বৈশম্পায়ন উবাচ।

এবমুক্তস্ত বিপ্রেন্ডো ধর্মরাজ্ঞা মহাত্মনা। কথ্যামাদ মাহাত্ম্যং দগরস্ত মহাত্মনঃ॥৭॥

ভাবতকোমূদী

জাতীনিতি। অস্তদাং নিধিম, অভস্তোযোঁ যৈবেৰ প্ৰযিশ্বতীতি ভাৰঃ ॥৩॥
পিতামহেতি। কালযোগং ভাবিকালপ্ৰাপ্তিদম্বন্ধম, প্ৰতীক্ষন্তঃ প্ৰতীক্ষমাণাঃ ॥৪॥
বথমিতি। অন্ত সম্প্ৰপ্ৰণে। ভগীবথস্থ প্ৰতিশ্ৰমাদবলম্বনাৎ ॥৫॥
এতদিতি। বাজচবিতস্ভোভ্যম্বাদেৰ তদেতচ্শ্ৰোত্মিচ্ছামীত্যাশযঃ ॥৬॥
এবমিতি। বিপ্ৰেক্ৰো লোমশঃ। ধৰ্মবাজ্ঞেতি আৰ্যবাদদম্বভাভাৱঃ ॥৭॥

মহাবাজ ভগীবথ জ্ঞাতিগণকে হেতু কবিয়া জলরাশি দ্বারাই জলনিধি সমুদ্রকে পূর্ণ কবিবেন" ॥এ॥

তখন দেবতাবা সকলে ব্রহ্মাব সেই কথা শুনিয়া, সেই কালের প্রতীক্ষা কবিয়া যথাস্থানে চলিয়া গেলেন" ॥৪॥

যুথিষ্টির বলিলেন—"ব্রহ্মন্! মুনে! এ বিষয়ে ভগীবথের জ্ঞাতিরা কি কবিয়া কারণ হইয়াছিলেন? এবং কি করিয়াই বা ভগীবথকে অবলম্বন করিয়া সমুদ্র পূর্ণ হইয়াছিল ? ॥৫॥

ব্রাহ্মণ ! তপোধন ! আপনি বাজাদের উত্তম চবিত্র বিস্তর্ক্রমে বলুন, আমি তাহা শুনিতে ইচ্ছা করি"॥৬॥

বৈশপায়ন কহিলেন—মহাত্মা যুধিষ্টিব এইকপ বলিলে, লোমশমূনি মহাত্মা সগবের মাহাত্ম্য বলিতে আরম্ভ কবিলেন ॥৭॥

⁽৩) জাতীন বৈ কারণং কুডা মহারাজ্যে ভগীরথাং। দ্বিতীয়ার্দ্ধে নাস্তি—বা ব কা পি।
(৫) বারণখার কিং মুনে !—বা ব কা নি।

লোমশ উবাচ।

ইক্ষ্বাকৃণাং কুলে জাতঃ দগরো নাম পার্থিবঃ।
রূপদত্ত্বলোপেতঃ দ চাপুত্রঃ প্রতাপবান্॥৮॥
দ হৈহয়ান্ দমুৎ দাত্য তালজজ্বাংশ্চ ভারত!।
বশে চ কৃত্বা রাজন্তান্ স্বরাজ্যমনুশিন্টবান্॥৯॥
তস্তা ভার্য্যে বভবতাং রূপযৌবনদর্শিতে।
বৈদর্ভী ভবতজ্রেষ্ঠ! শৈব্যা চ ভরতর্বভ!॥১০॥
দ পুত্রকামো নৃপতিস্তপ্যতে স্ম মহন্তপঃ।
পত্নীভ্যাং দহ রাজেক্র! কৈলাদং গিরিমাজিতঃ॥১১॥
দ তপ্যমানঃ স্থমহন্তপোযোগদমন্বিতঃ।
আদদাদ মহাত্মানং ত্যকং ত্রিপুর্মর্দ্দনম্॥১২॥
শঙ্করং ভবমীশানং শূলপাণিং পিনাকিনম্।
ত্যন্থকং শিবমুগ্রেশং বছরূপমুমাপতিম্॥১০॥ (যুগ্যকম্)

ভাৰতকোমূদী

ইক্ষাকুণামিতি। রূপং সৌন্দর্যাং সত্ত্বমধাবসায়ং বলং শক্তিশ্চ তৈরুপেতঃ ॥৮॥

স ইতি। হৈহয়ান্ তালজ্জ্বাংশ্চ তত্ত্বংশীযান্ নূপতীন্ ॥ ।॥

তম্মেতি। বৈদৰ্জী বিদৰ্ভবাজতনষা, শৈব্যা শিবিতনয়া চ ॥১ ।॥

স ইতি। আখ্রিতঃ অধিষ্ঠিতঃ ॥১১॥

স ইতি। তপো বৈধক্রেশ উপবাসাদিঃ যোগশ্চ ধ্যানাদিস্তাভ্যাং সমন্বিতঃ। ত্র্যক্ষং ত্রিলোচনম্। কর্মাহুসারিভির্নামভিস্তং বিশিনষ্টি শহরমিত্যাদি ॥১২—১৩॥

লোমশ বলিলেন—"ইক্ষ্বাকুবংশে 'সগর'-নামে এক রাজা জদ্মিয়াছিলেন ; তিনি বপ, উৎসাহ, শক্তি ও প্রতাপশালী হইয়াও অপুত্রক ছিলেন ॥৮॥

ভরতনন্দন! তিনি হৈহয়বংশীয় ও তালজ্জ্ববংশীয় রাজগণকে উৎসন্ন করিয়া এবং অস্থান্ত ক্ষত্রিয়দিগকে বশীভূত করিয়া আপন রাজ্য শাসন করিতেন ॥১॥

ভবতশ্রেষ্ঠ ! সেই সগররাজার ছইটী ভার্য্যা ছিল; তাঁহারা ছই জনই রূপযৌবনগর্বিবতা ছিলেন; তাঁহাদেব একজ্ঞন বিদর্ভরাজার তনয়া, অপরজন শিবিবাজার ছহিতা ছিলেন ॥১০॥

রাজশ্রেষ্ঠ। সেই সগররাজা ভার্য্যাদের সহিত মিলিত হইয়া কৈলাসপর্বতে যাইয়া পুত্রকামনা করিয়া গুরুতর তপস্থা করেন ॥১১॥

তিনি উপবাসাদি ও ধ্যানপ্রভৃতি করিতে থাকিয়া গুরুতর তপস্থায় প্রবৃত্ত

⁽२) ... স্বরাজ্যমন্তশাসত—বা ব কা পি। (১৩) ... পিনাকিং শ্লপাণিনম্—বা ব কা নি।

ন তং দৃষ্ট্বৈ বরদং পত্নীভ্যাং সহিতো নৃপঃ।
প্রণিশত্য মহাবাহুঃ পুত্রার্থং সমযাচত ॥১৪॥
তং প্রীতিমান্ হরঃ প্রাহ সভার্য্যং নৃপদত্তমম্।
যন্মিন্ রতো মুহুর্ত্তেহহং ছয়েহ নৃপতে! বরম্ ॥১৫॥
ষষ্টিঃ পুত্রসহস্রাণি শ্রাঃ পরমদর্শিতাঃ।
একস্থাং সম্ভবিদ্যন্তি পত্নাং নরবরোত্তম! ॥১৬॥
তে চৈব দর্বের সহিতাঃ করং যাস্থান্তি পার্থিব!।
একো বংশধবঃ শ্র একস্থাং সম্ভবিদ্যতি ॥১৭॥ (বিশেষকম্)
এবমুক্ত্বা তু তং রক্তর্তত্তবান্তরধীয়ত।
দ চাপি দগরো রাজা জগাম হং নিবেশনম্ ॥১৮॥
পত্নীভ্যাং সহিতন্তত্র সোহতিহান্তমনান্তদা।
কালং শভ্রবরপ্রাপ্তং প্রতীক্ষন্ সগবোহনরৎ ॥১৯॥

ভারতকৌমুদী

স ইতি। সম্যাচত বর্মিতি শেবঃ 🕬 🗷

তমিতি। বৃতো যাটিত:। অতএব বিকর্মকন্তম্ অপ্রধানকর্মণ উক্ততা চ। একন্তাং পত্নাং বাষ্টঃ পুত্রনহন্দ্রাণি সম্ভবিক্সন্তি, তে তৈব নর্ম্বে শৃরাঃ প্রমদর্শিতাশ্চ সম্ভবিক্সন্তি, বহিতাঃ সম্মিলিতাশ্চ ক্ষমং যান্ডন্তি, তক্ত মুহূর্ভক্ত ওণাদেবেতি শেব:। একঃ পুত্রে। একডাং পত্নাম্ ১১৫—১৭৪

এবমিতি। রুলো মহাদেব:। নিবেশনং ভবনন্।।১৮ঃ

পদ্মীত্যামিতি। প্রাপ্তঃ শমূবর ইতি শমূবরপ্রাপ্ততম্, অগ্নিস্তোকাদিবং পর্যনিপাতঃ ১১৯:

রহিয়া একদা শত্তর, ভব, ঈশান, শূলপাণি, পিনাকা, ত্রাস্থক, শিব ও উগ্রেশপ্রভৃতি বহু রূপধারী উমাপতি ত্রিপুরহন্তা মহাদ্মা মহাদেবের সাক্ষাংকার লাভ ক্রিলেন ॥১২—১৩॥

মহাবাহু নগৰবাজা মহাদেৰকে দেখিয়াই পত্নীদের নহিত মিলিত হইয়া প্রণিপাত করিয়া পুত্রের জ্ঞ বর প্রার্থনা করিলেন ॥১৪॥

তখন সন্তুষ্টিত্ত মহাদেব, ভার্ঘ্যাদের সহিত দগববাজাকে বলিলেন—"রাজা! তুমি যে মুহূর্ত্তের আমার নিকট বর প্রার্থনা করিয়াছ, দেই মুহূর্ত্তের গুণে তোমার এক পত্নীর গর্ভে ঘাট হাজাব পুত্র জন্মিবে; তাহারা দকলেই বীব ও মহাদর্পিত হইবে, পরে আবার দকলে মিলিয়াই বিনষ্ট হইবে। আব, অপর পত্নীর গর্ভে একটামাত্র বীর ও বংশরক্ষক পুত্র জন্মিবে" ॥১৫—১৭॥

নগররাজাকে এই কথা বলিয়া মহাদেব নেইখানেই সম্ভূহিত হইলেন : নগরবাজাও আপন ভবনে চলিয়া গোলেন ॥১৮॥

⁽३३) विञीगर्दः दा द दा वि नान्छि।

তস্ত তে মনুজশ্রেষ্ঠ ! ভার্য্যে কমললোচনে।
বৈদর্ভী চৈব শৈব্যা চ গর্ভিণ্যো সংবভূবতুঃ ॥২০॥
ততঃ কালেন বৈদর্ভী গর্ভালাবুং ব্যজায়ত।
শৈব্যা চ স্থযুবে পুত্রং কুমাবং দেবরূপিণম্ ॥২১॥
তদাহলাবুং সমুৎস্রেষ্ট ং মনশ্চক্রে স পার্থিবঃ।
অথান্তরীক্ষাচ্চুজ্রাব বাচং গন্তীরনিস্বনাম্ ॥২২॥
রাজন্ ! মা সাহসং কার্যীঃ পুত্রান্ ন ত্যক্ত্যুমর্হসি।
অলাব্মধ্যামিক্ষয় বীজং যত্নেন গোপ্যতাম্ ॥২০॥
সোপস্বেদেরু পাত্রেরু স্বতপূর্ণেরু ভাগশঃ।
ততঃ পুত্রসহন্রাণি ষস্তিং প্রাক্স্যাসি পার্থিব ! ॥২৪॥ (যুগ্মকম্)
মহাদেবেন দিষ্টং তে পুত্রজন্ম নরাধিপ !।
অনেন ক্রমযোগেন মা তে বুদ্ধিরতোহত্যথা ॥২৫॥

ভারতকোমুদী

তত্যেতি। গর্ভিণ্যে সংবভ্বতুং, কালক্রমেণ শস্ত্ববাদেবেতি ভাবঃ ॥২০॥
তত ইতি। গর্ভভূতা অলাবূর্গর্ভালাবৃস্তাম্, ব্যঞ্জাযত ব্যজনষৎ। কুমারং কার্ত্তিকেযমিব,
ভর্তদারকং বা ॥২১॥

তদেতি। সম্ংপ্রকুং পরিত্যকুম্, মনশ্চক্রে ইযেবেতার্থঃ ॥২২॥ রাজন্নিতি। বীজসকুবঃ, গোপ্যতাং রক্ষ্যতাম্। সোপবেদেযু উঞ্চেযু ॥২৩—২৪॥

সগররাজা সেখানে যাইয়া পত্নীদের সহিত মিলিত হইয়া অতি হুষ্টমনে মহাদেবেব বরের প্রতীক্ষা করিয়া কাল অতিবাহিত করিতে লাগিলেন॥১৯॥

নরশ্রেষ্ঠ ! কালক্রমে বৈদর্ভী ও শৈব্যা—এই ছইটী পদ্মনয়না সগরভার্য্যাই গর্ভবতী হইলেন ॥২০॥

তাহাব পব যথাকালে বৈদর্ভী একটী অলাবু প্রসব করিলেন এবং শৈব্যা কার্ত্তিকের তুল্য দিব্যরূপী একটী পুত্র প্রসব করিলেন ॥২১॥

তথন সগররাজা সেই অলাবূটাকে ফেলিয়া দিবার ইচ্ছা করিলেন; কিন্তু তিনি সেই সময়েই আকাশ হইতে গন্তীর স্ববে এক বাক্য শুনিতে পাইলেন—॥২২॥

"রাজা! অবিবেচনার কার্য্য করিবেন না, পুত্রগুলিকে ফেলিয়া দিবেন না। অলাবূর ভিতর হইতে বীজ সকল নিকাশনপূর্বক ভাগ ভাগ করিয়া উষ্ণ ও ঘৃতপূর্ব পাত্রে যত্নপূর্বক বক্ষা করুন; তাহা হইলে যাট হাজার পুত্র লাভ করিবেন॥২৩—২৪॥

⁽২৫) শ্লোকাৎ পরম্ '···ষ্ড্ধিকশততমোহধ্যায়'—বা ব কা পি, '···প্ঞাধিকশত-তমোহধ্যায়'—নি ৷

লোমশ উবাচ।

এতচ্ছু ত্বাহন্তরীক্ষাচ্চ স রাজা রাজসত্তমঃ।
যথোক্তং তচ্চকাবাথ শ্রেদ্ধন্তবতর্বভ!॥২৬॥
একৈকশস্ততঃ কৃত্বা বীজং বীজং নরাধিপঃ।
যৃতপূর্ণের কুন্তের তান্ ভাগান্ নিদধে ততঃ ॥২৭॥
ধাত্রীশৈচকৈকশঃ প্রাদাৎ পুত্রবক্ষণতৎপরঃ।
ততঃ কালেন মহতা সমৃত্তস্কুর্মহাবলাঃ॥২৮॥
ধৃত্তিঃ পুত্রসহন্রাণি তস্থাপ্রতিমতেজসঃ।
ক্রন্তপ্রসাদাজাজর্বেঃ সমজায়ন্ত পার্থিব!॥২৯॥
তে যোরাঃ ক্রুরকর্মাণ আকাশপরিস্পিণঃ।
বহুত্বাচ্চাবজানন্তঃ সর্ববান্ লোকান্ সহামবান্॥৩০॥
তিদশাংশ্চাপ্যবাধন্ত তথা গন্ধর্বরাক্ষ্ণান্।
সর্বাণি চৈব ভূতানি শ্রাঃ সমরশালিনঃ॥৩১ (যুগ্মকম্)

ভাবতকোমুদী

মহেতি। দিষ্টং নির্দ্দিষ্টম্। ক্রমযোগেন ক্রমনিয়মেন ॥২৫॥
এতদিতি। অন্তরীক্ষাদাগতম্ এতন্বচনম্। শ্রদ্ধৎ নিশ্বসন্ ॥২৬॥
একৈকশ ইতি। বীজং পুত্রকাবণীভূতম্, বীজমক্ত্বম্, একৈকশং পৃথক্ পৃথক্ ॥২ ॥
ধাত্রীরিতি। পুত্রক্ষণতৎপবং সগবং। মহাবলাং পুত্রা ইতি শেবং ॥২৮॥
বিষ্টিরিতি। তম্ম সগবস্থ। ক্রপ্রসাদামহাদেবাহ্বগ্রহাৎ ॥২৯॥

রাজা। মহাদেব এই ক্রমেই আপনাব পুত্রজন্ম নির্দেশ কবিয়াছেন; স্থতরাং আপনার যেন অক্যকপ বৃদ্ধি হয় না" ॥২৫॥

লোমশ বলিলেন—"ভবতশ্রেষ্ঠ! রাজপ্রধান সগররাজা আকাশ হইতে এই বাক্য শুনিয়া এবং তাহা বিশ্বাস করিয়া যথোক্তবাপ কার্য্যই করিলেন ॥২৬॥

তিনি পুত্রেব কাবণ সেই অস্ক্রগুলিকে পৃথক্ পৃথক্ করিয়া, তাহাব পব সেই ভাগগুলিকে ঘৃতপূর্ণ বহুতর কুস্তের ভিতরে রাখিলেন ॥২৭॥

এবং পুত্ররক্ষার্থ এক একটী কুম্ভে এক একটী করিয়া ধাত্রী নিযুক্ত কবিলেন। তাহার পর অনেক কাল পবে মহাবল পুত্র সকল উত্থিত হইল ॥২৮॥

রাজা ! মহাদেবেব অমুগ্রহে অতুলনীয়প্রভাব রাজর্ষি সগরেব বাট হাজার পুত্র জমিল ॥২৯॥

ভয়ঙ্করপ্রকৃতি, হিংশ্রন্ধভাব, আকাশচারী, বীব ও যুদ্ধনিপুণ সেই সগব-

⁽৩১) ব্রিদশাংশ্চাপ্যধাবম্ব—পি।

বাধ্যমানাস্ততো লোকাঃ সাগরৈর্মন্দবুদ্ধিভিঃ।
ব্রহ্মাণং শরণং জগ্মুঃ সহিতাঃ সর্বদৈবতৈঃ ॥৩২॥
তানুবাচ মহাভাগঃ সর্বলোকপিতামহঃ।
গচ্ছধ্বং ত্রিদশাঃ! সর্বে লোকৈঃ সার্দ্ধং যথাগতম্ ॥৩৩॥
নাতিদীর্ঘেণ কালেন সাগরাণাং ক্ষয়ো মহান্।
ভবিশ্যতি মহাঘোরঃ স্বক্ততিঃ কর্মভিঃ স্থরাঃ! ॥৩৪॥
এবমুক্তাস্ত তে দেবা লোকাশ্চ মনুজেশ্ব !।
পিতামহমনুজ্ঞাপ্য বিপ্রজগ্মুর্যথাগতম্ ॥৩৫॥
ততঃ কালে বহুতিথে ব্যতীতে ভরতর্বভ!।
দীক্ষিতঃ সগবো রাজা হয়মেধেন বীর্যবান ॥৩৬॥

ভাবতকোমুদী

ত ইতি। আকাশপরিসর্পিণঃ বিমানাবোহণেন গগনচারিণঃ। ত্রিদশান্ দেবান্। সমরশালিনো যুদ্ধনৈপুণ্যবস্তঃ ॥৩০ ---৩১॥

বাধ্যমানা ইতি। সাগবৈঃ সগরপুক্তিঃ, বাধ্যমানাঃ পীভ্যমানাঃ ॥৩২॥
তানিতি। সর্বলোকপিতামহো ব্রহ্মা। যথাগতং যথান্থানম্ ॥৩৩॥
নেতি। সাগরাণাং সগরপুত্রাণাম্। মহান্, সাকল্যেনোচ্ছেলাদিত্যাশযং ॥৩৪॥
এবমিতি। পিতামহং ব্রহ্মাণম্, অফুজ্ঞাপ্য অফুজ্ঞাং কারয়িত্বা ॥৩৫॥
তত ইতি। দীক্তিতো সন্ধানীকঃ, হ্যমেধেন অশ্বমেধ্যজ্ঞেন ॥৩৬॥

পুত্রেরা নিজেদের সংখ্যা বহুতর বলিয়া দেবগণের সহিত সমস্ত লোককে অবজ্ঞা করিতে থাকিয়া, সমস্ত প্রাণী, গন্ধর্বব, রাক্ষস, এমন কি দেবগণকে পর্যান্ত উৎপীড়িত করিতে লাগিল ॥৩০—৩১॥

তাহার পর সমস্ত লোক, মন্দবৃদ্ধি সগবপুত্রগণকর্তৃক উৎপীড়িত হইতে থাকিয়া দেবগণের সহিত যাইয়া ব্রহ্মার শ্রণাপন হইল ॥৩২॥

তখন মহাত্মা ব্রহ্মা তাহাদিগকে বলিলেন—"দেবগণ! তোমরা সকলে এই লোকদের সহিত যথাস্থানে যাইতে পার ॥৩৩॥

কারণ, দেবগণ! অনতিদীর্ঘকালেব মধ্যেই নিজেদেব কর্মফলে সগবপুত্রগণেব ভীষণভাবে সমূলে ধ্বংস হইবে" ॥৩৪॥

নরনাথ! ব্রহ্মা এইকপ বলিলে, সেই দেবতারা ও অক্সান্ত লোকেরা ব্রহ্মার অমুমতি লইয়া য়থাস্থানে চালিয়া গেলেন ॥৩৫॥

ভরতশ্রেষ্ঠ! তাহার পর বহুকাল অতীত হইলে, প্রতাপশালী দগররাজা অধ্যমেধযজ্ঞে দীক্ষিত হইলেন ॥৩৬॥

বন-১১৭ (৮)

তস্থাখো ব্যচরভূমিং পুত্রৈঃ সম্পরিরক্ষিতঃ।
সমুদ্রং স সমাসান্ত নিস্তোরং ভীমদর্শনম্॥৩৭॥
রক্ষ্যমাণঃ প্রবছেন তত্রৈবান্তরধীয়ত।
ততন্তে সাগরান্তাত! হৃতং মত্বা হয়োন্তমম্ ॥৩৮॥
আগম্য পিতুরাচখ্যুরদৃশ্যং তুরগং হৃতম্।
তেনোক্তা দিক্ষু সর্ববান্ত সর্বোন্ত বাজিনম্ ॥৩৯॥ (বিশেষকম্)
ততন্তে পিতুরাজ্ঞায় দিক্ষু সর্ববান্ত তং হয়ম্।
আমার্গন্ত মহারাজ! সর্বর্ধ পৃথিবীতলম্ ॥৪০॥
ততন্তে সাগরাঃ সর্বের সমুপেত্য পরস্পবম্।
নাধ্যগচ্ছন্ত তুরগমশ্বহর্তারমেব চ ॥৪১॥
আগম্য পিতরঞ্চোচুন্ততঃ প্রাঞ্জলয়োহগ্রতঃ।
সসমুদ্রবনদ্বীপা সনদীনদকন্দরা ॥৪২॥
সপর্ববত্বনোদ্দেশা নিথিলেন মহী নৃপ!।
অস্মাভির্বিচিতা রাজন্! শাসনান্তব পার্থিব!॥৪০॥ (য়ুগ্মকম্)

ভাবতকোমুদী জন্মতি। নিস্কোয়ং থাতমাত্তম, অগস্কোন পীতকোয়তাৎ। সাগবাং স

তশ্রেতি। নিস্তোয়ং থাতমাত্রম্, অগস্তোন পীততোঘদ্বাৎ। নাগবা: নগরপুত্রা:। অদৃষ্টং যথা স্থান্তথা হৃতম্। তেন পিত্রা নগরেণ, মার্গত অম্বিয়ত ॥৩৭—৩৯॥

তত ইতি। আজ্ঞাৰ আজ্ঞাং গৃহীত্বা। পৃথিবীতলঞ্চ গত্বেতি শেবঃ ॥৪০॥ তত ইতি। সাগবাং সগৰপুত্ৰাঃ। নাধ্যগচ্ছন্ত নাপুৰ্বন্, তুবগমখন্ ॥৪১॥ আগম্যোতি। উচুঃ সাগবাঃ। নিথিলেন সাকলোনেতার্থঃ। বিচিতা অন্থিটা ॥৪২—৪৩॥

তথন তাঁহাব যজ্ঞীয় অশ্ব তাঁহাবই পুত্রগণকর্তৃক পরিরক্ষিত হইয়া পৃথিবী বিচৰণ করিতে লাগিল। একদা সেই অশ্ব, জলশৃষ্ঠ ভীমদর্শন সমুজ্ঞভীবে যাইয়া যত্নপূর্বেক বক্ষিত হইতে থাকিয়াও সেই স্থানেই অন্তর্হিত হইল। বংস! তাহাব পব সেই সগবপুত্রেরা পিতাব নিকট আসিরা বলিল যে, "অদৃষ্ঠভাবে সে অর্থ অপহত হইয়াছে।" তখন সগব বলিলেন—"তোমনা সকলে সকল দিকে সেই অশ্বের অ্যের ক্রেয়ণ কব"॥৩৭—৩৯॥

নহাবাজ! তাহাব পর সগবপুত্রেবা পিতাব আদেশ পাইয়া সকল দিকে ^{এবং} সমস্ত পৃথিবীতে সেই অধেব অয়েবণ করিল ॥৪০॥

ভদনত্তব দেই সগবপুত্রেবা সকলে প্রস্পার বিচরণ করিয়াও সে অর্থ বা অধ্বতনিক পাইল না ॥৪১॥

ভাহাব পৰ ভাহার৷ আদিয়া পিভাব সম্মুখে ভুতাঞ্চলি হইয়া বলিল ^{যে},

ন চাশ্বমধিগচ্ছামে। নাশ্বহন্তারমেব চ।

শ্রুহ্মা তু বচনং তেষাং দ রাজা ক্রোধমূর্চিছতঃ ॥৪৪॥

উবাচ বচনং দর্বাংস্তদা দৈববশান্প!।
অনাগমার গচ্ছধ্বং ভূরো মার্গত বাজিনম্ ॥৪৫॥ (যুগ্মকম্)

যজ্ঞিয়ং তং বিনা ছম্বং নাগন্তব্যং হি পুত্রকাঃ!।
প্রতিগৃছ তু দন্দেশং পিতুন্তে দগরাত্মজাঃ ॥৪৬॥
ভূয় এব মহীং কুৎস্নাং বিচেতুমুপচক্রমুঃ।
অথাপশ্যন্ত তে বীরাঃ পৃথিবীমবদারিতাম্ ॥৪৭॥ (যুগ্মকম্)

দমাদাত্য বিলং তচ্চাপ্যথনন্ দগবাত্মজাঃ।
কুদ্দালৈর্হেযুকৈশ্চাপি দমুদ্রং যত্নমান্থিতাঃ ॥৪৮॥

দ খন্তমানঃ দহিতৈঃ দাগরৈর্বরুণালয়ঃ।

অগচছৎ প্রমামার্ভিং দীর্যুমাণঃ দমন্ততঃ ॥৪৯॥

ভাৰতকোমূদী

নেতি। অধিগচ্ছাম: প্রাপ্নুম:। মার্গত অবিশ্বত ॥৪৪—৪৫॥
যজ্ঞিবমিতি। যজ্ঞিষং যজ্ঞার্হম্। সন্দেশমাদেশম্। বিচেতৃ মধ্বেষ্টুম্ ॥৪৬—৪৭॥
সমিতি। হেষত্তে অব্যক্তং শব্দং কুর্বান্তীতি হেষ্কাণি প্রস্তকবাকাবম্থানি লোহান্তাণি
তৈ:। "রেষ্ হেষ্ অব্যক্তে শব্দে" ইতি হেষধাতোর্বোণাদিক উকঃ ॥৪৮॥
স ইতি। সাগবৈঃ সগবপুত্তিঃ, বহুণাল্যঃ সমুদ্রঃ ॥৪৯॥

"মহাবাজ! আপনার আদেশে আমবা সমূত্র, বন, দ্বীপ, নদী, নদ, গুহা, পর্বত ও বনপ্রাস্থেব সহিত সমগ্র পৃথিবীই অন্বেষণ কবিয়াছি ॥৪২—৪৩॥

কিন্তু অশ্ব বা অশ্বহর্ত্তাকে পাইলাম না।" রাজা। তাহাদেব সেই কথা শুনিয়া সগররাজা ক্রোধে উত্তেজিত হইয়া দৈববশতঃ তথনত সকলকে বলিলেন— "ফিবিয়া না আসাব জন্মই তোমবা আবাব যাও, অথ অন্বেষণ কর ॥৪৪ — ৪৫॥

পুত্রগণ ! সেই যজ্ঞেব অশ্ব ব্যতীত তোমবা আসিও না।'' সেই সগরপুত্রগণ পিতাব আদেশ পাইয়া আবাবও সমগ্র পৃথিবী অন্বেষণ করিবাব উপক্রম করিল। তাহাব পর তাহাবা (সমুদ্রতীবেব এক স্থানে) ভূতলটাকে বিদারিত দেখিল॥৪৬-৪৭॥

সগবপুত্রেরা সেই গর্ত্ত পাইয়া বিশেষ যত্ন অবলম্বনপূর্ববিক কুদ্দাল ও হেবুক (অস্ত্রবিশেষ) দ্বাবা সমূজ খনন কবিতে লাগিল ॥৪৮॥

⁽৪৮)···কুদালৈহ্রে মুকৈল্বৈ—বা ব কা।

অন্তব্যব্যবহাংসি সন্তানি বিবিধানি চ।
আর্ত্রনাদমকুর্ননত বধ্যমানানি সাগবৈঃ ॥৫০॥
ছিন্নশীর্বা বিদেহাশ্চ ভিন্নত্বগন্থিসন্ধবঃ।
প্রাণিনঃ সমদৃশ্যন্ত শতশোহণ সহস্রশঃ ॥৫১॥
প্রবং হি খনতাং তেবাং সমৃদ্রেং বর্রণালয়ম্।
ব্যতীতঃ স্তমহান্ কালো ন চাধঃ সমদৃশ্যুত ॥৫২॥
ততঃ পূর্বেবাতবে দেশে সমৃদ্রন্ত মহীপতে!।
বিদার্ম্য পাতালমণ সংক্রুদ্ধাঃ সপবাত্মজাঃ ॥৫০॥
অপশ্যন্ত হ্যং তত্র বিচবতং মহীতলে।
কপিলক মহাত্মানং তেজারাশিমনুত্রম্য ॥৫৪॥ (যুগ্মকম্)

ভাৰতকৌমুদী

অন্তবেতি। স্তানি প্রাণিন:। সাগরৈ: সগরপুর্তৈ: এ০। ছিল্লেতি। বিদেহা দেহবহিতা:, ভিন্না বিদীর্ণাভগন্থিসদ্ধনা যেবাং তে ॥৫১॥ এবমিতি। তেখা: সগবপুর্বাণান্। সমদৃশ্রত তৈরিতি শেষ: ॥৫২॥ তত ইতি। পূর্বেভিবে দেশে ঈশানকোণে। হুমং তঃ যজাশুম্ ॥৫৩—৫৪॥

ভাবতভাবদীপঃ

তানিতি ॥১—৪৭॥ ত্রেষ্টকঃ ত্রেষণতি সর্পয়ত্যেভিরিতি মৃত্তিকোৎক্ষেপণযট্ত্রঃ সদট্ড র্লোহপট্তঃ। ত্রেষ্ প্রসর্পণে অভ্য রূপম্ ॥৪৮॥ সাগরেঃ দগরপুত্রসমৃট্যঃ ॥৪৯—৫২॥ পূর্ব্বোত্তরে উশাতাম্ ॥৫৩—৯৭॥

ইতি শ্রীমহাভারতে বনপর্বাণি নৈলক্ষীয়ে ভারতভাবদীপে নবতিতমোহধ্যায়: ॥>•॥

সগবপুত্রেরা মিলিত হইয়া খনন কবিতে লাগিলে সেই সমুদ্র সকল দিকে বিদীর্ণ হইতে থাকিযা অত্যন্ত গ্লংখ পাইতে লাগিল ॥৪৯॥

সগবপুত্রেবা বধ কবিতে থাকিলে অস্ত্রব, নাগ, রাক্ষম ও অক্যান্ত নানাবিধ প্রা^{নী} সকল অর্ত্তিনাদ কবিতে লাগিল ॥৫০॥

মস্তক ছিন্ন, দেহ অপসারিত এবং চর্ম্ম, অস্থি ও সন্ধিস্থান বিদীর্ণ হইল ; এই ভাবেব শত শত সহস্র সহস্র প্রাণী দেখা যাইতে লাগিল ॥৫১॥

এইভাবে বঞ্চালয় সমুজকে খনন করিতে সগরপুত্রগণের অতি দীর্ঘকাল অতীত হইল; কিন্তু সে যজ্ঞীয় অশ্ব দেখা গেল না ॥৫২॥

বাজা! তাহাব পব ক্রুদ্ধ সগরপুত্রেরা সমুদ্রেব ঈশানকোণে বিদাবণ কবিযা পাতালে যাইয়া দেখিল যে, সেই যজ্ঞীয় অশ্বটা ভূতলে বিচৰণ কবিতেছে এবং অসাধাবণ তেজঃপুঞ্জের স্থায় মহাত্মা কপিলমুনি অবস্থান করিতেছেন॥৫৩—৫৪॥ তেজসা দীপ্যমানস্ত জ্বালাভিরিব পাবকম্।
দৃষ্ট্বা হি বিস্মিতাঃ সর্বে বভূবুঃ কালচোদিতাঃ ॥৫৫॥
তে তং দৃষ্ট্বা হয়ং রাজন্। সম্প্রভ্রুষ্টতনূরুহাঃ।
অনাদৃত্য মহাত্মানং কপিলং কালচোদিতাঃ।
সংক্রুদ্ধাঃ সমধাবন্ত অশ্বগ্রহণকাজ্মিণঃ ॥৫৬॥
ততঃ ক্রুদ্ধো মহাবাজ! কপিলো মুনিসভ্রমঃ।
বাস্থদেবেতি যং প্রান্তঃ কপিলং মুনিপুঙ্গবম্ ॥৫৭॥
স চক্ষুর্বিকৃতং কৃত্মা তেজন্তেমু সমুৎস্তজন্।
দদাহ স্থমহাতেজা মন্দবৃদ্ধীন্ স সাগবান্ ॥৫৮॥
তান্ দৃষ্ট্বা ভন্মসাভূতান্ নারদঃ স্থমহাতপাঃ।
সগরান্তিকমাগচ্ছন্তচ্চ তিম্ম অবেদয়ৎ ॥৫৯॥

ভারতকৌমুদী

তেজসেতি। জ্বালাভিঃ শিখাভিঃ। কালেন মৃত্যুনা চোদিতাঃ প্রেবিতাঃ ॥৫৫॥
ত ইতি। সম্প্রস্কৃতন্মতা আনন্দেন রোমাঞ্চিতদেহাঃ। সংক্রুদ্ধাঃ কপিলস্থৈব চৌরত্বাবধারণাদিতি ভাবঃ, সমধাবস্ত কপিলমেব হস্কমিতি শেষঃ। ষ্ট্পাদোহয়ং শ্লোকঃ ॥৫৬॥

তত ইতি। ক্রুদ্ধোহভবং। বাস্থদেবেতি বাস্থদেবাবতার ইতি, "পঞ্চমঃ কপিলো নাম সিন্ধেশঃ কালবিপ্ল তম্। প্রোবাচাস্থ্যে সাংখ্যং তত্তগ্রামবিনির্ণযম্॥" ইতি শ্রীমন্তাগ্রত-ব্চনাং ॥৫৭॥

স ইতি। মন্দব্দ্ধীন্, কপিলচোর্যাবিষয়ে বিচারাকবণাদিতি ভাবঃ। স প্রসিদ্ধঃ ॥৫৮॥ তানিতি। ভন্মসাস্কৃতান্ অংশতঃ, পবত্র ''যত্র তানি শবীবাণি'' ইত্যভিধানাং। তৎ পুত্রনিধনম্, তদ্মৈ সগরায় ॥৫২॥

কপিলমুনিকে – শিথাদারা অগ্নির স্থায় তেজদাবা দীপ্যমান দেখিয়াই কাল-প্রেরিত সগরপুত্রেরা সকলেই বিস্ময়াপন্ন হইল ॥৫৫॥

রাজা! তখন তাহাবা সেই অশ্বটা দেখিয়া আনন্দে রোমাঞ্চিত হইয়া, সেই অশ্ব গ্রহণ করিবার ইচ্ছায় কালপ্রেবিত ও ক্রুদ্ধ হইয়া মহাত্মা কপিলকে অবজ্ঞা করিয়া তাঁহার দিকে ধাবিত হইল ॥৫৬॥

মহারাজ! তাহার পর মূনিশ্রেষ্ঠ কপিল ক্রেদ্ধ হইলেন; জ্ঞানীরা যে মূনিশ্রেষ্ঠ কপিলকে নারায়ণের অবতার বলিয়া থাকেন ॥৫৭॥

প্রসিদ্ধ মহাতেজা সেই কপিল চক্ষ্ বিকৃত কবিয়া সেই মন্দবৃদ্ধি সগরপুত্রগণের উপবে তেজ নিক্ষিপ্ত করিতে থাকিয়া তাহাদিগকে দগ্ধ করিলেন ॥৫৮॥

তথন মহাতপা নারদ সেই সগবপুত্রদিগকে প্রায় ভত্মীভূত দেখিয়া সগববাজাব নিকট গেলেন এবং ভাঁহাকে সেই বৃত্তান্ত জানাইলেন ॥৫৯॥ স তচ্প্রজা বচো ঘোবং বাজা মুনিমুখোদ্গতম্।
মুহূর্ত্তং বিমনা ভূত্বা স্থাণোর্বাক্যমচিন্তমৎ ॥৬০॥
স পুত্রনিধনোপেন দুংখেন সমভিপ্ল,তঃ।
আজানমাজনারাক্ত হরমেবার্হিন্তরহ ॥৬১॥
অংশুমন্তং সমাহূব অসমঞ্জান্ততং তদা।
পৌত্রং ভবতশাদিল। ইদং বচনমত্রবীৎ ॥৬২॥
মৃষ্টিন্তানি সহল্রানি পুত্রাণামমিতোজসাম্।
কাপিলং তেজ আসান্ত মহকুতে নিধনং গতাঃ ॥৬০॥
তব চাপি পিতা তাত। পবিন্যক্তো ম্যাহন্য!।
ধর্ম্যং স্বং বক্ষমাণেন পৌবাণাং হিত্যিচ্ছতা ॥৬৪॥
মুধিন্তিব উবাচ।

কিমর্থং বাজশার্দ্দূলঃ দগবঃ পুত্রমাত্মজম্। ত্যক্তবান্ ত্যন্তাজং বীবং তন্যে ক্রহি তপোধন!॥৬৫॥

ভাৰতকৌসুদী

স ইতি। স্থাণোঃ শিবস্তা। "তে চৈব সর্কে সহিতাঃ ফয়ং যাস্ত্রন্তি পার্থিব।" ইতি বাকান্ ॥৬০॥ স ইতি। হয়ং তং যজাশ্বমেবাচিন্তয়ৎ, যজনির্ব্বাহার্থমিতি ভাবঃ ॥৬১॥ অংশিতি। অত্রবীৎ, সগ্র ইতি শেষঃ ॥৬২॥

ষষ্টিবিভি। গভা ইতি শব্দাভিধেযে পুংস্থম, ''শব্দাভিধেয়ে লিঙ্গং স্থাৎ শব্দলিসম্পাপি বা। শোভনায়ৈ কলত্রায় দাবান্ পশ্চন্তি শোভনান্॥'' ইত্যুক্তেঃ ॥৬৩॥

তবেতি। পিতা অসমঞা নাম, হে তাত। বংস।। বং বান্ধকীযম্ ॥৬৪॥

তখন সগববাজা নারদম্খনিঃস্ত সেই ভযক্কর বাক্য শুনিরা মুহূর্ত্তকাল বিবঃচিত্ত হুইয়া সেই মহাদেবের বাক্য স্থাবণ করিলেন ॥৬০॥

পুত্রনিধনত্বংখে তুঃখিত সগববাজা আপনাবদ্বাবাই আপনাকে আশ্বস্ত করিয়া সেই অশ্বেব বিষয়ই চিন্তা কবিলেন ॥৬১॥

ভবতশ্রেষ্ঠ ! তথন ভিনি অসমঞ্জাব পুত্র পৌত্র অংশুমান্কে আহ্বান করিয়া এই কথা বলিলেন—॥৬২॥

"বংস। অমিততেজা সেই ষাট হাজাব পুত্র আমার জন্তই কপিলেব তেজে মৃত্যুমুখে পতিত হইয়াছে ॥৬৩॥

বৎস ৷ আমি নিজের ধর্ম্মবক্ষাব জন্ম এবং পুববাসিগণেব হিতের জন্ম তোমাব পিতাকেও পবিত্যাগ করিয়াছি'' ॥৬৪॥

⁽৬১) এষ শ্লোক: বা ব কা পি নাস্তি।

লোমশ উবাচ।

অসমঞ্জা ইতি খ্যাতঃ সগরস্য স্থতো হুভূৎ।

যং শৈব্যা জনযামাস পৌরাণাং স হি দাবকান্।
গলেবু ক্রোশতো গৃহ্য নতাং চিক্ষেপ তুর্বলান্ ॥৬৬॥

ততঃ পৌরাঃ সমাজগ্যুর্ভয়শোকপরিপ্লুতাঃ।

সগরক্ষাপ্যভাষন্ত সর্বে প্রাঞ্জলয়ঃ হিতাঃ॥৬৭॥

তং নন্ত্রাতা মহারাজ! পরচক্রাদিভির্ভয়াৎ।

অসমঞ্জোভয়াদ্ঘোবাততো নন্ত্রাতুমর্হসি॥৬৮॥

পৌরাণাং বচনং প্রুত্তা বোরং নৃপতিসত্তমঃ।

মুহূর্ত্তং বিমনা ভূত্বা সচিবানিদমত্রবীৎ॥৬৯॥

অসমঞ্জাঃ পুরাদত্য স্থতো মে বিপ্রবাস্থতাম্।

যদি বো মৎপ্রিয়ং কার্য্যমেতচ্ছীত্রং বিধীয়তাম॥৭০॥

ভারতকোমুদী

কিমিতি। আত্মজমিত্যনেন প্ৰজাতক্ষেত্ৰজাদিব্যাবৃত্তিঃ। অতএবোজং হৃন্ত্যজমিতি ॥৬৫।
অসমজা ইতি। ক্ৰোশত আৰ্ত্তনাদং কুৰ্ববিতঃ, গৃহ্য ধৃত্বা। ষট্পাদোহষং শ্লোকঃ ॥৬৬॥
তত ইতি। সমাজ্যমুঃ সগববাজান্তিকমিতি শেষঃ ॥৬৭॥
ত্বমিতি। নং অত্মাকম্। প্ৰচক্ৰাদিভিঃ প্ৰবাজ্যাদিভিঃ ॥৬৮॥
পোৰাণামিতি। বিমনাঃ, পুত্ৰকুতাত্যাচাবশ্ৰবণাদিতি ভাবঃ ॥৬৯॥
অসমজা ইতি। বিপ্ৰবাশ্যতাং নিৰ্ব্বাশ্যতাম্। বো যুদ্মাকম্ ॥৭০॥

যুধিষ্ঠির কহিলেন—''তপোধন! রাজশ্রেষ্ঠ সগর হস্তাজ বীব ওরস পুত্রকে কি জন্ম পবিত্যাগ করিয়াছিলেন, তাহা আমার নিকট বলুন''॥৬৫॥

লোমশ বলিলেন—"অসমঞ্জা নামে সগরের একটা পুত্র হইয়াছিল, যাহাকে শৈব্যা প্রদব করিয়াছিলেন। সেই অসমঞ্জা পুববাসিগণেব ছর্বল বালকগুলিকে গলদেশে ধারণ কবিয়া নদীতে নিক্ষেপ করিত; তথন সেই বালকেরা আর্তনাদ করিতে থাকিত ॥৬৬॥

তাব পর পুববাসীরা ভয়ে ও শোকে আকুল হইয়া সগববাজাব নিকট আসিত এবং সকলেই কৃতাঞ্জলিপুটে থাকিয়া তাঁহাকে বলিত—॥৬৭॥

"মহারাজ! বিপক্ষরাজ্যেব ভয় হইতে আপনি আমাদেব বক্ষক; স্থৃতরাং অসমঞ্জাব গুরুতর ভয় হইতে আমাদিগকে রক্ষা ককন" ॥৬৮॥

বাজশ্রেষ্ঠ সগব পুৰবাসিগণেৰ সেই দারুণ কথা শুনিয়া, কিছুকাল বিমনা থাকিয়া মন্ত্রিগণকে এই কথা বলিলেন—॥৬৯॥

এবমুক্তা নবেন্দ্রেণ সচিবাস্তে নরাধিপ।।
যথোক্তং ত্বরিতাশ্চক্রুর্যথাজ্ঞাপিতবান্ নৃপঃ॥৭১॥
এতত্তে সর্বমাখ্যাতং যথা পুত্রো মহাত্মনা।
পৌবাগাং হিতকামেন সগবেণ বিবাসিতঃ॥৭২॥
তংশুমাংস্ত মহেম্বাসো যত্নক্তঃ সগবেণ হি।
তত্তে সর্বং প্রবক্ষ্যামি কীর্ত্ত্যমানং নিবোধ মে॥৭৩॥

সগর উবাচ।

পিতৃশ্চ তেহহং ত্যাগেন পুত্রাণাং নিধনেন চ।

অলাভেন তথাশ্বস্ত পরিতপ্যামি পুত্রক! ॥৭৪॥

তত্মাদ্ছঃখাভিসন্তপ্তং যজ্ঞবিল্লাচ্চ মোহিতম্।

হযস্তানযনাৎ পৌত্র। নবকান্যাং সমুদ্ধব॥৭৫॥

ভাৰতকৌমূদী

এবমিতি। যথোক্তম্ অসমঞ্চলো নির্বাদনম্ ॥৭১॥ এতদিতি। বিবাসিতো নগবান্নির্বাদিতঃ ॥৭২॥

অংশুমানিতি। ইষ্ন্ বাণান্ অক্সতি ক্ষিপতীতি ইষাসো ধহং "কৰ্মণাণ্" ইত্যশুতেবণ্, মহানিষাসো যশু দ মহেধাসো মহাধন্তব্ব ইত্যৰ্ধঃ ৪৭৩॥

পিতৃরিতি। নিধনেন কপিলন্যনাগ্নিনা দাহান্মবণেন ॥ १८॥

তত্মাদিতি। নরকাৎ আরক্ষযজ্ঞাসমাপনেন সম্ভাব্যমানাদিতি ভাবঃ ॥৭৫॥

"মস্ত্রিগণ! আমাব প্রিয় কার্য্য যদি আপনাদেব কর্ত্তব্য হয়, তবে এই কার্য্যটা সম্বৰ ককন, অন্তই আমাৰ পুত্র অসমঞ্জাকে নগৰ হইতে নির্বাদিত ককন" ॥৭•॥

নবনাথ! সগৰবাজা এইকপ বলিলে, সেই মন্ত্রীবা রাজার আদেশ অমুসাবে সম্বই অসমঞ্জাকে নগৰ হইতে নির্বাসিত করিলেন ॥৭১॥

সগবরাজা পুববাসীদিগেব হিতকামী হইয়া পুত্র অসমঞ্চাকে যে কাবণে নির্ব্বাসিত কবিয়াছিলেন, তাহা সমস্তই এই তোমার নিকট বলিলাম ॥৭২॥

সগররাজা মহাধন্থর্দ্ধর অংশুমান্কে যাহা বলিযাছিলেন, সে সমস্তও আমি ভোমার নিকট বলিব ; ভূমি শ্রবণ কব ॥৭৩॥

সগব বলিয়াছিলেন—"বংস। তোমাব পিতাকে পবিত্যাগ করায় অস্থাস্থ পুত্রদের মৃত্যু হওযায় এবং যজ্ঞীয় অগ্ন না পাওয়ায় আমি সর্ববিপ্রকারেই সম্ভণ্ড ইইতেছি ॥৭৪॥

অতএব আমি শোকে সন্তপ্ত এবং যজের বিদ্ন হওয়ায় মোহিত হইয়াছি;

অংশুমানেবমৃক্তস্ত সগবেণ মহাত্মনা।
জগাম হুংখাতং দেশং যত্র বৈ দারিতা মহী ॥৭৬॥
স তু তেনৈব মার্গেণ সমুদ্রং প্রবিবেশ হ।
অপশ্যচ্চ মহাত্মানং কপিলং তুবগঞ্চ তম্॥৭৭॥
স দৃষ্ট্বা তেজসো বাশিং পুবাণম্যিদত্তমন্।
প্রণম্য শিবসা ভূমো কার্য্যমন্মৈ অবেদয়ৎ ॥৭৮॥
ততঃ প্রীতো মহাবাজ। কপিলোহংশুমতোহভবৎ।
উবাচ চৈনং ধর্মাত্মা বরদোহস্মীতি ভারত!॥৭৯॥
স বত্রে তুরগং তত্র প্রথমং যজ্ঞকারণাৎ।
দ্বিতীয়মুদকং বত্রে পিতৃণাং পাবনেচ্ছয়া॥৮০॥

ভাবতকোমুদী

অংশুমানিতি। তৃ:থাৎ বৃষ্টিসহস্রজ্ঞাতিনাশনিবন্ধনাদিত্যাশয়: ॥ १৬॥
স ইতি। তেনৈব সগবপুত্রগণক্তেনৈব। তুবগং যজ্ঞাখম ॥ ११॥
স ইতি। কার্য্যম্ আত্মন: কর্ডব্যবিষয়ম্, অন্মৈ কপিলায় ॥ १৮॥
তত ইতি। অংশুমত উপবি। ধর্মাত্মা কপিলঃ, বরদ্বঃ ছাং প্রতীতি শেষঃ ॥ ১॥
স ইতি। সঃ অংশুমান্, বত্রে প্রার্থামাদ। পিতৃণাং সগরপুত্রাণাম্॥ ৮০॥

স্থুতবাং পৌত্র! তুমি সেই অশ্ব আনয়ন করিয়া আমাকে নরক হইতে উদ্ধার কর"॥৭৫॥

মহাত্মা সগর এইরূপ বলিলে, অংশুমান্ ফু:খিতচিত্তেই সেই স্থানে গমন করিলেন, যেখানে ভূতল বিদারিত ছিল॥৭৬॥

আংশুমান্ সেই পথেই সমূত্রে প্রবেশ করিলেন এবং মহাত্মা কপিলকে ও সেই অশ্বটীকে দেখিতে পাইলেন ॥৭৭॥

অংশুমান্, প্রাচীন ও ঋষিশ্রেষ্ঠ কপিলকে তেজ্ব:পুঞ্জেব স্থায় দেখিয়া মস্তক দ্বারা ভূতলে প্রণাম করিয়া, উঁহার নিকট নিজেব কর্ত্তব্য বিষয় জ্ঞানাইলেন ॥৭৮॥

মহারাজ ভরতনন্দন । তাহার পর ধর্মাত্মা কপিল অংশুমানের উপরে সন্তুষ্ট হইলেন এবং তাঁহাকে বলিলেন—"আমি তোমার প্রতি বরদাতা হইলাম"॥৭৯॥

তখন তিনি প্রথমে যজ্ঞসমাপ্তির জন্ম অর্থ প্রার্থনা করিলেন, পরে পিতৃলোকদের উদ্ধার করিবার ইচ্ছায় জল যাক্ষা করিলেন ॥৮০॥

⁽৮•)~•দ্বিতীয়ং ব্ৰকং ব্ব্ৰে—বা ব কা । বন-১১৮ (৮)

অংশুমানপি ধর্মাত্মা মহীং সাগবমেধলাম্।
প্রশশাস মহারাজ! যথৈবাস্থা পিতামহঃ ॥৯২॥
তক্ষ্য পুত্রঃ সমভবদ্দিলীপো নাম ধর্ম্মবিং।
তক্মিন্ রাজ্যং সমাধায় অংশুমানপি সংস্থিতঃ ॥৯৩॥
দিলীপস্ত ততঃ প্রুত্থা পিতৃণাং নিধনং মহং।
পর্য্যতপ্যত তুঃধেন তেষাং গতিমচিন্তয়ং ॥১৪॥
গঙ্গাবতবংশ যত্রং স্থমহচ্চাকবোম্পঃ।
ন চাবতারয়ামাস চেন্টমানো যথাবলম্ ॥৯৫॥
তক্ষ্য পুত্রঃ সমভবচ্ছ্রীমান্ ধর্মপরায়ণঃ।
ভগীরথ ইতি খ্যাতঃ সত্যবাগনসূরকঃ ॥৯৬॥

ভাবতকোমূদী

প্রশান্তেতি। রাজীবলোচনঃ পদ্মনয়নঃ সগবং। পৌত্রে অংশুমতি ॥>১॥
অংশুমানিতি। সাগর এব মেখলা কাঞ্চী যন্ত্রাস্তাং সাগববেষ্টিতামিতার্থঃ ॥>২॥
তন্ত্রেতি। সংস্থিতো মৃতঃ, "পবাস্থপ্রাপ্তপঞ্জপরেতপ্রেতসংস্থিতাঃ" ইত্যমরঃ ॥>৩॥
দিলীপ ইতি। পিতৃপাং পিতৃপ্র্বপুক্ষাণাং নগরপুর্ঞাম, মহৎ সাকল্যাদিতি ভাবঃ ॥>৪॥
গঙ্গেতি। স্থমহদিতি ক্রিয়াবিশেষণত্মারপুংসকম্। নূপো দিলীপঃ ॥>৫॥
তন্ত্রেতি। শ্রীমান্ রাজলক্ষীবান্। অনস্থয়কঃ পরদোষাবিকাররহিতঃ ॥>৬॥

এইভাবে পদ্মনয়ন সগববাজা দীৰ্ঘকাল ৰাজ্য শাসন করিয়া পৌত্র অংশুমানেব উপবে তাহাব ভাব অর্পন কবিয়া স্বর্গে চলিযা গেলেন ॥২১॥

মহারাজ ! ধর্মাত্মা অংশুমান্ও তাঁহার পিতামহেরই মত সমূদ্রবেষ্টিত সমগ্র পুথিবী শাসন কবিতে লাগিলেন ॥৯২॥

কালক্রমে অংশুমানের 'দিলীপ'-নামে ধর্মজ্ঞ একটা পুত্র জন্মিয়াছিল, তাহার উপবে রাজ্যভার অর্পণ করিয়া অংশুমান্ও প্রলোকগমন করিলেন ॥৯৩॥

তাহাব পরে দিলীপ পিতার পূর্ব্বপুক্ষগণের (সগরপুত্রগণের) গুরুতর নিধন-বৃত্তান্ত শুনিয়া হ্বংখে পবিতপ্ত হইতে লাগিলেন এবং তাঁহাদেব উদ্ধাবের উপায় চিন্তা করিতে থাকিলেন ॥১৪॥

তৎপরে দিলীপ গঙ্গাকে মর্ত্তালোকে আনিবার জন্ম গুরুতব চেষ্টা করিলেন; কিন্তু শক্তি অনুসারে চেষ্টা করিয়াও আনিতে পারিলেন না ॥৯৫॥

সেই দিলীপের 'ভগীবর্থ'-নামে একটী পুত্র জন্মিয়াছিল ; তিনি রাজলক্ষ্মীসম্পন্ন, ধর্মপরাযণ, সত্যবাদী ও অস্য়াশৃন্ত ছিলেন ॥৯৬॥

(२७)--- छोत्य बांखार मगांधाय---वा व का शि । (२७)--- मछावाननपृश्वकः---वा व का ।

অভিষিচ্য তু তং রাজ্যে দিলীপো বনমাশ্রিতঃ।
তপঃসিদ্ধিসমাযোগাৎ স বাজা ভবতর্বভ!।
বনাজ্জগাম ত্রিদিবং কালযোগেন ভাবত! ॥৯৭॥
ইতি শ্রীমহাভাবতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈযাসিক্যাং বনপর্ব্বনি
তীর্থযাত্রায়াং ভগীবথবাজ্যাভিষেকে নবতিতমোহধ্যায়ঃ॥০॥ *

---:*:

একনবভিতমোহধ্যায়ঃ।

---°2+°---

লোমশ উবাচ।

স তু বাজা মহেধাসশ্চক্রবর্তী মহাবথঃ। বভূব সর্ববলোকস্থ মনোনয়ননন্দনঃ ॥১॥ স শুশ্রাব মহাবাহুঃ কপিলেন মহাত্মনা। পিতৃগাং নিধনং ঘোরমপ্রাপ্তিং ত্রিদিবস্থ চ ॥২॥

ভাবতকোমূদী

অভীতি। ত্রিদিবং স্বর্গম্, কালযোগেন কালক্রমেণ। বট্পাদোহবং শ্লোকঃ ॥२ १॥ ইতি মহামহোপাধ্যায়-ভাবতাচার্য্য-মহাকবি-পদ্মভূবণ-শ্রীহরিদাসনিদ্ধান্তবাগীণভট্টাচার্য্যবিবচিতায়াং মহাভারতটীকাষাং ভারতকৌমূদীসমাধ্যায়াং বনপর্কণি তীর্থযাত্রায়াং নবতিতমোহধ্যায়ঃ ॥ • ॥

--:*:---

স ইতি। মহেম্বাসো মহাধন্থর্দ্ধনঃ, চক্রেণ স্বপরবাজ্যাধিকাবেণ বর্ত্তত ইতি চক্রবর্ত্তী ॥১॥ স ইতি। ঘোরং নয়নানলেন যুগপং ক্বতমাদিতি ভাবঃ। ত্রিদিবস্থ স্বর্গস্থ ॥২॥ ভারতভাবদীপঃ

স হিতি ॥১—৪৮॥

ইতি শ্রীমহাভারতে বনপর্বাণি নৈলক্ষীষে ভাবতভাবদীপে একনবতিতমোহধ্যায়: ॥৯১॥

ভরতশ্রেষ্ঠ ৷ মহাবাজ দিলীপ সেই ভগীবথকে রাজ্যে অভিষিক্ত কবিয়া বনে গমন কবেন এবং তিনি তপঃসিদ্ধিব বলে কালক্রমে সেই বন হইতেই স্বর্গে প্রস্থান কবেন" ॥৯৭।

~---°#°---

লোমশ বলিলেন—"সকল লোকের মন ও নয়নের আনন্দজনক সেই ভগীরথ-বাজা ক্রমে মহাধ্যুদ্ধর, মহাবথ ও রাজচক্রবর্ত্তী হইলেন ॥১॥

^{. 🌞 &#}x27;…সপ্তাধিকশতভমোহধ্যায়ঃ'—বা ব কা পি নি !

দ বাজ্যং সচিবে অস্ত হৃদ্যেন বিদ্যতা।
জগাম হিমবং পার্থং তপস্তপ্ত; নবেশ্বরঃ ॥৩॥
আরিরাধয়িরুর্গঙ্গাং তপদা দগ্ধকিল্পিয়ঃ!
সোহপশ্যত নবশ্রেষ্ঠ । হিমবন্তং নগোভমম্ ॥৪॥
শৃঙ্গৈর্বহুবিধাকাবৈধাতুমদ্ভিবলম্পত্তম্ ।
পবনালম্বিভির্নেষ্টেং পরিষিক্তং দমন্ততঃ ॥৫॥
নদীকুঞ্জনিতবৈশ্ব পোনাদিরুপশোভিত্য্ ।
গুহাকন্দরসংলীনেঃ সিংহব্যাফ্রৈনিষেবিত্য্ ॥৬॥
শকুনৈন্চ বিচিত্রাস্থাং কৃজন্ভির্বিবিধা গিবঃ।
ভঙ্গরাজৈন্তথা হংদৈদ্ভিয়ুহৈর্জলকুর্কুটোঃ ॥৭॥
মর্বিঃ শতপত্তিশ্ব জীবঞ্জীবককোকিলৈঃ।
চকোবৈবিদ্যাপাস্থৈতথা পুত্রপ্রিবিবিধা ॥৮॥
জলস্থানেরু রম্যেরু পাদ্যনীভিশ্ব দক্ষুলম্ ।
সাবদানাঞ্চ মধুরৈর্ব্যাহ্নতৈঃ সমলস্কৃত্য্ ॥৯॥

ভারতকোমূদী

দ ইতি। বিদ্যতা সম্ভণ্যমানেন, উক্তোভযধ্রবণাদিত্যাশবঃ ॥০॥ আরীতি। আবিবাধনিবৃঃ আবাদ্ধুমিচ্ছুং, স্বার্থে ইন্ আর্থঃ ॥৪॥

শৃদৈদ্বিতি। ধাতৃমন্তি: গৈরিকাদিধাতৃমুক্তি:। প্রনালম্বিভির্বায়্ভবসঞ্চলিতৈ:। প্রাসাদৈর্দেবাল্যে:। গুহা এব কন্দবাণি বিবরাণি তেরু সংলীনে: শ্বিতি:। শকুনৈ: পক্ষিভি:। কৃষ্ণন্তি: কৃর্বন্তি:, গিরো ব্যান্। শতপ্রৈ: পুত্রপ্রিবৈশ্চ পৃক্ষিবিশেষে:।

ক্রমে মহাবান্থ ভগীবথ শুনিতে পাইলেন যে, তাঁহাব পিতৃপুক্ষগণ মহাত্মা কপিলের নয়নানলে ভযঙ্কবভাবে মৃত্যুমুখে পতিত হইয়াছেন এবং (সেই কারণেই) স্বর্গলাভ করিতে পারেন নাই ॥২॥

তথন তিনি মন্ত্রীর উপরে রাজ্যভার বিশুস্ত কবিষা তপস্থা করিবাব জন্ম সন্তও হুদুরে হিমালযুসমীপে গমন কবিলেন ॥৩॥

নবশ্রেষ্ঠ। তিনি তপস্থার প্রভাবে পাপবিহীন হইয়া পবে গঙ্গাব আরাধনা কবিবাব ইচ্ছায় (বাইতে থাকিয়া ক্রমে) পর্বতিশ্রেষ্ঠ হিমালয়কে দর্শন করিলেন ॥৪॥ ক্রমে সেই হিমালয়ে যাইয়া উপস্থিত হইলেন। সেই হিমালয়—গৈবিকাদি ধাতুয়ুক্ত নানাবিধ শৃঙ্গদ্বারা অলঙ্কত ছিল; বায়্তবে চলিত মেবসমূহ সকল দিকে বর্ষণ করিতে থাকায় সংসিক্ত হইতেছিল; নদী, কুঞ্জ, নিতস্ব ও দেবালয়-

কিন্নবৈবন্দবোভিশ্চ নিষেবিতশিলাতলম্।
দিখারণবিষাণাত্রিঃ সমন্তাদ্মৃন্টপাদপম্॥>०॥
বিভাধবানুচবিতং নানাবত্বসমাকুলম্।
বিষোল্পণভূজসৈশ্চ দীগুজিইর্ননিষেবিতম্॥>>॥
কচিৎ কনকসঙ্গাশং কচিদ্রজ্জতসন্নিভম্।
কচিদঞ্জনপুঞ্জাভং হিমবন্তমুপাগমৎ॥>২॥ (কুলকম্)
স তু তত্র নরশ্রেষ্ঠ ! তপো ঘোবং সমাস্থিতঃ।
ফলমূলান্বুসংভক্ষঃ সহস্রং পরিবৎসরান্॥>০॥
সংবৎসরসহত্রে তু গতে দিব্যে মহানদী।
দর্শবামাস তং গঙ্গা তদা মূর্ত্রিমতী স্বয়ম্॥>৪॥

ভাবতকোমুদী

ব্যাহ্বতৈঃ ববৈঃ। দিখাবণানাং দিগ্হস্তিনাং বিষাণাগ্রৈর্দস্ভাগ্রেঃ সমস্তাৎ সর্বাস্থ দিকু, দ্বষ্টাঃ পাদপা বৃক্ষা যত্ত তম্। দীপ্তা উচ্ছলা জিহবা যেবাং তৈঃ। কনকসন্ধাশং স্বর্ণবর্ণম্, অঞ্জনপুঞ্চাভং কচ্ছলবাশিবর্ণম্ ॥৫—১২॥

স ইতি। স ভগীবথ:। সমাস্থিতঃ অবলম্বিতবান্ ক্বতবানিত্যর্থ: ॥১৬॥

সংবৎসবেতি। দিবোঁ দেবপবিমাণে। ইদম্যিককালোপলক্ষণম্। স্বযমাত্মানম্॥১৪॥

সমূহে শোভিত ছিল, গুহামুপ্ত সিংহ ও ব্যাত্মসমূহে অধ্যুষিত ছিল; নানাবিধ ববকাবা ও বিচিত্র দেহ বহুতর পক্ষী এবং বৃহৎ ভ্রমর ডাহুক, পানকড়ি, মযুব, শতপত্র, জীবজ্ঞীবক, কোকিল, চকোব, অসিতাপান্দ ও পুত্রপ্রিয় পক্ষীবা এবং পাললতাসমূহ তাহাব মনোহব জলাশয়গুলিকে ব্যাপ্ত কবিয়া রহিয়াছিল; আব সাবসপক্ষিগণেব মধুর রব হইতেছিল; কিন্নরগণ ও অক্সবোগণ শিলাতলে অবস্থান কবিতেছিল, সকল দিকের বৃক্ষগুলিই দিগ্হস্তিগণেব দন্তাত্রে ঘর্ষিত ছিল; বিগ্রাধবেবা বিচবণ করিতেছিল; নানাবিধ বত্ন বিবাজ কবিতেছিল; বিধোমান্ত ও দীপ্তজিহুর সর্প সকল অবস্থান করিতেছিল এবং সে হিমালয় কোখাও স্বর্ণবর্ণ, কোথাও বজতবর্ণ এবং কোথাও কজ্জলবাশির স্থায় কৃষ্ণবর্ণ ছিল ॥৫—১২॥

নবশ্রেষ্ঠ ! ভগীবথ সেই হিমালয়পর্বতে সহস্র বৎসবপর্যান্ত কেবল ফল, মূল ও জল ভক্ষণ কবিয়া ভযক্কব তপস্থা কবিলেন ॥১৩॥

েদেবপবিমাণেব সহস্র বংসব অতীত হইলে, তখন মহানদী গঙ্গা মূর্তিনতী হইয়া আসিয়া ভগীবর্থকে আত্মদর্শন কবাইলেন ॥১৪॥

⁽১৩, .. नद्रत्यक्षे: ... म्यां खिंछः — वां व कां।

গঙ্গোবাচ।

কিমিচ্ছিসি মহারাজ! মতঃ কিঞ্চ দদানি তে।
তদ্ব্রবীহি নরশ্রেষ্ঠ! করিয়ামি বচন্তব ॥১৫॥
এবমুক্তঃ প্রত্যুবাচ রাজা হৈমবতীং তদা।
পিতামহা মে ববদে! কপিলেন মহানদি!॥১৬॥
অন্তেষমাণাস্ত্রবগং নীতা বৈবস্বতক্ষরম্।
ষ্ঠিন্তানি সহস্রাণি সাগরাণাং মহাত্মনাম্॥১৭॥ (য়ৄয়য়ম্ম্)
কাপিলং তেজ আসাত্য ক্ষণেন নিধনং গতাঃ।
তেষামেবং বিনফানাং স্বর্গে বাসো ন বিহুতে ॥১৮॥
যাবত্তানি শরীরাণি ত্বং জলৈনাভিষিক্ষান।
তাবত্তেবাং গতিনান্তি সাগরাণাং মহানদি!॥১৯॥
স্বর্গং নয় মহাভাগে! মৎপিত্রন্ সগরাত্মজান্।
তেষামর্থেইভিষাচামি ত্মামহং বৈ মহানদি!॥২০॥

ভারতকোমুদী

কিমিতি। মক্তো মন সকাশাৎ কিমিচ্ছিলি। বচো বচোৎস্ক্রপং কার্য্যয় ॥১৫॥ এবমিতি। হৈমবতীং হিমবত আগতাং গঙ্গাম্। বৈবস্বতক্ষয়ং যমাল্যম্। সাগরাণাৎ সগরপুত্রাণাম্। ষষ্টিরিত্যতঃ সংখ্যাধিক্যাদপ্যমূপেক্ণীয়া ইতি ভাবঃ ॥১৬—১৭॥

কাপিলমিতি। "যে চ বৈ ব্রাহ্মণৈহ্তাঃ" ইতি শ্বতো পাতিত্যশ্রবণাদিত্যাশয়ঃ ॥১৮॥ যাবদিতি। ত্বদীয়জলেনাভিষেকে তু তেবাং শ্বর্গে গতিঃ স্থাদেব, "যাবদন্থি মন্ত্যস্থ গঙ্গাতোষেরু মন্ত্রতি। তাবম্বব্যহমাণি শ্বর্গলোকে মহীযতে" ইতি শ্বতেরিতি তাবঃ ॥১৯॥

গঙ্গা বলিলেন—"মহারাজ! আপনি আমার নিকট হইতে কি ইচ্ছা করেন, আমি আপনাকে কি দিব, ভাহা বলুন; নরশ্রেষ্ঠ! আমি আপনার প্রার্থনাব অমুরূপ কার্য্য করিব"॥১৫॥

গঙ্গা এইরূপ বলিলে, তথন ভগীবথ তাঁহাকে বলিলেন—"বর্দে। মহানদি। আমার পূর্বপুক্ষেবা অশ্ব অন্বেধণে গিয়াছিলেন, তথন কপিল তাঁহাদিগকে যমালয়ে পাঠাইয়াছেন। সেই মহাত্মা সগবপুত্রগণ সংখ্যায় ছিলেন ষাট হাজার ॥১৬—১৭॥

তাঁহাবা কপিলেব তেজে ক্ষণকালমধ্যেই মৃত্যুমূখে পতিত হইয়াছেন। এই-ভাবে বিনষ্ট হওয়ায় তাঁহাদের স্বর্গে বাস হইতে পারে না ॥১৮॥

মহানদি! যে পর্যান্ত আপনি জলদ্বাবা সেই শরীরগুলি অভিষিক্ত না করেন, সে পর্যান্ত সেই সগরপুত্রণের সদ্গতি হইতে পারে না ॥১৯॥

^{(&}gt;৮) ব্পিলং দেবমাগাত—বা বা ব হা।

লোমশ উবাচ।

এতচ্প্রান্থ বচো রাজ্ঞা গঙ্গা লোকনমস্কৃতা।
ভগীরথমিদং বাক্যং স্থান্তা সমভাষত ॥২১॥
কবিয়ামি মহারাজ! বচন্তে নাত্র সংশয়ঃ।
বেগন্ত মম ছর্জার্য্যং পতন্ত্যা গগনাভুবম্ ॥২২॥
ন শক্তস্ত্রিষু লোকেষু কশ্চিদ্ধার্য্নিস্থং নৃপ!।
অন্তত্র বিবুধশ্রেষ্ঠান্নীলকণ্ঠান্মহেশ্ববাৎ ॥২৩॥
তং তোষয় মহাভাগ! তপদা বরদং হবম্।
দ তু মাং প্রচ্যুতাং দেবঃ শিরদা ধার্য্নিয়তি ॥২৪॥
দ কবিয়াতি তে কামং পিতৃণাং হিতকাম্য়া।
এতচ্প্রান্থ ততো রাজন্! মহারাজো ভগীবথঃ ॥২৫॥

ভাবতকৌমুদী

স্বৰ্গমিতি। মৎপিত,ূন্ মম পিতৃপূৰ্বপূক্ষান্ ॥২ •॥

এতদিতি। স্থাতা, পূর্বপুরুষোদ্ধাবায ঈদৃশাযাসন্ত্রীকবণাদিত্যাশয: ॥২১॥

করিন্তামীতি। তৃদ্ধার্যামিতি ভাবে প্রত্যাবাৎ "ন কর্তৃকর্মপ্রাপ্তো" ইতি কর্মনি ষঞ্চানিবেধাৎ বেগমিতি বিতীবৈব, "কাং দিশং গস্তব্যম্" ইতি শ্রীপত্যাদান্তত্বৎ ॥২২॥

নেতি। ধার্যিকুং মম বেগমিতি শেষঃ। বিবৃধপ্রেষ্ঠাৎ দেবপ্রধানাৎ ॥২৩॥ তমিতি। প্রচ্যুতাং ভূবি পতন্তীম্ ॥২৪॥

অতএব মহাভাগে! মহানদি! আপনি আমার পূর্বপুক্ষ দগবপুত্রদিগকে স্বর্গে প্রেবণ ককন, তাহাদের জন্মই আমি আপনাব নিকট এই প্রার্থনা করিতেছি"॥২০॥

লোমশ কহিলেন—"ভগীরথেব এই কথা শুনিয়া জগংপূজনীয়া গঙ্গা সম্ভষ্ট হইয়া ভগীবথকে এই কথা বলিলেন—॥২১॥

"মহাবাজ! আমি আপনাব প্রার্থনাব অনুরূপ কার্য্য করিব, এ বিষয়ে কোন সন্দেহ নাই বটে , কিন্তু আকাশ হইতে ভূতলে পড়িবার সময়ে আমাব বেগ ধাবণ কবা ছুদ্ধর ॥২২॥

বাজা! দেবশ্রেষ্ঠ নীলকণ্ঠ মহাদেব ব্যতীত ত্রিভূবনের মধ্যে অন্য কোন লোকই আমার বেগ ধাবণ কবিতে সমর্থ হইবে না ॥২৩॥

অতএব মহাভাগ। আপনি তপস্থাদ্বাবা সেই ববদাতা মহাদেবকে সন্তুষ্ট ককন; তিনিই পড়িবার সময়ে আমাকে মস্তকদ্বাবা ধাবণ কবিবেন ॥২৪॥

⁽२১)•••বাকাম্বাচ প্রীতমানমা—বা ব কা। (২২)···গগনাদ্জতম্—পি। বন-১১৯ (৮)

কৈলাসং পর্বতং গত্না তোষ্যামাস শস্কবম্।
তপন্তীব্রমূপাগম্য কালযোগেন কেনচিৎ ॥২৬॥ (মুগ্মকম্)
তপন্তীব্রমূপাগম্য কালযোগেন কেনচিৎ ॥২৬॥ (মুগ্মকম্)
তগ্নহাচচ ববং তত্মাদৃগঙ্গাযা ধাবনে নৃপ ! ।
অর্গে বাসং সমুদ্দিশ্য পিত্বাং স নবোক্তমঃ ॥২৭॥
ভগীরথবচঃ শ্রুত্বা প্রিয়ার্থঞ্চ দিবোকসাম্ ।
এবমন্তিতি বাজানং ভগবান্ প্রত্যভাষত ॥২৮॥
ধার্ষিয়ে মহাভাগ । গগনাৎ প্রচ্যুতাং শিবাম্ ।
দিব্যাং দেবনদীং পুণ্যাং ত্বৎক্তে নূপসত্তম ! ॥২৯॥
এবমূক্ত্বা মহাবাহো ! হিমবন্তমূপাগমৎ ।
বৃত্তঃ পারিষদৈর্ঘোরের্নানাপ্রহরণোত্তিতঃ ॥৩০॥
তত্রে ত্বিত্বা নরপ্রেষ্ঠং ভগীবথমুবাচ হ ।
প্রধাচন্ত্ব মহাবাহো ! শৈলবাজ্যুতাং নদীম্ ॥৩১॥

ভারতকোমুদী

দ ইতি। কামমভীষ্টম্। উপাগমা অঙ্গীকৃতা কৃষেতার্থঃ ॥২৫—২৬॥ অগৃহাদিতি। অগৃহাৎ অযাচতেতার্থঃ। দ ভগীরথঃ ॥২৭॥ ভগীতি। প্রিযার্থং সম্দ্রপ্রণকপপ্রীতিকরকার্যার্থম্, দিবৌকসাং দেবানাম্ ॥২৮॥ ধারমিয়া ইতি। প্রচ্যুতাং পতিতাম্, শিবাং মঙ্গলকরীম্, দিব্যাং অর্গীযাম্ ॥২৯॥ এবমিতি। উপাগমৎ, ভগবানিতি পূর্ববিতেহেত্ব্বিতঃ ॥৩০॥

এবং তিনিই আপনাব পিতৃপুক্ষগণেব হিত করিবাব ইচ্ছায় আপনাব অভীষ্ট সম্পাদন কবিবেন।" রাজা। এই কথা শুনিয়া তাহার পর মহাবাজ ভগীরথ কৈলাসপর্বতে যাইয়া তীত্র তপস্থা কবিষা বছকাল পরে মহাদেবকে সম্ভুষ্ট করিলেন ॥২৫—২৬॥

এবং নবশ্রেষ্ঠ ভগীবথ আপন পিতৃপুক্ষগণের স্বর্গে বাস উদ্দেশ্য কবিয়া গঙ্গাকে ধারণ কবিবাব বিষয়ে মহাদেবেব নিকট বর প্রার্থনা করিলেন ॥২৭॥

ভগীবথেব কথা শুনিষা ভগবান্ মহাদেব দেবগণেবও প্রীতিকর কার্য্য করিবাব

ব্যক্ত ভগীবথকে বলিলেন—"এইকপই হউক ॥২৮॥

মহাভাগ বাজশ্রেষ্ঠ। আকাশ হইতে নিপতিতা মঙ্গলকাবিণী স্বৰ্গীয়া পবিত্রা গঙ্গাকে তোমার জন্মই আমি ধাবণ কবিব" ॥২৯॥

মহাবাহু! মহাদেব এইরূপ বলিয়া- নানাবিধ অন্ত্রধাবী ভয়ঙ্কর পারিষদবর্গে পবিবেষ্টিত হইয়া হিমালয়ে গমন কবিলেন ॥৩০॥

⁽২৭) শ্লোকাৎ পরম্ '--- অষ্টাধিকশততমোহধ্যায়ঃ। লোমশ উবাচ'—বা ব কা পি নি।

পিতৃণাং পাবনার্থং তে তামহং মনুজাধিপ !।
পতমানাং সরিচেছ্ প্রাং ধাবরিয়ে ত্রিপিফপাৎ ॥৩২॥
এতচ শ্রুত্বা বচো বাজা শর্বেব সমুদাহৃত্য্ ।
প্রয়তঃ প্রণতো ভূত্বা গঙ্গাং সমনুচিন্তয়ৎ ॥৩৩॥
ততঃ পুণ্যজলা রম্যা রাজ্ঞা সমনুচিন্তিতা।
ঈশানঞ্চ স্থিতং দৃষ্ট্বা গগনাৎ সহসা চ্যুতা ॥৩৪॥
তাং প্রচ্যুতামথো দৃষ্ট্বা দেবাঃ সার্দ্ধং মহর্ষিভিঃ।
গন্ধর্বেবারগযক্ষাশ্চ সমাজগ্ম দিদৃক্ষবঃ ॥৩৫॥
ততঃ পপাত গগনাদ্গঙ্গা হিমবতঃ স্থতা।
সমুদ্ধতমহাবর্ত্তা মীনগ্রাহসমাকুলা ॥৩৬॥

ভাৰতকোমূদী

তত্ত্ত্তি। প্রযাচম্ব অবতরণমিতি শেষঃ। নদীং গঙ্গাম্ ॥৩১॥
পিতৃণামিতি। পতমানাং পতন্তীম্। ত্ত্তিপিইপাৎ ম্বর্গাৎ ॥৩২॥
এতদিতি। শর্বেণ মহাদেবেন। সমস্কচিন্তবদিতি অভাগমাভাব আর্বঃ ॥৩৩॥
তত ইতি। পুণ্যজলা গঙ্গা। ঈশানং মহাদেবঞ্চ, স্থিতং ধাবণাবেতি শেষঃ ॥৩৪॥
তামিতি। প্রচ্যুতাং পতন্তীম্। দিদৃক্ষবো স্রষ্টুমিচ্ছবঃ ॥৩৫॥
তত ইতি। সমূহতো গর্বিত ইব মহানাবর্ত্তো জলভ্রমির্বস্তাঃ না, গ্রাহো জলজ্জঃ ॥৩৬॥

তিনি সেইখানে থাকিয়া (দাডাইয়া) নবশ্রেষ্ঠ ভগীবথকে বলিলেন—"মহাবাহু। তুমি পর্ব্বতবাজকন্তা গঙ্গাব নিকট তাহাব অবতবণ প্রার্থনা কর ॥৩১॥

নবনাথ! তোমাব পিতৃপুক্ষগণকে পবিত্র করিবার জন্ম স্বর্গ হইতে পড়িবার সমযে আমি সেই নদীশ্রেষ্ঠা গঙ্গাকে ধাবণ কবিব" ॥৩২॥

মহাদেবেব এই কথা শুনিয়া বাজা ভগীবথ পবিত্র ও প্রণত হইয়া গঙ্গাকে স্মবণ কবিলেন ॥৩১॥

তাহাব পব ভগীবথকর্ত্ত্বক স্মৃত হইয়া এবং মহাদেবকে দাঁডাইয়া থাকিতে দেখিয়া পুণাঞ্চলা ও রম্যা গঙ্গা তৎক্ষণাৎ আকাশ হইতে পতিত হইলেন ॥৩৪॥

তথন তাঁহাকে পতিত দেখিয়া মহর্ষিদের সহিত দেবগণ এবং গন্ধর্ববগণ, নাগগণ ও যক্ষগণ দেখিবাব ইচ্ছায় আগমন কবিলেন ॥৩৫॥

তাহাব পব হিমালয়তনয়া গঙ্গা মংস্থ ও জলজন্ততে পৰিপূৰ্ণ হইয়াই আকাশ হইতে পতিত হইতে লাগিলেন, দেই সময়েই তাহাব জলে বিশাল আবর্ত্ত (ঘোলা) সকল উদ্ধৃতভাবে চলিতে লাগিল ॥৩৬॥

⁽७२) প্রথমার্ছং বা ব কা পি নাস্তি।

তাং দধাব হরো রাজন্! গঙ্গাং গগনমেখলাম্।
ললাটদেশে পতিতাং মালাং মুক্তাময়ীমিব ॥৩৭॥
সা বভূব বিদর্পন্তী ত্রিরা বাজন্। সমুদ্রেগা।
ফেনপুঞ্জাকুলজলা হংসানামিব পঙ্ ক্রয়ঃ ॥৩৮॥
কচিদাভোগকুটিলা প্রস্থালন্তী কচিৎ কচিৎ।
সা ফেনপটদংবীতা মত্তেব প্রমদাহত্রজৎ।
কচিৎ সা তোয়নিনদৈর্নদন্তী নাদমুক্তমম্ ॥৩৯॥
এবংপ্রকারান্ স্থবহূন্ কুর্ববতী গগনাচ্চ্যুতা।
পৃথিবীতলমাসাত ভগীবথমথাত্রবীৎ ॥৪০॥
দর্শবন্ধ মহারাজ! মার্গং কেন ত্রজাম্যহম্।
অদর্থমবতীর্ণান্মি পৃথিবীং পৃথিবীপতে! ॥৪১॥

ভাৰতকৌমুদী

তামিতি। গগনশু মেথলাং কাঞ্চীমিব। মৃক্তেত্যাদিনা জনাযাসধারণং স্থাচিতম্ ॥৩৭॥ সেতি। বিদর্শন্তী নিপতন্তী, ত্রিধা ধারাত্রয়েণ বিভক্তা, হবশু ছিধাবিভক্তজটাগ্রহমাৎ নাদিকাগ্রাচ্চ প্রবণাদিতি ভাবং, সমৃক্রণা সমৃক্রাভিমূধগমনপ্রবৃত্তা ॥৬৮॥

কচিদিতি। আ সম্যগ্ভোগঃ সর্পশবীরং তবৎ কুটিলা বক্রা, অন্যত্ত আ ভোগায় সম্যগ্বতি-স্থথায় কুটিলা বক্রাভিপ্রাযা, কচিৎ কচিৎ উন্নতপাযাণাদৌ, প্রস্থলম্ভী প্রতিহতবেগা, ফেনঃ পট ইব তিন সংবীতা আবৃতা। ষট্পাদোহয়ং শ্লোকঃ ॥০২॥

এবমিতি। এবম্ ঈদৃশান্, প্রকারান্ অবস্থাঃ। চ্যুতা পতিতা ॥৪•॥ দর্শযম্বেতি। মার্গং মন্গমনপথম্, কেন মার্গেণ ॥৪১॥

রাজা! তথন আকাশেব মেখলাব স্থায় গঙ্গা মহাদেবের ললাটদেশে পতিত হইতে লাগিলেন; মহাদেবও মুক্তাময়ী মালার স্থায় তাঁহাকে ধাবণ কবিতে থাকিলেন ॥৩৭॥

বাজা। গঙ্গা পতিত হইতে থাকিয়াই তিন ভাগে বিভক্ত হইয়া সমুজাভি-মূখে চলিতে লাগিলেন; তখন হংসঞ্জোণীৰ ক্যায় ফেনবাশিতে তাঁহাৰ জল ব্যাপ্ত ইইতে থাকিল ॥৬৮॥

কোথাও সর্পশরীবের স্থায় বক্রা, কোথাও কোখাও প্রাতিহতবেগা এবং কোথাও জলেব শব্দে মনোহব শব্দকাবিণী হইয়া এবং ক্রেনবসনে দেহ আর্ড কবিয়া, মত্তা কামিনীর স্থায় তিনি চলিতে লাগিলেন ॥৩৯॥

গঙ্গা আকাশ হইতে পড়িবাৰ সময়ে এইবাপ বছৰিধ ভাব করিয়া, তাহাব পব ভূতলে আসিয়া ভগীরথকে বলিলেন—॥৪০॥ চত্ত শ্রুত্থা বচো রাজা প্রাতিষ্ঠত ভগীবথঃ।

যত্র তানি শবীবাণি সাগবাণাং মহাত্মনাম্।
প্রাবনার্থং নরশ্রেষ্ঠ ! পুণ্যেন সলিলেন চ॥৪২॥
গঙ্গাযা ধারণং কৃত্বা হরো লোকনমস্কৃতঃ।
কৈলাসং পর্বতশ্রেষ্ঠং জগাম ত্রিদশৈঃ সহ ॥৪৩॥
সমাসাত্য সমুদ্রক গঙ্গয়া সহিতো নৃপঃ।
পূর্য়ামাস বেগেন সমুদ্রং বরুণালয়ম্ ॥৪৪॥
ত্রহিত্ত্বে চ নৃপতির্গঙ্গাং সমন্ত্রকল্লয়ং।
পিতৃণাক্ষোদকং তত্র দদৌ পূর্ণমনোবথঃ ॥৪৫॥
এতত্তে সর্বমাখ্যাতং গঙ্গা ত্রিপথগা যথা।
পূবণার্থং সমুদ্রস্থ পৃথিবীমবতারিতা ॥৪৬॥
কালেয়াশ্চ মহাবাজ। ত্রিদশৈর্বিনিপাতিতাঃ।
সমুদ্রশ্চ যথা পীতঃ কাবণার্থং মহাত্মনা ॥৪৭॥

ভারতকোমূদী

এতদিতি। প্রাতিষ্ঠত পন্থানং প্রদর্শবন্ অগ্রে অগ্রে অগচ্ছৎ। বট্পাদোহবং শ্লোকঃ ॥৪২॥ গঙ্গাযা ইতি। ত্রিদশৈঃ—গঙ্গাযাঃ পতনদর্শনেচ্ছমা প্রাগাগতৈর্দেবৈঃ ॥৪৩॥ সমাসাত্তেতি। প্রয়ামাস গঙ্গাযা জলদ্বাবা ॥৪৪॥

ছুহিতৃত্ব ইতি। গঙ্গাং ছুহিতৃত্বে সমন্ত্ৰর্যৎ, তন্তাঃ পৃথিব্যাম্ৎপাদনাদিত্যাশবঃ। অতএব সা ভাগীরথীত্যাথ্যাবতে। সমন্ত্ৰর্যদিত্যভাগমাভাব আর্বঃ ॥৪৫॥

"মহারাজ! আমি কোন্ পথে যাইব, তাহা আপনি দেখাইয়া দিন; পৃথিবীপতি! আমি আপনাব জন্তই পৃথিবীতে অবতীৰ্ণ হইয়াছি'' ॥৪১॥

নবশ্রেষ্ঠ ! ভগীবথবাজা এই কথা শুনিয়া—যেখানে মহাত্মা সগবপুত্রগণেব সেই শবীরগুলি ছিল, সেগুলিকে গঙ্গার পবিত্র জলদ্বাবা প্লাবিত করাইবার জন্ত সেই পথে চলিতে লাগিলেন ॥৪২॥

জগৎপৃজিত মহাদেব গঙ্গাকে ধাবণ কৰিয়া দেবগণেব সহিত পৰ্ব্বতশ্ৰেষ্ঠ কৈলাসে চলিয়া গেলেন ॥৪৩॥

বাজা ভগীবথও গঙ্গার সহিত সমুদ্রে যাইয়া তাঁহার জলদাবা বকণালয় সমুদ্রকে বেগে পবিপূর্ণ কবিলেন ॥৪৪॥

এবং তিনি গঙ্গাকে আপন কন্তারপে কল্পনা করিলেন, আব সেখানে পিতৃ-পুক্ষগণকে গঙ্গাজল দান কবিয়া পূর্ণমনোব্ধ হইলেন ॥৪৫॥

(89) প্রথমার্ক্ষ বাব কা পি নান্তি।

বাতাপিশ্চ যথা নীতঃ ক্ষরং স ব্রহ্মহা প্রভা ! । অগস্ত্যেন মহারাজ ! যন্মাং স্থং পরিপৃচ্ছসি ॥৪৮॥ (বিশেষকম্) ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতারাং বৈরাসিক্যাং বনপর্ব্বনি তীর্থবাত্রারাং গঙ্গাবতরণকথনে একনবতিতমোহধ্যারঃ॥০॥ #

---242---

দ্বিনবতিতমোহধ্যায়ঃ।

---°#2---

বৈশম্পায়ন উবাচ।
ততঃ প্রয়াতঃ কোন্তেয়ঃ ক্রমেণ ভরতর্বভ!।
নন্দামপরনন্দাঞ্চ নজো পাপভ্য়াপহে॥১॥
পর্বতং স সমাসাগ্র হেমকূটমনাময়ম্।
অচিন্ত্যানভূতান্ ভাবান্ দদর্শ স্থবহূন্ নূপঃ॥২॥

ভারতকোমূদী

এতদিতি। শ্বতাবিতা আনীতা। কাবণার্থং কালেধবিনাশবপপ্রয়োজনসাধনার্থন্। ব্রহ্মহা ব্রহ্মহত্যাকারী। মহাত্মনা অগস্ত্যেনেতি সম্বন্ধঃ ॥৪৬—৪৮॥
ইতি মহামহোপাধ্যাব-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূবণ-শ্রীহবিদাসসিদ্ধান্তবাদ্মশভট্টাচার্য্যবিদ্বচিতামাৎ
মহাভারতটীকান্নাং ভারতকোম্দীসমাধ্যাবাং বনপর্বাণি তীর্থমান্ত্রাবামেকনবতিতমাহধ্যামঃ ॥০॥

--- 9 # 6---

তত ইতি। ততো ভৃগুতীর্থাৎ, প্রয়াতো গতঃ, কোন্তেয়ো বৃধিষ্টিরঃ ॥১॥

নহাবাজ বুখিন্টিব! তুমি আমাকে বাহা জিজ্ঞাসা কবিয়াছিলে—অর্থাৎ সমৃত্রপূরণেব জন্ম ত্রিপথগামিনী গঙ্গাকে বে পৃথিবীতে আনরন করা হইয়াছিল, দেবতাবা কালের অস্থ্বগণকে যে নিপাত কবিয়াছিলেন, দেবগণেব উদ্দেশ্য সাধন কবিবার জন্ম মহাত্রা অগস্ত্য যে সমৃত্যকে পান কবিয়াছিলেন এবং তিনি—সেই ব্রহ্মহত্যাকাবী বাতাপি দানবকে যে ক্ষয় কবিয়াছিলেন, সেই সমস্তই এই তোমার নিকট বলিলাম" ॥৪৬—৪৮॥

___<u>6</u>&9___

বৈশম্পায়ন বলিলেন—ভবতশ্রেষ্ঠ জনমেজয় । যুখিন্তিব সেই ভৃগুতীর্থ ইইতে জনে পাপভয়নাশিনী নন্দা ও অপবনন্দানান্নী তুইটী নদীতে গমন করিলেন ॥১॥

 ^{* &#}x27;---নবাধিকশততবোহধ্যাবঃ'—বা ব কা পি নি।

বাচা ষত্রাভবন্ মেঘা উপলাশ্চ সহস্রশঃ।
নাশক্র্বংস্তমারোচ্যু বিষধমনসো জনাঃ॥৩॥
বায়্রনিত্যং ববে তিত্র নিত্যং দেবশ্চ বর্ষতি।
স্বাধ্যায়ঘোষশ্চ তথা শ্রেয়তে ন চ দৃশ্যতে॥৪॥
সাফং প্রাতশ্চ ভগবান্ দৃশ্যতে হব্যবাহনঃ।
মন্দিকাশ্চাদশংস্তর তপসঃ প্রতিবাতিকাঃ।
নির্বেদো জায়তে তত্র গৃহাণি শ্বরতে জনঃ॥৫॥
এবং বহুবিধান্ ভাবানদ্পতান্ বীক্ষ্য পাণ্ডবঃ।
লোমশং পুনরেবাথ পর্য্যপ্চছত্তদদ্ভুত্ম্॥৬॥

ভারতকোমুদী

পর্বতমিতি। অনামশং নিকপশ্রবম্। ভাবান্ পদার্থান্ ॥२॥
বাচেতি ৷ বাচা বাগুকাবণমাত্রেগ । উপলাঃ পাষাণাঃ । তং হেমকৃটপর্বতম্ ॥৩॥
বাযুদ্দিতি । আধ্যামঘোষো বেদপাঠধ্বনিঃ, ন চ দৃখতে তৎপাঠক ইতি শেষঃ ॥৪॥
সামমিতি । হ্ব্যবাহনো বহিঃ । নির্বেদো বৈবাগ্যম্, গৃহাণি ভার্য্যাদীন্ । ষট্পাদোহযং
শ্লোকঃ ॥৫॥

এবমিতি। ভাবান্ পদার্থান্। পাণ্ডবো যুথিষ্টিবঃ গুঙা ভাবতভাবদীপঃ

তত ইতি ॥>॥ ভাবান্ পদার্থান্ ॥२॥ বাতাবদ্ধা বাতেনাবদ্ধা মেঘা উপলাশ্চ ভবন্ বাতং বিনৈব সহসা মেঘাঃ শিলাশ্চ প্রযুজ্যন্তে ইত্যর্থ:। ভবন্নিত্যভভাব আর্থ:। বাচা যত্র ভবন্নিতি পাঠে শন্দোচ্চাবণেনৈব যত্র মেঘা উপলাশ্চ, হে ভবন্। ভাসমান! আবির্ভবন্তীতি শেষঃ॥৩॥ ন চ দৃষ্ঠাতেহধ্যেতা ॥৩॥ নির্কোদো গিবিদর্শনবৈবাগ্যম, গৃহাণি স্ক্যাদীনি ॥৫—৩॥

তিনি নিরুপদ্রব হেমক্টপর্বেতে যাইয়া অচিন্তনীয় ও অন্তৃত বহুতর পদার্থ দর্শন করিলেন ॥২॥

যেখানে যে কোন বাক্য উচ্চাবণ করা মাত্রই সহস্র সহস্র মেঘ ও পাষাণ আবিভূতি হইত এবং বিষয়চিত্ত লোকেবা সেই পর্বতে আবোহণ কবিতে সমর্থ হইত না ॥৩॥

এবং সর্ব্যবাহী সেখানে বায়ু বহিত হয়, সর্ব্যদাই মেঘ বর্ষণ করে এবং বেদপাঠেব শব্দ শুনা যায়, অথচ তাহাব পাঠককে দেখা যায় না ॥৪॥

আব, সেখানে প্রাতঃকালে ও সন্ধ্যাকালে ভগবান্ অগ্নিকে দেখা যায়, তপস্থাব বিল্পকাবী মক্ষিকা সকল আসিয়া দগ্ম, দীকবে, তপস্থায় মানুবেব বৈরাগ্য উপস্থিত হয় এবং মানুষ গৃহপ্রভৃতি স্থান্ কবিতে থাকে ॥৫॥

⁽৩) বাতাবদ্ধা ভবন্ মেঘা:—বা ব কা। (৫)···মক্ষিকাশ্চাগ্যপঞ্জ-পি ।

লোমশ উবাচ।

যথা শ্রুতমিদং পূর্বেমস্মাভিররিকর্ষণ !।

তদেকাগ্রমনা রাজন্ ! নিবোধ গদতো মম ॥৭॥

অস্মিন্ন্ ষভবৃটেহভূদৃষভো নাম তাপসঃ ।

অনেকশতবর্ষায়ুস্তপত্মী কোপনো ভূশন্ ॥৮॥

স বৈ সম্ভাষ্যমাণোহন্তিঃ কোপাদ্গিরিম্বাচ হ ।

য ইহ ব্যাহরেৎ কশ্চিত্রপলাসুৎস্তজেস্তদা ॥৯॥

বাতঞ্চাহুর মা শব্দমিত্যুবাচ স তাপসঃ ।

ব্যাহরংশ্চেহ পুরুষো মেঘশব্দেন বার্য্যতে ॥১০॥

এবমেতানি কর্মাণি রাজংন্ডেন মহর্ষিণা ।

কুতানি কানিচিৎ ক্রোধাৎ প্রতিষিক্তানি কানিচিৎ ॥১১॥

ভারতকৌমুদী

যথেতি। গদতো মম সকাশাৎ, নিবোধ শুরু ॥।

অম্মিরিতি। কৃটে শুক্তে ধ্বৰভমুনেরবস্থানাদৃবভক্ট এব হেমকুটন্ড নামাভূৎ ।৮॥

স ইতি। গিবিং হেমকুটম্। ব্যাহরেৎ বাচমূচ্ডারবেৎ। উপলান্ পাবাশান্ ॥>॥

বাতমিতি। বাতং বায়ৃষ্। মা শব্দ কুর্ন্ধিতি শেবং। ব্যাহরেন্ বাচমূচ্ডাররন্ ।>০॥

এবমিতি। কুতানি উপলবর্ষণাদীনি। প্রতিবিভানি বারোবশি শব্দকর্বণাদীনি ॥>১॥

এইনগ বহুবিধ অভূত ভাব দর্শন করিয়া যুধিষ্ঠির পুনরায় সেই অভূত ব্যাপারগুলিব বিষয় লোমশের নিকট জিজ্ঞাসা করিলেন ॥৬॥

লোমশ বলিলেন—''শক্রনাশক রাজা! পূর্ব্বে আমরা যেমন শুনিরাহি. তেমনই বলিতেছি; তুমি একাগ্রচিত্ত হইয়া তাহা আমার নিকট শ্রবণ কর ॥৭॥

পূর্বকালে এই ঋষভকৃট-(হেমকৃট) পর্বতে 'ঋষভ'-নামে এক তপস্বী ছিলেন ; তিনি অতি প্রাচীন, তপস্বী ও অত্যন্ত কোপনস্বভাব ছিলেন ॥৮॥

একদা অন্ত লোক আসিয়া তাঁহার সহিত আলাপে প্রবৃত্ত হইলে, তিনি কোপবশতঃ এই পর্বতকে বলিয়াছিলেন—''যে কোন লোক এখানে আসিয়া কথা বলিবে, তুমি তখনই তাহাব উপব প্রস্তব নিম্পেপ করিবে'' ॥৯॥

এবং তিনি বায়্কে ডাকিয়া বলিয়াছিলেন—"বায়্! তুমিও শব্দ করিও না।" তাই এথানে মানুষ কথা বলিলেই^{ট্র} বায়ু মেঘশবদারা তাহাকে বারণ কবে ॥১০॥

রাজা ! এইভাবে সেই মহর্ষি ক্রোধবশতঃ কতকগুলি কার্য্যের বিধান এবং কতকগুলি কার্য্যেব নিষেধ কবিয়াছিলেন ॥১১॥ নন্দাং স্বভিগতা দেবাঃ পুবা বাজনিতি শ্রুতিঃ।
তারপদ্যন্ত সহসা পুরুষা দেবদর্শিনঃ ॥>২॥
তে দর্শনং স্থানচ্ছন্তো দেবাঃ শক্রপুবোগমাঃ।
তুর্গং চক্রুবিমং দেশং গিরিপ্রভূয়ররপকম্ ॥>৩॥
তদা প্রভৃতি কোন্তেয়! নবা গিরিমিমং দদা।
নাশক্রুরভিদ্রন্তুং কৃত এবাধিবোহিতুম্ ॥>৪॥
নাতপ্রতপসা শক্যো দ্রন্তুর্মেষ মহাগিবিঃ।
তাবোঢ়ুং বাপি কোন্তেয়! তত্যান্নিয়তবাগ্ ভব ॥>।॥
ইহ দেবান্তদা সর্বেষ যজ্ঞানাজহু কত্তমান্।
তেষামেতানি লিঙ্গানি দৃশ্যন্তেহগ্যাপি ভাবত! ॥>৬॥
কুশাকাবেব দূর্বের্য়ং সংস্তীর্ণেব চ ভূবিয়ম্।
যুপপ্রকারা বহবো বৃক্ষাশ্চেমে বিশাংপতে!॥>৭॥

ভাবতকোমুদী

ইদানীং পর্বতাবোহণব্যাঘাতমাহ চতুর্ভিঃ—নন্দামিতি। অরপজন্ত অরপরন্ ॥১২॥
ত ইতি। দর্শনম্ আত্মপ্রত্যক্ষম্। দুর্গং দুর্গমম্, গিবিবের প্রত্যুহরপো যত্র তম্ ॥১৬॥
তদেতি। অধিরোহিতুম্ অধিবোচ্মুম্, ইডাগম আর্বঃ ॥১৪॥
নেতি। নিযতবাক্ নিবৃত্তবচনো ভব, পর্বতকর্ভ্রেপালবর্ষণভ্যাদিতি ভাবঃ ॥১৫॥
ইহেতি। আজহু; অন্তর্জিতবন্তঃ। তেষাং যজ্ঞানাম্, লিঙ্গানি চিহ্নানি ॥১৬॥
ভাবতভাবদীপঃ

পৃষ্টিণ্ট লোমশ উবাচ—যথা শ্রুতমিতি ॥৭॥ ঋষভকূচে ঋষভাশ্রিতে শৈলশৃঙ্গে ॥৮—>॥ মা শবং কুর্বিতি শেষ:॥১০—১১॥ অন্ধপন্তন্ত অন্তগতবন্তঃ, দেবদর্শিনো দেবদর্শনার্থিনঃ॥১২॥

বাজা। ইহাও আমাদেব শুনা আছে যে, পূর্ব্বকালে দেবতাবা একদা এই নন্দানদীতে আসিতেছিলেন; তখন মানুষেরা তাঁহাদিগকে দেখিবাব জন্ম তাঁহাদের অনুসরণ করিয়াছিল ॥১২॥

তখন ইল্রপ্রভৃতি সেই দেবতারা দেখা দেওয়াব অনিচ্ছাবশতঃ এই পর্বতরূপ বিম্মবাবা এই দেশটাকে মান্নুষেব পক্ষে তুর্গম কবিয়াছিলেন ॥১৩॥

কুন্তীনন্দন! সেই অবধি মানুষেবা এই পর্ববত দেখিতেও পারে না , স্বতরাং কি কবিয়া আবোহণ করিবে ? ॥১৪॥

যে লোক তপস্থা করে নাই, সে লোক এই মহাগিরি দেখিতে বা আরোহণ করিতে পারে না ; অতএব কুন্তীনন্দন ! তুমি নীবব হও ॥১৫॥

ভরতনন্দন! তখন দেবতাবা সকলে এইখানেই উত্তম উত্তম যক্ত কবিয়া-ছিলেন; সে যজ্ঞগুলিব এই সকল চিহ্ন অগ্নাপি দেখা যাইতেছে ॥১৬॥ বন-১২• (৮) দেবাশ্চ প্লাষয় কৈব বসন্ত্যন্তাপি ভারত !।
তেষাং সায়ং তথা প্রাতদূ শ্যতে হব্যবাহনঃ ॥১৮॥
ইহাপ্লু তানাং কোন্ডেয় ! সদ্যঃ পাপ্মাভিহন্যতে।
ক্রপ্রেষ্ঠাভিষেকং বৈ তন্মাৎ কুরু সহামুজঃ ॥১৯॥
ততো নন্দাপ্লু তাঙ্গস্তং কোশিকীমভিয়াশুদি।
বিশ্বামিত্রেণ যত্তোগ্রং তপস্তপ্তমমুত্তমম্ ॥২০॥

বৈশস্পায়ন উবাচ। ণ

ততন্তত্ত্ব সমাপ্লুত্য গাত্রাণি দগণো নৃপঃ।
জগাম কোশিকীং পুণ্যাং রম্যাং শীতজলাং শুভাম্॥২১॥
ইতি শ্রীমহাভাবতে শতদাহস্র্যাং সংহিতায়াং বৈয়াদিক্যাং বনপর্ববিণ তীর্থযাত্রায়ামুম্বভমাহাত্ম্যকথনে দ্বিনবতিতমোহধ্যায়ঃ॥•॥ *

ভারতকোমুদী

তানি লিম্বান্তাহ—কুশেতি। সংস্তার্ণা ক্বতকুশান্তবণা ॥১৭॥
দেবা ইতি। বসস্তি অদুখভাবেনেতি ভাবঃ। হব্যবাহনো যজ্ঞান্তিঃ ॥১৮॥
ইহেতি। আগ্রুতানাং লাতানাম্। হে কুকপ্রেষ্ঠ। তন্মাদিহ অভিষেকং কুরু ॥১৯॥
তত ইতি। নন্দাযাং নদ্যামাপ্রুতানি অবগাঢ়ানি অম্বানি যন্ত্র সং। কৌশিকীং নদীম্ ॥২০॥
ভাবতভাবদীপঃ

প্রভাৱের দর্শনে বিষরপুষ্ । ১৩--- ১৪॥ নিয়তবাঙ্মোনবান্ ॥১৫--- ১৮॥ তে কুরুশেষ্ঠ। ইতি চ্ছেন্ট ॥১৯---- ২১॥

ইতি শ্রীমহাভারতে বনপর্বাণি নৈলক্ষীয়ে ভারতভারণীপে দ্বিনবতিতমোহধ্যায়ঃ ॥৯২॥

নবনাথ! এই দূৰ্বাগুলি যেন কুশেৰ মত, এই ভূমিটা যেন কুশাস্তৃত এবং এই বহুতব বৃক্ষও যেন যূপেব তুল্য দেখা যাইতেছে ॥১৭॥

ভবতনন্দন! সেই দেবতাৰা ও ঋষিবা প্রচ্ছন্নভাবে অত্যাপি এখানে বাস কবিতেছেন; তাই প্রাতঃকালে ও সন্ধ্যাকালে তাঁহাদেবই যজ্ঞাগ্নি দেখা যায় ॥১৮॥

কুকভোষ্ঠ কুফীনন্দন! এখানে যাহাবা স্নান কৰে, তাহাদেৰ সভাই পাপ নট হয়: মতএব ভূমি সন্মুজ্গণেৰ সহিত এইখানে স্নান কৰ ॥১৯॥

এই নন্দানদাতে স্নান কবিয়া তাহার পব তুমি কৌশিকীনদীতে যাইবে; গেখানে বিশ্বামিত্র সত্যুত্তন ও ভবদ্ধব তপস্তা কবিয়াছিলেন" ॥২০॥

ক অন্য পাঠা বা ব কা পি নাজি। • '-- দশাধিকশতভমোহধ্যায়া'—পি নি, বা ব কা

ত্রিনবতিতমোহখ্যায়ঃ।

লোমশ উবাচ।

এষা দেবনদী পুণ্যা কোশিকী ভরতর্বভ !।
বিশ্বামিত্রাশ্রমো রম্য এব চাত্র প্রকাশতে ॥>॥
আশ্রমশ্রের পুণ্যাখ্যঃ কাশ্যপত্ম মহাত্মনঃ।
খায্যশৃঙ্গঃ ভ্রতো যক্ম তপস্বী সংযতেন্দ্রিয়ঃ॥২॥
তপ্রসো যঃ প্রভাবেণ বর্ষয়ামাস বাসবম্।
আনার্ফ্যাং ভ্যাদ্যক্ম বর্ষ বলর্ত্রহা ॥৩॥

ভাবতকোমুদী

তত ইতি। তত্ৰ নন্দান্তাম্। সগণঃ সপ্ৰিজনঃ। কৌশিকীং নদীম্ ॥২১॥ ইতি মহামহোপাধ্যায-ভাবতাচাৰ্য্য মহাকবি-পদ্মভূষণ-শ্ৰীহবিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচাৰ্য্যবিবচিতাযাং মহাভাবতটীকাষাং ভাবতকোম্দীসমাধ্যাযাং বনপৰ্কণি তীৰ্থযাত্ৰাষাং দ্বিনবিভিতমোহধ্যায়ঃ ॥ ॥

এবেতি। পূণ্যা পূণ্যজনিকা, অতএব দেবনদী দেবানামণ্যাদৃতা নদী ॥১॥
আশ্রম ইতি। কাশ্রণশু কাশ্রপগোত্রজন্ম বিভাগুকন্ম। অধ্য মুগরিশেষন্মের শৃদ্ধ যন্ম
স:। অধ্য মুর্দ্ধন্মবকাববান্ তালব্যশকাববাংদ, "গোকর্ণপৃষ্ঠতণম্ম বোহিতাঃ" ইত্যমবোজেঃ, "গতং
রোহিভ্তাং বিবম্যিমুমুম্মন্ম বপুষা" ইতি মহিম্যকোত্রাৎ, "বলবদৃশ্যা দৃশ্যা স্থলী" ইতি বৃন্দাবনযমকান্ত'॥২॥

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর যুখিষ্ঠিব সহচরদিগেব সহিত সেই নন্দা-নদীতে স্নান কবিয়া পুণ্যজনিকা, মনোহবা, শীতলজ্ঞলা ও মঙ্গলকাবিণী কৌশিকী-নদীতে গমন কবিলেন ॥২১॥

লোমশ বলিলেন—"ভবতশ্রেষ্ঠ ! পুণাজনিকা ও দেবাদৃতা এই কৌশিকী-নদী এবং ইহার তীবে এই মনোহব বিশ্বামিত্রের আশ্রম শোভা পাইভেছে ॥১॥ আর, মহাত্মা বিভাণ্ডকমূনিব এই পুণ্যাখ্য আশ্রম দেখা যাইতেছে ; যাঁহার পুত্র ঋষ্যশৃঙ্গ তপস্বী ও সংযতেন্দ্রিয় ছিলেন ॥২॥

যিনি তপস্থার প্রভাবে ইন্দ্রদাবা বর্ষণ কবাইয়াছিলেন এবং ইন্দ্রও বাঁহাব ভয়ে অনার্টিব সময়ে বর্ষণ কবিয়াছিলেন ॥৩॥

মৃগ্যাং জাতঃ দ তেজস্বী কাশ্যপশ্য স্থতঃ প্রভুঃ। বিষয়ে লোমপাদশ্য যশ্চকারাত্তুতং মহৎ ॥৪॥ প্রবর্ত্তিতেমু শস্তেমু যথৈন্য শান্তাং দদৌ নৃপাঃ। লোমপাদো ছহিতরং দাবিত্রীং দবিতা যথা॥৫॥

যুধিষ্ঠির উবাচ।

খাগুশৃঙ্গঃ কথং মুগ্যামুৎপন্নঃ কাশ্যপাত্মজ্ঞঃ।
বিরুদ্ধে যোনিসংসর্গে কথঞ্চ তপদা যুতঃ ॥৬॥
কিমর্থঞ্চ ভয়াচ্ছক্রস্তস্থ বালস্থ ধীমতঃ।
ভানার্স্ট্যাং প্রবৃত্তায়াং ববর্ষ বলর্ত্রহা ॥৭॥
কথংরূপা চ দা শান্তা রাজপুত্রী যত্রতা।
লোভয়ামাদ যা চেতো মুগভূতস্থ তস্থ বৈ ॥৮॥
লোমপাদশ্চ রাজর্ষির্যদাশ্রেরত ধার্দ্মিকঃ।
কথং বৈ বিষয়ে তস্থ নাবর্ষৎ পাকশাদনঃ॥৯॥

ভারতকৌমুদী

তপদ ইতি। বর্ষনাদ বৃষ্টিং কার্যামাদ। বলবৃত্তহা ইন্দ্র েল।
মৃগ্যামিতি। কাশুপশু বিভাগুকশু। বিষয়ে দেশে, লোমপাদশু রাজ্ঞ হে।
প্রবৃত্তিতেম্বিতি। প্রবৃত্তিতেম্ বৃষ্টা। উৎপাদিতেম্। শালাং নাম ।ধা
মার্যাতি। যোনিসংসর্গে বিকরে সতি ভিন্নপ্রাণিস্বাদিতি ভাবং। জাত ইতি শেবং ধা
কিমর্থমিতি। শক্র ইন্দ্রং, তশু স্বলশৃক্ষ্ম। প্রবৃত্তারাম্পস্থিতারাম্ ॥१॥
কথমিতি। কথংরূপা কিস্কৃতা আদীং। যতম্ ইন্দ্রিষসংয়ম এব ব্রতং যন্তাঃ সা ॥৮॥

তেজস্বী ও তপঃপ্রভাবশালী সেই ঋষ্যশৃঙ্গ লোমপাদরাজার রাজ্যে বিভাওকমুনির উবসে মৃগীর গর্ভে জন্মিয়াছিলেন; যিনি গুক্তব অভ্তুত কার্য্য করিয়াছিলেন ॥৪॥ সূর্য্য যেমন সাবিত্রীকে দান কবিয়াছিলেন, সেইরূপ লোমপাদরাজা শস্থ উৎপন্ন হইলে আপন কন্তা শাস্তাকে যাঁহাব হস্তে দান কবিয়াছিলেন" ॥৫॥ যুধিষ্টিব বলিলেন—"বিভাগুকমুনির পুত্র ঋষ্যশৃঙ্গ কি করিয়া মৃগীর গর্ভে উৎপন্ন ইইলেন ? বিভিন্ন প্রাণীব সংসর্গজাত সন্তানই বা কি করিয়া তপস্বী হইল ? ॥৬॥

বল ও ব্ত্রাস্থরহন্তা ইন্দ্রই বা কিছন্য অনাবৃষ্টিব সময়ে সেই বালক ঋষ্যশৃঙ্গের ভয়ে বর্ষণ কবিয়াছিলেন গু ॥৭॥

আর, সেই রাজকন্যা শাস্তাই বা কিব্বপ ছিলেন, যিনি সংযত হইয়া মৃগভূত ঋন্ত্যপূসেব চিত্ত লুব্ধ কবিয়াছিলেন ॥৮॥ এতন্মে ভগবন্! সর্বাং বিস্তারেণ যথাতথম্। বক্তুমুর্হসি শুশ্রামোখ যাশৃঙ্গস্থা চেষ্টিতম্॥>০॥
লোমশ উবাচ।

বিভাগুকস্থ বিপ্রর্যেস্তপদা ভাবিতাত্মনঃ।
অমোঘবীর্যাস্থ দতঃ প্রজাপতিদমত্মতেঃ॥>>॥
শূণু পুত্রো যথা জাত খায়াশৃঙ্গঃ প্রতাপবান্।
মহার্হস্থ মহাতেজা বালঃ স্থবিবদম্মতঃ॥>২॥ (যুগ্মকম্)
মহাব্রদং দমাদাত্ম কাশ্যপস্তপদি স্থিতঃ।
দীর্ঘকালং পবিশ্রোন্ত খাষিঃ দ দেবদন্মিতঃ॥>৩॥
তস্থ্য বেতঃ প্রচন্দন্দ দৃষ্ট্যান্সরদমুর্ব্বশীম্।
অন্স্পৃস্পৃশতো বাজন্। মুগী তচ্চাপিবত্তদা॥>৪॥

ভাবতকৌমূদী

লোমেতি। যদা ধার্মিকঃ অশ্রেষত, তদা কথম, তম্ম বিষয়ে দেশে রাজ্যে ॥>॥

এতদিতি। শুশ্রবো: শ্রোতুমিচ্ছো:। চেষ্টিতং চরিতম্ ॥১০॥

বিভেতি। ভাবিতাত্মনঃ শোধিতচিত্তস্তাপি সত ইতি দম্বন্ধঃ। মহার্হস্ত মহর্বিত্বা-মহামান্তস্তা। স্থবিবসম্মতঃ জ্ঞানতপোহতিবেকাদ্বন্ধত্বেন লোকৈবভিমতঃ ॥১১—১২॥

মহেতি। কাশ্যপো বিভাওক:। দীর্ঘকালং তপদি স্থিতঃ অতএব পবিশ্রান্তঃ #১৩॥ ভাবতভাবদীপঃ

এবেতি ॥১॥ কাশ্যপশু বিভাওক্স । ঝশ্রেতি তালব্যাদিং, মূর্দ্ধমাদিপাঠং প্রামাদিকং, ঝশ্যো মৃগস্তবৈত্যব শৃক্তমন্মান্তীতি গায়শৃক্ষঃ , ''ঝশ্যো ন গায়ন্'' ইতি মন্তবর্গাৎ ॥২—১॥ গুল্লবোর্মে

এবং বাজর্ষি লোমপাদকে যখন ধার্নিক বলিয়া শুনা যায়, তখন তাঁহার রাজ্যেই বা কেন ইন্দ্র বর্ষণ করেন নাই ? ॥৯॥

ভগবন্! আমি শুনিতে ইচ্ছা করি; অতএব আপনি এই সমস্ত ঋগ্রশৃঙ্গেব চরিত্র বিস্তবক্রমে এবং যথাযথভাবে আমার নিকট বলুন" ॥১০॥

লোমশ বলিলেন—"অব্যর্থ বীর্য্য, ব্রহ্মাব তুল্য তেজস্বী, মহামাস্থ এবং ব্রহ্মার্থি বিভাগুকমুনি তপঃপ্রভাবে শোধিতচিত্ত হইলেও, তপঃপ্রভাবশালী, মহাতেজা এবং বালক হইয়াও স্থবিবসম্মত ঋষ্যশৃঙ্গ যেভাবে তাঁহাব পুত্র হইয়াছিলেন, তাহা তুনি শ্রবণ কর ॥১১—১২॥

কাশ্যপগোত্র ও দেবতুল্য সেই বিভাগুকমূনি কোন মহাহ্রদে যাইযা দীর্ঘকাল তপস্ঠায় প্রবৃত্ত থাকিয়া পবিশ্রান্ত হইয়াছিলেন ॥১৩॥

বাজা! একদা ভিনি স্নান কবিতেছিলেন, এমন সময়ে অপ্সরা উর্বেশীকে

সহ তোয়েন ভ্ষিতা গভিণী চাভবততঃ।
সা পুবোক্তা ভগবতা ব্রহ্মণা লোককর্তৃণা ॥>৫॥ (য়ৄয়য়য়য়)
দেবকয়া য়ৢগী ভূত্বা মুনিং সূয় বিমোক্ষ্যদে।
আমোঘত্বাদ্বিধেশ্চিব ভাবিত্বাদ্বৈনিন্মিতাৎ ॥>৬॥
তক্ষাং য়ৢগ্যাং সমভবতক্ত পুত্রো মহানৃষিঃ।
ঋষ্যশৃঙ্গস্তপোনিত্যো বন এবাভ্যবর্ত্তত ॥>৭॥ (য়ৄয়য়য়য়)
তক্ষর্বেঃ শৃঙ্গং শির্দি বাজনাসীমহাত্মনঃ।
তেনর্ব্যশৃঙ্গ ইত্যেবং তদা স প্রথিতোহভবৎ ॥>৮॥
ন তেন দৃষ্টপূর্ব্বোহন্তঃ পিতুরক্তর্ত্ব মানুষঃ।
তন্মাত্তক্ত মনো নিত্যং ব্রহ্মচর্যোহভবন্ধ প । ॥>৯॥

ভাৰতকৌমুদী

তত্ত্বেতি। উপস্পৃশতঃ স্নানং কুর্ব্বতন্তক্ত রেতঃ, অন্স_{ন্} জলে, প্রচন্ধন খলতি ম। তচ্চ স্থবিতা মুগী তোয়েন সহাপিবং। লোককর্ডুণেতি স্বার্থজাদনগ্রিষ্থেহপি নাদেশঃ ॥১৪—১৫॥

ব্ৰদ্বণা কিম্জেত্যাহ—দেবেতি। হং দেবক্যাপি অপরাধান্ম্রী ভূত্বা, মৃনিং ত্ব প্রত্ম বিমোক্ষাস ইতি। অমোঘতাদ্বক্ষবাকাশ্ত অব্যর্থহাৎ, বিধেশ্চ অবশুস্তাবিনো ব্যাপাব্ত চ দৈবনির্মিতাৎ অদৃষ্টক্বতাম্ভাবিদ্বাদ্ধেতোঃ। তম্ম বিভাওকশ্ত। তপ এব নিতাং যম্ম সং। অভাবর্ত্তত অতিষ্ঠৎ ৪১৬ — ১৭॥

ব্দথ তত্ত্ব গ্বন্থপুদনামত্বে কো হেভুরিত্যাহ—তত্ত্বেতি। ইত্যেবং নামা ॥১৮॥ ভাবতভাবদীপঃ

মম ইতি সম্বন্ধ: ॥১০—১১॥ মহার্হস্রাতিপূজ্যস্ত ॥১৩—১৪॥ তোমেন সহাহণিবদিতাদ্বঃ ॥১৫॥ ত্বর প্রত্যু, বিধেবিধিবাক্যস্ত দৈবনিশ্বিতাদ্ধেতোর্ভাবিদ্বাৎ অপবিহার্থ্যস্বাচ্চ ॥১৬—১৯॥

দেখিয়া জলের ভিতরেই তাঁহার শুক্র শ্বলন হইয়াছিল, তখন পিপাসার্ত্ত কোন হরিণী জলের সহিত সেই শুক্র পান করিয়াছিল, তাহাতেই সেই হবিণী গর্ভবতী হইয়াছিল। কারণ, জগৎস্ষ্টিকর্ত্তা ভগবান্ ব্রহ্মা পূর্বজন্মে তাহাকে বলিয়াছিলেন—॥১৪—১৫॥

'তুমি দেবকন্তা হইলেও (অপরাধনিবন্ধন) হবিণী হইয়া কোন মুনিকে প্রসব করিয়া পরে মুক্তি লাভ করিবে।' বিধাতাব বাক্য অব্যর্থ বলিয়া এবং দৈববশতঃ সেইবাপ হইবে বলিষা সেই হরিণীব গর্ভেই বিভাগুকেব মহর্ষি পুত্র হইয়াছিল। সেই ঝয়শৃদ্ধ সর্ববাণ তপস্থায় প্রবৃত্ত থাকিয়া বনেই থাকিতেন ॥১৬—১৭॥

রাজা ৷ মহাত্মা বিভাওকপুত্রেব মস্তকে শৃঙ্গ ছিল ; সেই জন্মই তিনি তখন 'ঝল্লাপুদ্র'-এই নামে প্রসিদ্ধ হইয়াছিলেন ॥১৮॥

এত স্মিমেব কালে তু দখা দশরথস্থ বৈ।
লোমপাদ ইতি খ্যাতো হুঙ্গানামীশ্বরোহতবং ॥২০॥
তেন কামাৎ কৃতং মিথ্যা ব্রাহ্মণস্থেতি নঃ প্রতিঃ।
স ব্রাহ্মণেঃ পরিত্যক্তস্তদা বৈ জগতঃ পতিঃ॥২১॥
পুরোহিতাপচারাচ্চ তস্থ বাজ্যো মহামতেঃ।
ন ববর্ষ সহস্রাক্ষস্ততোহপীডান্ত বৈ প্রজাঃ॥২২॥
স ব্রাহ্মণান্ পর্যাপ্চছত্তপোযুক্তান্ মনীবিণঃ।
প্রবর্ষণে স্থরেক্তস্থ সমর্থান্ পৃথিবীপতে।॥২০॥

ভাবতকোমুদী

নেতি। পিতৃর্বিভাওকাং। অক্সত্র স্থানেহপি। ব্রহ্মচর্য্যে সর্ববর্ধা স্ত্রীসংসর্গরাহিত্যে ॥১৯॥ এতিমিরিতি। অক্সানাম্ অক্সদেশস্ত, দ্বীশ্বঃ পতিঃ ॥২০॥ তেনেতি। কামাদিচ্ছাত এব, মিখ্যা নিক্ষিপ্তধনস্তানকীকারাদিতি ভাবঃ ॥২১॥ পুরোহিতেতি। পুরোহিতে ব্রাহ্মণে অপচারাদপব্যবহারাচ্চ। সহস্রাক্ষ ইন্দ্রঃ ॥২২॥ স ইতি। প্রবর্ধণে অর্চনাদিনা প্রবৃত্তিবর্ধণসম্পাদনে সমর্থান্ ॥২০॥

ভাৰতভাবদীপঃ

অকানাং দেশানাম্ ॥২০॥ তেন কামাৎ বৃদ্ধিপূর্ব্বং বাহ্মণতা প্রতিশ্রুত্যেতি শেবং, মিথ্যা-কৃতং—"ম্বা তৃভাং দাতুং কিমণি ন প্রতিশ্রুত"মিত্যপলাপং কৃতবানিত্যর্থং ॥২১॥ তত্ত্ব হেতুং—

া বাজা। তিনি অস্ত স্থানেও পিতা বিভাওক ব্যতীত অস্ত কোন মানুষ দেখিতে পাইতেন না, তাহাতেই তাঁহার মন সর্বাদা ব্রহ্মচর্য্যে নিবিষ্ট থাকিত ॥১২॥

এই সময়েই দশরথেব সথা 'লোমপাদ'-নামে এক ব্যক্তি অঙ্গদেশেব রাজা ছিলেন ॥২০॥

প্রামাদেব শুনা আছে যে, তিনি ইচ্ছাবশতই এক ব্রাহ্মণের দম্বন্ধে মিথ্যা ব্যবহার কবিয়াছিলেন; তাহাতেই তথন ব্রাহ্মণেবা তাঁহাকে পবিত্যাগ করিয়া-ছিলেন ॥২১॥

আর, তিনি নিজেব পুবোহিতেব সঙ্গেও অপব্যবহাব কবিয়াছিলেন; তাহাতেই ইন্দ্র সেই মহামতি লোমপাদের রাজ্যে বর্ষণ কবেন নাই; সেই কাবণেই তাঁহাব প্রজারা কষ্ট পাইতেছিল ॥২২॥

রাজা ! তথন লোমপাদ—তপস্বী, জ্ঞানী ও ইন্দ্রকে দিয়া বর্ধণ কবাইতে সমর্থ— এইরূপ ব্রাহ্মণগণের নিকট জিজ্ঞানা কবিলেন—॥২৩॥

⁽२১)…नः अञ्यू—ि । (२२)…जन्म द्रारका यहन्त्र्या—वा व का नि ।

কথং প্রবর্ষেৎ পর্জ্জন্য উপায়ং পরিদৃশ্যতাম্।
তমূচুশ্চোদিতান্তে তু স্বমতানি মনীধিণঃ ॥২৪॥
তত্র স্বেকো মুনিববস্তং বাজানমুবাচ হ।
কুপিতান্তব বাজেল্র । ব্রাহ্মণা নিষ্কৃতিং চর ॥২৫॥
খায়ানৃঙ্গং মুনিস্কৃতমানয়স্ব চ পার্থিব ।।
বানেযমনভিজ্ঞঞ্চ নারীণামার্জ্জবে রতম্ ॥২৬॥
স চেদবতবেদ্রোজন্ ! বিষয়ং তে মহাতপাঃ।
সন্তঃ প্রবর্ষেৎ পর্জ্জন্য ইতি মে নাত্র সংশয়ং ॥২৭॥
এতচ্ শ্রুত্বা বচো বাজন্ ! কৃত্বা নিষ্কৃতিমাত্মনঃ।
স গত্বা পুনরাগচ্ছৎ প্রসমেষু দিজাতিষু ।
রাজানমাগতং দৃষ্ট্বা প্রতিসংজহুষুঃ প্রজাঃ ॥২৮॥
ততোহঙ্গপতিরাহুয় সচিবান্ মন্ত্রকোবিদান্।
খায়াশৃঙ্গাগমে যত্বমকরোমন্ত্রনিশ্চয়ে ॥২৯॥

ভাবতকোমূদী

কথমিতি। পর্জন্তো মেঘঃ। পরিদৃষ্ঠতামালোচ্যতাম্। চোদিতা নিযুক্তাঃ ॥२৪॥
তত্ত্তেতি। নিস্কৃতিং ব্রাহ্মণকোপোপশমাধ সামদানাদিরূপং প্রাথশিক্তম্ ॥२৫॥
খন্ত্যেতি। বানেবং বনোৎপরম্। অতএব নারীণাং সম্বন্ধে অনভিজ্ঞন্ ॥२৬॥
স ইতি। অবতরেদাগচ্ছেৎ, বিষয়ং দেশম্। পর্জ্জন্তা মেঘঃ ॥২ ৭॥
এতদিতি। নিম্নৃতিং প্রাথশিক্তম্। ব্রাহ্মণভবনং গছা তেম্ ছিলাতিয়ু প্রসরেষ্ সংস্ক, পুনঃ
অরাজ্যমাগচ্ছৎ। প্রতিসংজহমুঃ আননদং চক্রঃ। ষ্টুপাদোহ্যং শ্লোকঃ ॥২৮॥

"মেঘ কি কবিয়া বর্ষণ কবে, এই বিষয়েব উপায় আপনারা পর্য্যালোচনা কফন।" তথন সেই মনস্বীবা আপন আপন মত বাজাকে বলিলেন॥২৪॥

তাঁহাদেব মধ্যে একজন প্রধান মূনি রাজাকে বলিলেন—"বাজপ্রেষ্ঠ। আপনাব উপবে ব্রাহ্মণেবা কুপিত হইয়াছেন; স্মৃতবাং প্রথমে আপনি তাহার প্রায়শ্চিত্ত কফন ॥২৫॥

বাজা! তাহাব পৰ বনে উৎপন্ন, স্ত্রীলোকদেব সম্বন্ধে অনভিজ্ঞ এবং সর্ব্বদা সরলতায় নিরত মূনিপুত্র ঋয়শৃঙ্গকে আনম্বন ককন ॥২৬॥

বাজা! সেই নহাতপা ঋক্তশৃঙ্গ যদি আপনার রাজ্যে আগমন কবেন, তবে সক্তই মেঘ বর্ষণ কবিবে; এ বিষয়ে আমার সন্দেহ নাই" ॥২৭॥

বাজা। এই কথা শুনিয়া লোমপাদ নিজেব প্রায়শ্চিত্ত কবিয়া, ব্রাহ্মণদেব ভবনে যাইয়া, ব্রাহ্মণেবা প্রদন্ন হইলে আবার আগমন করিলেন; তথন তাঁহাকে আগত দেখিবা প্রজাবা আনন্দিত হইল ॥২৮॥ সোহধ্যগচ্ছত্বপায়ন্ত তৈবমাত্যৈঃ দহাচ্যুত!।
শাস্ত্রজ্ঞিরলমর্থ জৈনীত্যাঞ্চ পবিনিষ্ঠিতেঃ॥৩০॥
তত আনায়য়ামাদ বাবমুখ্যা মহীপতিঃ।
বেশ্যাঃ দর্বত্র নিফাতান্তা উবাচ ন পার্থিবঃ॥৩১॥
খাখাশৃঙ্গমুষেঃ পুত্রমানয়ধ্বমুপাযতঃ।
লোভিযিত্বাভিবিশ্বান্ত বিষয়ং মম শোভনাঃ।॥৩২॥
তা রাজভয়ভীতাশ্চ শাপভীতাশ্চ যোষিতঃ।
ভাশক্যমুদুন্তৎ কার্য্যং বিবর্ণা গতচেতদঃ॥৩৩॥
তত্র ত্বেকা জবদ্যোষা বাজানমিদমত্রবীৎ।
প্রয়তিয়ে মহাবাজ। তমানেতুং তপোধনম্॥৩৪॥

ভাবতকৌমুদী

তত ইতি। অঙ্গপতির্লোমপাদ:। মন্ত্রনিশ্চবে মন্ত্রণযা উপায়নির্দ্ধারণে ॥২৯॥
স ইতি। হে অচ্যুত। ধর্মাদশ্রই।। অলমতিশ্বেন। পরিনির্দ্ধিতরভিত্তির:॥৯০॥
তত ইতি। বারম্থ্যা বেশ্চাগণপ্রধানাঃ। সর্বত্র সর্বপ্রকাবেদের পুরুষেষ্, নিষ্ণাতা বশীকরণনিপুণাঃ। "প্রবীণে নিপুণাভিজ্ঞবিজ্ঞনিষ্ণাতশিক্ষিতাঃ" ইত্যমরঃ। বলপ্রযোগেণান্যনচেষ্টায়াং
শাপাং সর্ব্বনাশাশ্রু, সান্না পিত্রধীনস্ত দানেন চ নিস্পৃংস্থান্যনচেষ্টা নিক্ষলৈব; অতঃ প্রতারণামৃশক্রালোভনেনৈব ঋঞ্গুস্ক্সান্যনপ্রবৃত্তিবিতালধেষ্য ॥৯১॥

খয়েতি। উপায়ত উপযুক্তোপাবেন। অভিবিশান্ত, যথা শাপং ন দ্যাদিতি ভাবং এ০২। তা ইতি। রাজভয়তীতা অগমনে, শাপতীতাশ্চ গমনে। অতএবোদেগাহিবর্ণাঃ ৫০০ঃ তত্তেতি। জরদুযোষা বুদ্ধস্তী। তমু ঋষ্মশৃস্কম এ৪॥

তাহাব পব লোমপাদ মন্ত্রণাভিজ্ঞ মন্ত্রিগণকে ডাকিয়া, ঋত্যশৃদ্দেব আগনন সহমে মন্ত্রণাদ্বাবা উপায় নির্দ্ধাবণ কবিবাব জন্ম চেষ্টা কবিলেন ।২৯॥

হে ধার্মিক। তদনস্তব বিশেষ শাস্ত্রজ্ঞ, কার্য্যজ্ঞ ও নীতিজ্ঞ দেই মন্ত্রিগণের সহিত আলোচনা কবিয়া লোমপাদ তাহাব উপায় অবগত হইলেন ॥৩•॥

তৎপবে রাজা লোমপাদ, বেশ্যাগণের মধ্যে প্রধান এবং সমস্ত পুরুষকেই স্প কবিতে নিপুণ কতকগুলি বেশ্যাকে আনাইলেন এবং তাহাদিগকে বলিলেন—১০ :

"ফুন্দবীগণ। তোমবা উপযুক্ত উপায়ে ঋষিপুত্র ২ন্দ্রস্থারে প্রলুক ব বিলা এবং তাঁহাব বিশ্বাস জন্মহিয়া তাঁহাকে আমাব বাজ্যে আম্যম কং'। ১২৮

সেই বমণীবা এদিকে বাজাব ভয়ে এবং ওদিকে শাপেব ভয়ে ভাত হইয়া, বিবর্ণ ও গতটৈতন্তেব ক্যায় থাকিয়া সে কার্য্য অসাধ্য বলিয়াই রাজাকে জানাইল তেও বন-১২১ (৮) অভিপ্রেতাংস্ত মে কামাংস্ত্রমনুজ্ঞাতুমর্হদি।
ততঃ শক্যাম্যানয়িতুমুখ্যশৃঙ্গমুষেঃ স্থতম্ ॥৩৫॥
তস্থাঃ সর্ব্বমভিপ্রেতমন্তজানাৎ স পার্থিবঃ।
ধনঞ্চ প্রদদৌ ভূবি বত্নানি বিবিধানি চ ॥৩৮॥
ততো রূপেন সম্পন্না ব্যসা চ মহীপতে।।
তিয়ে আদায় কাশ্চিৎ সা জগাম বন্মপ্রসা ॥৩৭॥

ইতি শ্রীমহাভাবতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ববিশি তীর্থযাত্রায়ামুঘ্যশৃঙ্গোপাখ্যানে ত্রিনবতিতমোহধ্যাযঃ ॥০॥ #

ভাবতকৌসুদী

অভীতি। কাস্যস্ত ইতি কাসা অভীষ্টপদার্থাস্তান্। আন্বিত্মানেতুস্ ॥৩৫॥
তক্তা ইতি। অৱজানাৎ দাতৃমন্ত্মতবান্, পার্থিবো লোমপাদঃ ॥৩৬॥
তত ইতি। দ্বিয়ো বেষ্ঠা এব। সা জবদ্যোষা, অঞ্জমা ঝটিতি ॥৩৭॥
ইতি মহামহোপাধ্যায়-ভাবতাচার্য্য-মহাকবি পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাদীশভট্টাচার্য্যবির্দিতাশাং
মহাভারতটীকাষাং ভারতকেম্দুদীসমাধ্যাবাং বনপর্ববি তীর্থ্যাত্রাষাং বিন্বতিতমোহধ্যায়ঃ ॥•॥

--:*:--

ভাবতভাবদীপঃ

পুবোহিতভাপচারে দোষং, নোহপি যদৃচ্ছয়া ব্রাহ্মণাপরাধাভাবেহপি স্কেছয়া কৃত্: ॥২২—২৪॥
নিম্বৃতিং প্রায়ন্টিত্তম্ ॥২৫॥ বানেবং বনভবম্ ॥২৬—৩০॥ সর্বত্ত পরবঞ্চনাদের্গ, নিফাতাঃ
কুণলাঃ ॥৩১—৩০॥ জরদ্যোষা বৃদ্ধা স্ত্রী ॥৩৪—,৩৫॥ অন্বজানাদক্তজাতবান্ ॥৩৬—৩৭॥
- ইতি শ্রীমহাভাবতে বনপর্বাণি নৈলক্ষীয়ে ভাবতভাবদীপে ত্রিন্বভিত্মোহধ্যায়ং ॥২০॥

তাহাদেব মধ্যে একজন বৃদ্ধবেশ্যা বাজাকে এই কথা বলিল—"মহাবাজ! সেই তপোধন ঋয়শৃঙ্গকে আনিবাব জন্ম আমি চেষ্টা কবিব ॥৩৪॥

আপনি আমাব অভিপ্রেড বস্তুগুলি দিয়া দিবাব অনুমতি ককন, তাহা হইলেই আমি খবিপুত্র ব্যয়শৃঙ্গকে আনিতে পাবিব" ॥৩৫॥

তথন বাজা তাহাব অভিপ্রোত সমস্ত বস্তুই দিয়া দিবাব অনুমতি কবিলেন এক তাহাকে প্রচুব ধন ও নানাবিধ বন্ধ দান কবিলেন ॥৩৬॥

রাজা! তাহাব পব সেই বৃদ্ধবেশ্যা কতকগুলি ৰূপবতী ও যুবতি বেশ্যা লইযা সম্বৰ্ষ বনে গমন কবিল" ॥৩৭॥

^{* &#}x27;···দশাধিকশততম:·· '—বা ব কা, '···একাদশাধিকশততম:···'—পি নি I

চতুর্নবভিতমোহধ্যায়ঃ।

--:4:---

লোমশ উবাচ।

সা তু নাব্যাশ্রমং চক্রে বাজকার্য্যার্থসিদ্ধয়ে।
সন্দেশাকৈব নৃপতেঃ স্ববুদ্ধা চৈব ভাবত ! ॥>॥
নানাপুপাফলৈর কৈঃ ক্রুত্রিমরুপশোভিতৈঃ।
নানাগুল্মলতোপেতৈঃ স্বাহ্রকামফল প্রদৈঃ ॥২॥
অতীব রমণীয়ং তদতীব চ মনোহরম্।
চক্রে নাব্যাশ্রমং বম্যমভুতোপমদর্শনম্ ॥৩॥ (রুশ্মকম্)
ততো নিবধ্য তাং নাবমদূবে কাশ্যপাশ্রমাৎ।
চারয়ামাস পুরুষেবিহারং তম্ম বৈ মুনেঃ ॥৪॥

ভাবতকৌমুদী

সেতি। সা জবদ্যোষা, নাবি ক্সাঞ্চিন্র্যমে কাষাম্। সন্দেশাগুপদেশাং। বিভাওকাশ্রমান্তিকে তদ্দুবে বা স্থলে আশ্রমনির্মাণে বিভাওকেন তদ্দুবে প্রতাবণাভিব্যক্তিঃ স্থাং। অতো
যথাপদারণেন বিভাওকো ন পশ্রেং, উপদ্বণেন চ ঋষ্যশৃঙ্গ এব পশ্রেদিতি বিভাব্য নৌকায়ামেবাশ্রমনির্মাণমিতি বোধ্যম্ ১১॥

নানেতি। স্বাত্কাম্ফলপ্রেটিং মধুরাভীইফলদায়িভির্ কৈ:। বমণীযং লোভনীযম্, তধনম্, মনোহরং স্থানরম্। রম্যং ক্রীড়াযোগ্যম্। নাবি বৃহস্নোকাষাম্॥২—৩॥

তত ইতি। পুক্ৰি:, তশ্ৰ বিভাণ্ডকশ্ৰ মৃনেৰ্বিহারম্ অঞ্জ গমনম্, চাবধামাস জ্ঞাপযামাস, ছহিতরমিতি শেষঃ। তশ্ৰ মৃনেরাশ্রমে স্থিতে কার্যাসিন্ধেরসম্ভব ইতি ভাবঃ ।৪॥

তামশ বলিলেন—"ভবতনন্দন! সেই বৃদ্ধবমণী বাজাব কার্য্যসিদ্ধির জন্ম তাঁহার উপদেশে এবং নিজেব বৃদ্ধি অনুসাবে একখানা বড় নৌকার উপবে একটী আশ্রম নির্মাণ কবিল ॥১॥

তাহাতে স্থানৰ স্থানৰ কৃত্ৰিম বৃক্ষ এবং নানাবিধ গুলা ও লতা সাজাইয়া বাখিল; সেগুলিতে আবাৰ নানাবিধ ফুল, ফল এবং স্থামধুৰ বাঞ্ছনীয় ফল সাজাইয়া দিল। তাহাতে সেই কৃত্ৰিম বনটা অত্যন্ত লোভনীয় ও অত্যন্ত মনোহৰ হইল। এইভাবে সেই নৌকাৰ উপৰে মনোহৰ ও অভ্যুত দৰ্শন কৃত্ৰিম আশ্ৰাম নিৰ্মাণ কৰিল ॥২—৩॥

ততো তহিতরং বেশ্যাং সমাধাবেতিকার্য্যতাম্।
দৃষ্ট্বান্তবং কাশ্যপস্থ প্রাহিণোদ্বৃদ্ধিদন্মতাম্॥৫॥
সা তত্র গত্বা কুশলা তপোনিত্যস্থ সমিধৌ।
আশ্রমং তং সমাসান্ত দদর্শ তমুষেঃ স্থতম্॥৬॥

বেশ্যোবাচ।

কচ্চিন্দ্ৰ। কুশলং তাপসানাং কচ্চিচ্চ বো মূলফলং প্ৰভূতম্।
কচ্চিদ্ৰবান্ বমতে চাশ্ৰমেহিন্দ্ৰংস্থাং বৈ দ্ৰফ্ট্যং সাম্প্ৰতমাগতোহিন্দ্ৰ ॥৭॥
কচ্চিত্ৰপো বৰ্দ্ধতে তাপসানাং পিতা চ তে কচ্চিদ্ৰহীনতেজাঃ।
কচ্চিত্ৰয়া প্ৰীয়তে চৈব বিপ্ৰ। কচ্চিৎ স্থাধ্যাব্য ক্ৰিয়তে চৰ্ধ্যশৃঙ্গ ৷ ॥৮॥
খাষ্যশৃঙ্গ উবাচ।

ঋদ্ধ্যা ভবান্ জ্যোতিরিব প্রকাশতে মন্তে চাহং ত্বামভিবাদনীয়ন্। পাত্যং তে বৈ সম্প্রদাস্থামি কামাদ্যথাধর্ম্মং মূলফলানি চৈব ॥৯॥

ভারতকোমূদী

তত ইতি। সমাধার উপদিশ্র, ইতিকাধ্যতাম্ ইতিকর্দ্তব্যতাম্। সম্ভরমন্তর্দ্ধানম্ ॥ ৫॥
নেতি। না দ্বন্মোবাবা ছহিতা। তপ এব নিতাং যত্ত অন্তর্ম আশুরুত্ত ॥ ৬॥
কচ্চিদিতি। কচ্চিৎ বেদিতুমিচ্ছামীতার্থঃ। বো মুম্মাকম্, প্রভূতং প্রচুরম্ ॥ ৭॥
কচ্চিদিতি। মহীনভেদ্ধা অনষ্টরাদ্ধপ্রভাবঃ। স্বাধ্যায়ো বেদপাঠঃ ॥ ৮॥
ঝন্ধোতি। ক্ষা ভেদ্ধনস্পদ্য দ্যোতিন্তেজ্বংপুরঃ। কামাদিচ্ছাতঃ॥ ১॥

তাহাব পৰ বাইয়া বিভাগুকের আশ্রামের অদূবে সেই নৌকা বাঁধিয়া, কতকগুলি লোক দ্বাবা বিভাগুকমূনিৰ অনুপস্থিতি জানিয়া লইল ॥৪॥

তংপবে সেই বৃদ্ধবদণী বিভাগুকমূনিব অনুপস্থিতি জ্বানিয়া, নিজেব বৃদ্ধিমতী বেশ্যাক্সাকে কর্ত্তব্য বিষয় বৃষাইয়া দিয়া, তাহাকে পাঠাইয়া দিল ॥ ।।।

তথন দেই কার্যানিপুণা বেশ্যাক্সা দর্বদা তপস্থানিরত ঋষ্যুশৃঙ্গেব নিকটে যাইরা, ক্রনে তাঁহাব মাশ্রমেই উপস্থিত হইয়া তাঁহাকে দর্শন করিল ॥৬॥

পবে দেই বেশ্যাকন্তা বলিল—"মূনি! তপদ্বীদিগের মঙ্গল ত ? আপনাদেব প্রচুব পবিমাণে কলমূল আছে ত ? এবং আপনি এই আশ্রমে স্থুখে আছেন ত ! আনি এখন আপনার সহিত দাক্ষাৎ কবিতে আদিয়াছি ॥৭॥

তপদ্দীদিগেব তপস্থা বৃদ্ধি পাইতেছে ত ? আপনাব পিতার তেজ নষ্ট হয় নাই ত ? ব্রাহ্মণ! আপনি স্থা আছেন ত ? এবং খায়াশৃঙ্ধ! আপনি বেদপাঠ করিবা থাকেন ত ?" ॥৮॥

খ্যুশৃঙ্গ বলিলেন—''আপনি কান্তিসম্পদে তেজ্ঞপুঞ্জের স্থায় প্রকাশ পাইডে-

কোশ্যাং র্য্যামাদৃস্ব যথোপজোষং কৃষ্ণাজিনেনার্তারাং স্থারায্। ক চাশ্রমস্তব কিং নাম চেদং ত্রতং ত্রহ্মংশ্চর্যসি দেববত্ত্বয়্ ॥>०॥ বেশ্যোবাচ।

মমাশ্রমঃ কাশ্যপপুত্র ! বম্যন্ত্রিযোজনং শৈলমিমং পরেণ ।
তত্র স্বধর্মোহনভিবাদনং মে ন চোদকং পাত্যমুপস্পৃশামি ॥>>॥
ভব তা নাভিবাতোহহমভিবাতো ভবান্ ময়া ।
ত্রতমেতাদৃশং ত্রহ্মন্ । পবিশ্বজ্যো ভবান্ ময়া ॥>২॥
খায়শৃঙ্গ উবাচ ।

ফলানি পকানি দদানি তেহহং ভল্লাতকান্তামলকানি চৈব। কন্নবকাণীঙ্গুদধন্মনানি প্রিয়ালকানাং কাঞ্চ্লিতং বৈ কুরুষ ॥১৩॥

ভারতকোমূদী

কোন্সামিতি। কোন্সাং কুশমযাম, বৃষ্ঠাং ব্রতিযোগ্যাসনে, "ব্রতিনামাসনং বৃধী" ইত্যারঃ। আনুষ্ব উপবিশ, যথোপজোবং যথাস্থয়। স্থাযাং স্থঞ্জনিকারাম্ ॥১০॥

মমেতি। পবেণেত্যেনপ্রত্যযান্তত্যা শৈলমিতি "বিতীবৈনেন" ইতি বিতীয়া ।১১॥
ভবতেতি। ব্রতং মজ্জাতিনিযম:। ইদং সর্বাধা সত্যমূক্তম্। পবিষক্তা আলিঙ্গনীয: ॥১২॥
ভারতভাবদীপঃ

সান্থিতি। নাব্যাশ্রমং নাবাতার্থ্যমাশ্রমম্ ॥১ — ০॥ মূনেবিভাওকতা বিহারং বহির্গমনম্, চারয়ামাস চারেরধিগতবতী ॥৪॥ সমাধায বোধহিন্ধা, ইতিকার্থ্যতামিতিকর্ত্তব্যতাম্, অন্তব-

ছেন; অতএব আপনি আমাব নমস্ত বলিষা আমি মনে কবি; আর আমি ইচ্ছা করিষা অতিথিব নিয়ম অনুসাবে আপনাকে পাত্ত, কল ও মূল প্রদান করিব॥৯॥

ব্রাহ্মণ! আপনি এই কৃষ্ণাজিনাবৃত সুখজনক কুশময় ব্রতীব আসনে যথাস্থথে উপবেশন করুন; আপনার আশ্রম কোথায় গ এবং আপনি দেবতাব স্থায় এই কোন্ ব্রত আচরণ কবিতেছেন ?'' মা১ ॥

বেশ্যাকন্তা বলিল—"বিভাগুকপুত্র! এই ত্রিযোজনব্যাপী পর্ব্বতের অপব দিকে আমাব মনোহর আশ্রম বহিয়াছে। তাহাতে আমাব স্বধর্ম এই যে, আমি কাহাব অভিবাদন গ্রহণ কবি না, কিংবা পাছজল স্পর্শ কবি না ॥১১॥

স্তবাং আপনি আমাকে অভিবাদন কৰিবেন না, আমিই আপনাকে অভিবাদন কৰিব; আর ব্রাহ্মণ! আমাদেব এইরূপ একটা ব্রত আছে যে, আমি আপনাকে আলিঙ্গন করিব"॥১২॥

⁽১৩)--- शिश्रनानाः कामकातः कुक्य---वा व का शि।

লোমশ উবাচ।

সা তানি সর্বাণি বিসর্জ্জিয়ির ভক্ষ্যাণ্যনর্হাণি দদৌ ততাংহস্ত ।
তান্যুশৃঙ্গস্ত মহারসানি ভূশং স্থরপাণি রুচিং দত্নই ॥ ৪॥
দদৌ চ মাল্যানি স্থগন্ধবন্তি চিত্রাণি বাসাংসি চ ভানুমন্তি ।
পোযানি চাগ্র্যাণি ততো মুমোদ চিক্রীড় চৈব প্রজহাস চৈব ॥ ১৫॥
সা কন্দুকেনারমতাস্ত মূলে বিভজ্জমানা ফলিতা লতেব ।
গাব্রৈশ্চ গাত্রাণি নিষেবমাণা সমালিষ্চ্চাসর্দৃষ্যশৃঙ্গম্ ॥ ১৬॥
সর্জ্জানশোকাংস্টিলকাংশ্চ বৃক্ষান্ স্থপুষ্পিতানবনাম্যাবভজ্জ্য ।
বিলজ্জ্মানেব মদাভিভূতা প্রলোভ্যামাস স্থতং মহর্ষেঃ ॥ ১৭॥

ভাৰতকোমূদী

ফলানীতি। প্রিয়ালকপদময়েরাম্পলকণম্। কাজ্জিতং বদভীষ্টং ভোজনম্॥১৩॥
সেতি। অনহাণি বাজভবননিশিতবাদমূল্যানি। ক্লচিম্ৎকটপ্রবৃত্তিম্॥১৪॥
দদাবিতি। ভাত্মনিত ম্বর্ণাদিখচিতবাদ্জ্জনানি। অগ্র্যাণি উত্তমানি ॥১৫॥
সেতি। কলুকেন গেণ্ডকেন। মূলে সমীপে, বিভজ্যমানা বক্লীক্রিম্মাণা॥১৬॥
সর্জানিতি। বৃক্ষাণাম্বন্মন্যবভ্জনক ধৃষ্টতাপ্রদর্শনার্থম্॥১৭॥

ভাবতভাবদীপঃ

নসানিধ্যন্ ॥ ৪--- ৯॥ কোখাং বৃদ্যানাস্থ কুশাসনে উপবিশ, যথোপজোবং যথাক্থন, তুথাযাং ত্বংকর্যান্ ॥১০-- ১০॥ জনহাণ্যত্যভাষ্যাদম্ল্যানি ॥১৪--- ১৫॥ স্লে সমীপে, বিজ্ঞান্যানা জন্মাটনাদীনি কুর্বাণা নিধেবমাণা স্চীবদভান্তবং প্রবিশম্ভী। "বিবু ভদ্ধসন্তানে" ইতি

ঋষ্মগৃঙ্গ বলিলেন—"মহাশয়। আমি আপনাকে পক ভল্লাভক, আমলক, কৰ্ম্বক, ইন্তুদ্, ধ্যন ও প্রিয়ালক ফল দিব, আপনি ইচ্ছানুসাবে সেগুলির সদ্ব্যবহার কফন" ॥১৬॥

লোমশ বলিলেন ''সেই বেশ্যাকন্তা সে সমস্ত ফলই পবিত্যাগ করিয়া, তৎপবে ঋষ্যশৃসকে অমূল্য খাত্যবস্তু সকল প্রদান কবিল ; তখন অতিমুখাত্ব ও পবমমুন্দর সেই খাত্যবস্তুগুলি ঋষ্যশৃস্তের বিশেষ কচিক্ব হইল ॥১৪॥

পবে স্থগন্ধ মাল্য, বিচিত্র ও উজ্জল বস্ত্র এবং উত্তম পানীয় বস্তু সকল ঋদ্যশৃঙ্গকে দান কবিল ; তাহাব পর আমোদ, ক্রীডা ও হাস-পরিহাস করিতে লাগিল ॥১৫॥

তদনস্তব বেশ্যাকন্তা কলবতী লভার ন্যায় বক্ত হইয়া হইয়া ঋষুশৃঙ্গের নিকটে কন্দুক-(গেঁডু) ক্রীড়া কবিল এবং গাত্র দ্বাবা ঋষুশৃঙ্গেৰ গাত্র সেবা করতঃ বার বার ভাঁহাকে গাঢ় আলিসন কবিল ॥১৬॥ অথর্ব্যশৃঙ্গং বিকৃতং সমীক্ষ্য পুনঃ পুনঃ পীড়া চ কায়মশু।
অবেক্ষ্যমাণা শনকৈর্জগাম কৃত্বাহগ্নিহোত্রন্থ তদাপদেশম্॥১৮॥
তন্থাং গতাযাং মদনেন মত্তো বিচেতনশ্চাভবদৃষ্যশৃঙ্গঃ।
তামেব ভাবেন গতেন শৃন্থো বিনিশ্বসন্নার্ত্তরপো বভূব॥১৯॥
ততো মুহূর্তাদ্ধবিপিঙ্গলাক্ষঃ প্রবেষ্টিতো বোমভিরানখাগ্রাৎ।
স্বাধ্যায়বান্ বভ্রসমাধিয়ুক্তো বিভাগুকঃ কাশ্যপঃ প্রাত্তরসমীৎ॥২০॥
সোহপশ্যদাসীনমুপেত্য পুত্রং ধ্যাযন্ত্যমকং বিপবীতচিত্তম্।
বিনিশ্বসন্তং মুভ্রেদ্ধিদৃষ্টিং বিভাগুকঃ পুত্রমুবাচ দীনম্॥২১॥
ন কল্পান্তে সমিধঃ কিন্ধু তাত। কচ্চিদ্ধু তঞ্চাগ্রিহোত্রং ত্বয়াত্য।
স্বনির্ণিক্তং ক্রক্ত্রন্থাং হোমধেনুঃ কচ্চিৎ স্বৎসাত্য কৃতা ত্বয়া চ॥২২॥

ভাবতকো মুদী

অথেতি। পীত্য গাঢ়ালিঙ্গনেন পীড়বিত্বা। অব্লিহোত্রস্থ অপদেশং ছলম্ ॥১৮॥
তক্সমিতি। তাং বেশ্চামেব গতেন, ভাবেন মনোবৃত্তা, শৃত্যদিস্তান্তববহিতঃ ॥১৯॥
তত ইতি। হবিঃ সিংহ ইব পিঙ্গলাক্ষ্য, প্রবেষ্টিত আবৃতঃ। বৃত্তং সদাচাবঃ ॥২০॥
স ইতি। আসীনমুপবিষ্টম্। একমেকাকিনম্। মুছবিনিখসন্তম্॥২১॥

তৎপবে আশ্রমস্থ পুষ্পভূষিত সর্জ্জ, অশোক ও তিলকবৃক্ষগুলিকে অবনত ও ডগ্ন কবিয়া লজ্জিত হইযাই যেন মদমন্তা সেই বেশ্যাক্সা ঋয়শৃঙ্গকে প্রলুব্ধ করিয়া ফেলিল ॥১৭॥

তাহাব পর ঋগুশৃঙ্গকে বিকাবগ্রস্ত দেখিয়া, গাঢ়ালিঙ্গনদ্বারা বাব বাব উহাব শরীবটীকে নিপীড়িত কবিয়া, অগ্নিহোত্রহোম কবিবাব ছল কবিয়া ধীবে ধীবে চলিয়া গেল; তথন ঋগুশৃঙ্গ তাহার দিকে চাহিয়া রহিলেন ॥১৮॥

সেই বেশ্যাকন্তা চলিয়া গেলে, ঋষ্মশৃঙ্গ কামে মত্ত ও অচেতন প্রায় হইয়া পড়িলেন এবং তদ্গত চিস্তায শৃ্যাচিত্ত ও পীড়িতের স্থায় হইলেন এবং ঘন ঘন নিশ্বাস ড্যাগ কবিতে লাগিলেন ॥১৯॥

তাহাব পৰ মুহূর্ত্তকালমধ্যেই সিংহের স্থায় পিঙ্গলনয়ন, নথাগ্র হইতে আৰম্ভ কবিয়া বোমাবৃতদেহ, বেদপাঠনিবত এবং সদাচাব ও সমাধিযুক্ত কাশ্যপ বিভাণ্ডকমূনি উপস্থিত হইলেন ॥২০॥

তিনি উপস্থিত হইয়া দেখিলেন—পুত্র ঋষ্যশৃঙ্গ দীনভাবে একাকী বদিয়া রহিয়াছেন, কি যেন চিন্তা করিতেছেন, তাঁহার চিন্ত যেন বিপবীত হইয়া গিয়াছে, তিনি মূহ্মুহ্ নিশ্বাস ত্যাগ কবিতেছেন এবং তাঁহাব দৃষ্টি উপরেব দিকে বহিয়াছে। তখন তিনি ঋষ্যশৃঙ্গকে বলিলেন—॥২১॥

ন বৈ যথাপূর্ববিষবাদি পুত্র ! চিন্তাপব*চাদি বিচেতন*চ।
দীনোহতিমাত্রং ছমিহাগ্য কিন্নু পূচ্ছামি স্বাং ক ইহাগ্যাগতোহভূৎ ॥২৩॥
খাষ্যশৃদ্ধ উবাচ।

ইহাগতো জটিলো ব্রহ্মচাবী ন বৈ ব্রস্থো নাতিদীর্যো মনস্বী।

স্থবর্ণবর্ণঃ কমলায়তাকঃ স্থতঃ স্থবাণামিব শোভমানঃ ॥২৪॥

সমৃদ্ধরূপঃ সবিতেব দীপ্তঃ স্থশ্রফ্রক্ষাক্ষিরতীবগোরঃ।

নীলাঃ প্রদাশচ জটাঃ স্থগদ্ধা হিরণ্যবজ্ঞ্প্রথিতাঃ স্থদীর্ঘাঃ॥২৫॥

ভারতকোমূদী

নেতি। করান্তে অগ্নিপ্রকেপোপযোগিতাঃ ক্রিয়ন্তে। স্থনির্ণিক্তং সম্মাজিতন্ ॥২২॥
নেতি। ফ্থাপূর্বাং নাসীব, বিক্বতাবদ্বাপরতাদিতি তাবঃ। দীনো বিষয়ঃ ॥২৩॥
ইহেতি। আদ্বীবনং ব্রহ্মচারীতরদর্শনাভাবাৎ বেশুরামপি ব্রহ্মচারিজ্ঞানন্ ॥২৪॥
সমৃদ্ধেতি। সমৃদ্ধরপঃ সম্পদ্ধনান্দর্যাঃ। স্ক্র্মাক্র অতিকোমলে ক্রুফে চাফিণী যতা সং।
হিবণাবজ্র্গ্রিতাঃ স্বর্ণরজ্বদ্ধাঃ। ইদন্ত বেণিবু জটাজ্ঞানম্ ॥২৫॥

ভারতভাবদীপঃ

ধাতু: 13৬—১৭। কায়ং দেহম্, পীভা আলিঙ্গনেন নিপীভা, অপদেশং ছল্ম্ ॥১৮॥ ভাবেনাভি-প্রায়েণ ॥১২। প্রবেষ্টিতো ব্যাপ্তঃ ॥२०—২১॥ কল্লাস্কে সিন্ধাঃ ক্রিয়স্কে, নির্নিক্তং প্রকালিতং নবৎসা কৃতা দোহনায়েতি শেষঃ ॥২২—২৬॥ স্বত এব নালকালাদিনা ॥২৪—২৫।

"বংস! তুমি সমিধ নির্দ্মাণ কব নাই কেন? তুমি আজ অগ্নিহোত্রহোম করিয়াছ ত ? ত্রুক্ ও ক্রুব মাজিয়াছ ত ? এবং তুমি আজ হোমধেরুকে তাহার বংসের সহিত সংযোজিত করিয়াছ ত ? ॥২২॥

পুত্র! তোনার ভাব যেন আন্ধ আব পুর্বের মত নাই; তুমি চিন্তাসজ রহিবাছ: যেন অচেতনেব মত হইবা পড়িয়াছ; এখানে আন্ধ তুমি অত্যন্ত দীনভাবাপন্ন হইরাছ কেন? আমি তোমাকে জিজ্ঞাদা করি—এখানে আন্ধ কে আদিয়াছিল ?" ॥২৩॥

খন্তাশৃঙ্গ বলিলেন - "এখানে আজ একজন জটিল ব্রহ্মচারী আসিয়াছিলেন; তিনি অতিথব্বও নহেন, অতিদীর্ঘণ্ড নহেন, অথচ প্রশস্তক্ষদয়; তাঁহার বর্ণ সোণাব মত এবং নয়ন ছুইটা পদ্মের মত দীর্ঘ; স্মৃতরাং তিনি দেবপুত্রের স্থায় শোভা পাইতেছিলেন ॥২৪॥

তিনি মতান্ত ৰূপবান্, সূর্য্যেব আয় উজ্জ্বন ও অত্যন্ত গৌরবর্ণ এবং তাঁহার

⁽২৩) লোকাৎ পতন '-- একাদশাধিকশততমোহধ্যার:'—বা ব কা পি, '---ছাদশাধিকশত তেনাহধ্যায়:'—নি।

আলোলমানা পুনবস্থ কঠে বিভ্রাজতে বিদ্যুদিবান্তবীকে।
বৌ চাস্থ পিণ্ডাবধবেন কঠাদজাতরোমো স্থমনোহরো চ ॥২৬॥
বিলগ্নমধ্যণ্ট স নাভিদেশে কটিশ্ট তস্থাতিকৃশপ্রমাণা।
তথাস্থ চীবান্তবতঃ প্রভাতি হিরগ্নয়ী মেখলা মে যথেরম্ ॥২৭॥
অন্যচ্চ তস্থাভূতদর্শনীয়ং বিকৃজিতং পাদয়োঃ সম্প্রভাতি।
পাণ্যোশ্ট তন্বৎ স্বনবিন্নবদ্ধী কলাপকাবক্ষমালা যথেরম্ ॥২॥
বিচেন্টমানস্থ চ তস্থ তানি কৃজন্তি হংসাঃ সরসীব মন্তাঃ।
চীবানি তম্ভাভূতদর্শনানি নেমানি তহ্মম রূপবন্তি ॥২১॥

ভারতকৌমুদী

আলোলেতি। আলোলমানা দোছল্যমানা। হারলতেষম্। পিণ্ডো মাংসভেতি ভাবঃ। স্তন্যোক্তিব্রিষম্। অধ্রেণ অধ্স্তাং। রোমশবস্তু নকারলোপ আর্থঃ ॥২৬॥

বিলগ্নেতি। বিলগ্ন: পিশীলিকা তদমধ্যো যশু সং, স ব্রন্ধচাবী। চীবান্তবতঃ কৌপীনা-ভাস্তবতঃ। চিরমেব চীবদর্শনাৎ পূর্ণবসনেহপি চীবজ্ঞানম্ ॥২৭॥

অক্তদিতি । বিশিষ্টং কৃজিতং শিক্ষিতং যক্ত তৎ নৃপুরুষয়মিত্যর্থা । স্থানবস্তো চ তো নিবন্ধো চেতি তো, কলাপকো ভূষণবয়ং কম্পণদামিতি যাবং ॥২৮॥

বীতি। বিচেইমানক্স নৃত্যাদিনা ক্রীডতঃ, তানি করচবণভ্ষণানি ।২৯। ভাষতভাষদীপঃ

আধাবরূপা আলবালসদৃশী কণ্ঠাভরণবিশেষ:। "আধাবশ্চাধিকরণেহপ্যালবালেহমুধারণে" ইতি বিশ্ব: ॥২৬॥ বিলগ্ন ইবেতি কুশব্দ লক্ষাতে। অভিকৃতপ্রমাণাতিকুশা ॥২৭॥ কলাপকৌ নয়ন তুইটী অতি কোমল ও কৃষ্ণবর্ণ এবং জটাগুলি ঘোর কৃষ্ণবর্ণ, নির্মাল, সুগন্ধ, স্বর্ণবিজ্ঞাবদ্ধ ও স্থানীর্য ॥২৫॥

আবাব আকাশে যেমন বিদ্যাৎ শোভা পায়, তেমন উহার কণ্ঠদেশে একটা বস্তু ছলিতে থাকিয়া শোভা পাইতেছিল; আব উঁহাব কণ্ঠেব নিম্নভাগে বোমশৃষ্ঠ অতিমুনোহৰ ছুইটা মাংসপিও বহিয়াছে ॥২৬॥

তাঁহাব নাভিদেশটা পিপীলিকাব মধ্যভাগেব স্থায় ক্ষীণ এবং কটিদেশটাও অভিকৃশ, আর আমাব এই মেখলাব স্থায় তাঁহাবও কৌপীনের ভিতব হইতে স্বর্ণময়ী মেখলা প্রকাশ পাইতেছিল ॥২৭॥

আব তাহাব চৰণযুগলে আশ্চর্য্য দৃশ্য ও ববকারী তুইটা বস্তু শোভা পাইতেছিল এবং আমাব ধেমন এই জ্বপেব মালা, তেমন তাঁহাবও হস্তযুগলে তুইটা অলঙ্কাব বদ্ধ ছিল'এবং শব্দ কবিতেছিল ॥২৮॥

তা'ব পৰ সবোবৰে যেমন মন্ত হংসগণ বব করে, চলিবাব সময়ে তাঁহাব (২৬) আধারব্নণা—বা ব কা, আধাবভূতঃ—নি। (২৭)—তহ্যাতিহৃতপ্রমাণা—বা ব কা নি। বন-১২২ (৮) বক্ত্ৰপ্প তস্মাদ্ভুতদশনীয়ং প্ৰব্যাহৃতং হলাদয়তীব চেতঃ।
প্ংক্ষোকিলস্মেব চ তস্ম বাণী তাং শৃথতো মে ব্যথিতোহন্তরাত্মা ॥০০॥
যথা বনং মাধ্বমাদমধ্যে দমীরিতং শ্বদনেনাবভাতি।
তথা স ভাত্যুক্তমপুণ্যগন্ধী নিষেব্যমাণঃ পবনেন তাত। ॥০১॥
স্থাংযতাশ্চাপি জটা বিভক্তা দ্বৈধীকৃতা ভান্তি ললাটদেশে।
কণোঁ চ চিত্রৈরিব চক্রবাকৈঃ সমান্ত্রতা তস্ম স্ক্রপবিদ্ধিঃ ॥০২॥
তথা কলং বৃত্তমধ্যে বিচিত্রং সমাহ্রৎ পাণিনা দক্ষিণেন।
তত্তুমিমাদান্ত পুনঃ পুনশ্চ দমুৎপতত্যন্তুত্রপমুচ্চৈঃ ॥০০॥

ভারতকোমুদী

বিজ্ মিতি । প্রব্যান্ধতম্ উজিঃ । প্ংক্ষোকিলজেবেতি স্ববমাত্তে সাদৃশ্রম্ ॥२०॥

যথেতি । মাধ্বমাসমধ্যে বৈশাথে মাসি, সমীবিতং সঞ্চালিতম্, শ্বসনেন বায্না । স ব্রহ্মচাবী ।
প্রননিষ্বেশেন সৌবভদ্যাবাদিতি ভাবঃ ॥৩১॥

জটাত্বেন বেণীর্বিব্রণোতি—স্থদমিতি। স্থদংযতাঃ স্থবদ্ধাঃ। কর্ণবোঃ কুণ্ডলানি বর্ণযতি— কর্ণাবিতি। চিত্রৈশ্চক্রবাধৈরিব স্থরূপবন্ধিভূর্যধান্তস্তম্ম কর্ণো সমাব্রতো ॥৩২॥ কন্দুকক্রীডাং বর্ণযতি—তথেতি। ফলং ফলাকাবং কন্দুকম্, বৃত্তং গোলম্ ॥৩৩॥

সেই অলঙ্কাবগুলিও তেমনই বব কবিয়াছিল এবং তাঁহার কৌপীনগুলি অভুত দৃখ্য; কিন্তু আমাব এ কৌপীনগুলি সেৱপ স্থান্দব নহে ॥২৯॥

আর, তাঁহাব মুখখানি অভূত দৃষ্ঠা, বাক্যোচ্চাবণ যেন চিত্তে আহলাদ জন্মায় এবং কোকিলেব স্থায় তাঁহার বাক্য; তাহা শুনিবাব সময়ে আমার অস্তঃকরণ ব্যথিত হইয়াছিল ॥৩০॥

পিতঃ ! বৈশাথমাদে বাযুসঞ্চালিত বন বেমন (গৌরভ বিস্তার কবিতে থাকিযা) শোভা পায, তিনিও তেমন বাযুসেবিত হইয়া উত্তম ও পবিত্র সৌরভ বিস্তাব কবিতে থাকিয়া শোভা পাইয়াছিলেন ॥৩১॥

তাঁহাব জটাগুলি পবিপাটীৰূপে বন্ধ এবং ললাটদেশে তুই ভাগে বিভক্ত ছিল; আর বিচিত্র চক্রবাকপক্ষীর ক্যায় অতি স্থন্দর কতকগুলি বস্তু (কুণ্ডল) দ্বাবা তাঁহাব কাণ তু'থানি আরত ছিল ॥৩২॥

ভাহাব পব তিনি দক্ষিণ হস্ত দ্বারা একটা গোলাকাব ফলকে (গেঁডুকে) আঘাত কবিতে লাগিলেন; তখন সেই ফলটা বাব বাব ভূতলে পড়িয়া আবার অভূতভাবে উপবে উঠিতে লাগিল॥এখা

⁽৩১)---মাধবমাসি মধ্যে---খদনেনৈব ভাতি--্বা ব কা নি । (৩২)---ধৈধীকৃতা নাতিসমা ললাটে--বা ব কা, ---বিধাকৃতাশ্চাপি সমা ললাটে--পি ।

তচ্চাভিহত্বা পবিবর্ত্তিতেংসো বাতেরিতো বৃক্ষ ইবাথ ঘূর্নন্।
তং প্রেক্ষতঃ পুত্রমিবামরাণাং প্রীতিঃ পবা তাত। বিতশ্চ জাতা ॥৩৪॥
স মে সমাশ্লিষ্য পুনঃ শবীরং জটাস্থ গৃহ্ছাভ্যবনাম্য বক্তুম্।
বক্তেন বক্তং প্রণিধায় শব্দং চকার তন্মেহজনয়ৎ প্রহর্ষম্ ॥৩৫॥
ন চাপি পাগ্যং বহু মন্যতেহসো ফলানি চেমানি ময়াহ্নতানি।
এইবেতোহস্মীতি চ মামবোচৎ ফলানি চান্যানি স চাদদন্মে ॥৩৬॥
ময়োপযুক্তানি ফলানি যানি নেমানি তুল্যানি বসেন তেষাম্।
ন চাপি তেষাং ত্বিযং যথৈষাং সারাণি নৈষামিব সন্তি তেষাম্ ॥৩৭॥

ভাবতকৌ মূদী

তদিতি। তচ্চ ফলঞ্চ, অভিহত্বা আহত্য। অসোঁ বন্ধচাৰী। রতিরন্ধবাগঃ ॥৩৪॥
স ইতি। গৃহ্য ধৃত্বা। বক্তুমভাবনামোতানেন ঋষণৃক্ষ দীর্ঘশরীবত্বম্, তেন চ মৌবনং
স্ফিতম্। প্রণিধায় ধৃত্বা বিচুদ্যোতার্থা, শব্দং চুত্বনবব্দ্ ॥০১॥

খদত্তপাদ্যাদিপ্রত্যাখ্যানমাহ – নেতি। আহ্নতানি আহ্নত্য দল্লানি এঞা

মবেতি। উপযুক্তানি ভক্ষিতানি, ফলানি ভক্ষ্টানি। ইমানি অক্ষণাশ্ৰমজাতানি। তেবাং ভক্ত্মজানাম্, ত্বগ্ৰহণ নাস্তি যথা এবামক্ষণাশ্ৰমজাতানাং ফলানামিবং ত্বগস্তি। নারানি অষ্ঠয় সন্তি। এতেনেদানীমিব তদানীমপি শর্করাদিমিশ্রণেনামিক্ষাল্ডভূক্ষদিনির্মাণরীভিরানী-দিতি প্রতীয়তে ॥৩৭॥

ভাবতভাবদীপঃ

ভূষণবিশেষো । স্বার্থে ক:। "কলাপ: সংহতে বর্হে তৃণীরে ভূষণে হরে" ইতি বিশ্ব:। কম্বণা-বিত্যর্থ: ॥২৮—৩২॥ তথা ফলং ফলসদৃশং কন্দুক্স্ ॥৩৩॥ প্রীতিরাহ্লাদঃ, রতিরাসজিঃ

সেই ফলটীকে আঘাত কবিয়া কবিয়া সেই ব্রহ্মচারী বাযুসঞ্চালিত বুক্ষের স্থায় ঘূবিতে থাকিয়া ফিবিতে থাকিলেন। বাবা! তখন দেবপুত্রের স্থায় তাঁহাকে দেখিযা আমাব পবম প্রীতি ও পবম অনুবাগ জন্মিল ॥৩৪॥

তা'ব পব আবাব তিনি আমাকে গাঢ় আলিঙ্গন কবিষা, আমার জটা ধরিয়া মুখখানিকে নোয়াইয়া. মুখদাবা আমাব মুখখানিকে ধরিয়া (চুম্বন করিয়া) একবকম শুন্দ কবিলেন: তাহা আমাব অত্যন্ত আনন্দ জন্মাইল ॥৩৫॥

আমাব প্রদন্ত পান্ত কিংবা আমার প্রদন্ত এই সকল ফল তিনি গ্রহণ করিলেন না; আমাকে বলিলেন—"এই প্রকাবই আমাদেব ব্রত।" পবে তিনিও আমাকে অক্যান্ত ফল দিলেন ॥ ৬॥

তাঁহার প্রদন্ত যে সকল ফল আমি ভোজন করিয়াছি, আমাদেব আশ্রমের এই সকল ফল, রসে সে ফলেব তুল্য নহে; এই ফলগুলির যে রকম বাকল আছে, সে 'ফলগুলিব সে রকম বাকল নাই এবং এই ফলগুলির যে রকম আঁঠি আছে, সে ফলগুলির সে বকম আঁঠি নাই। ॥৩৭॥ তোয়ানি চৈবাতিরসানি মহুং প্রাদাৎ স বৈ পাতুমুদাবরূপঃ।
গীত্বৈব যান্তভাধিকঃ প্রহর্ষো মমাভবভূশ্চলিতেব চাসীৎ ॥৩৮॥
ইমানি চিত্রাণি চ গন্ধবন্তি মাল্যানি তন্তোদ্প্রথিতানি পট্টেঃ।
যানি প্রকীর্য্যেহ গতঃ স্বমেব স আঞ্রমং তপসা ভোতমানঃ ॥৩৯॥
গতেন তেনান্মি কুতো বিচেতা গাত্রঞ্চ মে সম্পরিদহুতীব।
ইচ্ছামি তস্তান্তিকমাশু গন্তং তঞ্চেহ নিত্যং পবিবর্ত্তমানম্ ॥৪০॥
গচ্ছামি তস্তান্তিকমেব তাত! কা নাম সা ব্রশ্বাচর্য্যা মু তম্ম।
ইচ্ছামাহুং চবিতুং তেন সার্দ্ধং যথা তপঃ স চরত্যার্য্যধর্মা॥৪১॥

ভাৰতকোসুদী

তোষানীতি। উদাররপঃ ষতী্বহন্দবং। তোষানি স্বাসবর্রপাণীতি প্রতীয়তে ॥ ৩৮॥
ইমানীতি। পট্টেং পট্টস্টেরেং। প্রকীর্যা বিক্ষিপ্য। স ব্রহ্মচারী ॥ ৩৯॥
গতেনেতি। বিচেতা বিক্বতচিত্তঃ। সম্পরিদহতীতি পরস্মৈপদমার্যম্ ॥ ৪০॥
গচ্ছামীতি। আর্যাধর্মা সজ্জননিয়সশালী। অহো ! ধন্তামিদং কবিত্বম্, ধন্তাং তদাশ্রমপদম্,
ধন্তশ্চাদো ব্বা ঝন্তশৃদ্ধং, যেন বাববনিতাধানেৰ ব্রহ্মচারিপ্রকার ঝন্তশৃস্পাত্মনি দশিতঃ, যত চ
তাবতি কালেহপি প্রীদর্শনং নামীৎ; যশ্চ মুবাপি বাববনিতামেব ব্রহ্মচাবিণং জানাতি স্ম ॥ ৪১॥

সেই পরমস্থলব ব্রহ্মচাবী আমাকে পান করিবার জন্ম অতিসুস্বাত্ন জল দিবাছিলেন; যাহা পান কবিবার পবেই আমাৰ অত্যন্ত আনন্দ হইয়াছিল এবং পৃথিবীটাই যেন ঘুবিতেছিল বলিয়া বোধ হইতেছিল ॥৩৮॥

পট্টস্ত্রদ্বাবা গ্রন্থিত সৌবভশালী এই সকল বিচিত্র মালা ভাঁহারই; যেগুলি এই-খানে ফেলিয়া সেই তপস্থার প্রভাবে উজ্জ্বলকান্তি ব্রদ্মচারী নিজেরই আশ্রমে চলিয়া গিয়াছেন ॥৩৯॥

তিনি চলিয়া গিয়া আমাকে বিকৃত্চিত্ত কবিয়া গিয়াছেন এবং আমার গাত্র যেন দক্ষ হইতেছে; অতএব আমার ইচ্ছা হইতেছে যে, আমি সম্বরই তাঁহার নিকট যাই, কিংবা তিনি সর্ববদাই এখানে থাকেন ॥৪০॥

বাবা! আমি তাঁহাব নিকটেই যাই; তাঁহাব সেই ব্রহ্মচর্য্যটাব নাম কি? সেই সক্তন যেকপ তপস্থা করিতেছেন, তাঁহার সহিত সেই রূপ তপস্থা করিতে আমি ইচ্ছা কবি" ॥৪১॥

⁽৪১) শ্লোকাং পরন্ 'চর্ছ্' তথেচ্ছা স্বদয়ে মুমান্তি ছুনোতি চিন্ত যদি তং ন পঞ্চে' ইতি চরণবয়নধিকং—বা ব কা নি। তংপরক '—দ্বাদশাধিকশততমোহধ্যায়ঃ'—বা ব কা পি, '—ব্যোদশাধিকশততমোহধ্যায়ঃ'—নি।

বিভাগুক উবাচ।

বক্ষাংসি চৈতানি চরন্তি পুত্র। রূপেন তেনাভূতদর্শনেন।
অতুল্যবীর্য্যাণ্যতিরূপবন্তি বিল্লং সদা তপসন্দিন্তয়ন্তি ॥৪২॥
স্থরূপরূপানি চ তানি তাত। প্রলোভযন্তে বিবিধৈরূপায়ৈঃ।
স্থাচ্চ লোকাচ্চ নিপাতয়ন্তি তাক্যুগ্ররূপানি মুনীন্ বনেয়ু॥৪৩॥
ন তানি সেবেত মুনির্যতাল্মা সতাং লোকান্ প্রার্থয়ানঃ কথঞিৎ।
কৃত্বা বিল্লং তাপসানাং বমন্তে পাপাচাবান্তাপসন্তান্ ন পশ্যেৎ॥৪৪॥
অসজ্জনেনাচবিতানি পুত্র। পানাস্যপেয়ানি মধুনি তানি।
মাল্যানি চৈতানি ন বৈ মুনীনাং স্মৃতানি চিত্রোজ্জ্বলগন্ধবন্তি॥৪৫॥
লোমশ উবাচ। গণ

বক্ষাংসি তানীতি নিবার্য্য পুত্রং বিভাগুকস্তাং মৃগয়াম্বভূব। নাসাদ্যামাস যদা ত্রাহেণ তদা স পর্য্যাবরতে প্রমায় ॥৪৬॥

ভাবতকোসূদী

রক্ষাংসীতি। তেন ছদুইপ্রকাবেণ। অতিরূপবন্তি প্রমন্থন্দবাণি ॥৪২॥ স্করপেতি। স্থরপর্বপাণি প্রমন্থন্দবান্ধতীনি, তানি বক্ষাংগি। লোকাৎ স্বর্গাৎ ॥৪০॥ নেতি। তানি রক্ষাংগি, যতাত্ম। সংযতচিত্তঃ। পাণাচারা বাক্ষশাঃ ॥৭৪॥ অসদিতি। আচরিতানি ক্বতানি। যেন হি তানি মধ্নি মন্থানি ॥३१॥

বিভাণ্ডক বলিলেন—"পুত্র ৷ উহাবা রাক্ষস; উহাবা সেই ৰূপ অদ্ভূত ৰূপ ধাবণ কবিয়া বিচৰণ কবে এবং প্রমস্থান্দ্র ৰূপ ধাবণ কবিয়া সর্ব্রদা তপ্যসার বিদ্ন করিবাব চিন্তা কবে ॥৪২॥

বংস! সেই রাক্ষসেবা প্রমন্ত্রন্তর আকৃতি ধাবণ কবিয়া নানাবিধ উপায়ে মামুষকে প্রালুব্ধ করে এবং সেই ভয়ঙ্কর রাক্ষসেরাই তপোবনে আসিয়া মুনিগণকে সুখ ও স্বর্গ হইতে নিপাতিত কবে ॥৪ গা

যিনি সাধুদিগেব লোক প্রার্থনা কবেন, সেই সংযতচিত্ত মুনি সেই রাক্ষদদের সেবা করিবেন না। সেই পাপকাবীবা তপস্বিগণেব বিদ্ন কবিয়াই আনন্দ অনুভব কবে; স্থতরাং তপস্বী লোক তাহাদেব প্রতি দৃষ্টিপাতও করিবেন না ॥৪৪॥

পুত্র! অসজ্জনেবাই মছপান কবিয়া থাকে; কিন্তু সে মছ্ত সজ্জনদিগের পান করা উচিত নহে। আর বিচিত্র, উজ্জ্জন ও সৌবভশালী এই মালাগুলি মুনিদের ব্যবহার্য্য নহে" ॥৪৫॥

र्भ व्यवः शार्का नान्ति—वा व का नि ।

যদা পুনঃ কাশ্যপো বৈ জগাম ফলান্যাহর্ত্তুং বিধিনাশ্রমেহসো।
তদা পুনলে ভিয়িত্বং জগাম সা বেশযোষা মুনিম্যাশৃঙ্কম্ ॥৪৭॥
দৃষ্টৈ ব তাম্যাশৃঙ্কঃ প্রহুটঃ সন্ত্রান্তরপোহভাপতত্তদানীম্।
প্রোবাচ চৈনাং ভবতোশ্রমায গচ্ছাব ঘাবন্ধ পিতা মমৈতি ॥৪৮॥
ততো রাজন্! কাশ্যপশ্রৈকপুত্রং প্রবেশ্য যোগেন বিমূচ্য নাবম্।
প্রলোভয়ন্ত্যো বিবিধৈরুপায়ৈবাজ্যমুরঙ্গাধিপতেঃ সমীপম্ ॥৪৯॥
সংস্থাপ্য তামাশ্রমদর্শনে তু সন্তাবিতাং নাবমথাতিশুশ্রাম্।
তীরাত্বপাদায় তথিব চক্রে রাজ্যশ্রমং নাম বনং বিচিত্রম্ ॥৫০॥

ভাবতকৌমূদী

রক্ষাংসীতি। তাং বেশ্যাক্যাম্। শ্রমার আশ্রমায, আকাবশোপ আর্থ: ॥৪১॥
যদেতি। বেশযোষা বেশ্যা, "বেশো বেশ্যাজনসমাশ্রমঃ" ইত্যাসবঃ ॥৪ °॥
দৃষ্ট্টেতি। অভ্যাপতং তামভিগতবান্। ভবতোশ্রমাযেতি সন্ধিরাকারলোপকার্থ: ॥৪৮॥
তত ইতি। প্রবেশ্য নৌকান্থিতাশ্রমে, যোগেন যোগোপাষেন ॥৪৯॥
সংস্থাপ্যতি। অথ রাজা লোমপাদঃ, সস্তাবিতাং নাবিকৈর্মনীজনে সংবাহিতাম্,
ভাবতভাবনীপঃ

॥৩৪—৩৭॥ ভূশ্চলিতেবেতি মধুপানজা ভ্রান্তিঃ স্থচিতা॥৩৮—৪৫॥ প্রমাষ আশ্রমায়॥৪৬॥ অশ্রাবণেন অপাবণ্ডেন বৈদিকেন। "শ্রবণো মাসি পাবণ্ডে" ইতি বিশ্বঃ। আশ্রাবণেনেতি

লোমশ বলিলেন—"'তাহাবা রাক্ষন' এই কথা বলিয়া পুত্র ঋদ্যাশৃঙ্গকে নিবাবণ কবিয়া বিভাগুকমুনি সেই বেশ্যাটার অন্তেষণ করিতে লাগিলেন; কিন্তু যখন তিনি তিন দিনেও তাহাকে পাইলেন না, তখন আশ্রমে ফিবিয়া আসিলেন ॥৪৬॥

তা'ব পর যথন সেই বিভাগুকমূনি যথাবিধানে আশ্রমে ফল আহরণ কবিয়া আনিবাব জন্ম পুনরায় গমন কবিলেন, তখন সেই বেশ্যাটা ঋন্তুশৃঙ্গকে প্রলুক করিবাব জন্ম পুনরায় আশ্রমে গমন করিল ॥৪ ॥

তাহাকে দেখিয়াই ঋষুশৃঙ্গ আনন্দিত ও চকিত হইয়া তথনই তাহার সম্মুখে গেলেন এবং তাহাকে বলিলেন—"যে পর্য্যন্ত আমার পিতা না আইসেন; তাহাব মধ্যেই আমবা আপনাব আশ্রমে যাইব" ॥৪৮॥

রাজা! তাহাব পর সেই বেক্সারা বিভাগুকের একমাত্র পুত্র খান্ত্রপৃত্রকে সঙ্গত উপায়ে নৌকায় উঠাইয়া, নৌকা ছাড়িয়া, নানা উপায়ে তাহাকে প্রলুদ্ধ করিতে থাকিয়া লোমপাদেব নিকটে আগমন কবিল ॥৪২॥

⁽৪৭)···বিধিনাশ্রামণেন—পি, ···বিধিনাশ্রাবণেন—বা ব কা। (৫•)···নীবাছপাদাব···
নাব্যাশ্রমং নাম –বা ব কা।

অন্তঃপুরে তং তু নিবেশ্য বাজা বিভাগুকস্থাত্মজমেকপুত্রম্।
দদর্শ দেবং সহসা প্রবৃষ্টমাপুর্য্যমাণঞ্চ জগজ্জলেন ॥৫১॥
স লোমপাদঃ পরিপূর্ণকামঃ স্থতাং দদার্য্যশৃঙ্গায় শান্তাম্।
কোধপ্রতীকাবকরঞ্চ চক্রে গান্দেচব মার্গেষ্ চ কর্ষণানি ॥৫২॥
বিভাগুকস্থাব্রজতঃ স বাজা পশূন্ প্রভূতান্ পশুপাংশ্চ বীবান্।
সমাদিশৎ পুত্রগৃদ্ধী মহর্ষিবিভাগুকঃ পরিপুচ্ছেদ্যদা বঃ ॥৫৩॥

ভাৰতকোমুদী

অতিগুল্লাং তাং নাবম্. বাজধানীসমীপে সংস্থাপ্য, আশ্রমদর্শনে ঋণ্ডশৃঙ্গায় আশ্রমপ্রদর্শনার্থে, তীরাৎ নদীতটাৎ, উপাদায় আবভ্য, তথৈব বিভাগুকাশ্রমবদেব আশ্রমং নাম বিচিত্রং বনং চক্রে; অভ্যথা ঋণ্ডশৃঙ্গন্ত বৈমন্ত্যাশঙ্কেতি ভাবঃ ॥৫০॥

অন্তবিতি। দেবমিন্ত্রম্, প্রবৃষ্ট্য প্রকর্ষেণ মেঘবাবি বর্ষন্তম্ ॥৫১॥

স ইতি। বিভাওকত্ম ক্রোধপ্রতীকাবকরঞ্চ উপাবং চক্রে। কোহসার্পায ইত্যাহ—গাশ্চেতি।
মার্গের্ বিভাওকত্মাগমনপথেষ্, গাশ্চ ববক্ষ, কর্ষণানি চ ক্নবকৈঃ কার্যামাস; তদীযন্ত্র্ঞাপনেন
তৎক্রোধনিবাবণার্থসিত্যাশযঃ ॥৫২॥

ভাৰতভাৰদীপঃ

প্রামের তু ইষ্ট্যান্তর্থং তত্ত্রাম্পাব্যবিত্যাদিশন্ধপ্রযোগাৎ, বেশযোষা বেশা ৪৪৭—৪৯॥ আশ্রমো যত্ত্বিদুর্শ্যতে তাবতি দেশে আশ্রমদর্শনে ॥৫০—৬৬॥

ইতি শ্রীমহাভারতে বনপর্কণি নৈলক্ষ্মিয়ে ভাবতভাবদীপে চতুর্নবভিভমোহধ্যায়ঃ ॥>৪॥

তৎপবে লোমপাদরাজা নাবিকসঞ্চালিত সেই অতিগুল্রনৌকাখানাকে রাজধানীব নিকটে সংস্থাপিত করিয়া, ঋদ্যশৃঙ্গকে দেখাইবাব নিমিত্ত বিভাগুকেব আশ্রমেরই তুল্য নদীতীব হইতে আবস্তু কবিয়া আশ্রমনামক একটা বিচিত্র কৃত্রিম বন করিলেন ॥৫০॥

তাহাব পব বাজা, বিভাগুকেব একমাত্রপুত্র খান্ত্রশৃদ্ধকে স্বন্ধঃপুবে প্রবেশ করাইয়া তৎক্ষণাৎই দেখিলেন যে, দেবরাজ প্রচুরপবিমাণে জল বর্ষণ কবিতেছেন এবং জগৎটাই জলে পরিপূর্ণ হইতেছে ॥৫১॥

তাহাতে লোমপাদবাজাব অভিলাষ পবিপূর্ণ হইল; তাই তিনি ঋগুশৃঙ্গকে শাস্তানামী কন্যা দান কবিলেন এবং বিভাগুকমুনিব ক্রোধেব প্রতীকাবের জন্ম তাঁহাব আসিবাব পথে বহুতব গরু বাখিয়া দিলেন এবং কৃষকগণদ্বাবা ভূমিকর্ষণ করাইতে লাগিলেন ॥৫২॥

আর তিনি, বিভাণ্ডকমুনিব আসিবাব পথে প্রচুব পরিমাণে অন্যান্ত পশু বাথিতে এবং বীব পশুপালনগণকে থাকিতে আদেশ কবিলেন (এবং তাহাদিগকে স বক্তব্যঃ প্রাঞ্জলিভির্ভবদ্ধিঃ পুত্রস্থ তে পশবঃ কর্ষণঞ্চ। কিং তে প্রিযং বৈ ক্রিযতাং মহর্ষে। দাসাঃ স্ম সর্কেব তব বাচি বদ্ধাঃ ॥৫৪॥ (যুগ্মকম্)

অথোপায়াৎ স মুনিশ্চগুকোপঃ স্বমাশ্রমং মূলফলং গৃহীন্বা।
অন্নেষমাণশ্চ ন তত্র পুত্রং দদর্শ চুক্রোধ ততো ভৃশং সঃ ॥৫৫॥
ততঃ স কোপেন বিদীর্ঘ্যমাণ আশঙ্কমানো নৃপতের্বিধানম্।
জগাম চম্পাং প্রতি ধক্ষ্যমাণস্তমঙ্গরাজং সপুবং সবাষ্ট্রম্ ॥৫৬॥
স বৈ শ্রান্তঃ ক্ষুধিতঃ কাশ্যপন্তান্ ঘোষান্ সমাসাদিতবান্ সমূদ্ধান্।
গোপেশ্চ তৈর্বিধিবং পুজ্যমানো বাজেব তাং বাত্রিমুবাস তত্র ॥৫৭॥

ভাবতকৌমুদী

বিভেতি। আবদ্ধতো রাজধান্তামাগচ্ছতঃ পথি। সমাদিশং স্থাপথিতুং স্থাতুঞ্চেতি শেষঃ। পুত্রগৃদ্ধী পুত্রগ্রহণাকাজ্জী। বো মুনান্। ক্রিযতাসমাভিঃ ॥৫৩—৫৪॥

অথেতি। উপায়াদাগচ্ছৎ, চণ্ডকোপো মহাকোপনঃ। পুত্রমৃত্তাশৃঙ্গম্ ॥৫৫॥

তত ইতি। নুপতের্লোমপাদক্ষ, বিধানং কার্য্যমাশন্বমানঃ, তক্ত্যৈব বাজ্যে বর্ষাভাবেন তৎপ্রতীকাবাবৈব হবণসম্ভবাদিতি ভাবঃ। চম্পাং নাম লোমপাদবাজধানীম্ ॥৫৬॥

স ইতি। ঘোষান্ আভীবপল্লীঃ, সমাসাদিতবান্ গচ্ছন্ প্রাপ্তবান্ ॥৫ ।॥

বলিয়া দিলেন যে,) পুত্রপ্রিয় মহর্ষি বিভাগুক যখন তোমাদিগকে জিজ্ঞাদা কবিবেন, তখন তোমরা কৃতাঞ্জলি হইয়া তাঁহাকে বলিবে—"মহর্ষি! এই সকল পশু আপনার পুত্রের এবং এই ভূমিকর্ষণও আপনার পুত্রেব জক্মই হইতেছে; আমরা আপনাব কি প্রিয় কার্য্য কবিব, আমবা সকলেই আপনার দাস এবং আপনাব আদেশের অধীন" ॥৫৩—৫৪॥

এ দিকে মহাক্রোধী বিভাগুকমূনি ফলমূল লইয়া নিজেব আশ্রমে আদিলেন এবং অবেষণ কবিয়াও পুত্র ঋগুশৃঙ্গকে দেখিতে পাইলেন না; তাহাব পব তিনি অত্যম্ভ ক্রুদ্ধ হইলেন ॥৫৫॥

তাহার পব তিনি ক্রোধে বিদীর্ণ হইতে থাকিয়া, উহা লোমপাদবাজাবই কার্য এইবপ ধাবণা কবিয়া, বাজধানী ও বাজ্যেব সহিত সেই অঙ্গবাজকে দগ্ধ কবিবেদ ভাবিযা, চম্পানগবীব দিকেই গমন কবিতে লাগিলেন ॥৫৬॥

ক্রমে সেই বিভাণ্ডকমূনি পরিশ্রান্ত ও ক্ষুধার্ত হইষা, সমৃদ্ধিসম্পন্ন সেই গোপপল্লীতে যাইয়া উপস্থিত হইলেন; তখন সেই গোপালেবা যথাবিধানে তাঁহার সেবা কবিতে লাগিলেন, তিনি রাজাব স্থায় সেইখানেই সেই বাত্রি বাত্র বাত্র করিলেন ॥৫৭॥ অবাপ্য সৎকাবমতীব তেভাঃ প্রোবাচ কস্ম প্রথিত'ঃ স্থ গোপাঃ।।
উচ্ন্ততন্তেহভাপগম্য সর্বের ধনং তবেদং বিহিতঃ স্থতস্থা৫৮॥
এবং স দেশেষভিপূজ্যমানস্তাংশৈচব শৃঃন্ মধুবান্ প্রলাপান্।
প্রশান্তভ্যিষ্ঠবজাঃ প্রহুন্তঃ সমাসসাদাঙ্গপতিং পুবস্থম্ ॥৫৯॥
স পূজিতন্তেন নবর্ষভেণ দদর্শ পুত্রং দিবি দেবং যথেক্রম্।
শান্তাং স্মুবাকৈব দদর্শ তত্র সোদামিনীমুচ্চবন্তীং বথৈব ॥৬০॥
গ্রামাংশ্চ ঘোষাংশ্চ স্থতস্থ দৃষ্ট্বা শান্তাঞ্চ শান্তোহস্থ পরঃ স কোপাঃ।
চকাব তক্ষিব গরং প্রসাদং বিভাগুকো ভূমিপতের্নবেক্ত ! ॥৬১॥
স তত্র নিক্ষিপ্য স্থতং মহর্ষিক্রবাচ সূর্য্যাগ্রিসমপ্রভাবঃ।
জাতে তু পুত্রে বনমেবাব্রজ্বো রাজ্ঞঃ প্রিয়াণ্যস্থ সর্ব্বাণি কৃত্বা ॥৬২॥

ভাবতকৌমুদী

অবাপ্যেতি । প্রথিতা অধীনত্বেন প্রদিক্ষাং, স্থ বৃষম্ । বিহিতং রাজ্ঞা এচে।

এবমিতি । মধুবান্ পুত্রস্বামিত্বজ্ঞাপনেন মনোহবান্, প্রলাপান্ বাচঃ । প্রশাস্কং নির্তং ভূষিষ্ঠং
বিহলমেব বজো বজোগুণসম্পাদিতঃ ক্রোধো যন্তা সঃ এক॥

স ইতি। নবর্গভেগ লোমপাদেন। সুষাং পূত্রবধুম্। উচ্চবন্তীং গগনে ॥৬০॥ গ্রামানিতি। শাস্তাং তদাখ্যাং পূত্রবধুম্, শাস্তো নিবৃত্তঃ, পবঃ অবশিষ্টঃ ॥৬১॥ স ইতি। নিক্ষিপা নিক্ষেপর্নপেণ সংস্থাপা। আব্রন্ধেথা আগচ্ছেঃ ॥৬২॥

সেই গোপালগণেব নিকট অত্যন্ত সদ্ব্যবহাব পাইয়া বিভাণ্ডক বলিলেন—
"গোপালগণ! তোমবা কাহাব প্রজা ?"। তাহার পব তাহাবা সকলে নিকটে
যাইয়া বলিল—"মহর্ষি। আপনাব পুত্রেব জন্মই রাজা এই সকল ধন নির্দিষ্ট
কবিয়া দিয়াছেন" ॥৫৮॥

এইভাবে সেই দেশে সম্মানিত হইতে থাকায় এবং সেইবাপ মধুব বাক্য শুনিতে থাকায় বিভাগুকমুনির ক্রোধ অধিক পবিমাণেই নিবৃত্তি পাইল এবং তিনি ষ্টুচিত্ত হইয়াই রাজধানীস্থিত লোমপাদেব নিক্ট উপস্থিত হইলেন ॥৫৯॥

তথন লোমপাদবাজা পূজা কবিলে বিভাণ্ডকমূনি স্বর্গে দেববাজেব ত্যায় সেথানে পুত্র স্বস্থাশৃঙ্গকে দেখিতে পাইলেন এবং আকাশে বিচরণশীলা সৌদামিনীব ত্যায় পুত্রবধু শান্তাকেও সেখানে দেখিতে পাইলেন ॥৬০॥

যুধিষ্ঠিব! গ্রাম, গোপপন্না ও শান্তা—পুত্র খান্তগৃঙ্গের হইযাছে দেখিয়া বিভাণ্ডকমুনির অবশিষ্ট ক্রোধটুকুও নিবৃত্তি পাইল, তখন বিভাণ্ডকমুনি সেই লোমপাদবাজাব উপবে অত্যন্ত অনুগ্রহ কবিলেন ॥৬১॥

স্থ্য ও অগ্নিব তুল্য প্রভাবশালী মহর্ষি বিভাওক পুত্র ঋষ্যশৃদ্ধকে বাজাব বন-১২৩(৮) স তদ্বচঃ কৃতবানৃগ্যশৃঙ্গো যয়ে চ যত্রান্থ পিতা বন্ধুব।
শান্তা চৈনং পর্যাচবন্ধবেক্ত। খে বোহিণী সোমমিবানুকূলা ॥৬৩॥
অরুদ্ধতী বা স্কুলগা বশিষ্ঠং লোপামুদ্রা বাপি যথা ছগস্ত্যম্।
নলস্থ বা দমরন্তী যথাভূদ্যথা শচী বন্ধুধবস্থ চৈব ॥৬৪॥
নাবায়ণী চেক্রসেনা যথৈব বন্ধা নিত্যং মুদ্গলস্থাজমীঢ়!!
তথা শান্তাপ্যুগ্যশৃঙ্গং বনস্থং প্রীত্যা যুক্তা পর্যাচবন্ধবেক্ত । ॥৬৫॥ (বিশেষকম্)
তস্থাশ্রমঃ পুণ্য এবোহবভাতি মহাহ্রদং শোভ্যন্ পুণ্যকীর্ত্তেঃ।
অত্র স্নাতঃ কৃতকৃত্যো বিশুদ্ধন্তীর্থাম্যভান্তমুসংযাহি বাজন্!॥১৬॥
ইতি শ্রীমহাভাবতে শতসাহস্ত্যাং সংহিতাযাং বৈযাসিক্যাং বনপর্বাণ
তীর্থযাত্রাযাম্ব্যশৃঙ্গোপাখ্যানে চতুর্নবিভিত্নোহধ্যায়ঃ॥০॥ **

ভাৰতকোমুদী

স ইতি। বভূবেতান্তে: প্রযোগ:। থে আকাশে। বাশন ইবার্থে, "বা ভাবিকরোপমযো-রেবার্থে চ সম্চ্চযে" ইতি বিশ্ব:। মূদ্গলক্ত খ্বয়ে। হে আজমীত। অজমীতবংশোৎপর।। তথা বক্তা সতীত্যর্থ: ॥৬০—৬৫॥

তক্ষেতি। পুণা পৰিত্ৰ:। মহাহ্ৰদং সন্মুখৰতিনম্। বিশুদ্ধো নিষ্পাপ: ॥৬৬॥
ইতি মহামহোপাধ্যায-ভাৰতাচাৰ্য্য-মহাকবি-পদ্মভূষণ শ্ৰীহবিদাসদিদ্ধান্তবাদীশভট্টাচাৰ্য্যবিবচিতাষাং
মহাভাৰতটীকান্নাং ভাৰতকোম্দীসমাখ্যাযাং বনপৰ্ব্বণি তীৰ্থযান্ত্ৰাযাং চতুৰ্নবভিতমোহধ্যায়: ॥•॥
নিকটেই গচ্ছিতভাবে বাখিয়া বলিলেন—"খান্তুশৃঙ্গ। তোমাৰ পুত্ৰ জন্মিলে পৰ
তুমি এই ৰাজ্বাৰ সমস্ত প্ৰিয় কাৰ্য্য কৰিয়া আবাৰ বনেই আসিও"॥৬২॥

খায়াগৃদ্ধও দে বাক্য বক্ষা কৰিয়াছিলেন, অর্থাৎ যেখানে উঁহাৰ পিতা ছিলেন, উনিও দেইখানেই গিয়াছিলেন! বাজা! ওদিকে আকাশে বোহণী যেমন চন্দ্রেব, ভাগাবতা অক্ষ্ণতী ধেমন বশিষ্ঠেব এবং লোপামুজা যেমন অগস্ত্যেব পবিচর্য্যা কবেন, তেমন শাস্তাও অনুকূলা থাকিয়া ঋয়াশৃঙ্গেব পবিচর্য্যা কবিতে লাগিলেন এবং আজমীঢ়বাজা! দময়স্তী যেমন নলেব, শচী যেমন ইক্রেব এবং নারাযণী ইন্দ্রেদেনা যেমন মুদ্গলখাবিব বশবর্ত্তিনী ছিলেন, শাস্তাও তেমনই ঋয়াশৃঙ্গেব বশবর্ত্তিনী থাকিয়া এবং প্রীতিযুক্ত হইয়া বনবাদী সেই ঋয়াশৃঙ্গেব পবিচর্য্যা কবিতেন ॥৬৩—৬৫॥

বাজা! সেই পুণাকীর্ত্তি খান্তাশৃঙ্কেব এই পবিত্র আশ্রম সম্মুখবর্ত্তী মহাব্রুদেব শোভা জন্মাইতে থাকিয়া শোভা পাইতেছে, তুমি এইখানে স্নান কবিয়া কৃতকার্য্য ও নিস্পাপ হইয়া অস্তান্ত তীর্থে গমন কব" ॥৬৬॥

⁽৬৬)---পুণ্যকীন্তিঃ—বা ব কা। * '---ত্রযোদশাধিকশততমঃ---'—বা ব কা, ' -চতুদ্দশাধিকশততমঃ---'—পি, '---পঞ্চদশাধিকশততমঃ---'—নি।

পঞ্চন বতি তমোহধ্যায়ঃ |

-- 3#8--

বৈশম্পায়ন উবাচ।
ততঃ প্রয়াতঃ কৌশিক্যাঃ পাগুবো জনমেলয়।।
আমুপূর্ব্যেণ সর্বাণি জগামাযতনান্মথ ॥১॥
স সাগবং সমাসাত্ম গঙ্গাযাঃ সঙ্গমে নৃপ।।
নদীশতানাং পঞ্চানাং মধ্যে চক্রে সমাপ্লবম্ ॥২॥
ততঃ সমুদ্রতীবেণ জগাম বস্থাধিপঃ।
ভাত্ভিঃ সহিতো বীরঃ কলিসান্ প্রতি ভাবত!॥১॥

লোমশ উবাচ।

এতে কলিঙ্গাঃ কৌন্তেয়। যত্ৰ বৈতৰণী নদী।
যত্ৰাযজত ধৰ্মোহপি দেবান্ শরণমেত্য বৈ ॥৪॥
খাষিভিঃ সমুপাযুক্তং যজ্ঞিষং গিবিশোভিতম্।
উত্তবং তীবমেতদ্ধি সততং দ্বিজ্ঞদেবিতম্॥৫॥

ভাবতকোমুদী

তত ইতি। কোশিক্যা নতাঃ নকাশাৎ, প্রথাতঃ প্রস্থিতঃ। আরুপ্রের্গ ক্রমেণ ॥১॥
দ ইতি। দ মুধিষ্টিবঃ। দমাগ্লবং স্থানম্ ॥২॥
তত ইতি। কলিঙ্গান্ কলিঙ্গদেশম্, "বহুত্বদেশ্বাদেঃ" ইত্যাদিনা বহুবচনম্ ॥৩॥
এত ইতি। শরণমেত্য আপ্রিতেত্যর্থঃ। এতেন বৈতবণ্যা মহাপুণ্যন্থং স্থাচিতম্ ॥৪॥
ধ্বিভিবিতি। যজ্জিয়ং যজ্জাইম্। উত্তরং তীবং বৈতবণ্যা এব ॥৫॥

বৈশম্পায়ন বলিলেন—জনমেজয়। তাহাব পৰ যুধিষ্ঠিৰ সেই কৌশিকী নদী ইইতে প্রস্থান কবিয়া ক্রমশঃ সমস্ত তীর্থক্ষেত্রে গমন কবিয়াছিলেন ॥১॥

বাজা! তিনি সমুজ্তীরে উপস্থিত হইযা পাঁচ শত নদীব মধ্যবর্ত্তী গঙ্গাসঙ্গমে স্নান কবিলেন ॥২॥

ভবতনন্দন ! তদনস্তব বাব যুধিষ্ঠিব ল্রাভূগণেব সহিত মিলিত হইয়া কলিঙ্গদেশেব দিকে গমন কবিলেন ॥৩॥

লোমশ বলিলেন—"কুস্তীনন্দন! এই কলিঙ্গদেশ, যে দেশে বৈতবণী নদী বহিয়াছে এবং যে বৈতবণী নদীব তারে স্বয়ং ধর্ম্মও দেবগণকে লইয়া যজ্ঞ কবিয়াছিলেন ॥৪॥ সমানং দেবধানেন পথা স্বর্গমুপেযুষঃ।

অত্র বৈ খাধয়েছেছে চ পুবা ক্রন্থভিবীজিবে ॥৬॥

অত্রেব রুদ্রো বাজেন্দ্র । পশুমাদত্তবান্ মথে।

পশুমাদায় রাজেন্দ্র ! ভাগোহধমিতি চাব্রবীৎ ॥৭॥

হতে পশো তদা দেবাস্তমূর্চুর্ভবর্তবভ !।

মা পবস্বমভিদ্রোগ্ধা মা ধর্মান্ সকলান্ বশীঃ ॥৮॥

ততঃ কল্যাণরূপাভির্বাগ্র ভিস্তে রুদ্রমপ্তবন্।

ইফ্যা চৈনং তর্পয়িত্বা মানযাঞ্চক্রিরে তদা ॥৯॥

ততঃ স পশুমূৎসজ্য দেবধানেন জ্যিবান্।

তত্তানুবংশো রুদ্রস্ত তং নিবোধ যুধিষ্ঠিব ।॥১০॥

ভাবতকৌমূদী

সমানমিতি। স্বর্গমূপের্বো ঘিষাসোবিতার্থ:, জনক্ষ, দেবধানেন পথা সমান্মিদং স্থানম্ ॥৬॥
আত্রেতি। মথে যাজ্ঞিকৈরম্জীরমানে যজে। অবং ভাগো মমেতি শেব: ॥৭॥
স্বত ইতি। মা অভিদ্রোগ্ধা গ্রহণেন ন নাশ্ব, সকলান্ যজ্ঞতা ধর্মাংশ্চ মা বশীর্ন কামব।
বশীবিতি "বশ কাস্কো" ইত্যক্ষাত্তক্তাঃ সৌ রূপম্, মাযোগাচ্চাতাগমাভাবঃ ॥৮॥
তত্ত ইতি। কল্যাণরূপাভির্ধুবাভিবিত্যর্থঃ। তে দেবাঃ। ইষ্ট্যা যজনেন ॥৯॥
ভারতভাবদীপঃ

তত ইতি ॥১ —৪॥ উদ্ভবং তীবং বৈতবণ্যাঃ ॥৫— १॥ মা প্ৰশ্বমন্তিলোগ্ধা প্ৰভাগত্ত নাশং মা কুৰ্বিত্যৰ্থঃ। ধৰ্মান্ মা বশীঃ ধৰ্মসাধনান মজভাগান্ সৰ্বান্ কামযেথাঃ। "বশ

পর্বেতপবিশোভিত, সর্বদা ব্রাহ্মণগণসেবিত, ঋষিগণসমন্বিত এবং যজেব উপযুক্ত এই বৈতবণী নদীব উত্তব তীব ॥৫॥

এই স্থানটী স্বৰ্গাভিলাষী লোকেব পক্ষে দেবষানপথেব তুল্য এবং এই স্থানেই পূৰ্ব্বকালে ঋষিবা ও অস্তান্ত ধাৰ্ম্মিক লোকেবা বহুতব যজ্ঞ করিয়াছিলেন ॥১॥

বাজশ্রেষ্ঠ ! এই স্থানেই ৰুদ্র একটী যজ্ঞে তাহার পশু গ্রহণ কবিয়াছিলেন এবং তিনি সেই পশু গ্রহণ কবিয়া বলিয়াছিলেন যে, 'ইহা আমাব অংশ' ॥৭॥

ভবতশ্রেষ্ঠ। কন্দ্র পশু হবণ কবিলে, তখন দেবতাবা তাঁহাকে বলিলেন— "আপনি পবকীয় বস্তু গ্রহণ কবিয়া নষ্ট কবিবেন না এবং যজ্ঞেব সমস্ত ধর্ম লাভ করিবাবও ইচ্ছা কবিবেন না" ॥৮॥

তাহাব পব তখনই দেবতাবা মধুর বাক্যে কল্রেব স্তব কবিলেন এবং পূ্জা-দ্বাবা সম্ভষ্ট কবিয়া তাঁহাকে সম্মানিত কবিলেন ॥১॥ জ্যাত্যামং সর্বেভ্যো ভাগেভ্যো ভাগমূত্তমম্।
দেবাঃ সঙ্কল্পয়ামাস্কর্ভযাদ্রুদ্রস্থ শাপ্তম্॥১১॥
ইমাং গাথামত্র গয়ন্ধুপস্পৃশতি যো নবঃ।
দেবযানোহস্থ পন্থাশ্চ চক্ষুষাহভিপ্রকাশতে॥১২॥

বৈশস্পায়ন উবাচ। ততো বৈতরণীং দর্ব্বে পাগুবা ক্রোপদী তথা। অবতীর্য্য মহাভাগাস্তর্পয়াঞ্চক্রিবে পিত্যুন্॥১৩॥ যুধিষ্ঠিব উবাচ।

উপস্পৃশ্যেহ বিধিবদস্তাং নতাং তপোবলাৎ। মানুষাদন্মি বিষযাদপেতঃ পশ্য লোমশ ! ॥১৪॥

ভাবতকৌমুদী

তত ইতি। অত্তাহশকো ভাগার্থে বংশশবশ্চ পবস্পবাকার্থে। ততণ্চ অহবংগো ভাগপবস্পরা তবোধকঃ শ্লোকঃ কশ্চিদন্তীত্যর্থঃ ॥১০॥

অমাতেতি। দেবা রুদ্রশু ভ্যাৎ, ন যাতোহতীতঃ যামঃ প্রহবো যশু তং নছোনির্মিতমিতার্থঃ, সর্ব্বেভ্যো ভাগেভ্য উদ্ভমং ভাগম্, শাখতং চিরকালীনম্, ক্ল্পবামাস্থঃ, ক্লায দেবতেনেতি শেষঃ; অক্সথা বলাদেবার্সো গুরীমাদিত্যাশয়ঃ ॥১১॥

ইমামিতি। গাধাং শ্লোকম্। উপস্পৃশতি স্নাতি। চক্ষ্বা তদিববতবৈব ॥১২॥
তত ইতি। প্রোপদী পিত_ুন্ তপিষাঞ্চকাব স্নানদানাদিনা তোববামাসেত্যর্থো বাচাঃ,
"তর্পণং প্রত্যহং কার্ব্যং ভর্জুন্তিলকুশোদকৈঃ। তৎপিতৃন্তৎপিতৃশ্চাপি নামগোত্রাদিপূর্ব্বকম্॥"
ইতি শুদ্ধিতন্ত্বযুতস্থতা সধবাবান্তর্পণানধিকারভোতনাৎ ॥১৩॥

তৎপবে কন্দ্র সেই পশু পবিত্যাগ কবিয়া দেবযানে আবোহণপূর্বক চলিয়া গেলেন। যুধিষ্ঠিব ! যজ্ঞে কল্রেব ভাগ-পবম্পবাবোধক একটি শ্লোক আছে, তাহা ছুমি শ্রবণ কর ॥১০॥

"দেবতারা রুল্রেব ভয়ে সভ্যোনির্মিত এবং সমস্ত ভাগ অপেক্ষা উৎকৃষ্ট একটি ভাগ চিরকাল ভাঁহাকে দিবেন বলিয়া সম্বন্ধ কবিয়াছিলেন ॥১১॥

যে লোক এই গাখা গান করিতে থাকিয়া (উক্ত শ্লোকটা পড়িতে থাকিয়া) এই নদীতে স্নান করে, দেবযানপথ তাহাব দৃষ্টিগোচব হয়" ॥১২॥

বৈশস্পায়ন বলিলেন—তাহার পব মহাত্মা পাগুবেবা সকলে বৈতবণী নদাতে নামিয়া পিতৃতর্পণ কবিলেন এবং জৌপদীও নামিয়া স্নান-দানাদি কবিযা পিতৃলোককে সম্ভষ্ট কবিলেন ॥১৩॥

যুর্ধিষ্টিব বলিলেন—"মহর্ষি লোমশ। আপনি দেখুন—আমি যথাবিধানে এই বৈতরণী নদীতে স্নান কবিয়া তপোবলে মনুস্থাভাব হইতে উত্তীর্ণ হইয়াছি ॥১৪॥ সর্বাল্লোকান্ প্রপশ্যামি প্রসাদাত্ত্ব স্থব্রত।। বৈথানসানাং জপতামেষ শব্দো মহাত্মনাম্॥১৫॥ লোমশ উবাচ।

ত্রিশতং বৈ সহস্রাণি যোজনানাং যুখিন্তির !।

যত্র ধ্বনিং শৃণোয়েনং ভূফীমাস্ত্র বিশাংপতে ! ॥>৬॥

এতৎ স্বযন্তুবো বাজন্ ! বনং দিব্যং প্রকাশতে ।

যত্রায়জত বাজেন্দ্র ৷ বিশ্বকর্মা প্রতাপবান্ ॥>৭॥

যত্মিন্ যজ্ঞে হি ভূর্দত্তা কশ্যপায় মহাত্মনে ।

সপর্ববত্রনোদ্দেশা দক্ষিণার্থে স্বযন্তুবা ॥>৮॥

ভাবাসীদচ্চ কোন্তেয় ৷ দত্তমাত্রা মহা তদা ।

উবাচ চাপি কুপিতা লোকেশ্বমিদং প্রভুম্ ॥>৯॥

ভাবতকৌমুদী

উপেতি। উপস্পৃত্ত স্মান্থা, বিধিবৎ উক্তগাথাং গায়ন্নিত্যর্থঃ। বিষয়ান্তাবাৎ ॥১৪॥
সর্বানিতি। হে স্থত্রত। তব প্রসাদাৎ উক্তগাথাগানেন স্নানোপদেশরূপান্তগ্রহাৎ, সর্বান্ লোকান্ ভ্বনানি প্রপত্তামি; তথা মহান্তানাং জ্বপতাম্ অন্দুটং মন্ত্রমূচ্যারয়তাম্, বৈধানসানাং বানপ্রস্থানাম্, এব শব্দঃ শ্রুবতে। "বানপ্রস্থো বৈধানসোহগ্রহঃ" ইতি ত্রিকাণ্ডশেষঃ ॥১৫॥

জীতি। জিশতং জিশতগুণীকুতানি সহস্রাণি জীণি লক্ষাণীতার্থ:। যত্ত উৎপত্মানমিতি শেষ:। তুফীং নীরবং সন্, আস্থ তিষ্ঠ, তদ্ভুবণায়েতি ভাবঃ ॥ ৬॥

এতদিতি। প্রকাশতে তব দৃষ্টিপথ ইতি শেষ:। বিশ্বং কর্ম যক্ত স ব্রহ্মা ॥১৭॥ যশ্মিনিতি। পর্ববৈত্রবনৈঃ উদ্দেশৈগুদিতবৈঃ স্থানৈন্দ্র সহেতি সা ॥১৮॥

ভারতভাবদীপঃ

কান্তো" অস্তা লুঙি রূপম্ ॥৮--->। অযাত্যামং তাৎকালিকম্ ॥১১---১৬॥ "ভূমির্ছ জগা-বিভাগাহরত্তি ন মা মর্তাঃ কশ্চন দাতুমর্হতি বিশ্বকর্মন্ ভৌবন মাং দিদালিথ নিমজ্যোৎহং

মহর্ষি ! আপনাব অনুগ্রহে আমি নমস্ত জগৎ দেখিতেছি এবং জপপ্রবৃত্ত মহাত্মা বানপ্রস্থাণের এই শব্দ শুনিতেছি ।" ॥১৫॥

লোমশ বলিলেন—''নবনাথ! যুখিষ্টিব। তুমি যে স্থানের এই শব্দ শুনিতেছ, উহা এ স্থান হইতে তিন লক্ষ যোজন দূবে অবস্থিত। (ঐ শব্দ শুনিবাব জন্ম তুমি একটু কাল) নীবব হইযা থাক ॥১৬॥

বাজা! তোমাব দৃষ্টিপথে এই ব্রহ্মাব দিব্য কানন প্রকাশ পাইতেছে; বাজশ্রেষ্ঠ! বেখানে প্রতাপশালী বিশ্বস্রস্থী ব্রহ্মা যজ্ঞ করিয়াছিলেন ॥১৭॥

যে যজ্ঞে ব্রহ্মা মহাত্মা কশ্মপকে পর্বত, বন ও প্রান্তবাদির সহিত সমগ্র পৃথিবী দক্ষিণাকপে দান করিয়াছিলেন ॥১৮॥ ন মাং মর্ত্যায় ভগবন্! কথ্যেচিদ্দাভূমর্হসি।
প্রদানং মোবমেতত্তে বাস্থাম্যেবা বদাতলম্ ॥২০॥
বিষীদন্তীং তু তাং দৃষ্ট্যা কশ্যপো ভগবান্ধিঃ।
প্রদাদবাস্বভূবাথ ততো ভূমিং বিশাংপতে।॥২১॥
ততঃ প্রদন্না পৃথিবী তপদা তক্য পাগুব।।
পুনকন্মজ্য দলিলাদ্বেদীরূপা স্থিতা বভৌ ॥২২॥
দৈয়া প্রকাশতে বাজন্। বেদী সংস্থানলক্ষণা।
আরুহ্ছাত্র মহাবাজ। বীর্য্যবান্ বৈ ভবিশ্বসি॥২০॥
দৈয়া সাগবমাসান্ত বাজন্! বেদী সমাশ্রিতা।
এতামাক্ত্য ভদ্রং তে ত্বমেকস্তব সাগবম্॥২৪॥

ভাবতকৌমুদী

অবেতি। অবাসীদ্ধিধন্নাভবং। লোকেশ্ববং ব্রহ্মাণম্ ॥১৯॥
নেতি। মোহং ব্যর্থম্। তথাত্বে কাবণমাহ – যাস্থামীতি ॥২০॥
বিষীদন্তীমিতি। ভূমিং হাং পৃথিবীম্, প্রসাদযাস্বভূব, তপদেতি শেষঃ ॥২১॥
তত ইতি। উন্মান্ত উত্থায়, বেদীরূপা পবিদ্বতমৃত্তিকাত্বপর্বপা ॥২২॥
সেতি। সংস্থানং মৃত্তিকামাত্রনপেণ স্থিতিবেব লক্ষণং শ্বরূপং যক্ষাঃ সা ॥২০॥
সেতি। হে বান্তন্। সা পৃথিবী, সাগরমাসাদ্ধ এষা বেদী সতী, এতং স্থানং সমাঝিতা।
এতামাক্ত্ব স্থিতক্ত তে ভন্তাং ভবেং , অতপ্তমেক এব সাগবং তব প্রবিশ ॥২৪॥

কুন্থীনন্দন! দান কবিবামাত্র পৃথিবী বিষণ্ণা হইলেন এবং ক্রুদ্ধ হইয়া তথনই প্রভূ বন্ধাকে এই কথা বলিলেন—॥১৯॥

[&]quot;ভগবন্! আপনি আমাকে কোন মান্তুষেব হস্তে দান কবিতে পারেন না। (সে যাহা হউক,) আপনাব এই দান ব্যর্থ। কারণ, আমি এই পাতালে যাইতেছি"॥২০॥

নবনাথ ৷ পৃথিবীকে বিষণ্ণ দেখিয়া ভগবান্ কশ্যুপমূনি তপস্থাদ্বাবা তাঁহাকে প্ৰসন্ধ কৰিবাৰ চেষ্টা কৰিতে লাগিলেন ॥২১॥

পাণ্ডুনন্দন। তাহাব পৰ পৃথিবী কণ্যপেব তপস্থায় প্রসন্ন হইয়া, পুনবায় জল হইতে উঠিয়া, বেদীকপে থাকিয়া শোভা পাইয়াছিলেন ঃ২২॥

রাজা। সেই পৃথিবীই এই কেবল মৃত্তিকাৰূপা বেদী হইয়া প্রকাশ পাইতেছেন; অতএব মহারাজ। তুমি উহাতে আবোহণ কবিয়া বলবান্ হইতে পাবিবে॥২৩॥ বাজা। সেই পৃথিবীই সমুদ্রে আসিয়া এই বেদী হইয়া এইখানে বহিয়াছেন,

অহঞ্চ তে স্বস্ত্যয়নং প্রযোক্ষ্যে যথা ত্বমেনানধিরোহসেহন্য।
স্পৃষ্টা হি মর্ত্ত্যেন ততঃ সমুদ্রমেষা বেদী প্রবিশত্যাক্রমীঢ়! ॥২৫॥
ওঁ নমো বিশ্বগুপ্তায় নমো বিশ্বপরায় তে।
সান্নিধ্যং কুরু দেবেশ! সাগবে লবণান্তনি ॥২ :॥
অগ্নির্মিত্রো যোনিবাপোহথ দেব্যো বিষ্ণো বেতস্ত্বময়তস্থাস্থ নাভিঃ।
এবং ব্রুবন্ পাণ্ডব! সত্যবাক্যং বেদীমিমাং ত্বং ত্বসাধিবোহ ॥২৭॥

ভাবতকোমুদী

অহমিতি। স্বস্তি মঙ্গলম্ অযতে প্রাপ্নোতানেনেতি স্বস্তাযনং জপাদি ॥২৫॥
বেছাবোহণমন্ত্রমাহ—ওঁ নম ইতি। বিশ্বং জগৎ গুপ্তং বন্দিতং যেন তলৈ, বিশ্বপরায় ত্রিভূবন-শ্রেষ্ঠায়। হে দেবেশ। নারাষণ। ॥২৬॥

অন্নিবিতি । স্বম্, অন্নি, মিজা স্থাঃ, বোনির্জগৎকাবণম্, দেবাশ্চলনাতাত্মকক্রীড়নশীলাঃ, আপো জলম, "আপো নারান্নণঃ সাক্ষাং" ইতি স্থতেঃ, বিষ্ণোর্ব্যাপকস্থ পবমাত্মনঃ, রেতঃ রেতঃ- পবিণতিরূপাকাববান্, তথা অস্থ অমৃতস্থ মোকস্থ, নাজিঃ প্রধানং কাবণম্, স্বজ্ঞানেনৈব তৎসাধনাৎ ॥২ ৭॥

ভাবতভাবদীপঃ

সলিলশু মধ্যে মোঘন্ত এব কণ্ডপায়াস সঙ্গবঃ" ইতি শ্রুতবর্থং সংগুহ্লাতি—"থ্যায়ন্তত রাজেল্রে"ত্যাদিনা ॥১৭—২৫॥ স্নানাভর্গং সমৃত্যপ্রার্থনামন্ত্রমাহ—ওঁ নম ইতি। বিশ্বং ওপ্তং লীনমন্মিন্ প্রলযে ইতি বিশ্বপ্তপ্তঃ, বিশ্বস্থাৎ, পবায় শ্রেষ্ঠায় বিষ্কবে ইত্যর্থঃ। লবণান্তসি স্নাবোদকে ॥২৬॥ অগ্নিমিন্ত্রন্ত তেজস্বাদগ্লিবৎ, ক্র্র্যোহপ্যপাং যোনিঃ, অপামিতি শেষঃ; বিষ্কোর্যাপকস্থাত্মনা বেতঃ শ্বীবাকাবপবিণতমভিব্যক্তিকানং স্বমৃ, হে সমৃত্র ! অমৃতস্থ

ইহাতে আবোহণ কবিলে তোমাৰ মঙ্গল হইবে; অতএব তুমি একাকীই সমূদ্ৰে অবতরণ কব ॥২৪॥

আমি তোমাব জন্ম স্বস্তায়ন কবিব; যাহাতে তুমি এখনই ইহাতে আরোহণ কবিতে পাব। অজমীঢ়কশোদ্ভব! এ বেদী মানুষস্পৃষ্ট হইলে সমুজে প্রবেশ কবিয়া থাকে ॥২৫॥

"দেবদেব নারায়ণ! আপনি জগতেব রক্ষক, আপনাকে নমস্কার, আপনি জগতেব শ্রেষ্ঠ, আপনাকে নমস্কাব। আপনি এই লবণসমূদ্রে সন্নিহিত হউন ॥২৬॥

আপনি অগ্নি, আপনি স্থ্যি, আপনি জগতের কাবণ, আপনি ক্রীড়াশীল জল, আপনি পবমাত্মাব সাকাব অবস্থা এবং আপনিই মুক্তির প্রধান কাবণ।" যুথিষ্টিব তুমি এইবাপ সত্যবাকা বলিতে বলিতে সত্বব এই বেদীতে আবোহণ কব ॥২৭॥

⁽२७) ष्यः क्षांकः नि नास्ति।

অগ্নিশ্চ তে যোনিবিড়া চ দেহো রেতোধা বিষ্ণোরমৃতস্ত নাভিঃ।
এবং জপন্ পাণ্ডব। সত্যবাক্যং ততোহবগাহেত পতিং নদীনাম্॥২৮॥
অন্তথা হি কুরুশ্রেষ্ঠ। দেবযোনিবপাংপতিঃ।
কুশাগ্রেণাপি কোন্ডেয়। ন প্রাক্তব্যো মহোদধিঃ॥২৯॥
বৈশম্পায়ন উবাচ।

ততঃ কৃতস্বস্ত্যয়নো মহাত্মা যুধিষ্ঠিবঃ সাগরমভ্যগচ্ছৎ। কৃত্বা চ তচ্ছাশনমস্থ সর্ববং মহেন্দ্রমাসাগ্য নিশামুবাস ॥৩০॥ ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈযাসিক্যাং বনপর্ববিণি তীর্থযাত্রায়াং মহেন্দ্রাচলগমনে পঞ্চনবতিতমোহধ্যায়ঃ॥০॥ *

ভাৰতকৌমূদী

অগ্নিবিতি। হে নাবায়ণ। অগ্নিস্তেজােম্বং নিবাকারং ব্রহ্ম চ তে যােনিঃ কারণম্, "নিবাকাবং নির্বিকাবং নিবীহম্" ইতি শ্রুতো নির্গত আকাবাে যাাাদিতি ব্যুৎপতেরিতি ভাবঃ। ইডা বাক্ চ তে দেহং, "চত্বাবি শৃঙ্গান্তবােহতা পাদা ছে শীর্ষে মপ্ত হস্তমঃ ত্রিধাবদ্ধাে বৃষভাে বােরবীতি মহাে দেবাে মর্ভাা আবিবেশ" ইতি শ্রুতেবিতাাশয়ঃ। কিঞ্চ, অমৃতত্তা নিত্যমূকতা, বিষ্ণোর্বাাপকতা ব্রহ্মণঃ, নাভিঃ প্রধানভাগশ্চ, তে বেতােধা বিবাদবস্থাজনকন্তকানিষ্কেণ, পিতৃরিব প্রত্তেতাভিপ্রায়ঃ। নদীনাং পতিং সমৃদ্রম্য তাদৃশতা নাবাষণতা শ্যনাশ্রহতা সমৃদ্রতা স্তত্তিবিতাবধ্বেষ্য ॥২৮॥

অন্তপেতি। দেবানাং চন্দ্রাদীনাং যোনিঃ কাবণয়। ন স্প্রইব্যঃ, ধর্মার্থস্পানাদে , মাহাজ্য-প্রকাশাভাবে তছুমুখীভাবাসম্ভবাদিতি ভাবঃ। তেনোক্তমন্ত্রাভাবেহপি বাণিজ্যাত্বর্থং পোতাদিনা গমন্ম ॥২০॥

তত ইতি। কৃতস্বস্তায়নঃ, লোমশেনেতি শেষঃ। শাসনমাদেশম্। মহেন্দ্রং পর্বতম্ ॥৩০। ইতি মহামহোপাধ্যায-ভাবতাচার্য্য মহাকবি-পদ্মভূবণ-শ্রীহবিদাসনিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিবচিতামাং মহাভাবতটীকাষাং ভাবতকৌমূদীসমাথ্যাষাং বনপর্ববি তীর্থবাত্রাষাং পঞ্চনবতিতমোহধ্যায়ঃ ॥०॥

ভাবতভাবদীপঃ

নাজিঃ স্থধায়া গর্জস্বানমূ ॥২৭॥ ইড়া যজ্ঞা, বিঞ্চো বেতোধাঃ বিঞ্চোতেও জীবঃ স ধীৰতেহস্মিন্ দেহে অমৃতক্ষ নাজিঃ মোক্ষস্ত সাধনমূ ॥২৮॥ দেবযোনিঃ দেবস্থানমূ ॥২১—৩০॥

ইতি শ্রীসহাভারতে বনপর্বানি নৈলক্ষীয়ে ভারতভাবদীপে পঞ্চনবতিতমোহধ্যায়: ১৯৫৪

'নাবাযণ! প্ৰমাত্মা আপনাৰ কাৰণ, বাক্য আপনাৰ মূৰ্ভি এবং নিত্যনুক্ত ব্ৰহ্মেৰ অংশ আপনাৰ বিবাট অবস্থাৰ জনক।' পাড়ুনন্দন! এইবপ সত্যবাক্য জপ কবিতে কবিতে সমুদ্ৰে অবগাহন কৰিবে ॥২৮॥

কুকশ্রেষ্ঠ কুন্তীনন্দন! উক্ত মন্ত্র পাঠ না কবিয়া দেবগণের কাবণ ও জলের মধিপতি মহাসমূলকে কুশাগ্রদ্ধারাও স্পর্শ কবিবে না" ॥২৯॥

^{* &#}x27;…চতুর্দশাধিকশততমঃ…'—বা ব কা, '…প্রুদশাধিকশততমঃ…'—পি নি। বন-১২৪ (৮)

ষণ্ণবিতিতমোহধ্যায়ঃ।

--:*:--

বৈশম্পায়ন উবাচ।

স তত্র তাম্বিত্বৈকাং রজনীং পৃথিবীপতিঃ।
তাপসানাং পরং চক্রে সৎকারং ভাতৃভিঃ সহ॥>॥
লোমশস্তস্থ তান্ সর্বানাচখ্যো তত্র তাপসান্।
ভগুনঙ্গিরসনৈচব বাশিষ্ঠানথ কাশ্যপান্॥২॥
তান্ সমেত্য স রাজ্যিরভিবাগ্য ক্বতাঞ্জলিঃ।
রামস্থাকুচরং বীরমপৃচ্ছদক্বতত্রণম্॥৩॥
কদা ন রামো ভগবাংস্তাপসান্ দর্শয়িয়তি।
তেনৈবাহং প্রদঙ্গেন দ্রেফু মিহ্লামি ভার্গবম্॥৪॥

ভাৰতকোমুদী

স ইতি। উবিদ্বা বাসং ক্বন্ত। প্ৰমৃত্যন্তম্, সংকারং পূজাম্ ॥১॥
লোমশ ইতি। আচথ্যো প্ৰিচায়িতবান্। ভূগূন্ তহংশীধান্। এবমগুত্রাপি ॥২॥
তানিতি। স যুবিষ্ঠিবঃ। বামশু জামদগ্মশু। অক্নতরণং নাম ॥৩॥
কদেতি। দর্শবিশ্বতি আত্মানমিতি শেষঃ। ভার্গবং তং বামম্ ॥৪॥

বৈশম্পায়ন বলিলেন—তাহাব পব লোমশ স্বস্ত্যয়ন কবিলে যুধিষ্টিব সমুদ্রে গমন করিলেন এবং লোমশেব আদেশ অফুসাবে সেই সমস্ত কার্য্য করিয়া, মহেন্দ্রপর্ব্বতে যাইয়া বাত্রিতে বাস কবিলেন ॥৩০॥

বৈশপায়ন বলিলেন—রাজা যুখিষ্টির ভ্রাতাদের সঙ্গে মিলিত হইয়া মহেন্দ্র-পর্বতে সেই একবাত্রি বাস কবিয়া তত্রত্য তপস্বিগণেব প্রতি অত্যন্ত সদ্বাবহাব কবিলেন ॥১॥

তথন লোমশমুনি ভৃগু, অঙ্গিবা, বশিষ্ঠ ও কশ্যপেব বংশসন্তৃত সেই তপস্বি-গণকে যুধিষ্ঠিবের নিকট পবিচিত কবাইয়া দিলেন ॥২॥

তখন বাজর্ষি যুধিষ্টিব তাঁহাদের নিকট যাইয়া অভিবাদন করিয়া কৃতাঞ্চলি ইইযা পরগুবামেৰ অফুচৰ বীৰ অকুতত্রণকে জিজ্ঞাসা করিলেন—॥৩॥

"ভগবান্ পরশুরাম কখন তপস্থীদিগকে দর্শন দান করিবেন; আমি সেই প্রসম্পেই তাঁহাকে দেখিতে ইচ্ছা কবি" ॥১॥ অকৃতত্রণ উবাচ।

আযানেবাসি বিদিতো বামস্থা বিদিতাত্মনঃ। প্রীতিস্তব্যি চ বামস্থা ক্ষিপ্রং ত্বাং দর্শবিষ্যতি ॥৫॥ চতুর্দ্দশীমন্টমীঞ্চ বামং পশ্যস্তি তাপসাঃ। অস্থাং রাত্র্যাং ব্যতীতায়াং ভবিত্রী শ্বন্দতুর্দ্দশী॥৬॥

যুধিষ্ঠিব উবাচ।

ভবানসুগতো বামং জামদগ্যং মহাবলম্। প্রত্যক্ষদর্শী দর্ববস্ত পূর্ববস্তুত্তস্ত কর্মণঃ ॥৭॥ স ভবান্ কথয়ত্বেতদ্যথা বামেণ নিজ্জিতাঃ। আহবে ক্ষত্রিয়াঃ দর্বেব কথং কেন চ হেতুনা ॥৮॥

অকৃতত্রণ উবাচ।

হস্ত তে কথয়িয়ামি মহদাখ্যানমূত্তমন্। ভৃগুণাং রাজশার্দ্দূল। বংশে জাতস্ত ভাবত। ॥৯॥

ভাবতকোমুদী

আয়ানিতি। আয়ান্ স্ক্রাগচ্ছন্। বিদিতাত্মনো জ্ঞাতব্রন্ধতত্ত্য । প্রীতির্বর্ততে ॥৫॥
চতুবিতি। চতুর্দ্দশীমন্ত্রমীঞ্চ প্রোপ্যেতি শেবঃ। খ. প্রদিনে ॥৬॥
ভবানিতি। অতো ভবান্ যথা তদ্বৃত্তান্তং বক্তবুং শক্ষুযাদক্তন্ত ন তথেতি ভাবঃ ॥৭॥
স ইতি। আহুবে যুদ্ধে। কথং কেন প্রকাবেণ ॥৮॥
হন্তেতি। হন্তশক্ষো হর্ষে। জাতশু রামশ্রেতি শেষঃ ॥২॥

অকৃতব্রণ বলিলেন—"আপনি যখন আদিতেছিলেন, তখনই ব্রহ্মজ্ঞ বাম আপনাকে জানিতে পাবিয়াছেন এবং আপনাব প্রতি রামেব প্রীতিও বহিয়াছে; স্থতবাং সম্বই তিনি আপনাকে দর্শন দান কবিবেন ॥৫॥

তপস্বীবা চতুর্দ্দশী ও অষ্টমা তিথিতে বামকে দেখিয়া থাকেন, এই বাত্রি অতীত হইলে আগামা কল্য চতুর্দ্দশীতিথি হইবে" ॥৬॥

যুধিষ্ঠিব বলিলেন—"আপনি, মহাবল জমদগ্নিনন্দন বামেব অনুচব এবং তাঁহাব পূৰ্ববজাত সকল কাৰ্য্যেবই প্ৰত্যক্ষদৰ্শী ॥৭॥

অতএব আপনি ইহা বলুন যে, বাম কি কাবণে এবং কি প্রকাবে যুদ্ধে সকল ক্ষত্রিয়কে জয় কবিয়াছিলেন" ॥৮॥

অকৃতত্ত্রণ বলিলেন—"ভবতনন্দন বাজশ্রেষ্ঠ। আমি আপনাব নিকট ভৃগুবংশজাত বামেব বিশাল ও উৎকৃষ্ট উপাখ্যান বলিব ॥১॥

⁽৮) স ভবান্ কথবছভ —বা ব কা নি। (৯) অহং তে—পি।

বামশ্য জামদগ্যস্থ চবিতং দেবদন্মিতম্।
হৈহয়াধিপতেশ্চেব কার্ত্রবীর্য্যস্থ ভাবত ! ॥>০॥
বামেণ চার্চ্জনো নাম হৈহয়াধিপতির্হতঃ।
তস্থ বাহুশতান্যাসংস্ত্রীণি সপ্ত চ পাণ্ডব ! ॥>>॥
দত্তাত্রেয়প্রাদেন বিমানং কাঞ্চনং তথা।
ক্রম্বর্যাং সর্বভূতেয়ু পৃথিব্যাং পৃথিবীপতে ! ॥>২॥
ভাব্যাহতগতিশ্চিব বথস্তস্থ মহাত্মনঃ।
ধর্ম্ম, বাযু, ইন্দ্র এবং অধিনীকুমাবদ্বয়—এই পঞ্চ দেবভার পঞ্চ পুত্র স্থুখভোগেব যোগ্য হইযাও কি করিয়া বনের ভিতবে ছঃখে বিচরণ করিলেন। ॥২১॥ জিতে হি ধর্মস্য হৃতে সভার্য্যে সভ্রাতৃকে সানুচরে নিবস্তে।
ছুর্য্যোধনে চাপি বিবর্দ্ধমানে কথং ন সীদত্যবনিঃ সশৈলা ॥২২॥
সাত্যকিকবাচ।

ন রাম! কালঃ পরিদেবনায় যতুত্তরং তত্র তদেব সর্বেব।
সমাচরামো ছনতীতকালং যুধিন্ঠিরো যতাপি নাহ কিঞ্চিৎ ॥২০॥
যে নাথবন্তো হি ভবন্তি লোকান্তে নাজনা কর্ম সমারভন্তে।
তেষান্ত কার্য্যেরু ভবন্তি নাথাঃ শিব্যাদয়ো রাম! যথা যযাতেঃ ॥২৪॥
যেষাং তথা রাম! সমারভন্তে কার্য্যাণি নাথাঃ স্থমতেন লোকে।
তে নাথবন্তঃ পুরুষপ্রবীরা নানাথবৎ বুচ্ছুমবাপুবন্তি ॥২৫॥
কন্মাদিমো রামজনার্দনো চ প্রহ্যন্ত্রশান্তো চ ময়া সমেতে।।
বসন্ত্যবণ্যে সহ সোদবীয়ৈত্রেলোক্যনাথানধিগম্য পার্থাঃ ॥২৬॥

ভারতকৌমুদী

আক্ষেপাদ্রবীতি—জিত ইতি। নিবস্তে নির্কাসিতে। সীদতি বিদীর্ঘ্যতে ॥২২॥
নেতি। পবিদেবনায় বিলাপায়, যং উত্তবং পবকর্ত্তবাম্। নাহ ন ব্রবীতি ॥২৬॥
য ইতি। নাধা: সহাযা:। আজুনা স্বযম্। ভবস্তি প্রবৃত্তা ইতি শেষ: ॥২৪॥
যেবামিতি। নাধা: সহাযা:। অনাথবং নি:সহাযা ইব, কুছুং ক্টম্ ॥২৫॥
ক্ষাদিতি। জৈলোক্যনাথান্ বলপ্রভাবেণ জিভুবনপ্রভুত্যোগ্যান্ বামাদীন্ ॥২৬॥

ভার্য্যা, ভ্রাতা ও অমুচরবর্গেব সহিত ধর্মপুত্র যুখিষ্টিব বিজিত ও নির্ব্বাসিত হইয়াছেন; আর (পাপাত্মা) ছর্য্যোধন বৃদ্ধি পাইতেছে, ইহাতে পর্ব্বতসমন্বিতা পৃথিবী বিদীর্ণ হইতেছেন না কেন ?" ॥২২॥

সাত্যকি বলিলেন—"বলদেব! এটা বিলাপ করিবাব সময় নহে। যদিও যুর্ধিষ্ঠিব কিছু বলিতেছেন না, তথাপি আমরা সকলেই অবিলম্বে সেখানে ঘাইয়া— যাহা পরকর্ত্তব্য, তাহাই করি ॥২৩॥

কারণ, যে সকল লোক সহায়সম্পন্ন হন, তাঁহাবা নিজেবা কোন কর্ম কবেন না। যেহেতু শিবিপ্রাভৃতি যেমন যযাতিব কার্য্যে প্রবৃত্ত হইয়াছিলেন, তেমন সহায় লোকেরাই তাঁহাদের কার্য্যে প্রবৃত্ত হইয়া থাকে ॥২৪॥

বলদেব! জগতে সহায় লোকেরা আপন আপন মত অনুসাবে যাঁহাদের কার্য্য কবে, সেই সহায়সম্পন্ন প্রধান পুরুষেবা নিঃসহায়ের ক্যায় কণ্ট অনুভব কবেন না ॥২৫॥ আমার সহিত এই বাম ও কৃষ্ণ এবং প্রাক্তান্ন ও শাস্থ, আমবা এই কয়

⁽২২) ইতঃ পবম্ '…একোনবিংশতাধিকশততমোহধ্যায়ং'—বা ব কা, '…বিংশতাধিকশত-তমোহধ্যায়ং'—পি নি। (২৪)…শৈব্যাদয়ো রাম !—নি।

বন-১২৮ (৮)

নির্বাপু সাধ্বত্য দশার্হসেনা প্রভূতনানাযুধচিত্রবর্ণ্মা।

যমক্ষরং গচ্ছতু ধার্ত্তরাষ্ট্রঃ সবান্ধবো রফিবলাভিভূতঃ ॥২৭॥

ত্বং হেব কোপাৎ পৃথিবীমপীমাং বিনাশযেন্তিষ্ঠতু শার্স্পর্ধা।

স ধার্ত্তবাষ্ট্রং জহি সান্ধবন্ধং বৃত্তং যথা দেবপতির্মহেন্দ্রঃ ॥২৮॥

ভ্রাতা চ মে বঃ স সথা গুরুশ্চ জনার্দ্দনস্থাত্মসমশ্চ পার্থঃ।

যদর্থ মৈচছনানুজঃ স্থপুত্রং শিয়াং গুরুশ্চাপ্রতিকূলবাদম্ ॥২৯॥

যদর্থমভূত্ততমৃত্তমং তৎ কবোতি কর্প্মাগ্র্যমপারণীয়ম্।

তস্তান্ত্রবর্ণাত্যমুত্তমান্ত্রেবিহৃত্য সর্ববাণি রণেহভিভূর ॥৩০॥

ভাৰতকোমুদী

নির্বাত্তি। দশার্হাণাং বৃঞ্চীনাং সেনা। যমক্ষযং যমাল্যম্ ॥২৭॥
ত্বাতি। ত্বমেক এবেতি ভাবং। শার্ক ধন্বা কৃষ্ণং। বৃত্তং বৃত্তান্থরম্ ॥২৮॥
ভাতেতি। যো মে ভাতা পিতৃবহপুত্রসম্পর্কাৎ, স্বধা সৌহার্দ্ধাৎ, গুরুশ্চ অন্ত্রশিক্ষাদানাৎ,
জনার্দ্ধনশ্য কৃষ্ণশ্য চ আত্মসমং স্বধা, স পার্থোহর্জ্ভ্নশ্চ, তির্চত্তিতি পূর্বান্থবৃত্তিং। যেন হি মহন্তং,
যদর্থং স্বকার্যকবণার্থন্, স্বপুত্রম, ঐচ্ছৎ, গুরুশ্চ অপ্রতিকূলবাদং শিশুম্ ঐচ্ছৎ। অর্জ্জ্নশিয়োহহম্জ্জ্বনশ্য তৎ কার্যাং কবিক্সামীতি শেষং ॥২৯॥

অণ বিপক্ষঃ কর্ণোহস্তীতি চেত্তত্তাহ—যদর্থসিতি। যেন কর্ণেন যদর্থং ছর্যোধনবিপক্ষ-ভাৰতভাবদীপঃ

অস্তম্বথা ইতি চ্ছেদ: ॥২১—২৩॥ নাথবস্ত ঐশ্বয়বন্তঃ। ভাবে বঙ্, নাত্মনা ন স্বয়ং নাথাঃ কাৰ্য্যসাধকাঃ, শিব্যাদ্য ইত্যেবপাঠঃ, শৈব্যাদ্য ইতি পাঠে তু স্বার্থে ক্সঙ্ ॥২৪—২২॥ স

জনই ত্রিভূবনেবও প্রভূষ করিতে পারি; স্থতবাং আমাদিগকে পাইয়া পাওবগণ কেন আত্মীযগণেব সহিত বনে বাস করিতেছেন ? ॥২৬॥

স্থতরাং অন্তই বৃষ্ণিদেনা বিচিত্র বর্দ্ম পরিধান করিয়া এবং প্রচুর পরিমাণে নানাবিধ অন্ত লইয়া স্থন্দবভাবে নির্গত হউক; পবে বান্ধবগণের সহিত হুর্যোধন বৃষ্ণিদৈন্তে আক্রাস্ত হইবা যমালরে গমন ককক॥২৭॥

অথবা কৃষ্ণ (প্রভৃতি) থাকুন; আপনি একাই ত ক্রোখে এই পৃথিবীটাকেও বিনাশ করিতে পাবেন, স্থতবাং দেবরাজ ইন্দ্র যেমন বৃত্রাস্থরকে বধ কবিয়াছিলেন, তেমন আপনিই অনুচববর্গেব সহিত তুর্ব্যোধনকে বধ ককন ॥২৮॥

যিনি আমাব ভাতা, সথা ও গুক এবং কুফেব আত্মত্লা স্কুলং, সেই অর্জুনও থাকুন। কারণ, মানুব যে জন্ম স্থপুত্র ইচ্ছা কবে এবং গুক যে জন্ম অপ্রতিকূলবাদী শিন্ত ইচ্ছা কবেন, তাহা আমিই কবিব; কেন না, আমি অর্জুনের শিন্তা ॥২৯॥

⁽२४)--- मरदिष्टेग्रिटिकेष् गोर्क् भर्या---वा व का नि । (२३)--- यहर्वे रैंगष्ट्रम् मर्खाः---वा व का ।

কোপাচিছরঃ দর্পবিষাগ্নিকল্পৈঃ শবোন্তবৈক্ষমখিতান্মি রাম !।
খড়েগন চাহং নিশিতেন সংখ্যে কাষাচ্ছিবস্তস্থ্য বলাৎ প্রমথ্য ॥৩১॥
ততোহস্থ দর্ববানমুগান্ হনিয়ে তুর্য্যোধনঞ্চাপি কুরংশ্চ দর্ববান্ ।
আন্তায়ুধং মামিহ বোহিণেয ! পশ্যস্ত ভৈমা যুধি জাতহর্বাঃ ॥৩২॥
নিম্নন্তমেকং কুরুযোধমুখ্যানগ্নিং মহাকক্ষমিবাস্তকালে।
প্রত্যান্মুক্তান্ নিশিতান্ ন শক্তাঃ সোঢ়ুং কুপজোণবিকর্ণকর্বাঃ ॥৩৩॥
(কলাপকম্)

জানামি বীর্য্যঞ্চ জয়াত্মজস্ম কাঞ্চির্ভবত্যেষ যথা বণস্থঃ।
শাষ্যঃ সমূতং সবথং ভুজাভ্যাং তুঃশাসনং শাস্ত বলাৎ প্রমণ্য ॥৩৪॥

ভাবতকোমুদী

জবার্থম, উত্তমমন্ত্রম্ অভ্যাততম, যশ্চ কর্ণঃ অত্যৈবপাবণীয়ম, অগ্রাং শ্রেষ্ঠং তৎ তুর্যোধনবিপক্ষবিজয়কণং কর্ম করোতি, অহমৃত্তমান্ত্রিঃ ববে তত্ত সর্বাণি অন্তবর্গণি বিহত্য, তঞাভিভূষ, কোপাৎ, সপ্রিবাগ্নিকল্পৈঃ শবোত্তমৈঃ, তত্ত শিবঃ উন্নথিতান্মি বিদলিক্সামি। অথবা হে বাম। অহং সংখ্যে মুদ্ধে বলাৎ নিশিতেন খজেন তত্ত কারাৎ শিবঃ প্রমণ্য নিপাত্য, ততঃ অত্য কর্ণত্ত সর্বান্ অন্থগান্, তুর্যোধনঞ্চ, অত্যান্ সর্বান্ কুরংশ্চাপি হনিত্তে। হে বেছিলেয়। রাম। তৈয়া ভীমপক্ষীয়া যোধাঃ, জাতহর্বাঃ সন্তঃ, অন্তকালে মহাকলং মহাভঙ্কবনম, নিম্নন্তঃ দহস্তমগ্নিমিব, ইহ মৃধি, আত্যামুক্তান্ কিশতান্ বাণান্ লোচুং ন শক্তা ভবেষুঃ ॥৩০ – ৩০॥

জানামীতি। এব কার্ফিঃ রুঞ্পুত্রঃ প্রত্যায়ঃ, বণস্থো যথা ভবতি, তথা ভূতস্ত জ্বাত্মস্বস্থ অর্জুনপুত্রস্ত অভিমন্তোশ্চ বীর্বাং জানামি ॥২৪॥

বলদেব! যে কর্ণ যে জন্ম উত্তম অন্ত্র সকল ধাবণ কবিয়াছে এবং যে কর্ণ অন্তের অসাধ্য সেই শ্রেষ্ঠ কার্য্য সম্পাদনও কবিয়া থাকে, আমি উত্তম উত্তম অন্ত্রদ্বাবা যুদ্ধে সেই কর্ণের সমস্ত অন্তবর্ষণ প্রতিহত কবিয়া এবং তাহাকে পরাভূত কবিয়া, সর্পবিষ ও অন্নির তুল্য তীক্ষ্ণ উত্তম বাণসমূহ দ্বারা ক্রোধে তাহার মস্তক বিদীর্ণ কবিব; কিংবা আমি নিশিত তববাবিদ্বারা যুদ্ধে বলপূর্বক ভাহাব দেহ হইতে মস্তক বিচ্ছিন্ন কবিয়া, তৎপবে তাহাব সমস্ত অমূচব, ছুর্য্যোধন এবং সমস্ত কৌববকে বিনাশ কবিব। বোহিণীনন্দন। তৎকালে ভীমপক্ষীয় লোকেরা আনন্দিত হইয়া দেখিবে যে, প্রলযকালে অন্নি যেমন শুদ্ধ মহাবন দগ্ধ কবে, আমি একাকী অন্ত্র ধাবণ কবিয়া সেইবপই সেই যুদ্ধে কুক্পক্ষীয় যোদ্ধশ্রেষ্ঠদিগকে বিনাশ কবিতেছি। তা'ব পব, কুপ, জ্বোণ, বিকর্ণ ও কর্ণ—ইহাবা প্রছ্যন্ননিক্ষিপ্ত বাণ সন্তু কবিতে পাবিবেন না ॥৩০—৩৩॥

ন বিগতে জাম্ববতীয়তন্ত রণেথবিষহাং হি রণোৎকটন্ত ।
এতেন বালেন হি শম্ববন্ত দৈত্যন্ত সোভং সহসা প্রগ্নম্ ॥৩৫॥
রভ্রেক্রবত্যায়তগীনবাহুবেতেন সংখ্যে নিহতোথশ্বচক্রঃ।
কো নাম শাঘন্ত মহারথন্ত রণে সমক্রং বর্থমভ্যুদীয়াৎ ॥৩৬॥
যথা প্রবিশ্যান্তরমন্তকন্ত কালে মনুষ্যো ন বিনিজ্রনেত।
তথা প্রবিশ্যান্তরমন্ত সংখ্যে কো নাম জীবন্ পুনরাত্রজেচ্চ ॥৩৭॥
ডোণঞ্চ ভীম্মঞ্চ মহাবথো তো স্থতৈর্বৃতঞ্চাপ্যথ সোমদত্তম্।
সর্বাণি সৈন্তানি চ বাহুদেবঃ প্রধক্ষাতে সায়কবহ্নজালৈঃ ॥৩৮॥

ভাবতকৌমুদী

নেতি। জাম্বতীস্থতশ্র শাম্বশু, অবিষয়মজ্যামিতার্থ:। সোভং বিমানম্ ॥৩৫॥ বৃত্তেতি। বৃত্তে গোলো উর ষশু সং, অত্যাযনপীনো অতিদীর্ঘস্থলো বাহু যশু সং। সংখ্যে যুদ্ধে, অম্বচক্রো নাম বীরঃ। রথম্ আদাযেতি শেষঃ ॥৩৬॥

যথেতি। অন্তকশু অন্তবং বাহুমধ্যম্। সংখ্যে অন্তবং যুদ্ধশু মধ্যম্ ॥৩৭॥ দ্রোণমিতি। বাহুদেবশু সর্কসংহাবসামর্থ্যমনেন স্থাচিতম্ ॥৩৮॥

ভারতভাবদীপঃ

পার্থোহণি তিষ্ঠত্বিতি পূর্বেণায়য়, যদর্থং শত্রুবধার্থম্ ॥২৯॥ তৎ স্থপুত্রাদিকম্ অস্মাকমন্তীতি শেষ: ॥৩০ — ৩১॥ তিমা ভীমকর্মকর্তাবো ভীমবংশকা বা ॥৩২ — ৩৩॥ জ্বাত্মজ্ঞাভিমজ্ঞো

অর্জুনেব পুত্র অভিমন্তার বলও আমি জানি,—যুদ্ধে থাকিয়া এই প্রহায় যেমন হয়, অভিমন্তাও তেমনই হইতে পারিবে। তা'র পর, শাস্ব বাহুযুগলদ্বারা বলপূর্বক অভিভূত করিয়া বথ ও সার্থির সহিত তুঃশাসনকে নিগৃহীত ককক ॥৩৪॥

যুদ্ধে যুদ্ধমন্ত শাম্বেব কিছুই অসহ্য নাই। কারণ, এই শাম্বই বাল্যকালে শম্বাস্থ্যবেব বিমানখানাকে হঠাৎ বিনষ্ট করিয়াছিল ॥৩৫॥

তা'ব পব, যাহার উক্যুগল গোল এবং বাহুষুগল অতিশয় দীর্ঘ ও স্থুল ছিল, সেই অশ্বচক্রকেও এই শাম্বই যুদ্ধে বিনাশ করিয়াছিল; স্কুতবাং যুদ্ধে মহার্থ শাম্বেব সমক্ষে কোন্ ব্যক্তি রথ লইয়া আসিতে পারিবে ?॥ ৩॥

আয়ুংশেষকালে যমেব বাহুযুগলেব মধ্যে প্রবেশ করিয়া মানুষ যেমন নির্গত হুইতে পাবে না, তেমন শাস্তেব যুদ্ধমধ্যে প্রবেশ কবিয়া কোন্ ব্যক্তি জীবিত অবস্থায় আবার ফিরিয়া আসিতে পাবিবে ? ॥৩৭॥

তা'র পর, কৃষ্ণ বাণবহ্নিসমূহদ্বারা মহারথ ভীদ্ম ও দ্রোণকে এবং পুত্রগণে পবিবেষ্টিত সোমদত্তকে, আব সমস্ত সৈত্যকে দগ্ধই কবিয়া ফেলিবেন ॥৬৮॥ কিং নাম লোকেষবিষহ্থমন্তি কৃষ্ণশু সর্বেষ্ সদেবকেষু।
আত্তায়্ধস্যোত্তমবাণপাণেশ্চক্রায়ুধস্যাপ্রতিমস্থ যুদ্ধে ॥৩৯॥
ততোহনিরুদ্ধোহপ্যসিচর্ম্মপাণির্মহীমিমাং ধার্ত্তবাষ্ট্রেরিসংক্তঃ।
কৃত্তোত্তমাস্পর্নিহিতৈঃ কবোতু কীর্ণাং কুশের্বেদিমিবাধ্ববেষু ॥৪০॥
গদোল্মুকৌ বাহুকভান্সনীথাঃ শৃবশ্চ সংখ্যে নিশঠঃ কুমারঃ।
রণোৎকটো সাবণচারুদেক্ষে কুলোচিতং বিপ্রথয়ন্ত কর্মা ॥৪১॥
সর্বিজ্যোজান্ধকষোধমুখ্যা সমাগতা সাত্তত্প্বসেনা।
হত্মা রণে তান্ ধৃতরাষ্ট্রপুত্রান্ লোকে যশঃ স্ফীতমুপাকবোতু ॥৪২॥
ততোহভিমন্ত্যঃ পৃথিবীং প্রশান্ত যাবদ্বতং ধর্মভ্তাং ববিষ্ঠঃ।
যুধিষ্ঠিরঃ পাবয়তে মহাত্মা দ্যুতে যথোক্তং কুরুসত্তমেন ॥৪৩॥

ভারতকোমুদী

কিমিতি। দেবৈঃ সহেতি সদেবকান্তেয়্, বছরীহো কপ্রত্যথঃ ॥৩৯॥
তত ইতি। ক্লভোত্তমাকৈশ্ছিন্নমন্তকৈঃ, নিহিতৈভূ তলপাতিতৈঃ। কীর্ণাং ব্যাপ্তাম্ ॥৪৯॥
গদেতি। গদাদীনি বৃক্তিবীবাণাং নামানি। বিপ্রথযন্ত প্রকাশয়ন্ত ॥৪১॥
সেতি। সাত্বতশ্য যত্তকংশশ্য শ্বসেনা বীবসৈশ্যম্। উপাকবোতৃ উৎপাদযত্ ॥৪২॥
অথ ধার্তবাষ্ট্রান্ বিজিত্য বষমেব কিং তদীযবাজ্যং গৃহ্লীমঃ। যেন বনবাসত্রতসমাপ্তেঃ পূর্ব্বং
যুধিষ্টিবো বাজ্যং ন গৃহ্লীযাদিত্যাহ—তত ইতি। পাবষতে সমাপ্যতি ॥৪৩॥

কৃষ্ণ যথন উদ্ভম বাণ, চক্র বা অক্সান্ত অস্ত্র ধাবণ কবেন, তখন যুদ্ধে উনি অতুলনীয়ই হন; স্থতরাং দেবগণেব সহিত সমস্ত জগতে কৃষ্ণেব অসহ্য কি আছে ? ॥৩৯॥

তা'র পর, যাজ্ঞিকেরা যেমন কুশদ্বাবা যজ্ঞবেদি আস্তীর্ণ কবেন, সেইবাপ অনিকন্ধও অসি-চর্ম্ম ধারণ করিয়া, মস্তকচ্ছেদনপূর্বক ভূশাযিত কবিয়া অচৈতন্ত ধার্তবাষ্ট্রগদ্বাবা এই পৃথিবীকে আস্তীর্ণ কব্দক ॥৪০॥

বীর গদ, উল্মূক বাহুক, ভান্থ, নীথ, কুমাব নিশঠ এবং যুদ্ধমন্ত সাবণ ও চাকদেষ্ণ—ইহারা যুদ্ধে বংশোচিত কার্য্য প্রকাশ ককক ॥৪১॥

যত্নংশীয় বীরবাহিনী বৃঞ্চি, ভোজ ও অন্ধকবংশীয় প্রধান প্রধান বোদ্ধাব সহিত মিলিত হইয়া যাইয়া মুদ্ধে সেই ধৃতবাষ্ট্রপুত্রগণকে বধ কবিয়া জগতে বিপুল যশ উৎপাদন ককক ॥৪২॥

তাহাব পব ধার্ম্মিকশ্রেষ্ঠ মহাত্মা যুধিষ্ঠির দ্যুতক্রীড়াব সমযে যেরূপ বলিয়াছিলেন, সেই অন্মাবে যে পর্য্যন্ত বনবাসত্রত সমাপ্ত না কবেন, সে পর্য্যন্ত অভিমন্ত্যু ঘাইয়া কুকবাজ্য শাসন করুক ॥৪৩॥ অস্মৎ প্রযুক্তির্বিশিথৈর্জিতাবিস্ততো মহীং ভোক্ষ্যতি ধর্মবাজঃ। নির্ধার্ত্তবাষ্ট্রাং হতদূতপুত্রামেতদ্ধি নঃ কৃত্যতমং যশস্তম্ ॥৪৪॥ বাস্কদেব উবাচ।

অসংশয়ং মাধব! সত্যমেতদ্গৃহ্লীম তে বাক্যমদীনসত্ত্ব। বাভ্যাং ভুজাভ্যামজিতান্ত ভূমিং নেচ্ছেৎ কুরূণামূষভঃ কথঞিৎ ॥৪৫॥ ন ছেষ কামান্ন ভয়ান্ন লোভাদ্যুধিষ্ঠিরো জাতু জহ্মাৎ স্বধর্মন্। ভীমার্চ্জুনো চাতিবথো যমো চ তথেব কুঞা ক্রুপদাত্মজেয়ন্ ॥৪৬॥ উভো হি যুদ্ধেহপ্রতিমো পৃথিব্যাং রুকোদবশৈচব ধনপ্রয়শ্চ। কুসান্ন কুৎস্নাং পৃথিবীং প্রশাদেন্যাদ্রীস্থতাভ্যাঞ্চ পুবস্কৃতোহ্যম্ ॥৪৭॥ বদা তু পাঞ্চালপতির্মহাত্মা সকেক্যশ্চেদিপতির্বয়ঞ্চ। যুধ্যেম বিক্রম্য রুণে সমেতান্তদৈর সর্বের্ব বিপরো হি ন স্থ্যঃ ॥৪৮॥

ভারতকোমুদী

স্মাদিতি। জিতা অববং অপরেংপি শত্রবো যন্ত সং। হশস্তং যশস্কবম্ ॥৪৪॥
অসংশ্যমিতি। হে মাধব। মধুদেশজাত। সাত্যকে। হে অদীনসন্ত। অনন্তবল।।
কুরুণামূবভঃ শ্রেষ্ঠো যুধিষ্ঠিরঃ, নেচ্ছেৎ, কাপুক্ষতাপাতাদিত্যাশ্যং ॥৪৫॥

তর্হি স্বয়ন্বনেব নির্বান্বিত্যাহ—নেতি। জাতু কদাচিৎ, জহাৎ তাজেৎ ॥৪৬॥
অঞ্চণা যুমতৃপদেশং বিনাপি স্বয়ন্বোসো রাজাং গৃহীষাদিত্যাহ—উভাবিতি ॥৪৭॥
তর্হি কদাসো বাজাং গৃহীষাদিত্যাহ—যদেতি। সমেতা মিলিতাঃ। ন স্থান তিঠেয়; ॥৪৮॥

তা'র পর (বনবাসত্রত সমাপ্ত হইযা গেলে), যুখিষ্ঠির যাইয়া বাজ্য পালন কবিবেন; তখন ধৃতবাষ্ট্রেব পুত্রগণ ও কর্ণ থাকিবে না এবং আমবা বাণদ্বাবা তৎকালীন শত্রুদিগকেও জয় কবিয়া দিব। ইহাই আমাদেব কার্য্যেব মধ্যে প্রধান কার্য্য এবং কীর্ত্তিজনক কার্য্য' ॥৪৪॥

কৃষ্ণ বলিলেন—"মহাবল সাত্যকি! তোমার এই সত্য বাক্য আমবা নিঃসন্দেহেই গ্রহণ করিতাম বটে; কিন্তু কৌরবশ্রেষ্ঠ যুধিষ্ঠিবই যে আপন বাহ্ন-বলে অবিজ্ঞিত বাজ্য কোন প্রকারেই গ্রহণ কবিতে ইচ্ছা কবিবেন না ॥৪৫॥

এই যুর্ধিষ্টির ইচ্ছা, ভয বা লোভবশতঃ কখনও স্বধর্ম ত্যাগ কবিবেন না কিংবা অতিবথ ভীম ও অর্জ্জ্ন এবং নকুল ও সহদেব, আর ক্রপদনন্দিনী এই কৃষণ —ইহাবা স্বধর্ম ত্যাগ কবিবেন না ॥৪৬॥

না হইলে, ভীম ও অর্জুন—ইহারা গৃই জনই পৃথিবীব মধ্যে যুদ্ধে অতুলনীয; তা'র পব নকুল-সহদেবও উঁহার (যুধিষ্ঠিবেব) পিছনে বহিয়াছেন, এ অবস্থায় উনি সমগ্র পৃথিবী শাসন করেন না কেন ॥৪৭॥

যুধিষ্ঠিব উবাচ।

নেদং চিত্রং মাধব। যদ্ব্রবীষি সত্যস্ত মে রক্ষ্যতমং ন রাজ্যম্।
কৃষ্ণস্ত মাং বেদ যথাবদেকঃ কৃষ্ণক বেদাহমথো যথাবৎ ॥৪৯॥
যদৈব কালং পুরুষপ্রবীরো বেৎস্থত্যয়ং মাধব! বিক্রমস্ত।
তদা বলে ত্বঞ্চ শিনিপ্রবীর। স্থ্যোধনং জেম্বাসি কেশবশ্চ ॥৫০॥
প্রতিপ্রযান্ত্রত্ব দশাহ্বীরা দৃষ্টোহিন্মি নাথৈর্নবলোকনাথৈঃ।
ধর্ম্বেহপ্রমাদং কুরুতাপ্রমেয়াঃ! দ্রুষ্টান্মি ভূষঃ স্থ্যিনঃ সমেতান্॥১১॥

বৈশম্পায়ন উবাচ। #

তেংযোন্তমামন্ত্র্য তথাভিবাত বৃদ্ধান্ পবিষজ্য শিশৃংশ্চ সর্ববান্। যতু প্রবীবাঃ স্বগৃহাণি জগ্মন্তে চাপি তীর্থান্তনুসংবিচেরুঃ ॥৫২॥

ভাবতকৌমুদী

নেতি। বক্ষাতমং বক্ষোষু প্রধানম্। বেদ জানাতি। বেদ জানামি ॥৪৯॥
যদেতি। পুরুষপ্রবীবঃ রুঞ্চ। বেৎস্থতি জ্ঞাস্থতি। হে শিনিপ্রবীব। দাত্যকে।॥৫০॥
প্রতীতি। দশার্হবীবা যাদববীবা ভবস্কঃ। অপ্রমাদম্ অনবধানতারাহিত্যম্ ॥৫১॥
ত ইতি। বৃদ্ধানভিবান্ত, সর্ব্বান্ শিশৃংক্ত পবিষদ্ধা আলিষ্কা ॥৫২॥

অতএব মহাত্মা ক্রপদ, কেকয়বাজ, চেদিরাজ এবং আমরা—এই সকলে মিলিত হইযা যুদ্ধে বিক্রম প্রকাশ কবিয়া যখনই যুদ্ধ কবিব, তখনই সমস্ত শক্র তিবোহিত হইবে (এবং তখনই উনি বাজ্য গ্রহণ কবিবেন)" ॥৪৮॥

ু বৃধিষ্ঠির বলিলেন—"সাত্যকি! তুমি যাহা বলিলে, তাহা আশ্চর্য্য নহে; কিন্তু সত্যই আমার রক্ষণীয়েব মধ্যে শ্রেষ্ঠ, রাজ্য নহে। একমাত্র কৃষ্ণই আমাকে যথাযথভাবে জানেন, আমিও কৃষ্ণকে যথাযথভাবে জানি॥৪৯॥

অতএব সাত্যকি। এই পুক্ষশ্রেষ্ঠ কৃষ্ণ যখনই বিক্রমপ্রকাশের সময় ইইয়াছে বলিয়া মনে কবিবেন, তখনই তুমি ও কৃষ্ণ যুদ্ধে তুর্য্যোধনকে জয় করিবে॥৫০॥

অতএব আজ যতুবংশীয় বীবগণ প্রতিগমন করুন; কেন না, তোমরা মর্ন্তালোকের মধ্যে প্রভু এবং আমার সহায়, তোমাদের সহিত আমাব সাক্ষাৎ হইয়া গিয়াছে। হে অসাধাবণ বীবগণ! আপনাবা ধর্মের প্রতি সাবধান থাকিবেন, আবার আমি আপনাদিগকে সুখী ও সমাগত দেখিব"॥৫১॥

বৈশপ্পায়ন বলিলেন—তাহাব পব যাদবগণ ও পাগুবগণ পক্ষপুৰ সম্ভাষণ, বৃদ্ধদিগকে অভিবাদন একং সকল কনিষ্ঠদিগকে আলিঙ্গন করিলেন, তৎপরে

^{*} অয়ং পাঠো নাস্তি বা ব কা পি।

বিস্তজ্য কৃষ্ণং স্থথ ধর্মরাজো বিদর্ভরাজোপচিতাং স্থতীর্থাম্। জগাম পুণ্যাং দবিতং পয়োষ্টাং দল্রাভৃতৃত্যঃ দহ লোমশেন ॥৫৩॥ স্থতেন দোমেন বিমিশ্রতোয়াং ততঃ পয়েয়ষ্টাং প্রতি দোহধ্যুবাদ। দিজাতিমুখ্যেমু দিতৈর্মহাত্মা সংস্কৃরমানঃ স্তুতিভির্বরাভিঃ ॥৫৪॥ ইতি শ্রীমহাভারতে শতদাহস্র্যাং সংহিতায়াং বৈয়াদিক্যাং বনপর্ববিশি তীর্থযাত্রায়াং বাদবগমনে শততমোহধ্যায়ঃ ॥০॥ #

ভারতকৌমুদী

বিস্তজ্যেতি। বিদর্ভরাজেন উপচিতাং বর্জিতাম্, শোভনানি তীর্থানি ঘট্টানি ঘ্যাং তাম্ ৮০০।

হুতেনেতি। স্থতেন যজ্ঞার্থে নির্মিতেন, সোমেন সোমরসেন ICSI
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্ব্য-মহাক্বি-পদ্মভূষণ-শ্রীহরিদাসনিদ্ধান্তবাধীশভট্টাচার্য্যবিরচিতাযাং
মহাভারতটীকায়াং ভারতকোমুদীসমাখ্যায়াং বনপর্বাণি তীর্থযাত্তায়াং শততমোহধ্যায়ঃ ICI

ভারতভাবদীপঃ

IOS—891 মাধব ৷ মধুদেশো মধুরাপ্রদেশস্তত্র জাত ৷ IS৫—৫৩1 স্থতেন অভিবৃতেন, যজে সোমপানতুল্যং তব্দ্বপানমিত্যর্থং ৷ পয়োফীং প্রতি পষোষ্ণ্যাম্, পষোমাত্রমধ্যবাস ভক্ষিত-বান্ ICSI

ইতি শ্রীমহাভারতে বনপর্বাণি নৈলক্ষ্মীয়ে ভারতভাবদীপে শততমোহধ্যায়: #>৽৽#

--:*:--

যাদবগণ আপন আপন গৃহে চলিয়া গেলেন; আর পাগুবগণ তীর্থের দিকেই প্রস্থান করিলেন ॥৫২॥

তাহার পর, যুর্ধিষ্টির কৃষ্ণকে বিদায় দিয়া ভ্রাতৃগণ, ভূত্যগণ ও লোমশমুনির সহিত মিলিত হইয়া বিদর্ভরাঞ্চকর্তৃক বর্দ্ধিত ও স্থান্দব ঘট্টযুক্ত পবিত্র পয়োফীনদীতে গমন করিলেন ॥৫৩॥

যাহার জলে ষজ্ঞীয় সোমরস মিশ্রিত ছিল, সেই পয়োফীনদীতে যাইয়া মহাত্মা যুধিষ্ঠির তাহার তীরে বাস করিতে লাগিলেন; তখন শ্রেষ্ঠ ব্রাহ্মণগণ আনন্দিত হইয়া মনোহব স্থাতিবাক্যে তাঁহার স্তব কবিতে থাকিলেন ॥2৪॥

একাধিকশততমোহধ্যায়ঃ

----2%2----

লোমশ উবাচ।

নূগেণ যজমানেন সোমেনেহ পুরন্দবঃ।
তর্পিতঃ শ্রায়তে রাজন্। স তৃপ্তো মুদমভ্যগাৎ ॥>॥
ইহ দেবৈঃ সহেক্রৈশ্চ প্রজাপতিভিবের চ।
ইফীং বছবিবৈর্যজ্ঞৈর্যহিন্তের্গুরিদক্ষিণাঃ ॥২॥
আমূর্ত্তরয়দশ্চেহ বাজা বজ্রধরং প্রভুম্।
তর্পয়ামাস সোমেন হয়মেধেরু সপ্তত্ম ॥৩॥
তত্ম সপ্তত্ম যজ্ঞেরু সর্বমাসীদ্ধির্থাযম্।
বানস্পত্যঞ্চ ভৌমঞ্চ যদ্দ্রব্যং নিয়তং মথে ॥৪॥
চয়ালযুপচমসাঃ স্থাল্যঃ পাত্র্যঃ ক্রেচঃ ক্রবাঃ।
তেষের চাস্থ যজ্ঞেরু প্রয়োগাঃ সপ্ত বিশ্রুভাঃ॥৫॥

ভারতকোমুদী

নুগেণেতি। নুগেণ নুগনায়া রাজ্ঞা, যজমানেন যজ্জং কুর্বতা, সোমেন সোমবদেন ॥১॥ ইহেতি। ইদ্রেণ সহেতি সহেন্দ্রাক্তিং, প্রান্নাতিতিং কশ্যপাদিভিং ॥২॥ আমুর্ব্বেতি। অমূর্ত্তরয়সোহপত্যম্ আমূর্ত্তবযসো গয়ং, বজ্পববিদ্রম্ ।৩॥ তন্তেতি। হিরগ্নয়ং স্বর্ণময়ম্। বানস্পত্যং ক্ষিম্যম্, ভৌমং মুন্নম্ম্ ॥৪॥

লোমশ বলিলেন—"রাজা! আমবা শুনিতে পাই যে, এইখানে নুগবাজা যজ্ঞ করিবাব সময়ে সোমরদ দ্বাবা ইক্রকে পবিতৃপ্ত কবিয়াছিলেন এবং ইক্রও তৃপ্ত ইইয়া সর্ব্বপ্রকাবে আনন্দিত হইয়াছিলেন ॥১॥

আর, ইন্দ্রের সহিত দেবতাবা এক প্রজ্ঞাপতিবাও এইখানেই প্রচুব দক্ষিণাযুক্ত নানাবিধ বৃহৎ বৃহৎ যজ্ঞ কবিয়াছিলেন ॥২॥

এবং অমূর্ত্তরয়ার পুত্র গয়রাজাও এইখানেই সাতটী অশ্বমেধযজ্ঞে সোমরসদাবা দেববাজকে পরিতৃপ্ত করিয়াছিলেন ॥৩॥

যজ্ঞে ষে দকল জব্য নিয়মিতভাবে কাষ্ঠময় ও মূন্ময় হইয়া থাকে, ভাহা দমস্তই গয়রাজার সেই সাতটি যজ্ঞে স্বর্ণময় হইয়াছিল ॥ ।॥

সংস্থিতিককন্ত যুপন্ত চমালাশ্চোপবিস্থিতাঃ।
তক্ত স্ম যুপান্ যজের ভ্রাজমানান্ হিবগ্নয়ান্॥৬॥
স্বয়মুখাপয়ামান্তদেবাঃ সেন্দ্রা যুধিষ্ঠিব !।
তেরু তন্ত মথাগ্রেয় গয়ন্ত পৃথিবীপতেঃ॥৭॥
তমাত্যদিন্দ্রঃ সোমেন দক্ষিণাভির্ন্ধিজাতয়ঃ।
প্রসংখ্যানানসংখ্যেয়ান্ প্রত্যগৃহ্লন্ দিজাতয়ঃ॥৮॥ (বিশেষকম্)
দিকতা বা যথা লোকে যথা বা দিবি তারকাঃ।
যথা বা বর্ষতো ধারা ত্রসংখ্যেয়াঃ স্ম কেনচিৎ ॥৯॥
তথৈব তদসংখ্যেয়ং ধনং যৎ প্রদদ্যে গয়ঃ।
সদস্যেভ্যো মহারাজ ! তেরু যজেরু সপ্তরু ॥২০॥ (রুগ্মকম্)

ভাবতকোমুদী

অথ কিং কিং নাম তদ্মবামিতাহ—চবালেতি। অশু গমশু, তেমু সপ্তবেব যজেমু, চবালো যুপকটক: যুপোপরিনিন্দিতো বলয়রপো ভমকরপো বা কাষ্ঠবিশেষ ইতার্থ:, যুপো যজীরপত্ত-বন্ধনন্তভ:, চমনঃ সোমরসপানপাত্তং তে, স্থাল্যঃ পাকপাত্রাণি, পাত্রাঃ পক্সব্যরক্ষণপাত্রাণি, জনো হবিঃপ্রাপনপাত্রাণি চ, এতে সপ্তিব, প্রযুদ্ধান্ত ইতি প্রয়োগা উপকবণস্প্রবাণি, বিশ্রতা হিবগ্রযুদ্ধেন আকর্ণিতাঃ ৪৫৪

সপ্তেতি। সপ্তম্ যুণেয়ু একৈকত্মতি সপ্তৈকৈকস্ম। উপরিস্থিতা আসন্। মথাগ্রোয়্ যজ্ঞশ্রেষ্টেয়ু। প্রসংখ্যাযন্তে অন্তৈর্গণ্যন্তে যে তে প্রসংখ্যানাঃ স্বর্ণান্তান্, ''পঞ্জুফলকো মান্তে স্বর্ণন্ত বোডশ'' ইতি মন্ত্রপরিভাষিতাঃ স্বর্ণমুলা ইত্যর্থঃ। অতএব পুংস্ক্রম্যাঙ—৮॥

সিকতা ইতি। সিকতা বালুকাঃ। বৰ্ধতো মেঘন্ত। গ্ৰো রাজা ॥>-->•॥
ভাবতভাবদীপঃ

নুগেণেতি ॥১—২॥ আমুর্ভরয়সো গয়নামা ॥৩॥ বানস্পত্যং বৃক্ষজং চ্যালাদি, তৌমং
মুম্মবং স্থাল্যাদি ॥৪॥ চ্যালো বৃপকটক:। বৃণো যজ্ঞজ্ঞ:। চম্দাঃ সোমপানপাআদি।
পাত্যো হবিংস্থাপনার্থানি মুম্ময়ানি পাজাণি। জ্রচঃ হবিংপ্রদানার্থাঃ। জ্বাঃ হবিংবদানার্থাঃ

স্থৃতবাং গয়বাজার সেই সাতটী যজ্ঞেই চষাল, যূপ, চমস, স্থালী, পাত্র, ত্রুক্ ও ত্রুব—এই সাতটা বস্তুই স্বর্ণময় হইয়াছিল বলিয়া শুনা যায় ॥৫॥

সাতটী যুপের মধ্যে প্রত্যেক যুপের উপবেই চবাল ছিল এবং যুখিষ্টির। গয়বাদ্ধাব বজ্ঞেব সেই স্বর্ণময় উজ্জ্ঞল যুপগুলিকে ইন্দ্রপ্রভৃতি দেবতাবা নিজেরাই তুলিয়াছিলেন এবং গয়রাজ্ঞাব সেই শ্রেষ্ঠ যজ্ঞগুলিতে ইন্দ্র সোমরস পান করিয়া, আর ব্রাহ্মণেবা দক্ষিণা লাভ কবিয়া আনন্দে মত্ত হইয়াছিলেন ; আর ব্রাহ্মণেবা অসংখ্য স্বর্ণমূলা প্রতিপ্রহ কবিযাছিলেন ॥৬—৮॥

মহাবাজ! ভূতলেব বালি, আকাশের নক্ষত্র এবং মেঘেব বৃষ্টিধারা যেমন

ভবেৎ। সংখ্যেয়মেতদ্বি যদেতৎ পরিকীর্ভিতম্।
ন তম্ম শক্যাঃ সংখ্যাভুং দক্ষিণা দক্ষিণাবতঃ ॥১১॥
হিরগ্নবীভিগোভিশ্চ কুতাভির্বিশ্বকর্মণা।
ব্রাহ্মণাংস্তর্পয়ামাদ নানাদিগ্ ভ্যঃ সমাগতান্ ॥১২॥
ব্যহ্মাবশেষা পৃথিবী চৈত্যৈবাদীমহাত্মনঃ।
গয়স্ম বজমানস্ম তত্র তত্র বিশাংপতে! ॥১৩॥
দ লোকান্ প্রাপ্তবানৈদ্রোন্ কর্মণা তেন ভারত!।
সলোকতাং তম্ম গচ্ছেৎ পযোষ্য্যাং য উপস্পৃশেৎ ॥১৪॥
তত্মাত্তমত্র বাজেন্দ্র। ত্রাভৃভিঃ সহিতোহচ্যুত।।
উপস্পৃশ্য মহীপাল। ধৃতপাপাা ভবিশ্বদি॥১৫॥

ভাবতকৌমূদী

ভবেদিতি। এতৎ সিকতাদিকম্। দক্ষিণাবতঃ প্রশন্তদক্ষিণস্থ যজ্ঞস্থ ॥১১॥
হিরগ্নবীভিরিতি। হিরগ্নয়ীভিঃ স্বর্ণময়ীভিঃ। তর্পযামাস তোষয়ামাস ॥১২॥
আন্নেতি। হৈতৈয়র্বজ্ঞশালাভিঃ। যজমানস্থ যজ্ঞং কুর্ববিতঃ ॥১৩॥
স ইতি। স গয়ঃ। সলোকতাং সমানলোকবাসম্। উপস্পৃদেৎ স্নামাৎ ॥১৪॥
তন্মাদিতি। হে অচ্যুত। ধর্মপথাদন্তই। উপস্পৃষ্ঠ স্নাস্বা, ধৃতণাপুনা নিস্পাপঃ ॥১৫॥

কেছই গণনা করিতে সমর্থ হয় না, তেমন সেই সাতটী যজ্ঞে গয়বাজা সদস্যদিগকে যে ধন দান কবিয়াছিলেন, তাহাও কেছ গণনা কবিতে সমর্থ হয় নাই ॥৯—১০॥

এই যেগুলি বলিলাম, যদিও এগুলিব সংখ্যা কবা যায়, তথাপি সেই প্রাণস্ত দক্ষিণাযুক্ত যজ্ঞের দক্ষিণাগুলিব সংখ্যা কবা যায় নাই ॥১১॥

আর, গয়রাজা বিশ্বকর্মনির্মিত স্বর্ণময় গো দান কবিয়া নানাদিক্ হইতে আগত আমাণদিগকে সম্ভষ্ট কবিয়াছিলেন ॥১২॥

নবনাথ! মহাক্মা গয়বান্ধা সেই সেই স্থানে যে সকল যজ্ঞ করিয়াছিলেন, তাহাব গৃহগুলিতে প্রায় ব্যাপ্ত হইয়া যাওয়ায় পৃথিবীব অল্পন্থানই অবশিষ্ট ছিল ॥১৩॥

্ ভবতনন্দন! তাহাব পব গ্যবাজা সেই সকল যজ্ঞেব ফলে ইন্দ্রলোক লাভ করিয়াছিলেন। এই পয়োষ্ট্রীনদীতে যিনি স্নান কবেন, তিনিও গ্যবাজাব সমান লোক লাভ করেন॥১৪॥

অতএব ধার্ম্মিক বাজশ্রেষ্ঠ। তুমিও ভ্রাতাদেব সহিত এই পয়োফীনদীতে স্নান কবিয়া নিম্পাপ হইবে" ॥১৫॥

বৈশস্পায়ন উবাচ।

স পরোক্ষ্যাং নরশ্রেষ্ঠঃ স্নাত্ম বৈ ভ্রাতৃভিঃ সহ। বৈদূর্য্যপর্বতঞ্চৈব নর্মদাঞ্চ মহানদীম্। সমাজগাম তেজস্বী ভ্রাতৃভিঃ সহিতোহনঘ! ॥১৬॥ তত্রাস্থ সর্ববাণ্যাচখ্যো লোমশো ভগবানৃষিঃ। তীর্থানি রমণীয়ানি পুণ্যান্থায়তনানি চ ॥১৭॥ বথাবোগং বথাশ্রীতি প্রবর্যো ভ্রাতৃভিঃ সহ। তত্র তত্রাদদদ্ভিং ভ্রাহ্মণেভ্যঃ সহস্রশঃ ॥১৮॥

লোমশ উবাচ।

দেবানামেতি কোন্তের! তথা রাজ্ঞাং দলোকতাম্। বৈদূর্ব্যপর্ববতং দৃষ্ট্বা নর্মাদামবতীর্ব্য চ॥>৯॥ সন্ধিরেষ নরশ্রেষ্ঠ! ত্রেতারা দ্বাপরস্থা চ। এতমাসাগ্য কোন্তের! সর্ব্বপার্টিপঃ প্রমূচ্যতে॥২০॥

ভারতকোসুদী

স ইতি। প্রোক্যাং ন্ডাম্। নরশ্রেটো যুথির্টির:। বটুপাদোহয়ং শ্লোকঃ ॥১৬॥ তত্ত্রেতি। অশ্য যুথির্টিরস্থান্তিকে, আচথোন বর্ণবামান ॥১৭॥ যথেতি। বর্ণাযোগং বথোপায়ম্। বিত্তং ধনম্॥১৮॥ দেবানামিতি। এতি প্রাপ্রোতি। সলোকতাং সমানলোকম্॥১৯॥ সন্ধিরিতি। এব বৈদ্র্যাপর্বতঃ, সন্ধিঃ সন্ধিসম্মোৎপন্ন:। অতএব মহাপুণাঃ ॥২০॥

বৈশপ্পায়ন বলিলেন — নিপাপ বাজা! তাহাব পর তেজম্বী যুধিষ্ঠির ভ্রাতাদের সহিত পযোফীনদীতে স্নান করিয়া ভ্রাতাদের সহিতই বৈদ্র্যপর্বত ও মহানদী নর্ম্মদায় আগমন কবিলেন ॥১৬॥

সেথানে উহার নিকটে ভগবান্ লোমশমূনি সকল মনোহর তীর্থ ও পুণ্য আয়তনগুলিব বিষয় বলিলেন ॥১৭॥

তথন যুধিষ্ঠির ভ্রাতাদের সহিত মিলিত হইযা যথাযোগ্য উপায়ে এবং খ্রীতিসহকারে সেই সেই স্থানে গমন করিলেন এবং ব্রাহ্মণদিগকে সহস্র সহস্র ধন দান করিলেন ॥১৮॥

লোমশ বলিলেন—"কুন্তীনন্দন! বৈদ্ধ্যপৰ্বত দৰ্শন কৰিয়া এবং নৰ্মদানদীতে অবতীৰ্ণ হইয়া মানুষ দেবলোক ও রাজলোক লাভ করে ॥১৯॥

কাবণ, নরশ্রেষ্ঠ কৃন্তীনন্দন! এই বৈদ্র্যাপর্বত ত্রেতা ও দাপরযুগের সন্ধিসময়ে জন্মিয়াছিল; স্মৃতরাং এই পর্বতে যাইয়া মানুষ সমস্ত পাপ হইতে মৃক্ত হয় ॥২০॥ এষ শর্যাতিযজ্ঞস্থ দেশস্তাত ! প্রকাশতে।

সাক্ষাদ্যত্রাপিবৎ সোমমশ্বিভ্যাং সহ কৌশিকঃ ॥২১॥

চুকোপ ভার্গবন্চাপি মহেন্দ্রস্থ মহাতপাঃ।

সংস্কল্পাঞ্চাপি ভার্যাং স বাজপুত্রীমবাপ্তবান্।

নাসত্যো চ মহাভাগ ! কৃতবান্ সোমগীথিনো ॥২৩॥

যুধিষ্ঠির উবাচ।

কথং বিফস্তিতন্তেন ভগবান্ পাকশাসনঃ।
কিমৰ্থং ভাৰ্গবন্দাপি কোপং চক্ৰে মহাতপাঃ ॥২৪॥
নাসত্যো চ কথং ব্ৰহ্মন্। কুতবান্ সোমপীথিনো।
এতৎ সৰ্ববং যথাবৃত্তমাখ্যাতু ভগবান্ মম ॥২৫॥

ভাবতকৌমুদী

এষ ইতি। শর্বাতির্নাম রাজা তদ্যজন্ত। সোমং সোমবসম্, কৌশিক ইন্দ্র: ॥২১॥

চুকোপেতি। মহেন্দ্রজ উপবি। বাসবমিন্দ্রম্। প্রভুস্তপংগ্রভাবশালী ॥২২॥

স্থক্তামিতি। স্থক্তাং নাম। স চ্যবন:। নাসত্যো অধিনীকুমারো। সোমত্য সোমরসত্ত
পীতং পানমনয়োবত্যান্তীতি তৌ, পুষোদবাদিত্বাত্তকাবত্ত থকাবং ॥২৩॥

কথমিতি। বিষ্টজিতো বিশেষেণ স্তন্ধীকৃতং, তেন চ্যবনেন ॥২৪॥

নাসত্যাবিতি। বৃত্তং ঘটিতমন্তিক্রম্যেতি ষ্ণাবৃত্তম্, আথ্যাতু ব্বীভূ ॥২৫॥

বংস! এই শর্যাতিরাজার যজ্ঞস্থান প্রকাশ পাইতেছে; যেখানে দেববাজ ইন্দ্র অধিনীকুমারদ্বয়ের সহিত প্রত্যক্ষতঃ সোমরস পান করিয়াছিলেন ॥২১॥

এবং মহাতপা ও প্রভাবশালী ভৃগুনন্দন চ্যবন ইন্দ্রের উপবে জুদ্ধ হইযাছিলেন এবং তাঁহাকে স্বস্কিত করিয়াছিলেন ॥২২॥

মহাভাগ! আর তিনি রাজকন্তা স্থকন্তাকে ভার্য্যা লাভ কবিবাছিলেন এবং অধিনীকুমাবদিগকে সোমপায়ী কবিয়াছিলেন" ॥২৩॥

যুথিষ্ঠির বলিলেন—"মহাতপা চ্যবনমুনি, মাহাত্মাশালী ইন্দ্রকে কেন স্তর্ফ কবিয়াছিলেন ? কি জন্মই বা তাঁহাব উপরে কুপিত হইয়াছিলেন ? ॥২৪॥

ব্রহ্মন্! আর তিনি কেন অশ্বিনীকুমাবদিগকে সোমপায়ী কবিয়াছিলেন ? এই সমস্ত বিষয় আপনি যথাযথভাবে আমাব নিকট বলুন" ॥২৫॥

⁽২৩) দিতীয়ার্দ্ধং বা ব কা পি নাস্তি। (২৫) শ্লোকাৎ পরন্ '…একবিংশতাধিকশত-তমোহধ্যায়ং'—বা ব কা, '…ছাকিংশতাধিকশততমোহধ্যায়ং'—পি নি।

লোমশ উবাচ।

ভূগোর্মহর্বেঃ পুত্রোহভূচ্যবনো নাম ভারত!।

সমীপে সবসঃ সোহস্ত তপস্তেপে মহাদ্যুতিঃ ॥২৬॥

স্থাপুভূতো মহাতেজা বীরস্থানেন পাণ্ডব!।

অতিষ্ঠৎ স্থাচরং কালমেকদেশে বিশাংপতে!॥২৭॥

স বল্মীকোহভবদ্ধিল তাভিরভিসংরতঃ।

কালেন মহতা বাজন্! সমাকীর্ণঃ পিপীলিকৈঃ॥২৮॥

তথা স সংরতো ধীমান্ মুৎপিগু ইব সর্ব্বশঃ।

তপ্যতে স্ম তপো ঘোবং বল্মীকেন সমার্তঃ ॥২৯॥

অথ দীর্ঘস্ত কালস্থ শ্রাতির্নাম পার্থিবঃ।

আজগাম সবো বম্যং বিহর্ত্তু মিদমুক্তমম্॥৩০॥

তস্ত স্ত্রীণাং সহন্রাণি চত্বার্য্যাসন্ পবিগ্রহে।

একৈব চ স্থতা ফুল্রঃ স্থক্যা নাম ভারত।॥৩১॥

ভাবতকোমুদী

ভূগোরিতি। সবসো জলাশযন্ত। মহাদ্যুতির্মহাভেজাঃ ॥২৬॥

স্থাধিতি। স্থাণুভূতঃ নিষ্পত্রশাধবুক্ষবন্ধিতনঃ, বীবস্থানেন বীরাসনেন ॥২ ৭॥

म देखि। वचीरका वचीकावृज्यस्यः। ममाकीर्या वाश्यः ॥२৮॥

তথেতি। সর্বাশঃ সর্বাস্থ দিক্ষ্, সংব্রতো লতাভিবাবৃতঃ, অতএব মুৎপিণ্ড ইব স্থিতঃ ॥২≯॥

অথেতি। দীর্ঘস্ত কালস্ত অতিক্রমে সতীতি শেবঃ ॥৩০॥

লোমশ বলিলেন—"ভরতনন্দন। মহর্ষি ভৃগুব 'চাবন-'নামে একটী পুত্র হইযাছিল, সেই মহাতেজা চাবন এই সরোববেব নিকটেই তপস্তা করিয়া-ছিলেন ॥২৬॥

নবনাথ পাণ্ডুনন্দন! মহাতেজা চ্যবন এই সবোববেবই এক স্থানে বীরাসনে বসিযা দীর্ঘকাল স্থাণুব ক্যায় অচল ছিলেন ॥২৭॥

রাজা! বহুকাল পবে তিনি উয়ীব মাটীতে আবৃত্ত , লতায় আচ্ছাদিত এবং পিশীলিকায় ব্যাপ্ত হইয়াছিলেন ॥২৮॥

সেইভাবে লতা ও উয়ীৰ মাটীতে সকল দিকে আৰ্ত ; স্মৃতবাং মৃত্তিকাস্থ্^{পেৰ} স্থায় অবস্থিত চ্যবন ভযম্কর তপস্থা কবিতে লাগিলেন ॥২৯॥

তাহার পর দীর্ঘকাল অতীত হইলে, 'শর্যাতি'-নামে এক রাজা এই মনো^{হর} উত্তম সরোবরে বিহার করিতে আসিলেন ॥৩০॥ সা সখীভিঃ পবির্তা দিব্যাভরণভূষিতা।
চংক্রম্যমাণা বল্মীকং ভার্গবস্থ সমাসদৎ ॥৩২॥
সা বৈ বহুমতীং তত্র পশুন্তী হুমনোবমাম্।
বনস্পতীন্ বিচিম্বন্তী বিজহাব সখীরতা ॥৩৩॥
রূপেন বয়সা চৈব মদনেন মদেন চ।
বভঞ্জ বনরক্ষাণাং শাখাঃ পরমপুষ্পিতাঃ ॥৩৪॥
তাং সখীর্হিতামেকামেকবন্ত্রামলঙ্কতাম্।
দদর্শ ভার্গবো ধীমাংশ্চবন্তীমিব বিদ্যুতম্ ॥৩৫॥
তাং পশুমানো বিজনে স বেমে পবমন্ত্র্যতিঃ।
কামকণ্ঠশ্চ বিপ্রবিন্তপোবলসমন্বিতঃ ॥৩৬॥
তামাবভাষে কল্যাণীং সা চাস্থ ন শৃণোতি বৈ।
ততঃ হুকন্তা বল্মীকে দৃষ্ট্রা ভার্গবচকুষী ॥৩৭॥

ভাবতকোমুদী

তন্ত্রেতি। পৰিপ্রহে কলত্রন্থানে, "পরিগ্রহঃ কলত্রেথপি মূল্যস্বীকাবন্নোবপি" ইতি মেদিনী ॥৩১॥ -

সেতি। বল্মীকম্ আবরণকারিণমুখীকামৃত্তিকাভূপম্॥৩২॥

সেতি। বহুমতীং সমস্ততঃ স্থানম। বিচিৰন্তী ফলানি বিচিৰ্ভী ॥৩৩॥

রূপেণেতি। রূপাদিনা সমন্বিতেতি শেবঃ ॥৩৪॥

তামিতি। একবন্তামিত্যনেন বায়না বন্তচালনে তদক্ষণনসম্ভব ইতি স্থাচিতম ॥৩৫॥

তামিতি। রেমে আননল। ক্লামকণ্ঠঃ অতিক্ষীণস্বরঃ, চিবভোজনাভাবেনাতিত্রবলস্থা-

ভবতনন্দন। সেই শর্যাতিবাজাব চাবি হাজার ভোগ্য স্ত্রী এবং 'স্কৃক্যা'-নামে প্রমন্থন্দরী একটা কক্যা ছিল ॥৩১॥

দিব্য অলঙ্কাবে অলঙ্কৃত সেই স্থুকক্সা সথীগণে পবিবেষ্টিত হইয়া বিচৰণ করিতে কবিতে চ্যবনেৰ সেই বল্মীকমুন্তিকাস্থূপের নিকটে আগমন করিল ॥৩২॥

সখীগণবেষ্টিতা স্থকন্তা তখন অতিমনোহৰ স্থানগুলি দেখিতে থাকিয়া এবং বুক্ষের ফল চয়ন কবিয়া কবিয়া বিচৰণ কবিতে লাগিল ॥৩৩॥

বাপ, বয়স, কাম ও মদসম্পন্না স্থকন্তা ক্রমে পুষ্পসমন্বিত বন্ত বৃক্ষেব শাখাগুলিকে ভগ্ন করিতে লাগিল ॥৩৪॥

তথন জ্ঞানী চ্যবন—সখীবহিতা, একাকিনী, একবস্ত্রা ও অলঙ্কতা সেই স্থকস্থাকে বিচরণশীলা বিগ্যুতের স্থায় দর্শন কবিলেন ॥৩৫॥

মহাতেজা চ্যবন নির্জ্জনে তাহাকে দেখিয়াই আনন্দিত হইলেন এবং

কোতৃহলাৎ কণ্টকেন বুদ্ধিমোহবলাৎ কৃতা।
কিন্ধু থল্লিদমিত্যুক্ত্য্বা নির্বিভেদাস্থ লোচনে ॥৩৮॥ (বিশেষকম্)
অন্তুধ্যৎ দ তথা বিদ্ধে নেত্রে পরমমন্ত্রমান্।
ততঃ শর্যাতিদৈন্তস্থ শকুন্মূত্রে দমার্গোৎ ॥৩৯॥
ততো রুদ্ধে শকুন্মূত্রে দৈন্তমানাহত্বঃথিতম্।
তথাগতমভিপ্রেক্ষ্য পর্য্যপৃচ্ছৎ দ পার্থিবঃ ॥৪০॥
তপোনিত্যস্থ বৃদ্ধস্থ বোষণস্থ বিশেষতঃ।
কেনাপকৃতমন্তেই ভার্গবস্থ মহাত্মনঃ।
ভ্রাতং বা যদি বাহজ্ঞাতং তদুক্রতং ক্রতে মা চিরম্ ॥৪১॥

ভাৰতকৌমুদী

দিত্যাশযঃ। অতএব সা স্ক্রতা অশু চ্যবনস্থাভাষণং ন শ্ণোতি শ্ব। বৃদ্ধিমোহবলাৎ কৃতা বৃদ্ধিমোহাবিষ্টা। অশু চ্যবনস্থা ১০৬—০৮॥

অকুধ্যদিতি। পরমমস্থামান্ অতীবদৈয়ান্বিতঃ। সমাবৃণোৎ রুদ্ধবান্ ॥৩৯॥
তত ইতি। আনাহেন মলমুত্রবদ্ধেন ছঃখিতম্। তথা তদ্ধপেণৈৰ আগতম্ ॥৪০॥
তপ ইতি। তপ এব নিত্যং সদাতনং যক্ত তক্ত। বটুপাদোহয়ং শ্লোকঃ ॥৪১॥
ভারতভাবদীপঃ

॥৫—१॥ প্রসংখ্যানান্ একষত্বেন ভূষংস্বর্ণমূলাদেশাপকান্ খারীজোণাদীন্ ॥৮—২৩॥ সোমশ্র পীথং পানং তদ্বস্তো সোমপীখিনো ॥২৪॥ বীরস্থানেন বীরাসনেন ॥২৫—৩৫॥ ক্ষামকণ্ঠঃ ক্ষাণধ্বনিঃ ॥৩৬॥ অতএব সা তবচনং ন শৃণোতি ॥৩৭—৩৯॥ আনাহো মলবিষ্টস্তঃ ॥৪০—৫৩॥ ইতি শ্রীমহাভারতে বনপর্বাণি নৈলক্ষ্ঠীয়ে ভারতভাবদীপে একাধিকশততমোহধ্যায়ঃ ॥১০১॥

তপোবলযুক্ত ব্রহ্মর্যি সেই চ্যবন ক্ষীণস্ববে সেই কল্যাণী স্থকস্থাব সহিত কথা বলিয়া উঠিলেন; কিন্তু স্থকস্থা চ্যবনের সে কথা শুনিতে পাইল না। তাহার পব স্থকস্থা উয়ীব মাটীব ভিতবে চ্যবনেব চোথ তুইটা দেখিয়া, 'এটা কি রে!' এই কথা বলিয়া কৌতুক ও বুদ্ধিমোহবশতঃ কন্টক দ্বাবা চ্যবনেব নয়ন বিদ্ধ করিল॥৩৬—৩৮॥

স্থকন্তা নয়ন বিদ্ধ করিলে, চ্যবন অত্যস্ত বেদনা পাইয়া ক্রুদ্ধ হইলেন ; তৎপবে তিনি তপঃপ্রভাবে শর্যাতিবান্ধাব সৈক্যগণেব মল-মৃত্র কদ্ধ করিলেন ॥৩৯॥

মল-মূত্র কল্প হইলে, সৈন্তাগণ আনাহরোগে পীড়িত হইযা সেইভাবেই যাইয়া রাজার নিকট উপস্থিত হইল , বাজা তাহা দেখিয়া জিজ্ঞাসা কবিলেন—॥৪•॥

"সর্ববদা তপস্থাকাবী, বৃদ্ধ, বিশেষতঃ কোপনস্বভাব মহাত্মা চ্যবনের কোন অপকার আজ এখানে কেহ করিয়াছ কি ? জান বা না জ্ঞান, তাহা সত্ব বল; বিলম্ব করিও না'' ॥৪১॥ তমূচুঃ সৈনিকাঃ দর্বেন ন বিদ্যোহপক্ষতং বযম্।
দর্ব্বোপাথৈর্যথাকামং ভবাংস্তদধিগচ্ছতু ॥৪২॥
ততঃ দ পৃথিবীপালঃ দান্না চোগ্রেণ চ স্বযম্।
পর্য্যপৃচ্ছৎ স্কছর্গং পর্যাজানন্ ন চৈব তে ॥৪৩॥
আনাহার্ত্তং ততো দৃষ্ট্বা তৎ দৈন্তমস্থলান্দিতম্।
পিতবং ফুঃখিতং দৃষ্ট্বা স্থকন্তেদমথাব্রবীৎ ॥৪৪॥
মযাহটস্ত্যেহ বল্মীকে দৃষ্টং দত্তমভিজ্লৎ।
থতোতবদভিজ্ঞাতং তন্ময়া বিদ্ধমন্তিকাৎ ॥৪৫॥
এতচ্প্রত্মত্ব তু বল্মীকং শর্যাতিস্তৃর্বমন্ত্যগাৎ।
তত্রাপশ্যত্তপোরৃদ্ধং ব্যার্দ্ধঞ্চ ভার্গবম্ ॥৪৬॥
আযাচদথ দৈন্তার্থং প্রাঞ্জলিঃ পৃথিবীপতিঃ।
অজ্ঞানাদ্বাল্যা যতে কৃতং তৎ ক্ষম্ভমর্হদি ॥৪৭॥

ভারতকোমূদী

তমিতি। যথাকামং যথেচ্ছম, অধিগচ্ছতু জানাতু ॥৪২॥
তত ইতি। সামা কোমলবাকোন, উগ্ৰেণ কন্ষণবোদ্যন চ! তে স্বস্থাং ॥৪৩॥
আনাহেতি। আনাহাৰ্ছং মলমূত্ৰবন্ধরোগপীডিতম্ ॥৪৪॥
মযেতি! অটস্তা বিচরস্তা। সন্ধ কিমপি ক্ৰব্যন্ ॥৪৫॥
এতদিতি। বন্মীকম্ উয়ীকামৃত্তিকান্তুপম্। ভাৰ্গবং চ্যবনম্ ॥৪৬॥
অযাচদিতি। পৃথিবীপতিঃ শৰ্ষাভিঃ। যৎ পীড়নম্ ॥৪ ॥

তখন সৈত্যেরা সকলেই রাজাকে বলিল—"আমবা উহার্ কোন অপকাবেব বিষয় জানি না ; আপনি ইচ্ছানুসারে সর্বব্যকাবে তাহা জানুন" ॥৪২॥

তাহার পব শর্যাতিরাজা নিজেই কোমল ও কঠোর বাক্যে বন্ধুবর্গের নিকট জিজ্ঞাসা কবিলেন; তাহাবাও জানে না (বলিল) ॥৪৩॥

তৎপরে সেই সৈম্যগণকে আনাহবোগে পীড়িত ও যাতনাগ্রস্ত এবং পিতাকেও ছঃখিত দেখিয়া স্থকম্মা এই কথা বলিল—॥৪৪॥

"আমি এইখানে বিচৰণ কবিবার সমযে উয়ীৰ মাটীর ভিতবে উজ্জ্ল একটা বস্তু দেখিয়াছিলাম এবং সেটাকে জোনাকিপোকাৰ মত মনে করিলাম; তাই নিকটে যাইয়া উহা আমি বিদ্ধ করিযাছি" ॥৪৫॥

ইহা শুনিয়া শর্যাতিরাজ্ঞা সম্ববই সেই উয়ীব মাটীব নিকট গেলেন এবং তাহাব ভিতরে তপোবৃদ্ধ ও বয়োবৃদ্ধ চ্যবনকে দেখিলেন ॥৪৬॥

তাহাব পব তিনি কৃতাঞ্চলি হইয়া সৈম্মগণের জন্ম প্রার্থনা কবিলেন যে, বন-১৩০ (৮) ততোহব্রবীশ্বহীপালং চ্যবনো ভার্গবন্তর্দা।
অপমানাদহং বিদ্ধো হ্বনধা দর্পপূর্ণরা ॥৪৮॥
রূপোদার্য্যসমাযুক্তাং লোভমোহবলাৎ কৃতাম্।
তামেব প্রতিগৃহ্যাহং রাজন্! ত্রহিতবং তব!
ক্ষংস্থামীতি মহীপাল! সত্যমেতদ্ব্রবীমি তে ॥৪৯॥

লোমশ উবাচ।

খাষের্বচনমাজ্ঞায় শর্যাতিববিচাবয়ন্।
দদৌ তুহিতবং তব্মৈ চ্যবনায় মহাত্মনে ॥৫০॥
প্রতিগৃহ্য চ তাং কন্মাং ভগবান্ প্রসমাদ হ।
প্রাপ্তপ্রসাদো বাজা বৈ সমৈন্যঃ পুরমাত্রজৎ ॥৫১॥
স্থকন্যাপি পতিং লব্ধ্বা তপস্থিনমনিন্দিতা।
নিত্যং পর্যাচরৎ প্রীত্যা তপদা নিষমেন চ॥৫২॥

ভারতকোমুদী

তত ইতি। অপমানাৎ অপমানবমজ্ঞাং ক্ষত্বেতি ল্যব্লোপে পঞ্চমী ॥৪৮॥
ক্লপেতি। কপং সৌন্দর্য্যম্ উদার্য্যৎ বংশগুণাৎ সম্ভাব্যমানং মহন্ত্ঞ্চ তাভ্যাং সমামুক্তাম্, লোভঃ
কৌতুকচবিতার্থতাপ্রবণতা মোহন্চ মম নমন এব থডোতব্রমস্তাভ্যাং বলাৎ ক্বতাং বলেনাবিষ্টাম্।
বটুপাদোহয়ং প্লোকঃ ॥৪৯॥

খবেবিতি। আজ্ঞায শ্রন্থা। অবিচাবষন্ মূনের্বাদ্ধকাদিকম্, সৈক্তপীড়াদর্শনাৎ ॥৫০॥ প্রতীতি। প্রাপ্তঃ প্রসাদঃ প্রসন্নতানিবন্ধনং সৈক্তস্বাস্থ্যং যেন সঃ ॥৫১॥ স্ক্রেতি। নিযমেন বৈধসানাদিনা পর্যাচবৎ, পতান্থসারিত্বাৎ পত্না ইতি ভাবঃ ॥৫২॥

"মহর্ষি! বালিকা অজ্ঞানবশতঃ আপনাকে যে পীড়ন কবিয়াছে, তাহা আপনি ক্ষমা ক্রুন" ॥৪৭॥

তদনস্তর ভৃগুনন্দন চ্যবন রাজ্ঞাকে বলিলেন—"বাজা! এই দর্পিতা বালিকা অবজ্ঞা কবিয়া আমাকে বিদ্ধ করিয়াছে ॥৪৮॥

রাজা! রূপ ও উদারতাযুক্তা এবং লোভ ও মোহসমাবিষ্টা আপনাব সেই কন্যাটীকে গ্রহণ করিয়াই আমি ক্ষমা করিব; ইহা আপনার নিকট সত্য বলতেছি"॥৪৯॥

লোমশ বলিলেন—"চ্যবনের উক্তি শুনিয়া শর্যাতিরাজা কোন বিবেচনা না করিয়াই সেই মহাত্মা চ্যবনকে কন্সা সমর্পণ করিলেন ॥৫০॥

চ্যবনও সেই ক্যাটীকে গ্রহণ করিয়া প্রসন্ন হইলেন ; রাজাও তাঁহার প্রসন্নতা লাভ কবিয়া সৈম্মগণেব সহিত রাজধানীতে চলিয়া গেলেন ॥৫১॥ অগ্নীনামতিথীনাঞ্চ শুশ্রামুবনসূয়িকা।
সমাবাধ্যত ক্ষিপ্রং চ্যবনং সা শুভাননা ॥৫৩॥
ইতি শ্রীমহাভাবতে শতদাহস্স্যাং সংহিতাযাং বৈযাসিক্যাং বন্পর্ব্বিশি
তীর্থযাত্রাযাং স্থকন্যোপাখ্যানে একাধিকশততমোহধ্যায়ঃ॥০॥ *

--°#0--

দ্ব্যধিকশততমোহধ্যায়ঃ।

---°**

লোমশ উবাচ।

কস্তচিত্ত্বথ কালস্থ ত্রিদশাবশ্বিনো নৃপ। ।
কৃতাভিষেকাং বিবৃত্তাং স্থকন্যাং তামপশ্যতাম ॥>॥
তাং দৃষ্ট্বা দর্শনীয়াঙ্গীং দেবরাজস্থ চামিব।
উচত্তঃ সমভিক্রত্ত্য নাসত্যাবশ্বিনাবিদম্ ॥২॥

ভাবতকোমুদী

জগ্নীনামিতি। জগ্নীনাং শুশ্রষ্থ প্রজ্ঞানাদিনা, জতিথীনাঞ্চ শুশ্রষ্থ সৎকাবেণ। জন-স্থিকা প্রদোষাবিদ্ধাববহিতা। সমাবাধ্যত শুশ্রষ্যা বশীভূতমকবোৎ ॥৫৩॥ ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহবিদাসিদ্ধান্তবাদীশভট্টাচার্য্যবিবচিতাষাং মহাভাবতটীকাষাং ভাবতকৌমূদীসমাধ্যাষাং বনপর্বাণি তীর্থ্যাত্রাধামেকাধিকশততমোহধ্যাযঃ॥।॥

কন্সচিদিতি। কন্সচিৎ কালন্ত অতিক্রমে সতীতি শেষঃ, ত্রিদর্শো দেবৌ। ক্বতাভিষেকাং ক্বতমানাম, অতএব বিবৃতাং বসনপবিধানাৎ প্রাগনাবৃতাঙ্গীম্ ৪১৪

তামিতি। সমভিক্তত্য ক্রতমূপেত্য, ন অসত্যং মিথ্যা চিকিৎসা যযোজে ॥২॥

এদিকে অনিন্দিতা স্মৃকক্সাও তপস্বী পতি লাভ কবিষা তপস্থা ও নিয়ম দ্বাবা প্রীতিসহকারে সর্ববদা তাঁহার পরিচর্যা কবিতে লাগিলেন ॥ ২২॥

এইভাবে পবদোষামুসন্ধানরহিতা স্থমুখী স্থকন্তা অগ্নি ও অতিথিগণেব শুক্রাবায় প্রবৃত্ত থাকিয়া সম্বই সেবা দ্বাবা চ্যবনকে বশীভূত কবিলেন" ॥৫৩॥

লোমশ বলিলেন—''বাজা! তাহাব পব কিছু কাল অতীত হইলে, একদা দেবতা অশ্বিনীকুমাবেবা, স্নান কবিবাব পবে নগ্ন অবস্থায় সেই স্থকন্তাকে দর্শন কবিলেন ॥১॥

দেববাজেৰ কক্সাৰ স্থায় স্থূদৃশ্যাঙ্গী সেই স্থকস্থাকে দেখিযা অশ্বিনীকুমাবেবা সহুব তাঁহাৰ নিকট যাইয়া এই কথা বলিলেন—॥২॥

^{* &#}x27;···ছাবিংশত্যধিকশততমোহধ্যায়ং'—বা ব কা, '···জ্যোবিংশত্যধিকশততমোহধ্যায়ং'
—পি নি ৷

কশ্য ত্বমদি বামোর ! বনেহিন্মিন্ কিং করোষি চ।
ইচ্ছাব ভদ্রে ! জ্ঞাতুং ত্বাং তত্ত্বমাখ্যাহি শোভনে ! ॥৩॥
ততঃ স্থকন্যা সত্রীড়া তাবুবাচ স্থরোত্তমো ।
শর্যাতিতনয়াং বিজ্ঞং ভার্যাং মাং চ্যবনস্থ চ ॥৪॥
অথাশ্বিনো প্রহস্থৈতামজ্রতাং পুনবেব তু ।
কথং ত্বমদি কল্যাণি ! পিত্রা দন্তা গতাধ্বনে ॥৫॥
ভ্রাজসেহিন্মিন্ বনে ভীক্র ! বিহ্যুৎ সোদামিনী যথা ।
ন দেবেম্বপি তুল্যাং হি ত্বয়া পশ্যাব ভাবিনি ! ॥৬॥
অনাভবণসম্পন্না প্রমান্থবর্ষজ্জিতা ।
শোভয়ম্পর্ধিকং ভদ্রে ৷ বনমপ্যনলস্কৃতা ॥৭॥
সর্ব্বাভরণসম্পন্না প্রমান্থবধাবিনা ।
শোভসে ত্বনব্যাঙ্গি ! ন ত্বিং মলপ্রিনী ॥৮॥

ভাবতকৌমুদী

কভেতি। হে বামোক। স্বন্দরোক্ষযুগনে !। ইচ্ছাব আবাম্ ॥৩॥
তত ইতি। সত্রীডা পরপুকষদৃষ্টসর্বাপ্তথাৎ সলজা। বিস্তং যুবাং জানীতম্ ॥৪॥
অথেতি। গতাধানে অতীতযৌবনকালায়, "সাদধা কালবর্মানোং" ইতি ত্রিকাগুশেষঃ ॥৫॥
ভালস ইতি। বিহাৎ তডিৎ, সোদামিনী তদাখ্যা অর্বেন্ডা চ। পঞ্চাব আবাম্ ॥৬॥
অনেতি। অনাভরণসম্পন্না, অভএবানলক্ষতাশি বনমধিকং শোভরিসি ॥৭॥
সর্বেতি। মলপক্ষো শরীরম্বেদাদিকর্দমো অন্তান্ত ইতি মলপদ্ধিনী ॥৮॥

"বামোরু ! তুমি কাহাব ? এ বনেই বা কি কব ? ভজে ! আমবা তোমাকে জানিতে ইচ্ছা কবি, সুন্দবি ! তাহা বল' ॥॥

তাহাব পর স্থকন্তা লক্ষিত হইয়া সেই দেবশ্রেষ্ঠ ছইজনকে বলিলেন— "আপনারা অবগত হউন যে, আমি শর্যাতিবাজাব তনয়া এবং মহর্ষি চ্যবনের ভার্যা" ॥৪॥

তংপবে অধিনীকুমাবেবা হাস্ত করিয়া আবাবও তাঁহাকে বলিলেন—"কল্যাণি! তোমার পিতা তোমাকে বৃদ্ধেব হস্তে দান কবিয়াছেন কেন ?" ॥৫॥

ভীক ! তুমি এই বনেব ভিতবে বিদ্যুৎ ও সৌদামিনীনামী অপ্সরাব স্থায় শোভা পাইতেছ ; ভাবিনি ৷ দেবতাদেব মধ্যেও তোমার মত স্থন্দরী আমরা দেখিতে পাই না ॥৬॥

ভজে! তোমার কোন অলঙ্কাব নাই; স্থভরাং তুমি অনলঙ্কৃতা এবং উৎকৃষ্ট বস্ত্রবহিতা; তথাপি তুমি এই বনটীর পরম শোভা জন্মাইতেছ ॥৭॥ কন্মাদেবংবিধা ভূত্বা জবাজর্জ্জরিতং পতিমৃ।

ত্বমূপাস্থে হ কল্যাণি! কামভোগবহিক্তম্ ॥৯॥

ত্বসমর্থং পবিত্রাণে পোষণে চ শুচিন্মিতে।।

সা ত্বং চ্যবনমূৎস্ক্র্যু ববয়বৈক্ষাবয়োঃ ॥>০॥

পত্যর্থং দেবগর্ভাভে! মা র্থা বৌবনং কৃথাঃ।

এবমূক্তা স্থক্যাপি স্থরে তাবিদমত্রবীৎ ॥>১॥ (বিশেষকম্)

রতাহং চ্যবনে পত্যো মৈবং মাং পর্য্যান্ধতম্।

তাবক্রতাং পুনস্থেনামাবাং দেবভিষ্ণ ব্বে ॥>২॥

যুবানং রূপসম্পন্নং করিয়াবঃ পতিং তব।

ততস্ক্র্যাবয়োকৈচব র্ণীম্বান্থতমং পতিম্।

এতেন সময়েনৈন্মামন্ত্রয় পতিং শুভে! ॥>০॥ (ব্যাক্ম্)

সা তয়োর্বচনাদ্রাজন্ম পুসঙ্গম্য ভার্পবম্।

উবাচ বাক্যং যত্তাভ্যাযুক্তং ভৃত্তস্থতং প্রতি॥>৪॥

ভাবতকোমুদী

কন্মাদিতি। উপাস্থে সেবসে। হশক: পাদপূরণে। হে শুচিনিতে। শুভাহাতে।। পত্যর্থং বরমুম্বেতি সম্বন্ধঃ। হে দেবগর্ভাতে। দেববালিকাতুল্যে।॥>-->১॥

রতেতি। এবং বৃদ্ধত্বাচ্যাবনবিবক্তাম্। সমযেন প্রতিজ্ঞবা। পরঃ শ্লোৰঃ বট্পাদঃ ।১২—১৩।

স্থূন্দবি ! তুমি—সমস্ত অলঙ্কাব ও উৎকৃষ্ট বস্ত্ৰ ধাৰণ কবিয়াই শোভা পাইতে পাব ; কিন্তু এইৰূপ মল-কৰ্দম-যুক্ত হইয়া নহে ॥৮॥

কল্যাণি! তুমি এমন স্থলরী হইয়া—জবাজর্জবিত, কামভোগশক্তিশ্ন এবং রক্ষা করিতে ও ভরণ-পোষণ কবিতে অসমর্থ পতিব সেবা কবিতেছ কেন গ শুভ্রহাসিনি! তুমি চ্যবনকে পরিত্যাগ কবিযা পতিরূপে আমাদের একজনকে বরণ কর; দেববালিকাতুল্যে! তুমি তোমাব যৌবনটাকে বৃথা কবিও না।" অধিনীকুমাবেরা এইরূপ বলিলে, স্থকন্তাও সেই দেবতা ছই জনকে এই কংগা বলিলেন—॥৯—১১॥

"আমি—পতি চ্যবনেব প্রতি অন্তরক্ত; কিন্তু আপনারা আমাকে তাঁহাল প্রতি বিরক্ত বলিয়া মনে করিবেন না।" তথন অধিনীকুমাবেরা পুনরার স্কর্লাকে কহিলেন—"কল্যাণি। আমরা দেবচিকিংসকদের মধ্যে প্রধান; স্কতরাং আমল। তোমাব পতিকে যুবক ও কপবান্ কবিয়া দিব; তাহাব পব তিনি এবং আলেশ— এই তিন জনের মধ্যে কোন একজনকে পতিরে বরণ কবিও, আত্রত এই স্কুজানাইয়াই ভোমাব দেই পতিকে ভাক"। ১২—১৩

তচ্প্রান্থ চ্যবনো ভার্যামুবাচ ক্রিয়তামিতি।
ভর্ত্রা সা সমন্থজাতা ক্রিয়তামিত্যথাব্রবীৎ ॥১৫॥
শ্রেম্বা তদাখিনো বাক্যং তত্তস্থাঃ ক্রিয়তামিতি।
উচতূ বাজপুত্রীং তাং পতিস্তব বিশত্বপঃ ॥১৬॥
ততোহস্তশ্চ্যবনঃ শীব্রং রূপার্থী প্রবিবেশ হ।
অখ্রিনাবপি তন্তাজন্ ! সরঃ প্রাবিশতাং তদা ॥১৭॥
ততো মূহূর্ত্তাত্রতীর্ণাঃ সর্বেব তে সরসস্তদা ।
দিব্যরূপধরাঃ সর্বেব যুবানো মৃষ্টকুগুলাঃ ॥১৮॥
ভূল্যবেশধরাশৈচব মনসঃ প্রীতিবর্দ্ধনাঃ ।
তেহক্রবন্ সহিতাঃ সর্বেব রূণীয়ান্যতমং শুভে । ॥১৯॥
ভাস্মাক্মীপ্সিতং ভদ্রে ! পতিত্বে বরবর্ণিনি !।
যত্র বাপ্যভিকামাদি তং রূণীয় স্বশোভনে ! ॥২০॥ (বিশেষক্রম্)

ভারতকৌমুদী

নেতি। ভার্গবং চ্যবনং তদন্তিকমিতার্থ: ॥১৪॥
তদিতি। ক্রিয়তান্, উক্তরূপং কার্য্যমখিনীকুমারাভ্যামিতি শেষ: ॥১৫॥
শ্রুত্বতি । তন্তা: স্থকন্তারা: । অপো জলন্ ॥১৬॥
তত ইতি । রূপার্থী যৌবনার্থী চ । প্রোবিশতাং প্রবিষ্টবন্তো ॥১৭॥
তত ইতি । মূহুর্তাৎ পরম্ । মূষ্টকুগুলা: পরিদ্ধতকুগুলাঃ । অস্মাকং মধ্যে ঈপ্সিতমগ্রতমং
জনং পতিত্বে বুণীব্রতি নম্বন্ধঃ । অভিকামা আদিতঃ কাম্কী ॥১৮—২০॥

বাজা। অশ্বিনীকুসাবদের সেই কথা অন্মুসারে স্থকন্তা ঢ্যবনের নিকট যাইযা—তাঁহাব প্রতি তাঁহাবা যে কথা বলিযাছিলেন, তাহা বলিলেন ॥১৪॥

তাহা শুনিয়া চ্যবন স্থক্সাকে বলিলেন—"অধিনীকুমাবেবা উক্তরূপ কার্য্যই ককন।" তথন স্থক্সা ভর্তাব অনুমতি পাইয়া যাইয়া অধিনীকুমারদিগকে বলিলেন—"আপনারা তাহাই ককন" ॥১৫॥

তখন স্মৃক্তার মূখে 'করুন'—এই কথা শুনিয়া অধিনীকুমাবেবা তাঁহাকে বলিলেন—"তবে তোমার পতি জলে প্রবেশ করুন" ॥১৬॥

তাহার পর ৰূপ ও যৌবনার্থী চব্যন সম্বরই জলে প্রবেশ কবিলেন। রাজা! তখন অধিনীকুমারেরাও নেই সবোবরে প্রবেশ করিলেন॥১৭॥

তদনস্তব তাঁহারা সকলেই মুহূর্ত্তকাল পরে সরোবর হইতে উঠিলেন; তথন তাঁহারা সকলেই দিয়া-রূপ-সম্পন্ন, যুবক, পবিমার্জ্জিত কুগুলধাবী, সমান বেশ-সময়িত এবং মনেব আনন্দর্বদ্ধক হইয়া বিরাজ করিতে লাগিলেন। পর, সা সমীক্ষ্য তু তান্ সর্ববিংস্তুল্যরূপধবান্ স্থিতান্।
নিশ্চিত্য মনদা বুদ্ধা দেবী বত্রে স্বকং পতিম্ ॥২১॥
লব্ধ্বা তু চ্যবনো ভার্য্যাং বযো রূপঞ্চ বাস্থিতম্।
হান্টোহরবীন্মহাতেজাস্তো নাদত্যাবিদং বচঃ ॥২২॥
যথাহং রূপদম্পন্নো বয়দা চ সমস্বিতঃ।
হান্তো ভবদ্ভ্যাং বৃদ্ধঃ দন্ ভার্য্যাঞ্চ প্রাপ্তবানিমাম্ ॥২৩॥
তত্মাদ্যুবাং কবিদ্যামি প্রীত্যাহং দোমগীথিনো।
মিষতো দেববাজস্থা সত্যমেতদ্ব্রবীমি বাম্॥২৪॥ (যুগ্মকম্)

ভাৰতকৌমুদী

সেতি। নিশ্চিত্য বৃদ্ধা যোগিযোগ্যন্যনভাবাদিনা নিশ্চয়েনাবগ্যয় ॥২১॥
লব্ধে,তি। ব্য়ো যৌবনম্। নাসত্যে) অখিনীকুমারো ॥২২॥
যথেতি। যথা যশ্মাৎ। সোমপীথিনো যজ্ঞে লোমপাযিনো। মিষতঃ পশ্যতঃ পশ্যতঃ
তমনাদুত্যেত্যর্থঃ। এতেনাখিনো পূর্ব্বমনোমপাবান্তামিতি স্চিতম্ ॥২৩ —২৪॥

ভাবতভাবদীপঃ

কস্তচিদিতি। বিবৃতামনাচ্ছাদিতাম্ ॥১—॥ গতাধানে অতীতবয়দে ইতার্থ: ॥৫—২৩॥ "অখিনো বৈ দেবানামদোমপাবাস্তাম্" ইতি শ্রুতঃ তকৈতত্বপৃত্বংহণম্, তত্মান্যুবামিতি। যুব্যোনবদামপক্ষ মিগতঃ পশ্রতঃ দুরীকবিদ্যামীতার্থ: ॥২৪—২৫॥

ইডি শ্রীমহাভারতে বনপর্বাণি নৈলকটায়ে ভারতভাবদীপে ছাধিকশততমোহধ্যানঃ ে৽২০

তাঁহাবা সকলেই সন্মিলিত হইয়া স্থকন্তাকে বলিলেন—"কল্যাণি। তুনি আমাদেব মধ্যে তোমাব অভীষ্ট কোন একজনকে পতিতে বৰণ কৰ, অথবা ভদ্রে। বৰবৰ্ণিনি। স্থুন্দরি। যাঁহার উপবে তোমাব পূর্বে হইতেই অভিলাব আছে, তাঁহাকেই বৰণ কৰ্"॥১৮ ২০॥

তখন স্থকন্তাদেবী তাঁহাদের সকলকেই সমানবাপধাবণপূর্বক থাকিতে দেখিয়া মনে মনে নিশ্চিতভাবে বুঝিয়া আপন পতিকেই ববণ করিলেন ॥২১॥

তাহাব পর মহাতেজা চ্যবন ভার্যা, অভীষ্ট বযদ ও রূপ লাভ কবিয়া আনন্দিত ইইয়া সেই অধিনীকুমাবছয়কে এই কথা বলিলেন—।২২।

"আমি বৃদ্ধ ছিলাম, তথাপি আপনাবা যখন আমাকে যুবা ও কপ্ৰান্ব হিলেন এবং আমি এই ভাষ্যাটী লাভ করিলাম: তথন আমিও প্রেয়বরণতঃ দেবরাতের সাফাতেই আপনাদিগকে সোমপানী কবিব, ইচা আপনাদিগকে সভা বলিলাম" যুহত—২৪৪

⁽२)) - निकिटा महरा दुषा,—दो द १। नि ।

তচ্প্ৰত্বা হাউমনসো দিবং তো প্ৰতি জগাতুঃ।
চ্যবনশ্চ স্থকন্যা চ স্থৱাবিব বিজহ্নতুঃ ॥২৫॥
ইতি শ্ৰীমহাভাবতে শতদাহস্ৰ্যাং সংহিতায়াং বৈয়াদিক্যাং বনপৰ্ব্বিণি তীৰ্থযাত্ৰায়াং স্থকন্যোপাখ্যানে দ্যধিকশততমোহধ্যায়ঃ॥।॥ #

ত্র্যধিকশততমোহধ্যায়ঃ।

----<u>2</u>#2----

লোমশ উবাচ।

ততঃ শুশ্রাব শর্যাতির্বয়স্থং চ্যবনং কৃতম্। সংহৃষ্টঃ সেনয়া সার্দ্ধমূপায়াদ্রার্গবাশ্রমম্॥>॥ চ্যবনঞ্চ স্থকভাঞ্চ দৃষ্ট্ব। দেবস্থতাবিব। রেমে সভার্য্যঃ শর্যাতিঃ কৃৎস্নাং প্রাপ্য মহীমিব॥২॥

ভারতকোসুদী

তদিতি। তে অবিনো। স্থবশ্চ স্থরী চ স্থরো দেবদেব্যাবিবেত্যর্থ: ॥২৫॥ ইতি মহামহোপাধ্যাদ্ম-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসনিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকোম্দীসমাধ্যাষাং বনপর্ববি তীর্থযাত্রাষাং ব্যধিকশততমোহধ্যাষঃ ॥•॥

----°#°----

তত ইতি। বয়স্থং তরুণম্, "বয়স্থস্তরুণো যুবা" ইত্যমরঃ ॥১॥ চ্যবনমিতি। দ্বেক্স স্থতশ্চ স্থতাচ দেবস্থতো। রেমে আননন্দ ॥২॥

তাহা শুনিয়া আনন্দিত হইয়া অশ্বিনীকুমাবদ্বয় স্বর্গের দিকে চলিয়া গেলেন; এদিকে চ্যবন এবং স্থকস্থাও দেব-দেবীর স্থায় বিহার করিতে লাগিলেন" ॥২৫॥

----<u>%</u>#%----

লোমশ বলিলেন—"তাহার পর শর্যাতিবাজা শুনিলেন যে, অশ্বিনীকুমারদ্বর চ্যবনকে যুবা কবিয়াছেন; ইহা শুনিয়া তিনি বিশেষ আনন্দিত হইয়া সৈম্মগণেব সহিত চ্যবনের আশ্রমে গমন করিলেন ॥১॥

শর্যাতিরাজা ভার্য্যার সহিত যাইয়া চ্যবনকে ও স্থকক্সাকে দেবতাব পুত্র-কন্তাব স্থায় দেখিয়া, সমগ্র পৃথিবীর রাজত পাইয়াই যেন আনন্দ লাভ কবিলেন ॥২॥

থাবিণা সৎকৃতন্তেন সভার্য্যঃ পৃথিবীপতিঃ।
উপোপবিষ্টঃ কল্যাণীঃ কথাশ্চক্রে মনোবমাঃ॥৩॥
অথৈনং ভার্গবো বাজনু বাচ পরিদান্ত্যন্।
যাজয়িয়ামি রাজংস্তাং সম্ভারান্তপকল্পব ॥৪॥
ততঃ পরমসংহাটঃ শর্যাতিরবনীপতিঃ।
চ্যবনম্ম মহাবাজ। তদ্বাক্যং প্রত্যপূজ্য়ৎ ॥৫॥
প্রশন্তেহহনি যজ্ঞীযে সর্ববিকামদমৃদ্ধিমৎ।
কারয়ামদে শর্যাতির্গজাযতনমৃত্তমম্ ॥৬॥
তত্রৈনং চ্যবনো বাজন্। যাজরামাদ ভার্গবঃ।
অন্ততানি চ তত্রাদন্ যানি তানি নিবোধ মে॥৭॥

ভারতকৌমুদী

শ্ববিণেতি। উপ সমীপে, কল্যাণীর্মসল্ময়ী:, কথা আলাণান্ ॥৩॥
আথেতি। পরিসাল্বন্ অচ্নেরন্। সন্তারান্ যন্তোপযোগিত্রব্যাণি ॥৪॥
তত ইতি। প্রত্যপূজ্যৎ অস্পীকারেণাদৃতবান্ ॥৫॥
প্রশস্ত ইতি। কাম্যন্ত ইতি কামা অভীইত্রব্যাণি। যক্তায়তনং যক্তশালাম্ ॥৬॥
ভক্তেতি। এনং শর্ধাতিম্। অন্ত্তানি আশ্র্যাব্যাপারাঃ। নিবাধ শৃর্॥৭॥
ভারতভাবদীপঃ

তত ইতি। বয়ক্ষ যুবানম, "যুবং চ্যবানমখিনা জবন্ধ পুন্যুবানং চর্থায় চক্রথু"রিতি মন্ত্রলিকাং। চ্যবানং চ্যবনম, চর্থায় ধর্মাচর্থার্থম ॥১—৩॥ লন্তাবানু যজ্ঞোপকর্ণানি ॥ ৪—৭॥

তখন চ্যবন তাঁহাদেব সংবর্জনা করিলে, শর্যাতিরাজা ভার্য্যার সহিত নিকটে বসিযা মঙ্গলকর ও মনোহব আলাপ করিলেন ॥৩॥

যুধিন্তির! তাহাব পব চ্যবন অন্ধনয় কবিয়া শর্যাভিবাজাকে বলিলেন— "বাজা। আমি আপনাকে যজ্ঞ করাইব, আপনি তাহার ত্রব্যসামগ্রী সংগ্রহ কক্ষন"॥৪॥

মহারাজ। তদনস্তব শর্যাতিবাজা অত্যস্ত আনন্দিত হইয়া চ্যবনেব সেই বাক্যেব সমাদব কবিলেন ॥৫॥

তৎপরে শর্যাভিরাক্ষা যজ্ঞের প্রাশস্ত দিনে সর্ববাঙ্গসম্পন্ন উত্তম যজ্ঞশালা নির্মাণ করাইলেন ॥৬॥

রাজা! ভৃগুনন্দন চ্যবন সেই যজ্ঞশালায় শর্যাতিবাজাকে যজ্ঞ করাইতে লাগিলেন; ভাহাতে যে সকল অদ্ভূত ঘটনা ঘটিয়াছিল, তাহা আমাব নিকট শ্রবণ কর ॥৭॥

वन-३७১ (৮)

অগৃহ্লাচ্য্যবনঃ সোমমশ্বিনোর্দেবয়োস্তদা। তমিন্দ্রো বারয়ামাস গৃহ্লানং স তয়োগ্রহিম্ ॥৮॥ ইন্দ্র উবাচ।

উভাবেতো ন সোমাহোঁ নাসত্যাবিতি মে মতিঃ। ভিষজে দিবি দেবানাং কর্মণা তেন নার্হতঃ ॥৯॥

চ্যবন উবাচ।

মহোৎসাহো মহাত্মানো রূপদ্রবিণবত্তরো।
যৌ চক্রতুর্মাং মঘবন্! বৃন্দাবকমিবাজরম্॥১০॥
খাতে ছাং বিবুধাংশ্চান্তান্ কথং বৈ নার্হতঃ দবম্।
অখিনাবিপি দেবেক্র! দেবো বিদ্ধি পুরন্দর!॥১১॥

ইন্দ্র উবাচ।

চিকিৎসকৌ কর্ম্মকরো কামরূপসমন্বিতো। লোকে চরন্তো মর্ত্ত্যানাং কথং সোমমিহার্হতঃ ॥১২॥

ভারতকৌমূদী

অগৃহ্লাদিতি। অখিনোরর্থে। গৃহুতে অনেনেতি গ্রহং গোমপাঞ্জম, তম্ ॥৮॥
উভাবিতি। নাসভ্যাবখিনো। ভিষদো চিকিৎসকমাজো ন প্নর্দেবাবিতি ভাবং ॥৯॥
মহেতি। রূপদ্রবিণবন্তর্যো প্রাধান্তেন সৌন্দর্যাধনবন্তো। বৃন্দারকং দেবম্ ॥১০॥
ঋত ইতি। সবং যক্তং যজীয়সোমমিতার্থং। দেবো বিদ্ধি, অতং সোমমূহতঃ ॥১১॥
চিকিৎসকাবিতি। কামরূপসম্বিতো, মায়ামাজেন ন পুনর্দেবজেনেত্যাশরং ॥১২॥

চ্যবন অধিনীকুমাবদেব জন্ম সোমবস লইবাব সঙ্কল্প করিলেন, এমন কি তিনি তাঁহাদিগকে দিবাব জন্ম সোমপাত্র গ্রহণই কবিলেন; তখন ইন্দ্র তাঁহাকে নিষেধ করিলেন ॥৮॥

ইন্দ্র বলিলেন—"ঋষি! আমার ধাবণা এই যে, এই অশ্বিনীকুমাবেবা ছই-জনই সোমরদ পাইতে পাবেন না। কাবণ, ইহারা স্বর্গে দেবগণেব চিকিৎদক-মাত্র; স্বতরাং দেই কার্য্যবশতই সোমরদ পাইতে পারেন না"॥১॥

চ্যবন বলিলেন—"দেববাজ! ইহারা অত্যস্ত উৎসাহী ও মহাত্মা এবং বিশেষ রূপবান্ ও ধনবান্; বিশেষতঃ, যাঁহারা আমাকে দেবতাব স্থায় জরা-বিহীন ক্রিয়াছেন ॥১০॥

অতএব দেবরাজ। আপনি বা অস্থান্ত দেবতা ব্যতীত ইহাবা কেন যজ্ঞীয় সোমরস পাইবেন না। পুবন্দব। আপনি এই অশ্বিনীকুমাব ছইজনকে দেবতা বলিয়াই জানুন" ॥১১॥

লোমশ উবাচ।

এতদেব যদা বাক্যমান্ত্রেড়য়তি দেবরাট্।
অনাদৃত্য ততঃ শক্রং গ্রহং জগ্রাহ ভার্গবঃ ॥১০॥
গ্রহীয়ন্তস্ত তং সোমমশ্বিনোকত্তমং তদা।
সমীক্ষ্য বলভিদেব ইদং বচনমত্রবীৎ ॥১৪॥
আভ্যামর্থায় সোমং ছং গ্রহীয়দি যদি স্বযম্।
বক্তং তে প্রহবিয়ামি খোররপমসুত্তমম্ ॥১৫॥
এবমুক্তঃ স্মর্যনিক্রমভিবীক্ষ্য দ ভার্গবঃ।
জগ্রাহ বিধিবৎ দোমমশ্বিভ্যামুত্তমং গ্রহম্ ॥১৬॥
ততোহক্ষৈ প্রাহবদ্বজ্ঞং ঘোররূপং শচীপতিঃ।
অস্ত প্রহরতো বাহুং স্কম্ভবামাদ সর্ববিতঃ ॥১৭॥

ভাবতকৌমূদী

এতদিতি। আন্তেমতি বিত্তিবদতি, "আন্তেডিঙং বিজিক্তন্" ইত্যাসর: ॥১৩॥ গ্রহীয়স্তমিতি। অখিনোরর্থে। বলভিৎ ইন্দ্র: ॥১৪॥ আত্যামিতি। আভ্যান্ অনমোরথিনো: অর্থায় প্রয়োজনায় ॥১৫॥ এবমিতি। অয়ন্ ইবছসন্। সোমং সোমাধাবভূতন্, গ্রহং পাত্তম্ ॥১৬॥ ভত ইতি। প্রাহরৎ প্রহর্ত্যুদ্যক্তং। স্তম্ভ্যামাস চাবন ইতি শেবঃ ॥১৭॥

ইন্দ্র বলিলেন—"খাষি। ইহাবা দেবগণেব চিকিৎসক ও কার্য্যকারী এবং মায়া কবিষা কামকণী হন, বিশেষভঃ মর্ত্ত্যলোকে বিচৰণ কৰেন; স্কুতবাং ইহারা কি করিয়া সোমরস পাইতে পাবেন ?" ॥১২॥

লোমশ বলিলেন—"দেববাজ যখন এই কথাই ছই তিন বাব বলিলেন, তখন চ্যবন তাঁহাকে অগ্রাহ্য কবিয়া দোমপাত্র গ্রহণ কবিতে প্রবৃত্ত হইলেন এও॥

চ্যবন অশ্বিনীকুমারদেব জক্ত উত্তম সোমবস গ্রহণই কবিবেন, ইহা দেখিয়া তথন দেবরাজ এই কথা বলিলেন—॥১৪॥

"তুমি যদি অশ্বিনীকুমারদের জন্ম নিজেই সোমবদ গ্রহণ কর, তবে তোমাব উপবে দাৰুণ ও শ্রেষ্ঠ বদ্ধ প্রহাব কবিব" ॥১৫॥

ইন্দ্র এইরূপ বলিলে, চ্যবন ঈষৎ হাস্থ্য করিয়া ভাঁহাব দিকে চাহিয়া অশ্বিনীকুমাবদেব জন্ম যথাবিধানে উত্তম সোমপাত্র গ্রহণ কবিলেন ॥১৬॥

তাহার পব ইন্দ্র চ্যবনেব উপবে ভয়ঙ্কব বজ্র প্রহাব কবিবার উত্তম কবিষ্ণেন ; উত্তম কবিবামাত্র চ্যবন তাঁহাব বাহু সর্ববিশ্রকাবে স্তব্ধ কবিলেন ॥১৭॥ তং স্বস্তার্থী হুমহাতেজা দেবং হিংসিতুমুগুতঃ ॥>৮॥
কৃত্যার্থী হুমহাতেজা দেবং হিংসিতুমুগুতঃ ॥>৮॥
ততঃ কৃত্যাথ সংজ্ঞে মুনেস্কস্থ তপোবলাৎ।
মদো নাম মহাবীর্য্যো বৃহৎকায়ো মহাহ্ববঃ ॥>৯॥
শরীবং যস্থ নির্দ্দেষ্ট্র্মশক্যন্ত হুরাহ্ববৈঃ।
তত্মাস্থমভবদ্ঘোরং তীক্ষাগ্রদশনং মহৎ ॥২০॥
হুমুরেকা হিতা তস্থ ভূমাবেকা দিবং গতা।
চতত্রশ্চায়তা দংষ্ট্রা যোজনানাং শতং শতম্ ॥২১॥
ইতরে তত্ম দশনা বভূবুর্দশযোজনাঃ।
প্রাসাদশিধরাকারাঃ শূলাগ্রসমদর্শনাঃ ॥২২॥
বাহু পর্বতসঙ্কাশাবায়তাবযুতং সমৌ।
নিত্রে ববিশশিপ্রধ্যে বক্ত্রুং কালাগ্রিসন্ধিতম্ ॥২০॥

'ভারতকৌমূদী

তমিতি। মহতো মহং পঠিছা। কত্যার্থী মারণদেবতোৎপাদনার্থী ॥১৮॥
তত ইতি। কত্যা কাচিমারণদেবতা, "কত্যা ক্রিয়াদেবতয়ো:" ইত্যমর: ॥১৯॥
শরীরমিতি। আতং বদনম্, তীক্ষাগ্রা দশনা দস্তা যত্ত তৎ ॥২০॥
হছরিতি। হহুরোষ্ঠ ইত্যর্থ:, দিবম্ আকাশম্। আযতা দীর্ঘা:, দংষ্ট্রা দস্তা: ॥২১॥
ইতর ইতি। দশনা দস্তা:। প্রানাদশিথরাকারা দেবমন্দিরচ্ড়াত্ল্যা: ॥২২॥
বাহু ইতি। অষ্তম্ অযুত্যোজনম্, সমৌ সমানপরিমাণো ॥২৩॥

অতিমহাতেজ্ঞা চ্যবন ইন্দ্রেব বাহু স্তব্ধ করিয়া ভাঁহাকে বিনষ্ট কবিবাব জন্ম কোন মারণদেবতা স্থাষ্ট কবিবাব ইচ্ছায় মন্ত্রপাঠপূর্বক অগ্নিতে আহুতি দিলেন ॥১৮॥

তদনস্তব চ্যবনমূনিব তপস্থাব প্রভাবে মহাস্থবেব স্থায় মহাবীব ও বৃহৎকায় 'মদ'-নামে একটা মারণদেবতা জন্মিল ॥১৯॥

দেবগণ ও দানবগণ যাহাব শবীরের ইয়ন্তা করিতে পারেন নাই। তাহাব মুখখানা বিশাল ও ভয়স্কব হইযাছিল এবং তাহার দন্ত সকল তীক্ষাগ্র ছিল॥২০॥

তাহার একটা ওষ্ঠ ভূতলে ছিল, আর একটা আকাশে উঠিয়াছিল এবং সম্মুখেব চারিটা দাঁত শত শত যোজন দীর্ঘ ছিল॥২১॥

তাহার অপর দম্ভ সকল দশযোজন দীর্ঘ, মন্দিবের চূড়াব স্থায় ক্রমিক সক এবং শূলাগ্রের স্থায় তীক্ষ্ণ ও উজ্জ্বল ছিল ॥২২॥

আর তাহার পর্বতত্ত্তা বাহুবুগল সমান ও অযুত্যোজন দীর্ঘ, নয়নযুগল

লেলিহন্ জিহ্বরা বক্ত্রং বিদ্যুক্তপললোলয়।
ব্যান্তাননো ঘোবদৃষ্টিগ্র সন্নিব জগদ্বলাৎ ॥২৪॥

দ ভক্ষয়িয়ান্ সংক্রুদ্ধঃ শতক্রতুমুপাদ্রবৎ।

মহতা ঘোবনপেণ লোকান্ শব্দেন নাদয়ন্ ॥২৫॥ (মুগ্মকম্)
তং দৃষ্ট্বা ঘোববদনং মদং দেবঃ শতক্রতুঃ।
আযান্তং ভক্ষয়িয়ন্তং ব্যান্তাননমিবান্তকম্ ॥২৬॥
ভয়াৎ সংক্তম্ভিতভুজঃ স্বকণী লেলিহন্মুত্তঃ।
ততোহত্রবীদ্দেববাজশ্চাবনং ভয়পীড়িতঃ ॥২৭॥ (মুগ্মকম্)
সোমার্হাবিদিনাবেতাবন্তপ্রভৃতি ভার্গব।।
ভবিয়াতঃ সত্যমেতদ্বচো বিপ্রা। প্রসীদ মে ॥২৮॥

ন তে মিথ্যা সমাবন্তো ভবত্বেষ পবো বিধিঃ।
জানামি চাহং বিপ্রর্বে! ন মিথ্যা জং কবিয়াসি।
সোমার্হাবিদ্যনাবেতো যথৈবাত্য ক্রতো জ্বয়া ॥২৯॥

ভারতকোমূদী

লেলিছন্নিভি। অত্ত নকারলোপসম্ভবে তকারলোপ আর্ব:। বিত্যাদিব চপলা চঞ্চলা লোলা স্বিতা চ তরা। ব্যান্তাননো বিবৃতম্থ:। শতক্রত্মিন্তম্ ॥२৪—২৫॥ তমিতি। মদং তদাথ্যমন্ত্রম্। স্কণী ওঠপ্রান্তব্যম্ ॥২৬—২৭॥ দোমেতি। গোমার্হো যক্তীয়গোমপ্রাপ্তিযোগ্যো। হে ভার্গব । চ্যবন । ॥২৮॥

চন্দ্র ও সূর্যোর স্থায় উজ্জ্বল এবং মূখের ভিতবটা প্রান্থযকালীন অগ্নিব স্থায় ছিল॥২৩॥

সেই ঘোৰদর্শন অস্ত্রব অতান্ত ক্রেজ হইবা, বিহ্যাতেব ন্যায় চঞ্চল ও লম্বিত জিহ্বাদ্বাবা মুখ লোহন কবিতে থাকিয়া, বিশাল ও ভযঙ্কৰ শব্দে ত্রিভুবন নিনাদিত কবিয়া বলপূর্বক জগৎ গ্রাসেই বেন প্রবৃত্ত হইয়া, হাঁ কবিয়া, ইন্দ্রকে ভক্ষণ কবিবাৰ জন্ম ধাবিত হইল ॥২৪—২৫॥

প্রকটিত মুখ যমেব ন্যায় ভয়ঙ্কব মুখ সেই মদাস্থ্ব ভক্ষণ কবিতে আসিতেছে দেখিয়া স্তম্ভিতবাহু দেববাজ ইন্দ্র অত্যন্ত ভাত হইয়া, বাব বাব ওষ্ঠপ্রাস্ত লেহন কবিয়া ভয়বদতঃ চ্যবনকে বলিলেন—॥২৬—২৭॥

"ভৃগুনন্দন! আজ হইতে এই অশ্বিনীকুমাবেরা যজ্ঞে সোমভাগী হইবেন; এই কথা ধ্রুব সত্য; অতএব ব্রাহ্মণ! আপনি আমাব প্রতি প্রসন্ন হউন ॥২৮॥

⁽২৫) শ্লোকাৎ পরম্ '---চতুর্বিংশত্যধিকশততমোইধ্যায়ঃ। লোমশ উবাচ।'—বা ব কা, ' --পঞ্চবিংশত্যধিকশততমোইধ্যায়ঃ। লোমশ উবাচ।'—পি নি।

ভূয় এব তু তে বীর্যাং প্রকাশেদিতি ভার্সব !।

হংকন্সায়াঃ পিতুশ্চাস্ত লোকে কীর্ত্তিঃ প্রথেদিতি ॥৩০॥

অতো মরৈতদ্বিহিতং তব বীর্যাপ্রকাশনম্।

তত্মাৎ প্রসাদং কুরু মে ভবত্বেবং যথেচ্ছসি ॥৩১॥ (য়ুয়য়ম্)

এবমুক্তস্ত শক্রেণ ভার্সবিস্ত মহাছানঃ।

স মন্মার্ব্যাগমছীন্ত্রং মুমোচ চ পুরন্দরম্ ॥৩২॥

মদঞ্চ ব্যভজ্ঞাজন্ ! পানে জ্রীয়ু চ বীর্যাবান্।

অক্টেব্রঃমুগয়ায়াঞ্চ পূর্ববিস্ফেইং পুনঃ পুনঃ ॥৩৩॥

ভারতকৌসুদী

নেতি। দমারন্তো মদস্টি:। পরো বিধি: উত্তমা স্টি:। বট্পাদোহরং শ্লোক: ॥২৯॥ ভুন্ন ইতি। বীর্ঘাৎ তপঃপ্রভাব:। প্রথেৎ বিভূতা ভবেৎ ॥৩০—৩১॥

এবমিতি। মহ্যঃ ইশ্রং প্রতি ক্রোধঃ। মুমোচ বাহস্তভাৎ ॥৩২॥

মদমিতি । ব্যভদং বিভদ্য নিহিতবান্ । পানে স্থরায়া: । অক্ষেরু দ্যুতক্রীড়ান্থ । অনুষ্কারিণঃ থলু পানাদয়:, তহজনায় চ মদাশ্রীকরণম্, অতএব চ মদফ্টি: পরো বিধি-বিত্যাশয়: । পুন: পুনবিত্যনেন পানাদিষু মদাধিকাং প্রদর্শিতম্ ॥৩৩॥

ভারতভাবদীপঃ

গ্রহং সোমস্ত, গৃহ্ণাণ ডয়োরর্থে ॥৮—১০॥ সবং সোমম্ ॥১১—১২॥ আন্তেড়য়তি পুনঃ পুনরাবর্ত্তয়তি ॥১৩—২৬॥ জ্জনী গলগর্ভো ॥২৭—৩২॥ মদক্ষেতি। স্থরাপান-স্তী-দৃতি-

ব্রহ্মর্ষি ! আপনার এই মদস্টি যেন মিথ্যা হয় না, ববং ইহা প্রধান কার্য্যে পরিণত হউক। আমিও জানি যে, আপনি আজ যেমন এই অশ্বিনীকুমাবদিগকে যথার্থ ই সোমবসভাগী কবিলেন, তেমন এই মদকেও মিথ্যা করিবেন না, (যথার্থ ই করিবেন) ॥২৯॥

তস্তামিতি। ছিত্ততাম্ অনেন মন্বচনেন নাশ্রতাম্, বো যুমাকম্ 🕪 । কেতি। ভূতং প্রাণী। ববাহপদপ্রযোগে নিকর্ষপ্রতীতিরিতি ভূতপদপ্রযোগঃ ॥৫२॥ হস্তেতি। বো মুমাকম্, ভব্রং মঞ্চলমন্থিতি শেষঃ। নন্দনে বনে। স্থপর্ণঃ স্বর্ণচ্ছঃ, "স্থপর্ণঃ ষ্ণচুডে ভাদগৰুড়ে কুতমানকে" ইতি মেদিনী। শ্রীমান্ কান্তিমান্ ॥৬०॥ বারাহেণেতি। লোকভাবনো জগৎস্রষ্টা। কালানলো জগদাহী বহিং ॥৬১॥ তৎপরিচায়কং চিহ্নমাহ—এভক্তেতি। শ্রীবংসং বোমাবর্জরূপং চিহ্নম্ ।৬২। ভাবতভাবদীপঃ

IB৮—৫১॥ বাক্যমূচাব্যর চারিতবস্তঃ ।।৫<—. ≥॥ নন্দনে ইন্দ্রবনে, অত্ত এতৎসমীপে ।।৬০—৬৪। ইতি শ্রীমহাভাবতে বনপর্বাণি নৈলক্ষীয়ে ভাবতভাবদীপে অষ্টাদশাধিকশততমোহধ্যাব: ॥১১৮॥

তাহাকে উদ্বোলন কবিবার সময়েই এই সঞ্চালন হইয়াছে; ইহা তোমবা অবগত হও এবং তোমাদেব সংশয় দূবীভূত হউক"॥ ৮॥

দেবগণ বলিলেন—"ভগবন্! দে প্রাণীটি কোথায়, যে—আনন্দিত হইয়াই যেন পৃথিবী উত্তোলন করিয়াছে ? আপনি সেই স্থানটাব কথা বলুন, আমবা সেখানে যাইব" ॥৫৯॥

বক্ষা বলিলেন—"দেবগণ! তোমাদের মঙ্গল হউক। তোমবা যাও, যাইয়া नेम्पनवनश्चिक प्राची कि पर्नन कव। अश्वर्यामानी, मत्ना हवमूर्वि ७ वर्षम् प्राधावी ইনি সেইখানেই বিরাজিত আছেন ॥৬০॥

জগতের সৃষ্টিকর্ত্তা ভগবান্ বিষ্ণু বরাহরূপেই পৃথিবী উত্তোলন কবিযা প্রলয়বহ্নিব স্থায় বিবাজ করিতেছেন ॥৬১॥

র্উহাব বক্ষস্থলে সুস্পষ্ট গ্রীবংস-(রোমাবর্ত্ত) চিহ্ন বহিয়াছে। দেবগণ! ভোমরা সকলে যাইয়া স্বস্থভাবে স্থিত সেই প্রাণীটিকে দর্শন কর" ॥৬২॥

ķ

#### লোমশ উবাচ।

ততো দৃষ্ট্বা মহাত্মানং শ্রুত্বা চামন্ত্র্য চামবাঃ। পিতামহং পুবস্কৃত্য জগ্মুর্দেবা বথাগতম্ ॥৬৩॥ বৈশম্পায়ন উবাচ।

শ্রুত্বা তু তাং কথাং সর্বের পাগুরা জনমেজয় !। লোমশাদেশিতেনাশু পথা জগ্মুঃ প্রহুষ্টবৎ ॥৬৪॥

ইতি শ্রীমহাভারতে শতদাহস্র্যাং দংহিতায়াং বৈয়াদিক্যাং বনপর্ববিশি তীর্থযাত্রায়াং গদ্ধমাদনপ্রবেশে অফদশাধিকশততমোহধ্যায়ঃ ॥০॥ \*

# উনবিংশত্যধিকশতত্ত্বোহ্ধ্যায়ঃ।

-----

বৈশস্পায়ন উবাচ।

তে শ্বাস্ততধন্মানস্তৃণবস্তঃ সমার্গণাঃ। বদ্ধগোধাঙ্গুলিত্রাণাঃ খড়গবস্তোহমিতৌজসঃ॥১॥

#### ভারতকৌমুদী

তত ইতি। শ্রুষা, তমুখাদেব পৃথিবৃদ্ধাবস্থাস্তমিতি শেষঃ। দেবাঃ ক্রীড়াশীলাঃ ॥৬৩॥
শ্রুপ্ততি । লোমশেন আদেশিত আদিষ্টঃ। প্রস্কৃষ্টবং সম্বন্ধী ইব ॥৬৪॥
ইতি মহামহোপাধ্যায়-ভাবতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসনিদ্ধান্তবাদীশভট্টাচার্য্যবিরচিতায়াং
মহাভারতটীকাষাং ভাবতকোমুদীসমাখ্যাষাং বনপর্কণি তীর্থমাত্রাষাম্
অস্তাদশাধিকশততমোহধ্যায়ঃ ॥•॥

---<u>:</u>#:---

লোমশ বলিলেন—"তাহাব পর দেবতাবা যাইয়া, মহাত্মাকে দেখিয়া, তাঁহাব নিকট পৃথিবী উত্তোলনেব বৃস্তান্ত শুনিয়া, তাঁহাব অনুমতি লইয়া, ব্রহ্মাকে অগ্রবর্তী করিয়া যথাস্থানে চলিয়া গেলেন" ॥৬৩॥

বৈশ-পায়ন বলিলেন—জনমেজয় ! পাণ্ডবেবা সকলে সেই বৃত্তান্ত শুনিয়া আনন্দিত হইয়া লোমশের আদিষ্ট পথে গমন করিতে লাগিলেন ॥৬৪॥

-----

বৈশম্পায়ন বলিলেন—বাজা! মহাবীব, অদাধাৰণ তেজ্ঞাৰী ও ধনুৰ্দ্ধর-

<sup>\* &#</sup>x27; · · বিচত্বাবিংশদধিকং · '—বা ব কা, ' - ভিচতাবিংশদধিকং - '—পি, ' · · চতুশ্চতাবিংশদধিকং ' নি।

পরিগৃহ্ছ দিজজ্রেষ্ঠান্ ক্রেষ্ঠাঃ সর্ববধনুপ্মতাম্।
পাঞ্চালীসহিতা বাজন্। প্রবর্গন্ধমাদনম্॥२॥ (যুগ্মকম্)
সরাংসি সরিতলৈচব পর্ববতাংশ্চ বনানি চ।
রুক্ষাংশ্চ বহুলচ্ছায়ান্ দদৃশুর্গিবিমূর্জনি ॥৩॥
নিত্যপুষ্পফলান্ দেশান্ দেববিগণসেবিতান্।
আজ্ম্যাত্মানমাধায় বীবা মূলফলাশিনঃ ॥৪॥
চেক্তরুচ্চাবচাকাবান্ দেশান্ বিষমসঙ্কটান্।
পশ্যন্তো মূগজাতানি বহুনি বিবিধানি চ॥৫॥ (য়ুগ্মকম্)
ঝার্ষিসিদ্ধামরমুতং গন্ধব্বাংশবসাং প্রিষম্।
বিবিশুক্তে মহাজ্মানঃ কিম্বাচরিতং গিবিম্॥৬॥

#### ভাবতকোসুদী

ভ ইতি। ততধন্তানো বিভূতকার্দুকাঃ। সমার্গণা ধৃতবাণাঃ। বদে জ্যাঘাতবাবণাম ধৃতে গোধা চর্মপাট্টকা অনুনিত্তাণঞ্চ হৈল্পে। পরিগৃহ্য সহচবীকৃত্য ॥১—২॥

সরাংসীতি। বহুলাশ্ছায়া যেষাং তান্। গিবিমূর্জনি পর্বতোপবি॥৩॥

নিত্যেতি। আধায় সংস্থাপ্য আত্মনৈবাত্মানং রক্ষিত্তেতার্থং। উচ্চাবচাকাবান্ উন্নতাবনতান্, বিষয়সম্ভান্ অন্তীৰবিপৎসন্থূলান্। মৃগজাতানি পশুসমূহান্ ॥৪—৫॥

শ্রেষ্ঠ পাশুবগণ ধমু বিস্তৃত কবিয়া, বাণ ও তববাবি হাতে লইয়া, পৃষ্ঠে তৃণ বন্ধন কবিয়া, গোধা (গুণাঘাতবাবণকাবী চর্মাকোষ) ও অঙ্গুলিত্র ধাবণ কবিয়া, ব্রাহ্মণগণকে সঙ্গে লইয়া, ক্রৌপদীব সহিত গমন কবিতে লাগিলেন ॥১—২॥

(এইভাবে তাঁহারা গমন কবিতে থাকিয়া) পর্ব্বতেব উপবে সবোবব, নদাঁ, পর্ব্বত, বন এবং নিবিভূ ছাযাযুক্ত বৃক্ষ সকল দর্শন কবিলেন ॥এ॥

ফল-মূলভোজী মহাবীব পাগুবেবা আপনাবাই আপনাদিগকে বক্ষা কবিতে থাকিয়া, নানাবিধ বছতব পশু দর্শন কবিতে কবিতে অনেক দেশ অতিক্রম কবিলেন; সে সকল দেশে সর্ববদাই যুল ও ফল পাওয়া যাইত এবং দেবগণ ও ঋষিগণ বিচরণ কবিতেন: আব সে দেশগুলি উ চু-নীচু এবং অত্যন্ত বিপংসত্তল ছিল ॥৪—৫॥

ক্রমে মহাত্মা পাগুবেবা গদ্ধমাদনপর্ববৈতে প্রবেশ কবিলেন , সে পর্ববৈত দেবগণ, ঋষিগণ ও সিদ্ধগণ থাকিতেন এবং কিন্নবর্গণ বিচৰণ কবিত, আব নে পর্ববিত গদ্ধবর্গণ ও অপ্যরোগণেব প্রিয় ছিল॥৬॥

<sup>(</sup>২)---জোষ্ঠা: সর্বধন্ত্রতাম্—বা ব কা। (৪<sup>১</sup>---আজ্মন্ত্রান্যাধান্দ্র বা ব সা। (৫)- বিংন-ব্টবান্—পি।

প্রবিশৎসথ বীরেয়ু পর্বব্যং গন্ধমাদনম্।

চণ্ডবাতং মহদ্বর্যং প্রাত্মরাসীদ্বিশাংপতে ! ॥৭॥

ততো রেণুঃ সমৃদ্ভূতঃ সপত্রবহুলো মহান্।

পৃথিবীঞ্চান্তবীক্ষঞ্চ ছাফ্রিব সহসার্গোৎ ॥৮॥

ন শ্ব প্রজ্ঞায়তে কিঞ্চিদারতে ব্যোদ্ধি রেণুনা।

ন চাপি শেকুন্তে কর্ত্ত্রমন্তোক্তমাভিভাষণম্ ॥৯॥

ন চাপশ্যংস্ততোহন্তোক্তং তমসার্তচক্ষুষঃ।

আক্ষ্মমাণা বাতেন সাশ্যচূর্ণেন ভারত ! ॥১০॥

জন্মাণাং বাতভগ্নানাং পততাং ভূতলেহনিশম্।

অন্তেষাঞ্চ মহীজানাং শব্দঃ সমভবন্মহান্ ॥১১॥

গ্রেঃ স্বিৎ পত্তি কিং ভূমিদীর্যান্তে পর্বতা নু কিম্।

ইতি তে মেনিবে সর্বের প্রনেনাতিমোহিতাঃ ॥১২॥

#### ভাবতকোমুদী

শ্বনীতি। কিন্নবৈঃ আচবিতং পর্যাটতন, গিবিং গন্ধমাদনম্ ॥৬॥
প্রেতি। বীরেমু পাণ্ডবেমু। চগুন্তীরো বাতো যশ্মিন্ তৎ, বর্ষং বৃষ্টিঃ ॥৭॥
তত ইতি। পজেঃ সহেতি দপজঃ স চাসে বছসম্ভেতি সং, মহান্ বেগবান্ ॥৮॥
নেতি। প্রজায়তে শ্ম দৃশ্যতে শ্ম। বেণুনা ধ্ল্যা। তে পাণ্ডবাদমঃ ॥৯॥
নেতি। তসসা অন্ধকাবেণ। সাশ্মচ্র্লেন পাষাণবেণুসহিতেন ॥১০॥
ক্রমাণামিতি। মহীজানাং লতাদীনাম্ ॥১১॥
ভৌষিতি। বিং প্রশ্নে। ভূমিদীর্ঘাতে কিম্। মেনিবে, শন্ধাতিরেকাদেব ॥১২॥

নবনাথ! পাণ্ডবগণ গন্ধমাদনপর্বতে প্রবেশ কবিবার পবেই তীব্র বাযুও বিশাল বৃষ্টি প্রাত্নভূতি হইল ॥৭॥

তাহাব পব বেগবান্ প্রচূব ধূলি ও পত্র সমূখিত হইয়া তৎক্ষণাৎ পৃথিবী, আকাশ ও স্বৰ্গ আবৃত কবিয়া ফেলিল ॥৮॥

ধ্লিতে আকাশ আবৃত হইলে তাঁহারা কিছুই দেখিতে পাইতে লাগিলেন না, কিংবা পরস্পব আলাপ কবিতেও সমর্থ হইলেন না ॥১॥

ভবতনন্দন! তংপবে অন্ধকাবে নয়ন আবৃত কবিল এবং প্রস্তববেণুবাহী বাযু আকর্ষণ করিতে থাকিল, তখন তাঁহাবা পরস্পব পরস্পবকেও দেখিতে পাইতে লাগিলেন না ॥১০॥

ক্রমে রক্ষ ও লতাপ্রভৃতি বারুবেগে ভগ্ন হইরা অনববত ভূতলে পড়িতে থাকিল ; তাহাতে ওকতব শব্দ হইতে লাগিল ॥১১॥ তে পথানন্তরান্ বৃক্ষান্ বল্মীকান্ বিষমাণি চ।
পাণিভিঃ পরিমার্গন্তো ভীতা বায়োর্নিলিল্যিবে ॥১৩॥
ততঃ কাম্মুকমুত্তম্য ভীমদেনো মহাবলঃ।
কৃষ্ণামাদায় সঙ্গম্য তন্থাবাশ্রিত্য পাদপম্ ॥১৪॥
ধর্মরাজশ্চ ধৌম্যশ্চ নিলিল্যাতে মহাবনে।
আগ্রহোত্রাণ্যুপাদায় সহদেবস্তু পর্বতে ॥১৫॥
নকুলো ব্রাহ্মণাশ্চান্তে লোমশশ্চ মহাতপাঃ।
বৃক্ষানাসাত্ত সন্তন্তান্তত্ত তত্র নিলিল্যিরে ॥১৬॥
মন্দীভূতে তু পবনে তন্মিন্ রজসি শাম্যতি।
মহদ্রিজ্লধারোইবর্বমভ্যাজগাম হ ॥১৭॥

#### ভারতকোমুদী

ত ইতি। "পথং পদ্বাং" ইতি ত্রিকাণ্ডশেবং। পথানাম্ অনন্তবান্ অব্যবহিতান্।
বিষমাণি বন্ধুরাণি স্থানানি। বাঘোতীতাং, নিলিল্যিবে ল্কাষিতা বভূবুঃ ॥১৩॥
তত ইতি। উত্তম্য উত্তোল্য ধুস্থা। ক্লকাং ক্রোপদীম্। সঙ্গম্য গস্থা ॥১৪॥
ধর্মেতি। নিলিল্যাতে ল্কাষিতো বভূবতুং। অগ্নিহোত্রাণি তদ্তব্যাণি ॥১৫॥
নক্ল ইতি। সন্তম্ভা বাত্যাতঃ অতীবভীতাঃ সন্তঃ ॥১৬॥
মন্দীতি। রন্ধানি ধ্লিজালে, শাম্যতি নির্ত্তে সতি। বর্ধং বৃষ্টিঃ ॥১৭॥

তথন তাঁহাবা সকলেই প্রবল বাত্যায় অত্যন্ত মোহিত হইযা মনে কবিতে লাগিলেন যে, 'একি আকাশ খসিয়া পডিতেছে। না, পৃথিবী ফাটিযা যাইতেছে। না, পর্বত বিদীর্ণ হইতেছে!' ॥১২॥

তাহার পব তাঁহাবা বাযুভয়ে ভীত হইয়া হস্তদ্বাবা পথেব নিকটবর্ত্তী বৃক্ষ, বন্দ্মীকমৃদ্ধিকা ও বন্ধুব স্থান অন্নেষণ করিয়া সেই গুলিব ভিভবে লুক্কায়িত হইতে লাগিলেন ॥১৩॥

তাহাব পৰ মহাবল ভীমসেন ধনু ধাবণ কবিয়া ড্রৌপদীকে লইয়া যাইয়া একটা বৃক্ষ আশ্রয় কবিয়া অবস্থান কবিতে লাগিলেন ॥১৪॥

যুধিষ্ঠিব ও ধৌম্য যাইয়া নিবিড় বনেব ভিতরে লুকায়িত হইলেন এবং সহদেব অগ্নিহোত্রেব জিনিষগুলি লইয়া পর্বতেব ভিত্তেব আশ্রয় লইলেন ॥১৫॥

এবং নকুল, অন্যান্ত ব্রান্ধিও মহাতপা লোমশমূনি অত্যস্ত ভীত হইযা বৃক্ষ আশ্রয করিয়া সেই স্থানে অক্সান কবিতে লাগিলেন ॥১৬॥

<sup>(</sup>১৪) ততঃ কান্দ্রক্ষাদায—বা ব কা নি।

ভূশং চটচটাশব্দো বজ্ঞাণাং ক্ষিপ্যতামিব।
ততন্তাশ্চঞ্চলাভাসশ্চেরুবল্রেরু বিহ্যতঃ ॥১৮॥
ততোহশ্মসহিতা থাবাঃ সংর্গ্বত্যঃ সমন্ততঃ।
প্রপেতুবনিশং তত্র শীব্রবাতসমীবিতাঃ ॥১৯॥
তত্র সাগরগা হুাপঃ কীর্য্যমাণাঃ সমন্ততঃ।
প্রাহ্বাসন্ সকল্যাঃ ফেনবত্যো বিশাংপতে! ॥২০॥
বহন্ত্যো বাবি বহুলং ফেনোড়ুপপবিপ্লাতুম্।
পবিসক্র্যাহাশদাঃ প্রকর্ষন্ত্যো মহীরুহান্ ॥২১॥

### ভাৰতকৌমুদী

ভূশমিতি। ক্ষিপ্যতাং ক্ষিপ্যমাণানাষ্। চঞ্চলা আভা যাসাং তা:, অত্রেষ্ মেঘেষ্ ॥১৮॥
তত ইতি। অশ্বসহিতা বর্ষোপলযুকা:, ধাবা জলানাম্॥১৯॥
তত্ত্তেতি। সাগবগাঃ ক্রমেণ সমূলগামিক্তঃ, আপো জলানি। সকল্যা আবিলাঃ ॥২০॥
বহস্ত্য ইতি। ফেনা এব উড়ুপানি তৈঃ পবিপ্ল'তং ব্যাপ্তম, বছলম, বাবি মেঘজলং বহস্তঃ,
মহাশকা নম্ব ইতি শেষঃ, মহীক্ষহান্ বাতভগ্গান্ বৃক্ষান্ প্রকর্ষস্ত্য আকর্ষস্তঃ: সত্যঃ, পবিসক্ষঃ অধঃ
সঞ্চেল্ঃ ॥২১॥

#### ভাবতভাবদীপঃ

তে শ্বা ইতি ॥১—১২॥ পথা মার্গেণ, জনস্কবান্ সন্নিহিতান্, নিলিলিবে নিলীনাঃ ॥১৩॥ সদম্যাদাযেতাহ্বঃ, গড়া গৃহীড়েতার্থঃ ॥১৪—১৮॥ অশাসহিতাঃ কবকাসহিতাঃ ॥১৯—২০॥ বাবি বহস্তা৷ নতঃ ॥২১—২০॥

ইতি শ্রীমহাভাবতে বনপর্ববি নৈলক্ষ্ঠীয়ে ভাবতভাবদীপে উনবিংশত্যধিকশততমোহধ্যায়ঃ ॥১১৯॥

সেই বায়ু মন্দীভূত হইলে এবং ধৃলিবানি নিবৃত্তি পাইলে, বিশাল জলধাবাৰ সহিত বৃষ্টি আসিল ॥১৭॥

তাহাব পৰ ক্ষিপ্যমাণ বঞ্জেব স্থায় বৃষ্টিৰ অত্যন্ত 'চটচটা'-শব্দ হইতে লাগিল এবং চঞ্চলদীপ্তি বিদ্যাৎ সকল মেহেব উপবে বিচৰণ কবিতে থাকিল ॥১৮॥

নবনাথ! তদনন্তব শিলাবৃষ্টিব সহিত বিশাল জলধাবা বাযুকর্তৃক ক্রন্ত প্রেবিত হইয়া সকল দিক্ আবৃত কবিয়া সেই স্থানে অনবব্ত পতিত হইতে লাগিল ॥১৯॥

নবনাথ! তখন মেঘকর্ত্ত্বক সকল দিকে নিক্ষিপ্ত জলরাশি মৃত্তিকাদি স্পর্শে আবিল হইযা এবং প্রস্তবাদি প্রতিঘাতে ফেন ধাবণ কবিয়া সমূত্রেব দিকে চলিতে লাগিল ॥২০॥

আব, নদীসমূহ ফেনময উড়ুপ-(ভেলা) ব্যাপ্ত প্রচুব জল বহন কবিয়া এবং বাযু ভগ্ন বৃক্ষ সকল আকর্ষণ কবিতে থাকিয়া মহাশব্দে চলিতে লাগিল ॥২১॥ তিম্মিনুপ্ৰতে বৰ্ষে বাতে চ সমতাং গতে।
গতেহস্তদি চ নিল্লানি প্ৰাতুভূতি দিবাকরে ॥২২॥
নিজ্পানুস্তে শনৈঃ দৰ্বেৰ সমাজগানুদ্দ ভাৰত।।
প্ৰতস্থিবে পুনৰ্বীবাঃ পৰ্ববতং গন্ধমাদনম্ ॥২৩॥ (যুগ্মকম্)

ইতি শ্রীমহাভাবতে শতদাহস্র্যাং দংহিতাযাং বৈযাদিক্যাং বনপর্ব্বলি তীর্থযাত্রায়াং গন্ধমাদনপ্রবেশে ঊনবিংশত্যধিকশততমোহধ্যায়ঃ॥।॥ #

---:4/2---

## বিংশত্যধিকশততমোইধ্যায়ঃ।

বৈশস্পাষন উবাচ। ক্রোশমাত্রং প্রযাতেরু পাগুবেরু মহাত্মস্ত। পদ্যামকুচিতা গল্তং ক্রোপদী সমুপাবিশৎ ॥১॥

#### ভারতকোমুদী

তন্মিমিতি। উপবতে নিরুত্তে। সমতাং সমানভাবন্। নির্জাগুর্নাদিভ্যো নির্গাতাঃ, সমাজগাঃ, প্রস্পারং দাদ্দিলিতা বছুবঃ। বীরাঃ পাগুবাঃ ॥২২—২৩॥
ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূবণ-শীহবিদাদিদিদ্বান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতাযাং
ন্মহাভাবভটীকাষাং ভাবতকে মুদীনসাখ্যাষাং বনপর্ব্ধণি তীর্থ্যাঝায়নবিংশত্য-

ধিকশততমোহধ্যায়: ৷৷ ৷৷

\_\_\_\_:#°\_\_\_

কোশেতি। অহুচিতা চিবমেবানভ্যস্তা, ''অভ্যন্তে ভূচিতং ত্রিবৃ'' ইত্যমর: ॥১॥

ভবতনন্দন! ক্রমে সেই বৃষ্টি নিবৃত্তি পাইলে, বায়্ সমানভাব অবলম্বন কবিলে, জলগুলি নীচে গেলে এবং সূর্য্য আবাব প্রকাশ পাইলে, সেই বীবগণ ধীবে ধীবে বনপ্রভৃতি হইতে নির্গত ও সন্মিলিত হইলেন, তাহাব পব তাঁহাবা পুনবায গন্ধমাদনপর্বতে গমন কবিতে লাগিলেন ॥২২—২৩॥

বৈশম্পায়ন বলিলেন— মহাত্মা পাণ্ডবেবা একক্রোশমাত্র পথ গিযাছেন, এমন সমযেই পদত্রজে গমন কবিতে অনভ্যস্তা দ্রোপদী বসিযা পড়িলেন ॥১॥

<sup>(</sup>২২) তশ্মিন প্রতে শব্দে—বা ব কা নি ৷ \* '…বিচন্ধারিশদ্ধিকঃ…'—বা ব কা, '…চতুশ্চন্ধারিংশদ্ধিকঃ…'—পি, '…প্রুচন্ধারিংশদ্ধিকঃ…'—নি ৷ বন-১৫০ (৮)

শ্রান্তা দুঃশপরীতা চ বাতবর্ষেণ চার্দ্দিতা।
সোকুমার্য্যাচ্চ পাঞ্চালী সম্মুমোহ তপস্বিনী ॥২॥
সা কম্পমানা মোহেন বাহুভ্যামসিতেক্ষণা।
বুক্তাভ্যামসুরূপাভ্যামূর সমবলম্বত ॥৩॥
আলম্বমানা সহিতাবৃর গজকরোপমো।
পপাত সহসা ভূমো বেপন্তী কদলী যথা॥৪॥
তাং পতন্তীং ববাবোহাং ভজ্যমানাং লতামিব।
নকুলঃ সমভিজ্ঞত্য পবিজ্ঞাহ বীর্য্যবান্॥৫॥
নকুল উবাচ।

বাজন্ ! পাঞ্চালবাজস্ত হুতেরমসিতেক্ষণা। শ্রান্তা নিপতিতা ভূমো তামবেক্ষস্ত ভারত ! ॥৬॥

অচুঃথার্ছা পবং চুঃখং প্রাপ্তেযং মূহগামিনী। আশ্বাদয় মহাবাজ! তামিমাং শ্রমকর্ষিতাম্॥-॥

### ভাবতকৌমুদী

শ্রান্তেতি। সৌকুমার্যাৎ কোমলাঙ্গন্বাৎ, সমুমোহ মোহং প্রাপ্ত,মাবেভে ॥ ।।
সৈতি। বাহুভ্যাং নিজাভ্যামের, বুরাভ্যাং গোলাভ্যাম, উর স্বকীযমূক্রমম্ ॥ ৩॥
আলম্বেভি। সহিতো মিলিভো, গজকবোপমো হস্তিশুভাতৃল্যো, বেপস্তা কম্পমানা ॥ ৪॥
ভামিতি। ব্বাবোহাং স্কল্বনিভয়াম্। সমভিক্রত্য ক্রভং গন্থা ॥ ৫॥
বাজনিতি। অসিভেক্ষণা নীলন্যনা। অবৈক্ষয় প্রতীক্ষয়, মা যাহীতি ভাবং ॥ ৬॥
অন্তংথেতি। প্রম্ অভ্যন্তম্। মৃত্রগামিনী শনৈর্গমনকাবিণী ॥ ৭॥

দীনা জৌপদী একেই ছংখিতা ছিলেন, তাহাব পর আবার পবিশ্রাস্তা ও বায়ু-বৃষ্টিতে পীড়িতা হইয়া কোমলতাবশতঃ মূর্চ্ছাপনা হইতে লাগিলেন॥২॥

ভখন নীলনয়না জৌপদী মূর্চ্ছাব আবেশে কাঁপিতে থাকিয়া অন্থরূপ ও গোল বাহুযুগলদ্বাবা আপন উক্যুগল ধারণ কবিলেন ॥৩॥

তিনি হস্তিশুবুগলেব স্থায় মিলিত উক্যুগল ধাবণ করিয়া কাঁপিতে থাকিয়া কদলীবৃক্ষেব স্থায় তৎক্ষণাৎ ভূতলে পতিত হইতে লাগিলেন ॥৪॥

তখন বলবান্ নকুল ক্রভ যাইয়া ভগ্ন লভাব আয় পড়িবার সময়েই স্থনিভম্বা জৌপদীকে ধারণ কবিলেন ॥॥॥

নকুল বলিলেন---"রাজা। এই নীলনয়না পাঞ্চালরাজনন্দিনী পরিশ্রান্ত হইযা ভূতলে পতিত হইতেছিলেন ; স্থুতবাং আপুনি উঁহার প্রতীক্ষা করুন ॥৬॥

<sup>(</sup>২)…বাতবর্ষেণ তেন চ—্রা ব কা নি। (৩), সা,পত্যমানা মোহেন —পি।

বৈশম্পায়ন উবাচ।

বাজা তু বচনাত্তস্ম ভূশং তুঃখসমন্বিতঃ।
ভীমশ্চ সহদেবশ্চ সহসা সমুপাদ্রবৎ ॥৮॥
তামবেক্ষ্য তু কোন্তেয়ো বিবর্ণবদনাং কুশাম্।
অঙ্কমানীয় ধর্মাত্মা পর্য্যদেবয়দাতুবঃ ॥৯॥

যুধিষ্ঠির উবাচ। ণ

কথং বেশান্ত গুপ্তেষ্ সাস্তীর্ণশরনোচিতা।
ছুমো নিপতিতা শেতে স্থার্হা বরবর্ণিনী ॥>০॥
হুকুমাবো কথং পাদো মুখঞ্চ কমলপ্রভন্।
মৎকুতেহন্ন বরার্হায়াঃ শ্যামতাং সমুপাগতম্ ॥>>॥
কিমিদং দ্যুতকামেন মধা কুতমবুদ্ধিনা।
আদায় কুফাং চবতা বনে মুগগণামুত ॥>২॥

### ভারতকোমুদী

রাজেতি। সমূপান্তবং ক্রতং ক্রোপঅস্তিকমগচ্ছং ॥৮॥
তামিতি। পর্যাদেববং ব্যলপং, "দিবু পবিকৃজনে" ইতি চৌরাদিকত্ম রূপম্ ॥১॥
কথমিতি। কথংশব্দো বিবাদে। গুপ্তেমু রন্দিতেমু। শ্বনং শ্যা, উচিতা যোগ্যা ॥১০॥
স্বকুমাবাবিতি। পাদে শ্রামতাং সমূপাগতাবিতি বচনব্যত্যবেন সম্বন্ধঃ। শ্রামতাং
মালিত্যম্ ॥১১॥

কিমিতি। দ্যুতকামেন দ্যুতবাগিণা। মুগগণামুতে হিংল্রপগুসমূহপূর্ণে ॥১২॥

মহারাজ। এই মন্দগামিনী তুঃখভোগেব অযোগ্যা, অথচ গুক্তব তুঃখ ভোগ করিতেছেন; অতএব আপনি এই পরিশ্রাস্তাকে আশ্বস্ত করুন" ॥৭॥

বৈশম্পায়ন বলিলেন—যুধিষ্ঠিব, ভীম ও সহদেব—নকুলেব বাক্য শুনিয়া অত্যস্ত তুঃখিত হইয়া তৎক্ষণাং ভৌপদীব নিকটে গেলেন ॥৮॥

তথন ধৰ্মাত্মা যুখিষ্টির দ্রোপদীকে বিবর্ণবদনা ও কুশা দেখিয়া পীড়িত হইয়া তাঁহাকে ক্রোডে করিয়া বিলাপ কৰিতে লাগিলেন ॥৯॥

যুধিষ্ঠিব বলিলেন—"হায়! স্থবক্ষিত গৃহে আস্তীর্ণ উত্তম শয্যায় শয়নেব যোগ্যা একমাত্র স্থুখভোগেব অধিকারিণী উত্তমাঙ্গনা জৌপদী আজ ভূতলে পতিত হইয়া শয়ন করিয়াছেন!॥১০॥

হায়! এই বববর্ণিনীর কোমল চবণযুগল এবং পদ্মকান্তি মুখমণ্ডল আৰু আমার জন্মই মলিন হইয়া গিয়াছে। ॥১১॥

ণ রাজোবাচ-পি।

ত্তথং প্রাক্ষ্যতি কল্যাণী প্রাপ্য পাণ্ডুস্থতান্ পতীন্। ইতি ক্রুপদবাজেন পিত্রা দত্তাযতেক্ষণা ॥>৩॥ তৎ দর্ব্বমনবাপ্যেয়ং শ্রমশোকাধ্বকর্ষিতা। শেতে নিপতিতা ভূমৌ পাপস্ত মম কর্মভিঃ॥>৪॥

বৈশম্পায়ন উবাচ।
তথা লালপ্যমানে তু ধর্মরাজে যুধিষ্ঠিবে।
ধৌম্য প্রভৃতযঃ সর্বেব তত্রাজগ্ম দিজোত্তমাঃ ॥>৫॥
তে তামাশ্বাসয়ামাস্থবাশীর্ভিশ্চাপ্যপূজ্মন্।
বক্ষোদ্বাংশ্চ তথা মন্ত্রান্ জেপুশ্চক্রুস্তথা ক্রিয়াঃ ॥>৬॥
পঠ্যমানেরু মন্ত্রেরু শাস্ত্যর্থং পবমর্ষিভিঃ।
ম্পৃশ্যমানা কবৈঃ শীতৈঃ পাগুবৈশ্চ মুক্ত্র্যুক্তঃ ॥>৭॥

# ভাবতকোমুদী

ত্বথমিতি। ইতি বিভাব্যেতি শেষঃ। আযতেকণা বিশাললোচনা ক্বফা ▮৴৩॥

তদিতি। পাপশু পাপাত্মনঃ, কর্মজিদ্ তিক্রীডাদিভি: ॥১৪॥

তথেতি। লালপামানে পুন: পুনর্বিলপতি সতি। তত্র শ্রোপম্বস্তিকে ॥১৫॥

ত ইতি। অপুত্রয়ন সমতোষ্যন। তথা অনিষ্টনিবাবিকা: ॥১৬॥

আমি দূতেব অনুবাগী, অথচ আমাৰ বৃদ্ধি নাই, তাই আমি হিংস্ৰজম্ভতে পৰিপূৰ্ণ বনেৰ ভিতৰে দ্ৰৌপদীকে লইয়া বিচৰণ কৰিতে থাকিয়া এটা কি কৰিলাম ॥১২॥

হায! কল্যাণী ত্রৌপদী পাগুবগণকে পতি লাভ কবিয়া সুথ ভোগ কবিবে, ইহা ভাবিষাই পিতা ক্রপদবাদ্ধা এই স্বাযতন্যনাকে আমাদেব হস্তে দান কবিযা-ছিলেন ॥১৩॥

কিন্তু আমি পাপাত্মা, তাই আমাব কর্মদোষেই ইনি সে সমস্ত না পাইযা পবিশ্রম, শোক ও পথের ক্রেশে ব্লাস্ত ও ভূতলপতিত হইযা শযন কবিয়াছেন !" ॥১৪॥

বৈশম্পায়ন বলিলেন—ধর্মবাজ যুধিষ্টিব বাব বাব সেইৰূপ বিলাপ কবিতে থাকিলে, ধৌন্যপ্রভৃতি ব্রাহ্মণেবা সকলেই সেখানে আসিলেন॥১৫॥

তাহান্য স্থোপদীকে আশ্বন্ত কবিলেন, আশীর্ব্বাদ দ্বাবা সম্ভুষ্ট কবিলেন, বক্ষোদ্ম মন্ত্র পাঠ কবিতে লাগিলেন এবং অনিষ্টনিবারক কার্য্য কবিতে থাকিলেন ॥১৬॥

<sup>(</sup>১৩)---প্রাণা বৈ পাণ্ডবান্ পতীন্—বা ব বা নি। (১৬) তে সমাখাসমামান্ত:—চক্রুন্চ তে ক্রিয়াঃ -বা ব বা নি।

সেব্যমানা চ শীতেন জলমিশ্রেণ বারুনা।
পাঞ্চালী স্থমাসান্ত লেভে চেতঃ শনৈঃ শনৈঃ ॥ ৮॥ (যুগ্যকন্
পরিগৃহ্য চ তাং দীনাং কৃষ্ণামজিনসংস্তবে ।
পার্থা বিশ্রামযামান্তর্ল ক্রমংজ্ঞাং তপদ্বিনীম্ ॥>৯॥
তত্যা যমৌ বক্ততলো পাদো পুজিতলক্ষণো ।
কবাভ্যাং কিণজাতাভ্যাং শনকৈঃ সংববাহতুঃ ॥২০॥
পর্য্যাখাস্যদপ্যেনাং ধর্ম্মবাজ্যে যুর্ঘিটিবঃ ।
উবাচ চ কুরুগ্রেচো ভীমসেনমিদং বচঃ ॥২১॥
বহবঃ পর্বতা ভীম । বিষমা হিমত্র্গমাঃ ।
তেরু কৃষ্ণা মহাবাহো ! কথং ন্য বিচবিন্তাতি ॥২২॥

#### ভাবতকৌমুদী

পঠামানেদ্বিতি। করৈর্হকৈ:, শীতৈ: শীতলৈ:। চেত: চৈতত্তম্ ॥১৭—১৮॥
পরীতি। পবিগৃহ্ব নীড়া। অজিনসংস্তবে আতৃতম্গচর্মনি। তপত্বিনাং শোচ্যাম্ ১১৯০
তত্তা ইতি। যমৌ নকুলসহদেবৌ, কিণফাতাত্যাং ধন্তও প্রধাণেন জাতচিহাত্যাং করাত্যাম্,
শনকৈ:, পূজিতলক্ষণো তত্তাঃ পাদো, সংববাহত্যা সংবাহ্যামাসত্য়। আহং পদম্ ॥২০।
পর্যাখাস্যদিতি। এনাং ফ্রোপদীম্ ॥২১॥
বহব ইতি। বিষমা বিপৎসকুলা উচ্চাব্চা বা। ক্রকা ফ্রোপদী ১২১।

মহর্বিবা শান্তিব জন্ম মন্ত্রপাঠ কবিতে থাকিলে, পাশুবেবা শীন্তল হস্তদাবা বাব বাব স্পর্শ কবিতে লাগিলেন এবং জলমিপ্রিত শীন্তল বায্ছারা সেবন করিতে থাকিলেন; তথন জৌপদী সুথ লাভ কবিয়া ধাঁবে ধাঁবে চৈত্রত লাভ কবিলেন॥১৭—১৮॥

তাহাৰ পৰ পাণ্ডবেৰা লক্ষতৈত্যা, তৃৰ্বলা ও শোচনাযা মৌপদীকে মাসুত্র মুগচর্মেৰ উপরে বাখিয়া বিশ্লাম কৰাইতে লাগিলেন ॥১৯॥

নকুল ও সহদেব কিণ-(কড়) চিহ্নিত হস্তযুগল লাবা খাশে খালে হৌগলাশ বক্ততল ও স্থলক্ষণ চৰণযুগলের সংবাহন কলিতে গাফিলোন ৮২০০

কুকশ্রেষ্ঠ ধর্মবাজ যুধিষ্টিবও ছৌপদীকে আহন্ত কলিলেন এবং ভামার এই কথা বলিলেন—॥২১॥

"মহাবাছ ভীম। হিমে ছুর্গম এবং উচ্-মাচু বহুতর পর্বতি কালে। কেওনিং ধৌপনী কি কবিয়া গ্রমন কবিবেল গাঁ।১১০

<sup>(</sup>১৯) - তদা বিধাস্থানাক্র:- পি।

### ভীমদেন উবাচ।

ত্বাং রাজন ! রাজপুত্রীঞ্চ বর্মো চ পুরুষর্যভ !। স্বয়ং নেয়ামি বাজেন্দ্র ! মা বিধাদে মনঃ কুথাঃ ॥২৩॥ र्ट्हिन्द्रण्ड महावीर्र्धा विहरणा महत्नाश्रमः। वर्ष्टमन्य ! मर्वान् ता वष्टनारः घटोष्टकष्टः ॥२८॥

বৈশম্পায়ন উবাচ।

এতচ প্রুত্বা তু বচনং ভীমদেনস্থ ধর্মবাট । ভীমং সম্পূজ্বংস্তুষ্ট এবমস্থিত্যভাষত ॥২৫॥ সোহনুজ্ঞাতো ধর্মবাজ্ঞা পুত্রং সম্মার রাক্ষসম্। ঘটোৎকচস্ত ধর্মাত্মা স্মৃতমাত্রঃ পিতৃংস্তদা ॥২৬॥ কৃতাঞ্জলিরুপাতিষ্ঠদভিবাছাথ পাগুবান্। ব্রাহ্মণাংশ্চ মহাবাহুঃ দ চ তৈবভিনন্দিতঃ ॥২৭॥ উবাচ ভীমসেনং স পিতবং ভীমবিক্রময়। ষ্মতোহন্দি ভবতা শীশ্রং শুশ্রাবুবহুমাগতঃ ॥২৮॥ (বিশেষকম্)

### ভাৰতকোমূদী

স্বামিতি। রাজপুত্রীং দ্রোপদীন, যমে নকুলসহদেবোঁ। স্বয়সহমেব ॥২৩॥ হৈডিম্ব ইতি। হৈডিমো হিডিমাযাঃ পুত্রঃ, বিহাযসা গচ্ছতীতি বিহগ আকাশচরঃ ॥২৪॥ এতদিতি। ধর্মবাড মুধিষ্টিবঃ। সম্পূজয়ন্ প্রশংসন্, মধাকালমূপাযুদ্মরণাৎ ॥২৫॥ স ইতি। ধর্মরাজ্ঞেত্যদৃত্তত্বাভাব আর্থঃ। ব্রান্ধাংশ্চ অভিবাদ্যেতি সম্বন্ধঃ। অভিনন্দিত আশিষা সম্ভোষিতঃ। শুশ্রমু: ভবতাং শুশ্রমাং কর্ত্তুমিচ্ছু: ॥২৬—২৮॥

ভীম বলিলেন—"হে পুৰুষপ্ৰধান রাজশ্রেষ্ঠ বাজা। একক আমিই আপনাকে, জৌপদীকে এবং নকুল ও সহদেবকে বহন কবিষা লইষা যাইব; আপনি বিষয় হইবেন না ॥২৬॥

অথবা, হে নিষ্পাপ বাজা! আমাব তুল্য বলবান্, অত্যন্ত উৎসাহী ও আকাশচারী হিড়িম্বানন্দন ঘটোৎকচ আপনাব আদেশে আমাদেব সকলকেই বহন কবিয়া লইয়া যাইবে" ॥২৪॥

বৈশস্পায়ন বলিলেন—যুধিষ্ঠির ভীমের এই কথা শুনিয়া সন্তুষ্ট হইয়া ভীমের প্রশংসা কবিয়া বলিলেন—"এইবপই হউক" ॥২৫॥

যুর্ধিষ্ঠির অনুমতি কবিলে, ভীমসেন তখনই পুত্র ঘটোৎকচকে স্মবণ করিলেন ; তিনি স্মবণ কৰিবামাত্রই ধর্মাত্মা ও মহাবাহু ঘটোৎকচও কৃতাঞ্চলি

<sup>(</sup>২৫) শ্লোকঃ বা ব কা নি নান্তি। (২৮) শ্লেখ্য সহসাহমূপাগতঃ — পি।

আজ্ঞাপয় মহাবাহো! সর্বাং কর্ত্তাম্ম্যসংশয়ম্ । তচ্ শ্রুত্বা ভীমদেনস্ত ব্রাক্ষসং পরিষম্বজে ॥২৯॥

যুধিষ্ঠির উবাচ।

ধর্মজ্ঞো বলবান্ শৃবঃ দল্যো রাক্ষদপুন্ধবঃ।
ভক্তোহম্মান্ রাক্ষদঃ পুত্রো ভীম! গৃহ্লাতু মাতবম্ ॥৩০॥
তব বাহুবলেনাহমতিভীমপবাক্রম!।
ভক্তঃ সহ পাঞ্চাল্যা গচ্ছেরং গন্ধমাদনম্ ॥৩১॥

বৈশস্পায়ন উবাচ।

ভ্রাতুর্বচনমাজ্ঞায় ভীমদেনো ঘটোৎকচম্। আদিদেশ নরব্যাভ্রস্তনরং শত্রুকর্ষণম্॥৩২॥

### ভারতকৌমুদী

শাজাপবেতি। কর্জান্মি কবিক্সমি। বাক্ষ্যমে ঘটোৎকচম্, পরিষ্বজ্ঞে আলিলিক এ২।
ধর্মজ্ঞ ইতি। অন্মান্ প্রতি ভক্তঃ। সজ্ঞ নপদি, মাতরং প্রোপদীং বোচুং গৃহাতু ৪০০।
ভীমমেব—স্তৌতি ভবেতি। ঘটোৎকচন্দ্র বাহবলমণি তবৈব বাহবলমিতি ভাবঃ ৪০১৪
ভাতুরিতি। ভাতুর্ বিশ্লিবন্দ্র। আজ্ঞাব শ্রন্থা ৪০২৪

হইয়া পিতৃপর্য্যায় পাণ্ডবগণেৰ নিকট উপস্থিত হইল এবং তাঁহাদিগকে ও বান্ধণগণকে অভিবাদন কবিল; ভাহাব পব তাঁহারা সকলেও তাহাব অভিনন্দন করিলেন। তৎপরে ঘটোৎকচ ভীমবিক্রম পিতা ভীমসেনকে বলিল—'আপনি আমাকে স্মবণ কবিয়াছেন, তাই আমি আপনাদের পরিচর্য্যা করিবার জন্ম সম্ব আসিয়াছি ॥২৬—১৮॥

মহাবাহু! আদেশ করুন, নিশ্চয়ই আমি আপনাদের সমস্ত কার্য্য করিব।" তাহা শুনিয়া ভীমদেন তাহাকে আলিঙ্গন কবিলেন ॥২৯॥

যুধিষ্ঠিব বলিলেন—"ভীম। বাক্ষসভোষ্ঠ পুত্র ঘটোৎকচ ধর্মজ্ঞ, বলবান্, বীর এবং আমাদের ভক্ত ; স্মুতবাং এখনই এ—ভৌপদীকে ধাবণ ককক ॥৩০॥

অতিভীমপরাক্রম ভীম ৷ তোমার বাছবলেই আমি দ্রোপদীর বহিত অক্ষত শবীবে গন্ধমাদনপর্ববতে যাইতে পারিব" ॥৩১॥

বৈশম্পায়ন বলিলেন—নরশ্রেষ্ঠ ভীমসেন যুধিষ্টিবের কথা শুনিয়া শক্রহস্তা পুত্র ঘটোৎকচকে আদেশ করিলেন—॥৩২॥

<sup>(</sup>২৯) শ্লোকাৎ পরম্ '…চতৃশ্চত্তারিংশদ্ধিক:…'—বা ব কা, '…পঞ্চত্যারিংশদ্ধিক:…'
—পি, '…ষ্ট্চত্যারিংশদ্ধিক:…'—নি। (৯০)…সত্যো রাক্ষসপূদ্ধ:…উরদ্য পূত্র:…গৃহ্লাত্ মা
চিরম্ –বা ব কা।

হৈড়িন্থেয়ং পবিশ্রান্তা তব মাতাহপরাজিত।।

ত্বঞ্চ কামগমস্তাত। বলবান্ বহ তাং থগ।॥৩৩॥

স্কন্ধমাবোপ্য ভদ্রং তে মধ্যেহস্মাকং বিহায়দা।
গচ্ছ নীচিকয়া গত্যা যথা চৈনাং ন পীড়যেঃ॥৩৪॥

ঘটোৎকচ উবাচ।

ধর্মবাজঞ্চ ধৌম্যঞ্চ কৃষ্ণাঞ্চ যমজে। তথা।
একোহপ্যহমলং বোদুং কিমুতান্ত সহায়বান্ ॥৩৫॥
তন্তে চ শতশঃ শূবা বিহুগাঃ কামরূপিণঃ।
সর্ববান্ বো ব্রাহ্মণৈঃ সার্দ্ধং বক্ষ্যন্তি সহিতা মযা॥৩৬॥

বৈশস্পায়ন উবাচ।

এবমুক্ত্বা তদা কৃষ্ণামুবাহ স ঘটোৎকচঃ। পাণ্ডূনাং মধ্যগো বীবঃ পাণ্ডবানপি চাপবে ॥৩৭॥

# ভাবতকোমূদী

হৈছিছেতি। হে হৈছিয়। মাতা ক্রোপদী। হে খগ। খেচব। এও।
স্কন্ধমিতি। তে তব ভদ্রমন্ত। বিহাযদা গগনেন। নীচিক্যা নিয়বর্জিয়া এও।
ধর্মেতি। অলং সমর্থা। অন্তেহপি রাক্ষ্যা মম সহাযাঃ সন্তীতি ভাবঃ এও।
অক্স ইতি। বিহগা আকাশচাবিণো বাক্ষ্যাঃ। বক্ষ্যন্তি বহনং কবিস্তান্তি ॥৬৬॥
এবমিতি। অপরে চ বাক্ষ্যাঃ, পাণ্ডবানপি উহবিতি শেষঃ ॥৩৭॥

'বংস। অপরাজিত। খেচর। হিডিম্বানন্দন। তোমাব মাতা জৌপদী পবিশ্রাস্ত হইষা পড়িয়াছেন, তুমিও কামগামী এবং বলবান্; অতএব তুমি তাঁহাকে বহন কব ॥৩৩॥

বংস। তোমার মঙ্গল হউক; তুমি উঁহাকে স্কন্ধে লইয়া আমাদেব মধ্যে থাকিয়া নিয় আকাশ দিয়া মন্দগতিতে গমন কব, যাহাতে উহার কষ্ট না হয"॥৩৪॥ ঘটোৎকচ বলিল—"আমি একাকীই ধর্ম্মবাজ, ধৌম্যপুবোহিত, দ্রৌপদী এবং নকুল-সহদেবকে বহন করিতে পাবি; সহায়সম্পন্ন হইলে আব বক্তব্য আছে কি॥৩৫॥

বীব, আকাশচাবী ও কামরূপী অন্ত শত শত বাক্ষসও আমাব সহিত মিলিত হইযা ব্রাহ্মণদের সহিত আপনাদেব সকলকে বহন করিবে" ॥৩৬॥

<sup>(</sup>৩৬, ... বশাস্তি সহিতাহনম !—বা ব কা।

লোমশঃ সিদ্ধমার্গেণ জগামানুপমত্যুতিঃ।
স্থেনৈব স প্রভাবেণ দিতীয় ইব ভাল্করঃ ॥৩৮॥
ব্রাহ্মণাংশ্চাপি তান্ সর্বান্ সমুপাদায় বাক্ষসাঃ।
নিযোগাদ্রাক্ষসেক্তস্থ জ্যু ভীমপবাক্রমাঃ ॥৩৯॥
এবং স্থবমণীযানি বনান্যুপবনানি চ।
আলোকয়ন্তন্তে জ্যু বিশালাং বদবীং প্রতি ॥৪০॥
তে ত্বাশুগতিভিবীবা রাক্ষসৈত্রের্যহাজবৈঃ।
উহুমানা যয়ঃ শীঘ্রং দীর্ঘমধ্বানমল্লবৎ ॥৪১॥
দেশান্ ফ্রেচ্জনাকীর্ণান্ নানাবত্বাকরান্ শুভান্।
দদৃশুগিবিপাদাংশ্চ নানাধাতুসমাচিতান্ ॥৪২॥

### ভাবতকোমুদী

লোমশ ইতি। সিদ্ধানাং দেবযোনিবিশেষাণাং মার্ফোণ আকাশপথেনৈর ॥৩৮॥
বাহ্মণানিতি। নিষোগাদাদেশাৎ, বাহ্মদেক্সস্থ ঘটোৎকচস্ত ॥৩৯॥
এবমিতি। বদবীং কর্কদ্পৃত্বক্ষং তন্নামা প্রসিদ্ধমাশ্রমমিত্যর্থঃ ॥৪০॥
ত ইতি। মহাজবৈর্মহাবেশৈঃ। অধ্বানং পদ্ধানম্, অন্নবৎ অন্নপ্রধবৎ ॥৪১॥

७ १७ । यश्राक्षद्वभश्राद्वाराः। अववानर प्रश्नानम्, अन्नवर अन्नप्यवर ॥४३॥ दिन्यानिष्ठि । दिक्वाञ्चानां सिम्हबनारिखनाकीर्गान् । शिदः शाक्षान् প्रजाञ्चलव्यान् ।

বৈশস্পায়ন বলিলেন—এইরপ বলিয়া তথনই মহাবীব ঘটোৎকচ পাণ্ডব-গণেব মধ্যে থাকিয়া ক্রৌপদীকে বহন কবিয়া লইযা চলিল এবং অন্থ বাক্ষসেবা পাণ্ডবগণকে বহন করিয়া নিয়া যাইতে থাকিল ॥৩৭॥

এবং অসাধারণ তেজস্বী লোমশম্নি আপন প্রভাবেই সিদ্ধপথে দিতীয়

স্থেঁবি ক্যায় গমন কবিতে লাগিলেন ॥৩৮॥

আব, ভয়ঙ্কব পৰাক্রমশালী অপৰ কতকগুলি ৰাক্ষস ঘটোৎকচেৰ আদেশে সেই সকল বাহ্মণকে লইযা গমন করিতে থাকিল ॥৩৯॥

এইভাবে তাঁহারা অতি মনোহব বন ও উপবন দেখিতে দেখিতে বদবিকা-শ্রমেব দিকে যাইতে লাগিলেন॥৪০॥

মহাবেগশালী ও ক্রেতগামী সেই বাক্ষদেবা বহন কবিয়া লইবা যাইতেছিল বলিষা তাঁহাবা সহবই অল্প পথেব ক্যায় দীর্ঘ পথ যাইতে থাকিলেন ॥৪১॥

তথন তাঁহারা ফ্রেচ্ছগণে পবিপূর্ণ, নানাবিধ বত্মেব আকব ও মনোহব বহু-তব দেশ এবং গৈবিকাদি নানাধাতুব্যাপ্ত ফুদ্র ফুদ্র বহুতব পর্ববত দেখিতে

वन-३৫३ (४)

<sup>(</sup>৩৮) -- ষেবৈবাতিপ্রভাবেন—পি। (৪১) -- মহর্দ্বান্মর্বং—বা ব শ নি।

<sup>(82)···</sup>নানারত্নাক্বাযুতান্—বা ব কা নি।

বিভাধরগণাকীর্ণান্ যুতান্ পন্নগকিনবৈঃ। তथा किम्लुऋरियरेम्ठव शक्करिक्म ममखजः ॥४०॥ बश्चित्रभव्यात्रे वान्त्रे स्वर्गाण्डशा । वर्त्राटेश्वरिय्रोटेश्वर मिश्चरियः ममात्रुजान् ॥४४॥ নদীজালসমাকীর্ণান্ নানাপক্ষিযুতান্ বহুন্। নানাবিধৈয় বৈজ ফান বারণৈশ্চোপশোভিতান ॥৪৫॥ সমদৈশ্চাপি বিহুগৈঃ পাদপৈরন্থিতাংস্তথা। তেহবতীর্য্য বহুন দেশান্ উত্তরাংশ্চ কুরুনিপি ॥৪৬॥ দদশুর্বিবিধাশ্চর্য্যং কৈলাসং পর্ব্বতোত্তময়। তস্তাভ্যাসে তু দদুশুর্নরনারায়ণাপ্রমম্ ॥৪৭॥ **উপেতः** পामरेशर्मिरेवाः मना श्रूष्ट्राक्तां शर्माः । **ममृश्वराक वमतौः त्रुक्यकाः यत्नात्रमाम् ॥४৮॥** স্মিগ্ধামবিরলচ্ছায়াং শ্রিয়া পরময়া যুতাম্॥ পত্রৈঃ স্মিগ্ধেরবিবলৈরুপেতাং মৃত্যুভিঃ শুভাম ॥৪৯॥ বিশালশাখাং বিস্তীর্ণামতিত্যুতিসমন্বিতায়। ফলৈরুপচিতৈর্দিব্যৈরাচিতাং স্বাত্তভিভূশিম ॥৫০॥

# ভারতকৌমূদী

গানক্ষমন্বাক্ষমন্বাভাাং কিন্নবাগাং বৈবিধ্যাৎ পৃথগুপাদানম্। চমবক্ষর হবিণবিশেষো ।
মুগৈঃ পশুভিঃ, জুইান্ সেবিভান্, বাবণৈর্হন্তিভিঃ। বিহুগৈঃ পক্ষিভিঃ। অবতীর্য্য
অতিক্রম্য। অভ্যাসে নিকটে। পুজাণি ফলানি চ উপগছান্তি প্রাপ্ন, বৃন্তীতি তৈঃ।
বৃত্তক্ষমাং গোলপ্রকাণ্ডদেশাম্। অবিবলছাষাং নিবিডছাষাম্। অবিবলৈর্যনেঃ। উপচিতৈপাইলেন। ভাহাতে বিভাধব, কিন্নব, কিম্পুক্ষ ও নাগ বিচরণ করিতেছিল
এবং মযূব, চমবহবিণ, ককহবিণ, বানব, ববাহ, গবয় ও মহিষ শ্রমণ কবিতেছিল
আব সে পর্ববভগুলির নিকট দিয়া অনেক নদী প্রবাহিত হইতেছিল এবং সে
গুলিতে নানাবিধ পক্ষী, বহুবিধ পশু, হস্তী, মদমত্ত পক্ষী ও নানাবিধ বৃক্ষ ছিল
ভাহাব পব ভাঁহাবা বহুতের দেশ ও উত্তর কুকদেশ অভিক্রম কবিয়া নানাবিধ
আশ্চর্য্যেব আধাব কৈলাসপর্বেত দর্শন কবিলেন এবং ভাহার নিকট নবনাবায়ণ শ্ববিব আশ্রম (বদবিকাশ্রম) দেখিতে পাইলেন; সে আশ্রমে সর্ববদাই
ফল ও পুজাশালী বহুতব উত্তম বৃক্ষ ছিল; আব ভাঁহাবা সেখানে সেই মনোহব
বদবীবৃক্ষ দর্শন কবিলেন; ভাহার স্কন্ধদেশ গোলাকাব, আকৃতি স্নিগ্ধ, ছায়া-

<sup>(80)---</sup>वानविकारवः--वा व का नि।

মধুত্রবিঃ দদা দিব্যাং মহর্ষিগণদেবিতাম্।
মদপ্রমুদিতৈর্নিত্যং নানাদ্বিজগণৈযুঁতাম্ ॥৫১॥
অদংশমশকে দেশে বহুমূলফলোদকে।
নীলশাদ্বলগংছনে দেবগন্ধর্বদেবিতে ॥৫২॥
স্থদমীকৃতভূতাগে স্বভাববিমলে শুভে।
জাতাং হিমমূলুস্পর্শে দেশেহপহতকণ্টকে ॥৫৩॥ (কুলকম্)
তামূপেত্য মহাত্মানঃ দহ তৈত্র্রান্ধ্ববিভঃ।
অবতেরুস্ততঃ দর্বে রাক্ষসক্ষকতঃ শনৈঃ ॥৫৪॥
ততন্তমাশ্রমং রম্যং নরনারায়ণাশ্রিতম্।
দদ্শুঃ পাগুবা রাজন্। সহিতা দ্বিজপুস্থবিঃ ॥৫৫॥
তমদা রহিতং পুণ্যমনামৃক্তং রবেঃ কবিঃ।
ক্ষুতৃট্শীতোফদোধৈশ্চ বর্জ্বিতং শোকনাশনম্॥৫৬॥

#### ভাবতকৌমুদা

र्वह्नीष्ट्रेष्ठः, षािठ्छाः वााश्चाम्। नानािषक्षशरेगर्वहिविश्वािकम्स्ट्रेशः। नीरेनः गावरेनर्न्व-ष्ट्रेगः मरहृत्त्र षात्रुष्ठ । ष्रावरुष्टकन्त्रेरक मृवीकृष्टकन्त्रेरक ॥४२ — ৫৩॥

তামিতি। তাং বদরীম্। মহাত্মানঃ পাওবাদযঃ 🛭 🕫 🗷

তত ইতি। নরনাবাষণাভ্যামৃষিভ্যাম্ আম্রিতম্ আম্রিতপূর্ব্বম্। তমসা অন্ধকাবেণ।
ভাবতভাবদীপঃ

জোশমাত্রমিতি ॥১—২৩॥ বিহগ ইব বিহগঃ থেচবঃ ॥২৪—৩৫॥ বন্ধ্যান্তি বহনং কবিছান্তি
॥৩৬—৪১॥ রত্মাকরৈরাসমন্তাদ্যুতান্ ॥৪২—৪৬॥ অভ্যাসে সমীপে ॥৪৭—৫২॥ স্বভাবত এব
নিবিড়, কান্তি মনোহব, পত্র সকল স্নিগ্ধ, ঘন ও কোমল; শাখাসমূহ বিশাল
ও বিস্তীর্ণ এবং ফলসমূহ বৃহৎ, উত্তম, স্মুস্বাহ্ন ও মধুস্রাবী ছিল। মহর্ষিবা সেই
বদবীবৃক্ষের সেবা কবিতেন এবং সেই বদরীবৃক্ষেব উপবে সর্ব্বদাই মদমন্ত ও
আনন্দিত নানাবিধ পক্ষী বিচবণ করিত। আব, সেই বদবীবৃক্ষ যে স্থানে
জন্মিযাছিল, সে স্থানে দংশ (ডাঁশ) ও মশক ছিল না; প্রচুব ফল, মূল ও জল
ছিল এবং দেবগণ ও গন্ধবর্বগণ বিচরণ করিতেন; আব সে স্থানটী নীলবর্ণ নৃতন
ভূণে আবৃত্ব, সমতল, স্বভাবনির্ম্বল, নিকপজেব, শীতল ও কোমলস্পর্ম এবং
কণ্টকবিহীন ছিল ॥৪২— ৫৩॥

মহাত্মা পাগুবেরা সেই বদরীবৃক্ষেব নিকটে উপস্থিত হইয়া সেই প্রাহ্মণ-গণের সহিত রাক্ষসস্কন্ধ হইতে ধীরে ধীরে অবতরণ কবিলেন ॥৫৪॥

বাজা! তাহাব পর পাগুবগণ ব্রাহ্মণগণেব সহিত মিলিত হইয়া নর-নারায়ণ

<sup>(</sup>ev)···স্বভাববিহিতে শুভে—বা ব কা নি।

মহর্ষিগণসংবাধং ত্রান্ধ্যা লক্ষ্যা সমন্বিতম্ ।

তুপ্রবেশং মহারাজ। নরৈর্ধর্মবহিস্কৃতিঃ ॥৫ ।॥
বলিহোমার্চিতং পুণ্যং স্থসংম্ফীনুলেপনম্ ।

দিব্যপুপ্রোপহারেশ্চ সর্বতোহভিবিরাজিতম্ ॥৫৮॥
বিশালেরগ্নির্নার্গণঃ ক্রগ,ভাগ্তেরাচিতং শুভিঃ।

মহন্তিন্তোয়কলসৈঃ কঠিনেশ্চোপশোভিতম্ ॥৫৯॥
শরণ্যং সর্ববভূতানাং ব্রহ্মঘোষনিনাদিতম্ ।

দিব্যমাশ্রয়ণীয়ং তমাশ্রমং শ্রমনাশনম্ ॥৬০॥

শ্রেয়া যুতমনির্দ্দেশ্যং দেবচর্য্যোপশোভিতম্ ।

ফলমূলাশনৈর্দান্তিশ্বারুক্ষণজিনান্থরৈঃ ॥৬১॥

### ভাবতকোমুদী

জনামৃষ্টং বৃষ্ণপঞ্জাচ্ছাদনাৎ অস্পৃষ্টম্। মহর্ষিগণৈ সংবাধং নিববকাশম্, ঝান্ধ্যা ঝান্ধানসম্পাদিত্যা, লক্ষ্যা কান্ত্যা। ধর্মবিষ্কৃতিবধান্দিকে:। বলিভিঃ প্জোপহারৈঃ হোমৈশ্চ
ভাকিতং গৌবববিষ্যীকৃতম্, স্থলংমুষ্টং লিপ্তম্ অন্থলেপনং গোম্যাদিকং যত্ত তম্। অগ্নিশববৈর্ষেয়াকৃতিই, প্রকাভাগৈঃ প্রকৃত্রবাদিস্থাপনপাত্তিঃ, আচিতং ব্যাপ্তম্। কঠিনঃ পাকস্থলীভিঃ,
"কঠিনং নিষ্ঠবে স্থাল্যাং শর্কবাষাং গুড্জা চুক্ ইতি বিশ্বঃ। বন্ধঘোবৈর্বেদ্ধনিভিনিনাদিতম্।
অনির্দেখ্যং সৌন্দর্য্যে অনির্দ্ধচনীয্ম, দেব্স্য চর্য্যা আচাবন্তেন উপশোভিতম্। দান্তিভাবতভাবদীপঃ

বিশেষণে হিতে স্বভাববিহিতে জাতাং বদ্বীম্ ॥৫৩—৫৬॥ মহর্ষিগ্বসংবাধম্বিগণবাধ্যম্, রান্ধ্যা লন্ধ্যা কার্যজুসামাজ্যিকষা। "ঋচঃ সামানি যজ্ংবি সা হি প্রীবন্ধতা সতা"মিতি প্রতেঃ
॥৫৭॥ স্বষ্টু সংমৃষ্টং সম্মার্জনমন্তলেপনঞ্চ যত্র তৎ ॥৫৮॥ অগ্নিশরণেবয়্যাগাবৈঃ, আচিতং ব্যাপ্তম্, কঠিনঃ শিক্যাঃ কবণ্ডের্বা ॥৫৯—৬০॥ দেবচর্যা) সতাসন্ধল্পবিদ্বা, তরা উপশোভিতম্ ঝিষর সেই পূণ্যময মনোহর আশ্রাম দর্শন করিতে লাগিলেন। তাহাতে অন্ধকাবের বা স্ব্যাকিবণেব সংস্পর্শ ছিল না; ক্ষুধা বা পিপাসা হইত না, শীত বা গ্রীম্ম ছিল না, কোন শোকের সম্ভাবনাও ছিল না, এবং অধার্মিক লোকেব প্রবেশ করা ছন্ধর ছিল; আব মহাবাজ। সে আশ্রামটী মহর্ষিগণে পবিপূর্ণ ও ব্রাহ্মীশোভায় পবিশোভিত ছিল এবং সে আশ্রাম গোময়লিগু পবিত্র স্থানে পূজা ও হোম চলিতেছিল, এবং সকল দিকেই উত্তম উত্তম পূজ্প বিক্লিপ্ত থাকায় বিশেষ শোভা জন্মিয়াছিল; আর সে আশ্রাম—বিশাল বিশাল হোমগৃহ, মাঙ্গলিক স্রুক্তবেব পাত্র, বৃহৎ বৃহৎ জলের কলস ও পাকেব স্থালীতে পরিশোভিত ছিল; এবং সে আশ্রাম—সকল প্রাণীরই রক্ষক, বেদ-ধ্বনিতে মুখরিজ্ব, সকলেরই আশ্রামণীয়, শ্রুমনাশ্রক, দিব্য-সৌন্দর্য্যসম্পন্ম,

পূর্ব্যবৈধানবদ্দৈত্তপদা ভাবিতাত্মভিঃ। মহদিভির্নোকপবৈর্ঘতিভিনিহতে ক্রিয়ে ॥৬২॥ दक्तकृरेटर्गमारेगेङ्गरभटः दक्तवानिष्टिः। মোহভাগজনহাতেজান্তানুষীন প্রয়তঃ শুচিঃ॥৬৩॥ ভার্নভঃ দ'হতো ধীনান্ ধর্মপুত্রে। যুধিন্ঠিরঃ। न्दाकारना भगनात्त्र पृष्ट्री आश्वः यूधिष्ठित्रम् ॥५८॥ মভাগচহত স্বপ্রীতাঃ দর্শন এব মহর্ববঃ। আনীর্বাদান্ প্রবুশানাঃ স্বাধ্যায়নিরতা ভূপন্ ॥৬৫॥ গ্রাহাত্তে ভক্ত সংকারং বিহিনা পাবকোপমাঃ। উপাত্রহূ 🕇 দলিশং পুস্পায়ূলফলং শুচি ॥৬৬॥ (কুলকম্) ন তৈঃ প্রত্যাহধ দংকারমূপনীতং মহর্ষিভিঃ। প্রয়তঃ প্রতিগৃহাথ ধামরাজো বুধিন্ঠিবঃ ॥৬৭॥ তং শক্রদদনপ্রথাং দিবাগদ্ধমনোব্যয়। প্রতিঃ সর্গোপনং পুণ্যং পাওবং দহ কুফ্যা ॥৬৮॥ বিবেশ শোভয়া যুক্তং ভ্রাতৃতিশ্চ সহানঘ!। डाक्तरेंगर्दहरवनाङ्गशाहरेशंभ्ह महद्यमः ॥५२॥ (विस्महक्य्)

### ভারতকৌমুদা

বিজ্ঞানন্দ বৈ:। ভাবি: রিচ: শোনিচটিটে:। ব্যক্তিবিবিক্তৃলাং, ব্যবাদিজি-বেনক্তি:। প্রচ: সংঘটিত। প্রাযোগতম্। প্রমূলনাং কুর্বাণাং। সংকারং সংনারভূচম্ মাদ্যমিদক্ষিতিয়াং (৫৫—৬৬.

শ <sup>ট</sup>ি । উপনাতম্ উপলাপি তম্ । প্রমতঃ সংখতচিতঃ । শক্ষদনপ্রথাম্ ইজ্জবন-ত্রাম্ । বাজনৈক স্তেতি সম্ভঃ ১৯৭—১৯ঃ

অনির্বেচনীয় ও দেবতাব আচাবে পবিশোভিত ছিল; আব সে আশ্রমে ফলনৃলভোজা, ইন্দ্রিয়নংয়না, মনোহব কৃঞ্চাজিনধাবা, স্থা ও অগ্নিব তুল্য তেজমী,
তপস্থায় শোধিতচিত্ত, মোক্ষপবায়ণ, জিতেন্দ্রিয়, ব্রহ্মাব তুল্য, বেদবক্তা ও
নহাত্মা নহর্ষিরা অবস্থান কবিতেছিলেন। তখন মহাতেজা ধর্মপুত্র মুর্ধিষ্টির
সংযতিত্ত ও পবিত্র হইয়া ল্রাভাদেব সহিত সেই মহর্ষিগণেব নিকট উপস্থিত
হইলেন; তখন দিব্যজ্ঞানসম্পন্ন, বেদপাঠনিবত ও অগ্নিতুল্য সেই মহর্ষিবা
সকলেই মুর্ধিষ্টিবকে আগত দেখিয়া অত্যস্ত আনন্দিত হইয়া তাঁহার প্রত্যুদ্গমন
করিলেন এবং প্রীতিসহকাবে যথাবিধানে সংকাবপূর্বক তাঁহাকে পবিত্র জল,
ফুল, ফল ও মূল উপহার দিলেন ॥৫৫—৬৬॥

তত্রাপশ্যত ধর্মাত্মা দেবদেবর্ষিপূজিতম্।
নবনারায়ণন্থানং ভাগীরখ্যোপশোভিতম্॥৭০॥
পশ্যন্তন্তে নরব্যান্ত্রা বেমিরে তত্র পাগুবাঃ।
মধুত্রবকলং দিব্যং ব্রহ্মধিগণদেবিতম্॥৭১॥
তত্মপেত্য মহাত্মানস্তেহবদন্ ব্রাহ্মণেঃ দহ।
মুদা মুক্তা মহাত্মানো বেমিবে তত্র তে তদা ॥৭২॥
তালোকযভো মৈনাকং নানাছিজগণার্তম্।
হিবণ্যশিধরক্ষৈব তচ্চ বিন্দুসবঃ শিবম্॥৭৩॥
তিন্মিন্ বিহরমাণাশ্চ পাগুবাঃ দহ কুষ্ণ্যা।
মনোজ্যে কাননববে সর্বত্তুকুন্তমোগ্যুলে॥৭৪॥

### ভাৰতকৌসুদী

ভত্তেতি। ধর্শাত্মা বৃষিষ্টিবঃ। নদনাবাদণনোঃ স্থানং তপশ্চদণদেশম্ ১৭০।
পশ্চন্ত ইতি। বেমিবে আননন্দুঃ। মধুস্থদন্দন মধুস্থাদি বদর্মানন্দ্র। মধুস্থদন্দন, মধুস্থাদি বদর্মানন্দ্র। ক্রানান্দ্রীম্বন্দ্রাং, তে প্রান্দিরাং, তে পাওবাং ১৭০৯
আলোকেতি। মৈনাবং পর্বাতন্, নানাস্থিলগগৈব্দিবিধপ্যিসমূদ্রীঃ আযুত্ত সম্বিতন্,
ভাবতভাবদীপঃ

॥৬১—৬২॥ ব্রহ্মভূতৈর্র্ক্ষবিদেন ব্রহ্মভাবং গতৈঃ। তথা চ শ্রুতিঃ—"ব্রহ্মবিদ্রুক্ষেব ভবতি" ইতি॥৬৩—৬৫॥ দংকাশং চকুবিতি শেষঃ॥৬৬—৭১॥ ততুপেতা স্থানং প্রাপ্য॥৭২—৭৪॥

প্রীতিপূর্বক মহর্ষিগণেব আনাত সেই সকল উপহারদ্রব্য গ্রহণ কবিয়া আনন্দিত হইয়া পাণ্ডুনন্দন ধর্মবাজ যুর্ধিষ্টিব সংবতিত্তি হইয়া জৌপদী, ভ্রাতৃগণ ও বেদবেদাঙ্গপাবদর্শী সহস্র সহস্র ব্রান্মণের সহিত ইন্দ্রভবন তুল্য শোভা-সম্পন্ন, দিব্য সৌবভে মনোহব, স্বর্গতুল্য ও পবিত্র সেই আশ্রামে প্রবেশ করিলেন ॥৬৭—৬৯॥

ধর্মাত্মা যুধিষ্টিব দেখানে প্রবেশ করিয়া দেবগণ ও দেবর্ষিগণেব পূজিত এবং গঙ্গোপশোভিত নর-নাবারণের তপস্থাব স্থান দর্শন কবিলেন ॥৭০॥

নরশ্রেষ্ঠ পাণ্ডবেবা দেখানে ব্রহ্মর্থিগণদেবিত মধুপ্রাবী দিব্য বদবীকল দর্শন করিয়া আনন্দিত হইলেন ॥৭১॥

উদারচেতা ও অসাধারণ বৃদ্ধিমান্ পাগুবগণ সেই নরনাবায়ণস্থানে যাইয়া ব্রাহ্মণগণের সহিত বাস কবিতে লাগিলেন এবং সেইখানেই তাঁহাবা তখন আনন্দিত হইয়া বিচবণ কবিতেন ॥৭২॥

তাহাব নিকটে মৈনাকপর্বত আছে, তাহাব শৃঙ্গ সকল স্বর্ণময় এবং তাহাব উপরে বছবিধ পদ্দী বিচৰণ কবে; আব "বিন্দুসর"-নামে মঙ্গলময় প্রসিদ্ধ পাদপৈঃ পুষ্পবিকচিঃ ফলভাবাবনামিভিঃ।
শোভিতে সর্ববতো রম্যৈঃ পুংক্রোকিলকুলাযুতৈঃ ॥৭৫॥
মিশ্বপত্রৈরবিরলৈঃ শীতচ্ছামৈর্যনোরমৈঃ।
সরাংসি চ বিচিত্রাণি প্রসন্নসলিলানি চ ॥৭৬॥
কমলৈঃ সোৎপলৈদৈচব ভাজমানানি সর্বশঃ।
পশ্যন্তশ্চারুরূপাণি বেমিরে তত্র পাগুবাঃ ॥৭৭॥ (কুলকম্)
পুণ্যগদ্ধঃ স্থধস্পর্শো ববৌ তত্র সমীরণঃ।
হলাদয়ন্ পাগুবান্ সর্ববান্ দ্রোপত্যা সহিতান্ প্রভো!॥৭৮॥
ভাগীরথীং স্থতীর্থাঞ্চ শীতাং বিমলপক্ষজাম্।
মণিপ্রবালবিস্তারাং পাদপৈরুপশোভিতাম্ ॥৭৯॥

### ভাৰতকৌমুদী

हित्रभाषिभदः वर्गरमम्भ्रम् । शिवः मक्षमभगम्, তबिन्तृनवण्ठः । কাননবরে শ্রেষ্ঠবনে । পুলৈন বিক্চা: প্রস্কুলান্তি: । অবিবলৈর্দনি: । চাক্তরপাণি সবাংসীতি সম্বন্ধ: ॥१७—११॥

পুণ্যেতি। হ্লাদখন্ আনন্দখন্। প্রতো ইতি জনমেজখনধোধনম্ ॥৭৮॥ ভাগাঁরখীমিতি। মহা ন্যানঃ পাগুবাদখঃ, পরমত্র্গমে দেবর্ষিচরিতে তন্মিন্ দেশে, ভারতভাবদীপঃ

পুশ্বিকটৈর্বিব দিতকুন্ধুনৈঃ ॥ ৭৫--- ৭৮॥ দীতাং নামতঃ প্রস্তাবঃ সোপানপাদগণাদিরপঃ ছট্ট ইতার্থঃ ॥ ৭৯ --- ৮০॥

ইতি শ্রমহাভাগতে বনপর্মণি নৈলবন্ধীয়ে ভারতভাবদীপে বিংশতাধিকশততমোহধ্যায়: ॥১২०॥

একটা জলাশয় এবং মনোহব একটা বন আছে; সেই বনে সকল ঋতুতেই ফুল থাকে; আব ঘন ও মনোহব অনেক বৃক্ষ আছে, সেগুলি সর্ববদাই পুস্পবাশিতে স্থশোভিত, কলভাবে অবনত এবং কোকিলগণের কলববে মুখরিত থাকে; আর দেগুলির পত্র সকল স্নিগ্ধ এবং ছায়া শীতল; আর বিচিত্র ও মনোহর অনেক সবোবব আছে; সেগুলিব জল নির্দাল এবং সেগুলি পদ্ম ও উৎপলে সর্ববদাই শোভা পাইতেছে; এই সকল দর্শন কবতঃ বিচরণ করিতে থাকিয়া পাওবগণ দ্রৌপদীর সহিত বিশেষ আনন্দ অনুভব কবিতে লাগিলেন ॥৭৩—৭৭॥

রাজা! তথন পবিত্রসৌবভ ও সুখম্পর্শ বাযু জৌপদীর সহিত সকল পাণ্ডবকেই আনন্দিত কবিয়া বহিত হইত ॥৭৮॥

অত্যস্ত ছুর্গম ও দেবর্ষিদেবিত দেই স্থানে বিচিত্র পুপ্পা-ফলে পরিপূর্ণ, ছদয়েব আনন্দবর্দ্ধক সেই বিশাল বদরীবৃক্ষের নিকট দিয়া শীতল ভাগীরথী-নদা প্রবাহিত হইভেছিল; তাহাতে সুন্দর ঘাট, নির্মাল পদ্ম, মণি ও বিদ্রুদের চিত্রপুষ্পাকলাকীর্নাং মনসঃ প্রীতিবর্দ্ধিনীয়।
বীক্ষমাণা মহাত্মানো বিশালাং বদরীমনু ॥৮০॥
তিন্দ্রিন্দ্রিতে দেশে পরমত্নর্গমে।
ভাগীরথীপুণ্যজ্বলে তর্পযাঞ্চক্রিরে পিতৃন্ ॥৮১॥ (বিশেষকম্)
দেবানৃষীংশ্চ কোন্ডেয়াঃ পরমং শৌচমান্থিতাঃ।
তত্র তে তর্পয়ন্তশ্চ জপন্তশ্চ কুরুদ্বহাঃ।
ব্রাহ্মণেঃ সহিতা বীবা হ্রবসন্ পুরুষর্বভাঃ॥৮২॥
কৃষ্ণায়ান্তর পগ্যন্তঃ ক্রীড়িতান্সমরপ্রভাঃ।
বিচিত্রানি নরব্যান্ত্রা বেমিবে তত্র পাগুবাঃ॥৮০॥

ইতি ঞ্জীমহাভাবতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বিণি তীর্থযাত্রায়ং গন্ধমাদনপ্রবেশে বিংশত্যধিকশততমোহধ্যায়ঃ ॥০॥ #

<del>--</del>9#9---

### ভাবতকোমুদী

চিত্রপুস্বলাকীর্ণান্, মনসং প্রীতিবর্দ্ধিনীম্, বিশালাং বদবীং তরুম্, অন্থ লক্ষ্যীকৃত্য তৎ-দমীপে বিশ্বমানামিতার্থঃ, স্থতীর্থাং শোভনঘট্টান্, শীতাং শীতলাম্, বিমলপঙ্কজাম্, মণীনাং প্রবালানাঞ্চ বিস্তাবা বাশযো ফ্যাং তাম্, তীবকৈঃ পাদপৈকপশোভিতাঞ্চ, ভাগীবর্থীম্, বীক্ষমাণাঃ সন্তঃ, ভাগীবর্থীপুণ্যজনে পিতৃন্ তর্পবাঞ্চক্রিবে ॥৭৯—৮১॥

দেবানিতি। প্ৰসং দৈহিকং সানসিকঞ্চ, শৌচং পাবিত্ত্যস্থা বটুপাদোহয়ং শ্লোকঃ ॥৮২॥ ক্বফাষা ইতি। তত্ত্ব স্থানে, ক্ৰীডিতানি বিহাবান্, তত্ত্ব তদানীস্ ॥৮৩॥

ইতি মহামহোপাধ্যায-ভাবতাচাৰ্য্য-মহাকবি-পদ্মভূবণ-শ্ৰীহবিদাসদিদ্ধান্তবাগীশভট্টাচাৰ্য্যবিবচিতাযা মহাভাবতটীকাষাং ভাবতকোঁগুদীসমাখ্যাযাং বনপৰ্ব্বণি তীৰ্থযাত্ৰাষাং বিংশত্যধিকশততমোহধ্যায়ঃ॥०॥

রাশি এবং তীবে অনেক বৃক্ষ ছিল; এহেন ভাগীবখী দর্শন কবিতে থাকিয়া পাণ্ডবপ্রভৃতি সকলেই সেই ভাগীরখীর পবিত্র জলে পিতৃলোকের ভর্পণ করিতে থাকিলেন ॥৭৯—৮১॥

এবং কুৰুকুলশ্রেষ্ঠ, পুরুষপ্রধান ও মহাবীব পাণ্ডবেবা ব্রাহ্মণদের সহিত মিলিত হইয়া পব্য পবিত্রতা অবলম্বনপূর্ব্বক সেই ভাগীরথীজলে দেবগণ ও ঋবিগণের তর্পণ এবং ইষ্টমন্ত্র জপ করিতে থাকিয়া বাস করিতে লাগিলেন ॥৮২॥

আর, পুক্রশ্রেষ্ঠ ও দেবতুল্য পাগুবগণ তখন দেখানে দ্রৌপদীর বিচিত্র বিচরণ দেখিতে থাকিয়া আনন্দ সন্থতব কবিতে লাগিলেন ॥৮৩॥

<sup>(</sup>৮০)…দিব্যপুষ্পদমাবীর্ণাম্—ব। ব কা নি। \* 'য়পঞ্চত্মাবিংশদধিক…'—বা ব কা, 'ফবট্চত্মারিংশদধিক…'—পি, 'ফসপ্রচত্মাবিংশদধিক…'—নি।

# একবিংশত্যধিকশততমো২ধ্যায়ঃ।

বৈশস্পায়ন উবাচ।

তত্র তে পুরুষব্যান্তাঃ পরমং শোচমান্থিতাঃ।

যড়্রাত্রমবদন্ বীরা ধনঞ্জয়দিদৃক্ষয়া ॥>॥

ততঃ পূর্বেবাত্তরে বায়ুঃ পবমানো যদৃচছয়া।

দহত্রপত্রমর্কাভং দিব্যংগ্রপদ্মমূপাহরৎ ॥২॥

তদবৈক্ষত পাঞ্চালী দিব্যগদ্ধং মনোরমম্।

অনিলেনাহতং ভূমো পতিতং জলজং শুচি ॥৩॥

তচ্ছুভা শুভমাদাত্ত দোগদ্মিকমন্ত্রমম্।

অতীব মুদিতা বাজন্! ভীমদেনমথাত্রবীৎ ॥৪॥

পশ্য দিব্যং হারুচিরং ভীম! পুল্সমন্ত্রমম্।

গদ্মদংস্থানদম্পন্নং মনদো মম নন্দনম্॥৫॥

### ভাবতকৌমুদী

তত্ত্বেতি। শৌচং পবিত্রতাম্, আছিতাং স্নানাদিনা অবলম্বিতবস্তঃ ॥১॥
তত ইতি। পূর্বোন্তবে ঈশানকোণাদাগত ইত্যর্থং, পবমানং পবিত্রতাজনকঃ ॥২॥
তদিতি। অবৈক্ষত অপশুং। জলজং পরম্, শুচি পবিত্রম্ ॥৩॥
তদিতি। শুভা শুভদক্ষণা কৃষ্ণা, শুভং শুভস্চকম্, সৌগদ্ধিকং স্থবভি ॥৪॥
পশ্রেতি। অমৃত্রমম্ অত্যুত্তমম্, গদ্ধেন সৌবভেণ সংস্থানেন আবাবেণ চ সম্পন্নম্ ॥৫॥

বৈশস্পায়ন বলিলেন—নবশ্রেষ্ঠ মহাবীব পাণ্ডবেরা অর্জ্জনকে দেখিবার ইচ্ছায় অত্যস্ত পবিত্র হইয়া সেই বদরিকাশ্রমেই ছয় দিন বাস কবিলেন ॥১॥ তাহার পব ঈশানকোণ হইতে আগত পবিত্র বাযু যদুচ্ছাক্রমে সূর্য্যেব স্থায়

অঝণবর্ণ স্বর্গীয় একটা সহস্রদল পদ্ম আনয়ন করিল ॥২॥

বাযুকর্ত্তৃক আনীত দিব্যগন্ধ, মনোহব ও পবিত্র সেই পদ্মটী আসিয়া ভূতলে পতিত হইল; তাহা দ্বৌপদী দেখিলেন মুখ্য

বাজা। তাহার পব শুভলক্ষণা দ্রোপদী শুভস্চক, সৌবভসম্পন্ন ও অত্যুত্তম সেই পদ্মটী পাইয়া অত্যন্ত আনন্দিত হইয়া ভীমকে বলিলেন—॥৪॥

"মধ্যমপাণ্ডব! অভিস্থন্দব ও অত্যুত্তম এই স্বর্গীয় পুষ্পটী দর্শন ককন;

<sup>(</sup>১)···ধনঙ্কযদিদৃক্ষবঃ—বা ব কা। (৩) তদপশুত—পি। বন-১৫২ (৮)

ইদঞ্চ ধর্মরাজায় প্রদাস্তামি পরন্তপ !।
হরেদং মম কামায় কাম্যকে পুনরাশ্রমে ॥৬॥
য়ি তেহহং প্রিয়া পার্থ ! বহুনীমান্ত্যপাহর ।
তান্তহং নেতুমিচ্ছামি কাম্যকং পুনরাশ্রমম্ ॥৭॥
এবমুক্ত্বা তু পাঞ্চালী ভীমসেনমনিন্দিতা ।
জগাম ধর্মরাজায় পুত্পমাদায় ভাবিনী ॥৮॥
অভিপ্রায়ন্ত বিজ্ঞায় মহিয়াঃ পুরুষর্যভঃ ।
প্রিয়ায়াঃ প্রিফামঃ দ প্রায়াদ্ধীমো মহাবলঃ ॥৯॥
বাতং তমেবাভিমুধো যতন্তং পুত্পমাগতম্ ।
আজিহীর্ষ্রগামাশু দ পুত্পাণ্যপরাণ্যপি ॥১০॥

### ভারতকৌমুদী

ইদমিতি। হব আহব, ইদম্ এতজ্ঞাতীযম্, কামায় কামনাপূবণায় ॥৬॥
যদীতি। ইমানি এতজ্ঞাতীয়ানি পদ্মানি। কাম্যকং কাম্যকবনস্থম্ ॥৭॥
এবমিতি। ধর্মবাজায়েতি "গতার্থকর্মনি—" ইত্যাদিনা চতুর্থী। ভাবিনী অন্থবাগবতী ॥৮॥
অভীতি। প্রিয়ায়া ক্রোপন্থাঃ। প্রায়াৎ তৎ পূপ্পমানেত্মিতি ভাবঃ ॥२॥
ভারতভাবদীপঃ

তত্ত্বতি ॥১॥ পূর্ব্বোন্তবে ঈশানকোণে ॥২—৩॥ শুভা কল্যাণী, শুভং শোভাযুত্ম, সোগদ্বিবং পদ্মজাতিভেদঃ ॥६॥ গদ্ধেতি । সংস্থানমাকাবঃ ॥৫॥ হব আহব, ইদমেতজ্জাতীযম্
ইহাব সৌবভও চমৎকার, আফুডিও সুন্দব এবং ইহা আমার চিত্তের আফ্রাদ
জন্মাইতেছে ॥৫॥

অতএব পবস্তপ। পুনরায় কাম্যকবনে যাইয়া আমি ইহা ধর্মরাজকে প্রদান কবিব; পুতবাং আমাব অভীষ্ট পূবণেব জন্ম আপনি ইহা আনয়ন ককন ॥৬॥

পৃথানন্দন! আমি যদি আপনাব প্রিয়া হই, তবে আপনি এই জাতীয় বহুতব পদ্ম আনমন ককন; আমি সেগুলি কাম্যকবনে লইষা ঘাইতে ইচ্ছা করি" ॥৭॥

ভীমকে এইবাপ বলিয়া যশস্থিনী ও অমুবাগবতী জৌপদী সেই ফুলটী লইয়া যুধিষ্ঠিবের নিকট গমন কবিলেন ॥৮॥

এদিকে পুক্ষশ্রেষ্ঠ মহাবল ভীমদেনও প্রিয়তমা মহিষী জ্রৌপদীর অভি-প্রায় বৃঝিয়া তাঁহারই প্রিয়কার্য্য কবিবার ইচ্ছায় প্রস্থান কবিলেন ॥১॥

<sup>(</sup>৮) এবনুকা শুভাপাঙ্গী ···জগাম পুষ্পমাদাষ ধর্মবাজাষ তত্তদা—বা ব কা। (৯) ··· প্রায়াস্তীমপ্রাক্তমঃ—পি।

রুক্মপৃষ্ঠিং ধনুগৃহ্য শবাংশ্চাশীবিষোপমান্।
মৃগরাড়িব সংক্রেদ্ধঃ প্রভিন্ন ইব কুপ্তবঃ ॥>>॥ (মৃগ্রকম্)
দদৃশুঃ সর্ববভূতানি মহাবাণধনুদ্ধবম্।
ন গ্লানির্ন চ বৈরুব্যং ন ভয়ং ন চ সভ্রমঃ ॥>২॥
কদাচিজ্বতে পার্থমাত্মজ্বং মাতরিশ্বনঃ।
কৌপডাঃ প্রিয়মদ্বিচ্ছন্ স বাহুবলমাজ্রিতঃ ॥>৩॥
ব্যপেতভয়সন্মোহঃ শৈলমভ্যপতদ্বলী।
স তং ক্রমলভাগুল্য-চ্ছমং নীলশিলাতলম্ ॥>৪॥ (বিশেষকম্)
গিবিং চচারাবিহ্বঃ কিন্নরাচরিতং শুভ্রম্।
নানাবর্ণধবৈশিচত্রং ধাতুক্রমমুগাগুলৈঃ॥>৫॥

### ভাবতকৌমুদী

বাতমিতি। আজিহীয়ু আহর্ত্ত্রনিচ্ছু, তমেব বাতন্ অভি লক্ষ্যীক্বতা স্থিতং মৃথং যশু সং। ক্রমুপ্টং স্বর্ণথচিতপূর্চম, গৃহু গৃহীত্বা। মৃগবাট্ সিংহং। প্রভিন্নো মদলাবী ॥১০---১১॥

দদৃশুবিতি। গ্নানিঃ শ্রমঃ, বৈক্লবাং বিহবলতা, সম্বনো ব্যস্ততা। জুষতে দেবতে আশ্রয়তীত্যর্থঃ। পার্থং ভীমম্, মাতবিশ্বনো বায়োবাত্মজম্। স ভীমঃ ॥১২---১৪॥

অথ বড্ভি: শ্লোবৈ: কুলকেন গমনং বর্ণবতি—গিবিমিতি। অবিহব: শক্রুহস্তা, ভাবতভাবদীপ:

॥৬—১০॥ প্রভিন্নো মত্তঃ ॥১১॥ প্লানিবৈক্লব্যে দেহচিত্তবোৰবদাদৌ, ভবং তৎকাৰণং স্বোচ্ছেদবৃদ্ধিঃ, ভবাভাবাদেব ম্যা যত্ত্বেন গস্তব্যমিত্যাদবঃ সম্ভ্রমঃ ॥১২॥ সোহপি তং ন জুবতে

ভীমসেন স্বর্ণখচিত ধন্ন এবং সর্পত্লা বাণসমূহ লইয়া—বাহা হইতে সেই ফুলটী আসিয়াছিল, সেই বাযুবই অভিমুখ হইযা আবও বহুতব পূপা আনয়ন করিবার ইচ্ছায় ক্রুদ্ধ সিংহ ও মদস্রাবী হস্তীর স্থায় ক্রুত্ত গমন করিতে লাগি-লেন॥১০—১১॥

তথন সকল প্রাণীই, মহাবাণ-কামু কিংবী ভীমসেনকে দেখিতে লাগিল। পবিশ্রম, বিহবলতা, ভয় ও ব্যস্তত। ইহাব কোনটাই কখনও পবননদন ভীমসেনকে আশ্রয় করে নাই; তাই সেই অবস্থায়ই বলবান্ ভীমসেন আপন বাহুবল অবলম্বন করিয়া জৌপদীব প্রিবকার্য্য কবিবাব ইচ্ছাব ভব ও মোহ পরিত্যাগপূর্বক বৃক্ষ, লতা ও গুলো আবৃত এবং নীলশিলাব্যাপ্ত পর্বতেব অভিমুখে গমন কবিতে লাগিলেন ॥১২—১৪॥

তাহাব পৰ তিনি সেই মঙ্গলময় পর্বতে কিছু কাল বিচৰণ কবিলেন ; দে পর্বতে কিন্নবৰ্গণ বিচৰণ কবিত এবং নানাবর্ণের ধাহু, বৃক্ষ, পশু ও পক্ষী ছিল ; দর্বভূষণদম্পূর্ণং ভূমের্ভুজমিবোচিছ্রতম্।
দর্বর্জুরমণীয়েয়ু গন্ধমাদনদানুরু ॥>৬॥
দক্তক্ষুরভিপ্রাযান্ হুদরেনানুচিন্তযন্।
পুংস্কোকিলনিনাদেরু ঘটপদাচরিতেরু চ ॥>৭॥
বদ্ধশ্রোত্তমনশ্চক্ষুর্জগামামিতবিক্রমঃ।
আজিন্তন্ দ মহাতেজাঃ দর্বর্জুকুরমোদ্রবম্ ॥>৮॥
গন্ধমুদ্ধতমুদ্দামো বনে মন্ত ইব দিপঃ।
বীজ্যমানঃ স্বপুণ্যেন নানাকুত্বমগন্ধিনা ॥>৯॥
পিতৃঃ সংস্পর্শনীতেন গন্ধমাদনবায়ূনা।
ব্রিয়মাণশ্রমঃ পিত্রা সম্প্রহাতন্ক্রহঃ ॥২০॥ (কুলকম্)

# ভারতকৌসুদী

অমিতবিক্রমাং, মহাতেজাশ্চ দ ভীমদেনাং, দর্বর্জ্বমণীযেষু, গদ্ধমাদনশু দাসুষু দমতলদেশেষু, দজচক্ষ্য দৌনর্যাতিশ্যাৎ লগ্ধন্যনাং, অভিপ্রাধান্ অভিপ্রেতবিষ্যান্ শক্রজ্যাদীন্, স্বদমেন অস্তিত্ত্বন্, পুংক্রোবিলনিনাদেষু, ষ্টপদানাং অমবাণাম্ আচবিতেষু বিচবণেষু চ, বজানি চমৎকাবিত্বাদ্যথাসন্তবং নিবেশিতানি শ্রোত্রমনশ্চক্ষ্যিবি যেন দাং, দর্বর্জ্বকুষ্থমান্তবম্ উদ্ধতম্ অভিনবতাৎ প্রবলং গদ্ধম্, আজিন্ত্রন্, তথা সাধাবণপুত্রান্তিকে সাধাবণশু পিতৃঃ সংস্পর্বাহ শীতে শীতলতেন, স্পুণোন অতিপবিত্রেণ, নানাকুষ্থমগদ্ধিনা, পিত্রা অজনকেন, গদ্ধমাদনবামুনা, বীজ্যমানাং, অতএব ব্রিষমাণশ্রমাং, আশ্চর্যাচ্চ দন্ত্রস্কৃত্তন্কহঃ রোমাঞ্চিতদেহশ্চ সন্, বনে মত্রো দ্বিপো হত্তীব, উদ্ধাম উল্লিক্তদর্শন্চ সন্, কিন্নবৈঃ আচবিতং সমস্তান্তিচবিত্রম্, গুভুং মদলবব্য, নানাবর্ণধবাং, ধাতবো গৈবিকাদ্যা ক্রমা বৃক্ষাঃ মুগাঃ পশ্বঃ অগুজাঃ প্র্কিণশ্চ তৈঃ, চিত্রং বিচিত্রীকৃত্রম্, অতএব সর্বজ্বণসম্পূর্ণম্, উচ্ছিত্রম্ উত্তোলিত্র্য্, ভূমেঃ পৃথিব্যাঃ ভূম্বিব স্থিত্ব, গিবিং পর্বত্র্য, চচাব বজ্রাম, পবং জগাম চ ॥১৫—২০॥

তাহাতে সকল অলঙ্কারে অলঙ্কত পৃথিবীব উত্তোলিত একখানি বাহুর ছায় সে পর্বতিটাকে দেখা যাইতেছিল। তদনন্তব ভামসেন অভিপ্রেত বিষয় মনে মনে চিন্তা কবিতে থাকিয়া গমন কবিতে লাগিলেন; তখন সকল ঋতুতেই বমণীয় গন্ধমাদনপর্বতের সমতলন্তানে তাঁহার দৃষ্টি আকৃষ্ট হইতে থাকিল; কোফিলেব ববে কর্ণ ও মন নিবিষ্ট হইতে লাগিল; কোথাও ভ্রমবেব ভ্রমণ নয়ন আকর্ষণ কবিল; কোথাও সমস্ত ঋতৃতেই উৎপন্ন পুজ্পসমূহের উদ্ধাম গন্ধ আছাণ কবিলেন এবং পুত্রের নিক্ট পিতাব সংস্পর্ণ যেমন শীতল হয়, তেমনই শীতল, পবিত্র ও নানাকুত্বমসোরভবাহী গন্ধমাদনচাবী পিতা বায়ু আসিয়া বীজন করিয়া তাঁহার পরিশ্রম দূর করিতে লাগিলেন; এই অবস্থায় অমিত-

দ যক্ষণন্ধর্বস্থরব্রন্ধর্ষিগণদেবিতম্।
বিলোকয়ামাদ তদা পুষ্পহেতোববিন্দমঃ॥২১॥
বিষমচ্ছদরচিতৈরকুলিপ্ত ইবাঙ্কুলৈঃ।
বিমলৈধাতুবিচ্ছেদৈঃ কাঞ্চনাঞ্জনবাজতৈঃ॥২২॥
দপক্ষমিব নৃত্যন্তং পার্শ্বলিয়ঃ পযোধবৈঃ।
মুক্তাহারৈরিব চিতং চ্যুতং প্রস্রবণোদকৈঃ॥২০॥
অভিরামদরীকুঞ্জ-নিঝ্রোদককন্দরম্।
অস্পরোন্পূবরবৈঃ প্রনৃত্তবরবর্হিণম্॥২৪॥
দিখাবণবিষাণাত্রেম্ব্রেটাপলশিলাতলম্।
স্রস্তাংশুকমিবাক্ষোভ্যৈনিম্বানিঃস্টতর্জলৈঃ॥২৫॥(কুলকম্)

### ভাৰতকৌমুদী

অথ পঞ্চতিঃ কুলকেন পূজাদ্বেহণং বর্ণযতি—দ ইতি। তদা অবিনদমঃ দ ভীমঃ, বিষঠেনকচ্চাবচৈশ্ছদৈর্পপতি বচিতাঃ ক্লতিন্তর্ক প্রজনপৈবিতার্থঃ, অসুলৈবসূলীভিঃ, কাধনাজনবাজতৈঃ স্বর্ণকজ্জলবজতবর্ণিঃ, বিমলৈঃ, ধাতুবিচ্ছেদেঃ বিচ্ছিদ্রৈগেরিকাদিধাতৃভিঃ কর্ন।ঃ,
পর্বতেনৈব কর্ত্রা, অস্থলিপ্ত ইব সন্, পূজাহেতোঃ যক্ষণদর্ব্ব-স্থবব্রদ্ধবিগণসেবিত্য,
পার্যলিঃ পবোধবৈর্ষেদেঃ, সপক্ষং নৃত্যন্তমিব স্থিতম্, পার্যলয়মেঘানাং পক্ষনচলনাদিতি ভাবঃ, প্রস্রবণাদকৈর্নির্বারজ্জলৈঃ, চ্যতং ক্ষপিতম্, অতএব মূলাহাবৈশ্চিতং
ব্যাপ্তমিব স্থিতম্, নিকাবজ্জলানাং ম্কাহাবতৃনাগুল্রবর্ণভাদিত্যাশ্যঃ, অভিরামাঃ ফ্লবাঃ
দর্ব্যো গুহাঃ কুলা লতাভাতৃতস্থানানি নিকাবোদকানি কদ্বা গর্ভাশ্য যত্ন ব্যাঃ গ্রেটা বর্হিণো

ইন্ধুশে। বিববে চ গুহাবাঞ্চল ইতি হেমচক্রঃ, অপ্সরোন্পূর্ববৈঃ প্রনৃত্য ব্যাঃ গ্রেটা বর্হিণো

#### ভাবতভাবদীপঃ

দেবতে। তত্ত্ব হেত্:—আজুজমিতি। মাতরিশ্বনো বাষোঃ দার্যঃ ॥১৩—১৬॥ মভিপ্রাদান্
দেবপারিগন্ধর্বাদিলীলোরখনহেত্ন্ পুল্পকুশাদিশংগুরান্ ॥১৭—১৯॥ পিতৃর্বথা পুরুপ্রশাদি
শীভ্যাদৃক্ স্পর্শবতা বায়্নেতার্থঃ। পিত্রা বায়ুনা ॥২০—২১॥ ধাতৃবিচ্ছেদৈর্বাত্ত্তেদেঃ।
অস্থলৈরিব বিষমচ্ছদেঃ সপ্তপর্ণাদিভির্নানাধাত্বজিতপত্তা বচিতঃ, বলিভিন্তিপুত্যাকাদৈশঃলিপ্ত ইবেতার্থঃ। আজনেতি কৃষ্ণাভূত্তহণং পীতক্রবধ্যেত্বাতৃভিন্নিতার্থঃ। ১০। প্রানেদৈদের
ক্রেঃ ॥২৩॥ দল্লী বিলগৃহ্যু, কন্দবং মহাপ্রপাতঃ, অভিবানা দল্লীপ্রভ্রেণা মনিন্ত গত্তিবিবাদিলিলি। শিলাঃ
বিরাণাগ্রেদিলাগ্রাং। "বিবাণং কুর্ছকে ক্লীবং ত্রিরু শুন্দেভদন্তবোশিতি লেদিনা। শিলাঃ
বিক্রেম, মহাতেন্তা ও শক্রহন্তা ভীমদেন বনে মন্ত হন্তাব হার উদ্দান্তরংগ
চলিতে লাগিলেন ॥১৫—২০॥

তথন শক্রদমনকাবী ভীমদেন পদ্মপুষ্প লইবাব জন্ম সেই পর্ব্ব হটা পর্ব্য-বেক্ষণ করিতে থাকিলেন। সে পর্ব্বতে দেবতা, যক্ষ, গদ্ধর্ব ও ব্রদ্ববিগণ বিচরণ

<sup>(</sup>२२) বিষমজ্ছেদরচিতৈ:—পি।

দশব্দকবলৈঃ স্বস্থৈবদূরপরিবর্তিভিঃ।
ভয়ানভিড্রের্হরিণৈঃ কোভূহলনিরীক্ষিতঃ ॥২৬॥
চালয়নু রুবেগেন লতাজালান্তনেকশঃ।
আক্রীড়মানো ছফীত্মা শ্রীমান্ বাযুস্থতো যযৌ ॥২৭॥ (য়ুয়্মকম্)
প্রিযামনোরথং কর্ত্তু মুদ্যতশ্চারুলোচনঃ।
প্রাংশুঃ কনকবর্ণাভঃ দিংহদংহননো যুবা ॥২৮॥
মন্তবারণবিক্রান্তো মন্তবারণবারণঃ॥২৯॥

### ভারতকৌসুদী

মধুবা যত্ত তম্, দিখাবণানাং দিগ্দন্তিনাং বিষাণাগৈর্দন্তাগৈরেঃ, ঘুষ্টানি উপলা বত্নানি শিলাতলানি চ যক্ত তম্, তথা অন্যোতিগাতিশবাদাযুনা অচালনীবৈঃ, নিম্নগামা নক্তানিঃস্থতৈর্জবৈঃ কবণৈঃ, অন্তাংশুকমিব অলিতবন্তামিব, নদীজলানাং নিম্নগমনাদ্পপ্তবং শুভ্রমাচেতি ভাবঃ, বিলোক্যামান গিবিমিত্যন্ত্বর্ষঃ ॥২১—২৫॥

পুনর্গমনমেব বর্ণযতি দ্বাভ্যাং যুগাকেন—সশপোতি। স্বষ্টাত্মা শ্রীমান্ বাযুস্থতো ভীমঃ, সশপাকবলৈঃ মুখপ্রবেশিত্যাসসহিতিঃ, স্বস্থৈঃ স্বস্থান এব স্থিতৈঃ, অদ্বপবিবর্ত্তিভিঃ অদ্বস্থিতিঃ, ভ্যানভিক্তৈইবিশৈঃ, কোতুহলনিবীক্ষিতঃ, উন্দরেগন দেহতা মহতা বেগেন, অনেকশো লতাজালানি চাল্যন্, আক্রীডমানো বিশেষেণ ক্রীডমিব চ সন্, যুয়ো ॥২৬—২ ৭॥

ইদানীং চতুর্ভিঃ কলাপকেন পুষ্পাদ্বেষণায ভীয়স্ত বিচবণং বর্ণযতি—প্রিষেতি। প্রাংগুঃ

করিতেন। আর, মেঘসমূহ আসিয়া পার্শ্বে লাগিতেছিল এবং চলিতেছিল, তাহাতে পর্ব্বতটা যেন নাচিতেছিল এবং নির্বারের জল পড়িতেছিল, তাহাতে পর্ব্বতটা যেন মুক্তার হাবে ব্যাপ্ত ছিল; আর তাহাব গুহা, কুঞ্জ, নির্বারের জল ও গর্দ্ত মনোহব ছিল; অপ্সবাদের নৃপুরের রবে ময়্বগণ নৃত্যু কবিতেছিল; দিগহস্তিগণেব দন্তাগ্রে তাহাব রত্ন ও প্রস্তারসমূহ ঘর্ষিত ছিল এবং নিষ্ণাল নদীব জল নীচে গিয়াছিল, তাহাতে পর্ব্বতিটার পবিহিত বন্ত্র যেন স্থালিত হইয়া-ছিল॥২১—২৫॥

হাষ্টচিত্ত ও স্থন্দরাকৃতি ভীমসেন শরীবেব গুকতর বেগে অনেক লতাসমূহ সঞ্চালিত করিয়া ক্রীড়া কবিতে কবিতেই যেন গমন করিতে লাগিলেন; তথন অদূরবার্ত্ত্রী নির্ভয়চিত্ত হবিণগুলি মূথেব ভিতরে ঘাস বাথিয়া এবং স্ব স্থানে থাকিয়াই কৌতুকের সহিত তাঁহাকে দেখিতে থাকিল ॥২৬—২৭॥

তদনস্তব স্থন্দরনয়ন, উন্নতদেহ, কাঞ্চনবর্ণ, সিংহের স্থায় দৃঢ়শবীব, মত্ত হস্তীর

<sup>(</sup>२७) ममष्पकवर्रनः ऋरिष्टः--भि। (२१) ठानयानः म त्वरान--वा व का।

প্রিয়পার্যোপবিক্টাভির্ব্যার্ত্তাভির্বিচেষ্টিতৈঃ।

যক্ষণন্ধর্ববোষাভিরদৃশ্যাভির্নিবীক্ষিতঃ ॥৩০॥

নবাবতারো রূপস্থা বিক্রীড়ারব পাগুবঃ।

চচার বমণীয়েরু গন্ধমাদনদানুষু ॥৩১॥ (কলাপকম্)

সংস্থাবন্ বিবিধান্ ক্রেশান্ প্রর্যোধনকৃতান্ বহুন্।

ক্রৌপড়া বনবাদিন্যাঃ প্রিয়ং কর্ত্ত্বং দমুত্ততঃ ॥৩২॥

শোহচিন্তবদ্গতে স্বর্গমর্জ্জনে ময়ি চাগতে।

পুষ্পাহেতোঃ কথং ছার্যাঃ কবিশ্বতি মুধিষ্ঠিবঃ ॥৩০॥ (মুগ্মকম্)

মেহান্নরবরো ন্নমবিশ্বাদাদ্বলক্ষ চ।

নকুলং সহদেবঞ্চ ন মোক্ষ্যতি মুধিষ্ঠিবঃ ॥৩৪॥

### ভারতকৌমূদী

উন্নতদেহ:। সিংহত্তেব সংহননং শবীবং যশু সঃ। মতো বারণো হতীব বিক্রান্তো বিক্রমবান্, মতো বাবণো হতীব বেগবান্, মন্তশু বাবণশু হন্তিন ইব তামে অক্লিণী যশু সঃ, তথা মতং বাবণং হন্তিনং বাবষতীতি সঃ, কপশু নবাবতাবঃ প্রমন্থন্দর ইত্যর্থঃ, অতএব প্রিম্নপার্ধোপবিষ্টাভিঃ, লতাদিব্যবধানান্তীমেনাদৃশ্যাভিঃ, ব্যাবৃত্তাভিঃ প্রবিবৃত্তাভিঃ, যক্ষণদ্ধর্ব-যোষাভিঃ, বিচেষ্টিতৈঃ প্রিয়ভযান্তক্ষীবিশেবৈঃ, নিরীক্ষিতঃ, পাগুবো ভীমঃ, বিক্রীভন্নিব বমণীযেষু গদ্ধমাদনসান্ত্র চচাব ॥২৮—৩১॥

যুগাকেন চিন্তামাহ—সংশ্ববন্নিতি। প্রিয়ং পুশাহরণম্। কথং কিম্ ॥৩২—৩৩॥ স্নেহাদিতি। বলস্থ নিজশক্তে:। ন মোক্ষাতি দন্নিধানাদিতি শেবং ॥৩৪॥
ভারতভাবদীপঃ

সমপাষাণাঃ শ্যনাসনযোগ্যাঃ উপলাক্তদত্তে। শৃশ্যং বালভূণম্, কবলো গ্রাসন্তদ্যুক্তঃ ॥২৫—২৭॥ কনকবর্ণাভঃ পীতদীপ্তিঃ, সিংহসংহননঃ সিংহবদ্দৃঢাঙ্গঃ ॥২৮॥ বাবণানামপি বাবণো নিবাবকঃ ॥২२॥ সংগ্রামাদে বিচেষ্টিকৈব্যাকৃত্তাভিনিশ্চেষ্টাভিবেকাগ্রাভিবিত্যর্থঃ ॥৩০॥ কপশু

ষ্ঠায় বিক্রমশালী, মন্ত হস্তীর স্থাষ বেগবান, মন্ত হস্তীর স্থায় তাত্রনেত্র, মন্ত হস্তিনিবাবণসমর্থ এবং ৰূপের যেন নৃতন অবতার ভীমসেন প্রিয়তমা দ্বৌপদীর অভীষ্ট পূবণ কবিতে উন্থত হইয়া বমণীয় গন্ধমাদনপর্ববিতের সমতল ভূমিতে বিচবণ কবিতে লাগিলেন; তথন পতির পার্শ্বেই উপবিষ্ট অদৃশ্য যক্ষ ও গন্ধর্ব-গণের রমণীরা ফিবিয়া ফিবিয়া ভঙ্গীক্রমে তাঁহাকে দেখিতে থাকিল ॥২৮—৩১॥

তথন ভীমসেন তুর্য্যোধনকৃত নানাবিধ বহুতব ক্লেশ স্মবণ কবিতে থাকিয়া বনবাসিনী জ্রৌপদীব প্রিয়কার্য্য কবিতে উদ্ভাত হইয়া চিন্তা কবিলেন—'অর্জুন অস্ত্রশিক্ষার জন্মে স্বর্গে গিয়াছে, আমিও পদ্মপুষ্পেব জন্ম এদিকে আসিয়াছি; এ অবস্থায় পুজনীয় যুধিষ্ঠির কি করিবেন ॥৩২—৩৩॥ কথং নু কুদ্রমাবাপ্তিঃ স্থাচ্ছীদ্রমিতি চিন্তযন্।
প্রতন্থে নবশার্দ্দূলঃ পক্ষিবাড়িব বেগিতঃ ॥৩৫॥
সজ্জমানমনোদৃষ্টিঃ কুল্লেবু গিবিদানুরু।
ক্রোপদীবাক্যপাথেয়াে ভীমঃ শীদ্রতরং যযৌ ॥৩৬॥
কম্পযন্ মেদিনীং পদ্যাং নির্ঘাত ইব পর্ববস্থ।
ত্রাস্যন্ মৃগযুথানি বাতরংহা বুকোদবঃ ॥৩৭॥
সিংহব্যাদ্রমুগাংশৈচব মর্দ্দ্র্যানাে মহাবলঃ।
উন্মূলয়ন্ মহারুক্ষান্ পীড়যংস্তবদা বলী ॥৩৮॥
লতা বল্লীশ্চ বেগেন বিকর্ষন্ পাণ্ডুনন্দনঃ।
উপর্যুপবি শৈলাগ্রমারুককুর্বিব দ্বিপঃ।
বিনর্দ্বমানােহ তিভূশং সবিত্যাদিব তোষদঃ ॥৩৯॥ (কলাপকম্)

# ভাবতকোসুদী

কথমিতি। কুন্তুমাবাপ্তিঃ তৎপদ্মপুষ্পপ্রাপ্তিঃ। নবশার্দ্ধুলো ভীমঃ ॥৩৫॥
পুনশ্চতুজিঃ কলাপকেন গমনমেব বর্ণযতি সজ্জেতি। ফুল্লের্ ফুলপুষ্পবদ্ধাদিতি ভাবঃ।
নির্বাতো বাতাহতবাতপাতঃ। তপা চ তিথিতবন্ধতা শ্বতিঃ—"মদন্তরীক্ষে বলবান্ মারুতো
মকতাহতঃ। পতত্যধঃ দ নির্বাতো জাযতে বাযুদস্তবঃ॥" পর্বন্ধ পূর্ণিমাদির্, তত্ত্বৈব
প্রায়েণ তৎসন্তবাৎ। বাতবংহা বাতবেগঃ। তবসা বেগেন। লতা কৃষ্ণাদীনাং শাখাঃ,
"সমে শাখালতে" ইতামবঃ, বল্লীর্লতাঃ। দ্বিপো হন্তী। বিনর্দ্দমানো বীবস্বভাবাদেব গর্জন্।
বটুপাদোহয়ং শ্লোকঃ॥৩৬—৬১॥

নিশ্চযই নবশ্রেষ্ঠ যুখিষ্ঠির নিজেব শক্তিব উপবে বিশ্বাস না থাকায় নকুল ও সহদেবকে নিকট হইতে ছাডিবেন না ॥৩৪॥

মুতবাং কি কবিয়া শীন্ত্রই সে পূষ্প পাইব' এইরপে চিন্তা কবিতে থাকিয়া নবশ্রেষ্ঠ ভীমসেন গকড়েব স্থায় বেগবান্ হইয়া গমন কবিতে লাগিলেন ॥৩৫॥ মহাবল ও বাযুব স্থায় বেগবান্ পাণ্ডুনন্দন ভীমসেন জৌপদীর বাক্যমাত্র পাথেয় লইযা, পর্বকালীন নির্ঘাতেব স্থায় চরণযুগলছারা ভূতল কম্পিত কবিয়া, হবিণগণেব ভয় জন্মাইয়া, সিংহ, ব্যান্ত্র ও অস্থান্ত পশুদিগকে মর্দ্দিত কবিয়া, বেগে বিশাল বৃক্ষগুলিকে নিপীড়িত ও উন্মূলিত কবিয়া, পর্বতাবোহী হস্তীব স্থায় বেগে শাখা ও লতাসমূহকে আকর্ষণ কবিতে থাকিয়া, এবং বিদ্যুৎসমন্থিত মেঘেব স্থায় অতিতীত্র গর্জন করিতে থাকিয়া অতি ক্রত গমন করিতে লাগিলেন; সে অবস্থাতেও তাঁহাব মন ও দৃষ্টি পর্বতেব সমতল ভূমিতে আকৃষ্ট হইতে থাকিল ॥৩৬—৩৯॥

তেন শব্দেন মহতা ভীমস্য প্রতিবোধিতাঃ।
গুহাং সংতত্যজুর্ব্যান্তা নিলিল্যুর্বনবাসিনঃ॥৪০॥
সমূৎপেতুঃ থগান্ত্রন্তা মূগমূথানি ছক্তবুঃ।
থাক্ষান্চোৎসস্থান্ত্র ক্ষাংস্তত্যজুর্হর্রেযা গুহাম্।
ব্যজ্ ভন্ত মহাসিংহা মহিষাণ্চ ব্যলোকয়ন্॥৪১॥
তেন বিত্রাসিতা নাগাঃ কবেণুপবিবাবিতাঃ।
তদ্বনং সংপবিত্যজ্য জগ্মু ব্যান্মহাবনম্॥৪২॥
বরাহমুগসিংহাশ্চ মহিষাণ্চ বনেচরাঃ।
ব্যান্ত্রগোমান্ত্র্যংশাশ্চ প্রণেছ্র্গবিষঃ সহ॥৪০॥
বথাঙ্গসংঘা দাত্যুহা হংসকারগুরপ্রবাঃ।
শুকাঃ পুংক্যোকিলাঃ ক্রোঞ্চা বিসংজ্ঞা ভেজিরে দিশঃ॥৪৪॥

#### ভারতকৌমূদী

তেনেতি। প্রতিবোধিতা জাগবিতা:। নিলিন্যুবস্তবালে নিলীনাং, বনবাদিনো ব্যাদ্রা: ॥৪০॥
সমিতি। থগাং পক্ষিণং। ঋকা ভন্ন, কাং, হবযং দিংহাং। অষমপি ষট্পাদং শ্লোকং ॥৪১॥
তেনেতি। নাগা হস্তিনং, কবেণুভিইন্তিনীভিং পবিবারিতাং পবিবেষ্টিতাং ॥৪২॥
ববাহেতি। গোমাবৃং শৃগালং। প্রণেহং ভ্যাৎ ক্রোধাচ্চ ককবৃং ॥৪৩॥

#### ভাবতভাবদীপঃ

সেন্দির্যায়। "রূপং স্বভাবে সেন্দির্যো" ইতি মেদিনী ॥৩১—৩৬॥ নির্বাত উৎপাতঃ, পর্বস্থ উৎসবেষু ॥৩৭॥ পোথ্যন্ মর্ক্যন্ ॥৩৮॥ লতা ভূচবা, বল্লী বৃক্ষচবেতি ভেদঃ ॥৩৯—৪০॥ অবলোক্যন্ ব্যুলোক্যন্ ॥৪১—৪৩॥ ব্যাস্পাহ্বাশ্চক্রসমাননামানশ্চক্রবাকা ইতি যাবৎ।

নিজিত ব্যান্ত্রগণ ভীমেব সেই বিশাল শব্দে জাগবিত হইয়া গুহা ত্যাগ ক্রিতে লাগিল এবং বনবাসী ব্যান্ত্রেবা অন্তবালে লুকাইতে থাকিল ॥৪০॥

এবং পক্ষিসমূহ ভীত হইয়া উভিতে লাগিল, হবিণগণ পলায়ন কবিতে থাকিল, ভল্লুক সকল বৃক্ষ পবিত্যাগ কবিতে লাগিল, সিংহগণ গুহা ত্যাগ কবিতে থাকিল, মহাসিংহ সকল হাই তুলিতে লাগিল এবং মহিষগণ দেখিতে থাকিল ॥৪১॥

আব, হস্তিনীবেষ্টিত হস্তিগণ সেই শব্দে ভাত হইয়া সে বন পরিত্যাগ কবিযা অন্ত মহাবনে যাইতে লাগিল ॥৪২॥

বনচর ববাহ, হরিণ, সিংহ, মহিষ, ব্যান্ত ও শৃগালসমূহ গবরগণেব সহিত বব কৰিতে লাগিল ॥৪৩॥

<sup>(</sup>৪৩)···ব্যাদ্রা গোষাযুদংঘাশ্চ—কা। (৪৪) বথান্দশাহ্রা দাভূাহাং—বা ব কা নি। বন-১৫৩ (৮)

তথান্তে দর্শিতা নাগা মহিষাশ্চ মহাবলাঃ।
সিংহব্যান্ত্রাশ্চ সংক্রুদ্ধা ভীমসেনমথাত্রবন্ ॥৪৫॥
শক্ষম ব্রঞ্চ মুঞ্চানা ভয়বিজ্রান্তমানসাঃ।
ব্যাদিতাস্তা মহারোদ্রা ব্যনদন্ ভীষণান্ রবান্ ॥৪৬॥
ততো বায়ুস্কতঃ ক্রোধাৎ স্থবাহুবলমান্ত্রিতঃ।
গজেনান্তান্ গজান্ শ্রীমান্ সিংহং সিংহেন বা বিভুঃ।
তলপ্রহারৈরন্তাংশ্চ ব্যহনৎ পাগুবো বলী ॥৪৭॥
তে বধ্যমানা ভীমেন সিংহব্যান্ততরক্ষবঃ।
ভয়াদ্বিসম্বজুর্ভীমং শক্ষম ব্রঞ্চ স্বক্ষবুঃ ॥৪৮॥
প্রবিবেশ ততঃ ক্ষিপ্রং তানপাস্ত মহাবলঃ।
বনং পাণ্ডুস্কতঃ শ্রীমান্ শব্দেনাপূর্য়ন্ দিশঃ ॥৪৯॥

# ভারতকৌমুদী

বথান্তেতি। রথাঙ্গসংঘাশ্চক্রবাবসমূহা:। বিসংজ্ঞা ভ্যাদ্চেতনপ্রায়া: ॥৪৪॥
তথেতি। নাগা হতিন:। আত্রবন্ আক্রমিতুমাগচ্ছন্ ॥৪৫॥
শক্লদিতি। শক্ষং বিষ্ঠাম্। ব্যনদন্ অকুর্বন্, অপবে নাগাদ্য ইতি শেষ: ॥৪৬॥
তত ইতি। শ্রীমান্ কান্তিমান্, বিভূঃ শিক্ষাপ্রভাববান্। অ্যমপি ষ্ট্পাদ্য শ্লোকঃ ॥৪৭॥
ত ইতি। তরক্র্ব্যাদ্রবিশেষ:। বিসম্জ্বিহায যয়ু, স্ক্রব্যুর্যুচ্ন ॥৪৮॥

চক্রবাক, ডাহুক, হাঁস, বালিহাঁস, পিবল, শুক, কোকিল ও কোঁচবকপক্ষী প্রায় সংজ্ঞাবিহীন হইয়া নানাদিকে পলায়ন কবিতে থাকিল ॥৪৪॥

আর, দর্পিত ও মহাবল অস্থান্য হস্তী, মহিষ, সিংহ ও ব্যাদ্র অত্যস্ত কুন্ধ হইরা ভীমকে আক্রমণ করিতে আসিল ॥৪৫॥

অতিভয়ন্ধর অপব কতকগুলি জন্ত ভয়ে বিচলিতচিত্ত হইয়া বিষ্ঠা ও মূত্র ত্যাগ করিতে থাকিয়া, মুখব্যাদান করিয়া, ভীষণ গর্জন করিতে লাগিল॥৪৬॥

তদনন্তর স্থন্দর, শিক্ষানিপুণ ও বলবান্ ভীমসেন ক্রোধবশতঃ আপন বাহুবলেব উপবই নির্ভর করিয়া হস্তীদারাই অন্ত হস্তী, সিংহদারাই অন্ত সিংহ এবং হস্তদাবা অন্তান্ত জন্ত বধ করিতে লাগিলেন ॥৪৭॥

ভীমসেন সেইভাবে বধ কবিতে থাকিলে অক্সান্ত সিংহ, ব্যাদ্র ও তরক্ষ্ (কেঁহুয়া বাঘ) ভয়ে ভীমসেনকে পবিত্যাগ করিল এবং বিষ্ঠা-মূত্র ত্যাগ করিতে থাকিল ॥৪৮॥

তাহার পর মহাবল ভীমসেন সেগুলিকে পরিত্যাগ করিয়া, শব্দে সকল দিক্ পূর্ণ করিতে থাকিয়া সম্বর বনের ভিতব প্রবেশ করিলেন ॥৪৯॥ অথাপগুদাহাবাহুর্গন্ধমাদনদানুষু।

হরম্যং কদলীষঞ্জং বহুযোজনবিস্তৃতম্ ॥৫০॥

তমভ্যগচ্ছদেগেন ক্ষোভয়িয়্যন্ মহাবলঃ।

মহাগজ ইবাপ্রাবী প্রভঞ্জন্ বিবিধান্ ক্রেমান্ ॥৫>॥

উৎপাট্য কদলীস্তম্ভান্ বহুতালদমুচ্ছুয়ান্।

চিক্ষেপ তরদা ভীমঃ দমন্তাদ্বলিনাং বরঃ।

বিনদন্ স্থমহাতেজা নৃদিংহু ইব দর্পিতঃ॥৫২॥

ততঃ সংঅপতংক্তর স্থবহুনি মহান্তি চ।

কুরুবানবযুথানি মহিষাশ্চ জলাগ্রায়াঃ॥৫০॥

### ভাবতকোসুদী

প্রেতি। তান্ নাগাদীন্, অপাশু বিহায। শ্রীমান্ স্থনবাক্কতিঃ ॥৪৯॥
অথেতি। গদ্ধমাদনশু সাম্যু সমতলভূমিয়ু। কদলীবঙ্গং কদলীবন্য্ ॥৫০॥
তমিতি। ক্ষোভিষিশ্বন্ আলোডিষিশ্বন্। আত্রাবী মদ্যাবী ॥৫১॥
উৎপাট্যেতি। বহব\*চ তে তালবন্তালকুক্ষবং সমুক্ষুষা উন্নতাক্ষেতি তান্। তরুসা
বেগেন্। নুসিংহো ভগবদবতারো নরসিংহঃ। ষ্ট্পাদোহখং ক্লোকঃ ॥৫২॥
তত ইতি। সংস্তপতন্ সমাগচ্ছন্। ক্লুববো হবিণবিশেষাঃ ॥৫৩॥

#### ভাবতভাবদীপঃ

দাত্যহো মযুব\*চাতকো বা। "দাত্যহং কালকণ্ঠকে চাতকেহপী"তি মেদিনী ॥৪৪॥ কবেণু-শরেণ হন্তিনীক্কতেনোন্তেজনেন পীডিতাং। "শরন্তৃত্তেজনে বাণে" ইতি মেদিনী ॥৪৫—৫০॥ শাশ্রাবী মন্ত্রগজ ইবেতার্থং॥৫১॥ কদলীতস্তান্ মুগবিশেষপাদান্। "বস্তার্কেহণ কদলী

তদনস্তব মহাবাহু ভীমদেন গন্ধমাদনপর্বতেব সমতল ভূমিতে বহু যোজন-বিস্তৃত অতিমনোহৰ একটা কদলীবন দর্শন কবিলেন ॥৫০॥

তথন মহাবল ভীমদেন সেই বনটীকে আলোড়িত কবিবেন বলিয়া মদস্রাবী মহাহস্তীব ফ্রায় নানাবিধ বৃক্ষ ভগ্ন কবিতে করিতে সেই দিকে বেগে গমন করিতে লাগিলেন ॥৫১॥

বলিশ্রেষ্ঠ ও মহাতেজা ভীমদেন দর্গিত নরসিংহেব স্থায় গর্জন কবিতে থাকিয়া তালবুক্ষেব স্থায় উন্নত বহুতব কদলীস্তম্ভ উৎপাটন কবিষা সকল দিকে বেগে নিক্ষেপ করিতে লাগিলেন ॥৫২॥

তথন বহুতব ও বিশাল বিশাল হবিণযুথ, বানরযুথ এবং জলস্থিত মহিব সে স্থানে উপস্থিত হইল ॥৫৩॥

<sup>(</sup>৫১)-- মত্তো গন্ধ ইব আবী—পি। (৫৩) তৃতঃ সন্থান্মাপাক্রামন্--ক্রমবানরসিংহাংশ্চ মহিবাংশ্চ জলেশ্যান্—বা-ব কা।

প্রবিবেশ ততঃ ক্ষিপ্রং তানপাস্থ মহাবলঃ।
বনং পাণ্ডুস্নতঃ শ্রীমান্ নাদেনাপুরয়ন্ দিশঃ॥৫৪॥
তেন শব্দেন ঘোরেণ ভীমদেনস্থ নর্দকঃ।
বনান্তরগতাশ্চাপি বিত্রেস্থর্ম গপক্ষিণঃ॥৫৫॥
তং শব্দং সহসা শ্রুত্বা মুগপক্ষিসমীরিতম্।
জলার্দ্রপক্ষা বিহগাঃ সমুৎপেতুঃ সহস্রশঃ॥৫৬॥
তানোদকান্ পক্ষিগণান্ নিরীক্ষ্য ভরতর্ষভঃ।
তানেবানুসরন্ রম্যং দদর্শ স্থমহৎ সরঃ॥৫৭॥
কাঞ্চনৈঃ কদলীষভ্রের্মন্দমারুতকম্পিতৈঃ।
বীজ্যমানমিবাক্ষোভ্যং তীবান্তরবিস্পিভিঃ॥৫৮॥ (য়ুগ্মকম্)
তৎ সরোহথাবতীর্যাণ্ড প্রভূতনলিনোৎপলম্।
মহাগজ ইবোদামশ্চিক্রীড় বলবদ্বলী॥৫৯॥

# ভারতকোমুদী

প্রেতি। অপাশ্য পরিহায। শ্রীমান্ বীবশোভাবান্ ॥৫৪॥
তেনেতি। নর্দ্ধতো গর্জকঃ। মৃগাঃ পশবঃ, "পশবোহপি মৃগাঃ" ইত্যমবঃ ॥৫৫॥
তমিতি। তং ভীমকুতং মৃগপক্ষিসমীবিতঞ্চ শব্দম্। বিহুগা জলচারিণঃ ॥৫৬॥
তানিতি। উদকান্ উদকচাবিণঃ। তরিবীক্ষণাদেব জলস্ত্তান্থমানমিতি ভাবঃ। কাঞ্চনৈঃ
স্থানগুণাদেব কাঞ্চনবর্ধৈঃ। তীবান্তব্যবিদ্পিভিঃ সহগুীবপর্যান্তব্যক্তিভিঃ ॥৫৭—৫৮॥
তদিতি। প্রাভূতানি নলিনানি পদ্মানি উৎপলানি চ যত্র তৎ। বলবৎ ভূশম্ ॥৫৯॥

তখন বীবশোভায় শোভিত মহাবল ভীমসেন সেগুলিকে পরিত্যাগ করিয়া গর্জনশব্দে সকল দিক্ পূর্ণ করিতে থাকিয়া সম্বর সেই বনে প্রবেশ করিতে লাগিলেন ॥৫৪॥

গর্জনকারী ভীমসেনেব সেই ভয়ঙ্কর শব্দে অক্সান্ত বনের পশু-পক্ষীও ভীত হইল ॥৫৫॥

এবং ভীমের সেই শব্দ ও পশু-পক্ষিগণের শব্দ শুনিয়া ভংক্ষণাৎ জলার্দ্রপক্ষ সহস্র সহস্র পক্ষী উড়িতে লাগিল ॥৫৬॥

ভবতশ্রেষ্ঠ ভীমসেন সেই জলচারী পক্ষিগণকে দেখিয়া তাহাদের অনুসবণ করিতে থাকিয়া একটা মনোহর ও অতিবৃহৎ সরোবর দর্শন করিলেন; তাহারই তীরপর্য্যস্তবিস্তৃত মূত্র্বায়্কস্পিত স্বর্ণবর্ণ কদলীবন যেন সেই সরোবরটীকে বীজন কবিতেছিল; তাহাতে সে সরোবর উদ্বেলিত হইতেছিল না ॥৫৭—৫৮॥

J i

<sup>(48)</sup> ज्या क्षांकः वा व का नान्छ।

বিক্রীড্য তিম্মন্ স্থচিরমূত্তারামিতহ্যতিঃ।
ক্ষোভয়ন্ সলিলং ভীমঃ প্রভিন্ন ইব বারণঃ॥৬০॥
দধ্যো চ শব্ধং স্থনবৎ সর্ববপ্রাণেন পাগুবঃ।
আফোটয়চ্চ বলবান্ ভীমঃ সমাদয়ন্ দিশঃ॥৬১॥
তত্ম শব্ধস্থ শব্দেন ভীমসেনরবেণ চ।
বাহুশব্দেন চোগ্রেণ নর্দ্দন্তীব গিবেগুহাঃ॥৬২॥
তং বজ্রনিষ্পোষসমমাক্ষোটিতমহারবম্।
গ্রুছা শৈলগুহাস্থপ্তঃ সিংহৈর্মুক্তো মহাম্বনঃ॥৬০॥
সিংহনাদভয়ত্রক্তঃ কুপ্পবৈরপি ভারত!।
মুক্তো বিরাবঃ স্থমহান্ পর্ববতো যেন পুরিতঃ॥৬৪॥

### ভারতকৌমূদী

বিক্রীড্যোতি। প্রভিন্নো মদ্রোবী, বাবণো হন্টী ॥৬০॥
দগাবিতি। স্বনবৎ প্রভূতস্বনং যথা স্থান্তথা। দর্বপ্রাণেন দর্ববলনিযোগেন ॥৬১॥
তন্ত্রেতি। ভীমসেনস্থ ববেণ পদ্মপ্রাধ্যানন্দাৎ সিংহনাদেন। নর্দ্ধন্তি গর্জ্জন্তি স্ম ॥৬২॥
তমিতি। আন্ফোটিভক্ত বাহ্বান্ফোটস্থ মহারবম্। মৃক্তঃ ক্বতঃ ॥৬০॥
সিংহেতি। কুঞ্গবৈহন্তিভিঃ। মৃক্তঃ ক্বতঃ, বিবাবো গর্জ্জনশব্দঃ ॥৬৪॥

#### ভারতভাবদীপঃ

পতাকামৃগভেদযো"বিতি মেদিনী। উত্তৰশ্লোকাদনিনামিত্যপক্ষ বলিনাং যক্ষাদীনাং পতাকাস্তন্তান্ বা ॥৫২—৫৮॥ নলিনোৎপলং পদ্মপূষ্পম্। "উৎপলী তুষপর্প ট্যাং ক্লীবং কুঠপ্রস্বনযো"বিতি মেদিনী। উদ্দামো বন্ধনশৃশ্যঃ॥৫२॥ অধ্যগং পর্বতোপবিবনং গস্তম্ভতঃ

তাহাব পৰ বলবান্ ভীমদেন প্রচুব পদ্ম ও উৎপল সমন্বিত সেই সবোবরে অবতবণ করিয়া বন্ধনমূক্ত মহাহস্তীব স্থায় বিশেষভাবে জলক্রীড়া কবিলেন ॥৫৯॥ সেই সবোববে বহুক্ষণ জলক্রীড়া কবিয়া অসাধারণতেজা ভীমসেন মদস্রাবী হস্তীব স্থায় জল বিক্ষুব্ধ করিয়া তীবে উত্তীর্ণ হইলেন ॥৬০॥

তৎপবে বলবান্ ভীমসেন সমস্ত দিক্ নিনাদিত করিয়া সমস্ত বল প্রয়োগ-পূর্ববক বিশাল শঙ্খবনি ও বাহ্বান্ফোটনের শব্দ করিলেন॥৬১॥

সেই শদ্ধের শব্দে এবং ভীমসেনের সিংহনাদে ও ভয়ঙ্কব বাহুশব্দে পর্ববতেব গুহাগুলি যেন গর্জ্জন করিয়া উঠিল ॥৬২॥

বজ্বনিষ্পেষণশব্দের তুল্য সেই বাহ্বাস্ফোটনের মহাশব্দ শুনিয়া গুহাত্তপ্ত সিংহগণও মহাগর্জন করিল॥৬৩॥

<sup>(</sup>৬°) ··ততোহধ্যগংস্ক বেগেন তদ্বনং বছপাদপম্—বা ব কা ।

তং তু নাদং ততঃ শ্রুছা মৃক্তং বানরপুঙ্গবঃ।
ভাতরং ভীমদেনস্ত বিজ্ঞায় হন্মুমান্ কপিঃ ॥৬৫॥
দিবঙ্গমং রুরোধাথ মার্গং ভীমস্ত কারণাৎ।
অনেন হি পথা মা বৈ গচ্ছেদিতি বিচার্য্য সং॥৬৬॥ (যুগ্মকম্)
ভাস্ত একায়নে মার্গে কদলীমগুমগুতে।
ভাতুভীমস্ত রক্ষার্থং তং মার্গমবরুধ্য বৈ॥৬৭॥
মাহত্র প্রাক্স্যতি শাপং বা ধর্ষণাং বেতি পাগুবঃ।
কদলীমগুমধ্যস্থ এবং দঞ্চিন্ত্য বানরঃ॥৬৮॥ (যুগ্মকম্)
ব্যাজ্ঞত মহাকায়ো হন্মান্ বানরর্বভঃ।
কদলীমগুমধ্যস্থো নিদ্রোবশগতস্তদা ॥৬৯॥

### ভারতকৌমূদী

তমিতি। মৃক্তং ভীমেন কৃতম্। বিজ্ঞাষ, স্বৰপ্ৰত্যভিজ্ঞানাদিতি ভাবং। দিবঙ্গমং স্বৰ্গগামিনং মাৰ্গম্। কাবণাজ্জীবনরক্ষণহেতোঃ। গচ্ছেন্তীমঃ। "অশ্বত্থামা বলিব্যাসো হন্মাংশ্চ বিজীবণঃ। কৃপঃ প্ৰস্ত্বামশ্চ সপ্তৈতে চিবজীবিনঃ॥" ইত্যুক্তেন্তদানীমপি হত্বমতঃ স্থিতিকপ্ৰপত্ততে। "হন্মান্ হত্বমানপি" ইতি শক্তেদপ্ৰকাশদৰ্শনাৎ দ্বিৰপত্তং হত্বমছক্ত্ৰভাগত-৬৬॥

আন্ত ইতি। আন্তে আসীৎ, একস্তৈব জনস্ত অষনং গমনং যত্র তন্মিন্। অথ ভীমস্ত জীবননাশসন্তাবনা কুত ইত্যাহ—মেতি। শাপং কম্তাপি মূনেঃ ॥৬৭—৬৮॥

#### ভারতভাবদীপঃ

সন্নিতি শেষঃ ॥৬০—৬২॥ আফোটিত উদ্ভাবিতঃ বাছঘাতো বা ॥৬৩—৬৫॥ দিবঙ্গমং মার্গং স্বর্গমার্গম্ ॥৬৬॥ একায়নে অভিসঙ্গুচিতে ॥৬৭॥ বানরঃ কপিঃ, বানানি শুক্ষদলানি

ভরতনন্দন জনমেজয় ৷ সিংহের গর্জন শুনিয়া ভীত হইয়া হস্তী সকলও গুকতর গর্জন করিয়া উঠিল ; যাহাতে পর্ববর্তটাই পূর্ণ হইয়া গেল ॥৬৪॥

তাহার পর বানরশ্রেষ্ঠ হন্তমান্ সেই কণ্ঠস্বব শুনিয়া, ভ্রাতা ভীমকে বুঝিতে পারিয়া, 'ভীম এই পথে গমন না করেন' এইরূপ বিবেচনা কবিয়া, ভীমের জীবনবক্ষার জন্ম স্বর্গগামী পথ বোধ করিয়া রহিলেন মঙে—৬৬॥

'ভীমসেন এই পথে যাইতে থাকিয়া কোন মূনির অভিসম্পাত কিংবা কোন প্রাণিকর্তৃক পরাভব প্রাপ্ত না হন' এইবাপ ভাবিয়া হন্তুমান্ ভীমকে রক্ষা করিবাব জন্ম কদলীবনের মধ্যে থাকিয়া সেই পথ রোধ করিয়া, কদলী-বনের মধ্যবর্ত্তী অভিসম্কৃতিত সেই পথে অবস্থান কবিতে লাগিলেন ॥৬৭—৬৮॥

<sup>(</sup>७०) ... मूकः वात्र वश्करियः — थि। (७०) ... हन्मान् नाम वानवः — वा व का।

জ্ঞানাঃ স্থবিপুলং শক্রথজেমিবোচ্ছি তম্।
আফোটয়চ্চ লাঙ্গুলমিক্তাশনিদমস্বনম্॥৭০॥
তস্থা লাঙ্গুলনিনদং পর্বতঃ দ গুহামুথৈঃ।
উদ্গারমিব গোর্নদিন ৎসদর্জ্জ দমন্ততঃ॥৭১॥
লাঙ্গুলফোটশনাচ্চ চলিতঃ দ মহাগিরিঃ।
বিঘূর্ণমানশিথরঃ দমন্তাৎ পর্যাশীর্য্যত॥৭২॥
দ লাঙ্গুলরবন্তস্থ মত্তবারণনিস্বনম্।
অন্তর্ধায় বিচিত্রেরু চচাব গিরিদাকুরু॥৭০॥
দ ভীমদেনন্তং শ্রুছা সম্প্রভ্রতিত্নুক্তঃ।
শন্দপ্রভ্রমন্থিচ্ছংশ্চচার কদলীবনম্॥৭৪॥

## ভারতকৌমূদী

ব্যেতি। ব্যাদ্ভত জ্ঞাং ক্ববান্। নিপ্রবেশগত ইবেতার্থ: ॥৬৯॥

জ্জেতি। উচ্ছিতং পূজায়ামুত্তোলিতং শক্রধ্বজমিব। আফোটবভুমাবপাতবং ॥৭০॥

তত্ত্বেতি। নর্দন্ গর্জন্ গৌকদগাবমিব লাল্বলনিনদমুৎসসর্জ্ব প্রতিধানিক্ষরা ॥৭১॥

লাল্বলিতি। লাল্বল্য ক্যেটো ভূমো পাতবক্ত শব্দাৎ, চলিতঃ কম্পিতঃ ॥৭২॥

স ইতি। তত্ত্ব পর্ব্বতন্ত্র। মন্তবাবণনিস্থনং মন্তহন্তিগর্জনশব্দম্ ॥৭৩॥

স ইতি। প্রভবত্যশাদিতি প্রভব উৎপত্তিস্থানম্, অফিছন্ অফ্যিন্ ॥৭৪॥

বিশাল শবীৰ বানবশ্ৰেষ্ঠ হন্তুমান্ তথন কদলীবনেৰ মধ্যে থাকিয়া নিজিত ইইয়াই যেন হাই তুলিতে লাগিলেন ॥৬৯॥

এবং তিনি হাঁই তুলিতে থাকিয়া, উত্তোলিত ইন্দ্রধ্বজের স্থায় অতিবিশাল লাঙ্গুলটাকে ভূতলে পাতিত কবিতে লাগিলেন; তাহাতে বজ্রপাতশব্দেব স্থায় শব্দ হইতে থাকিল ॥৭০॥

গর্জনকাবী বৃষ বেমন উদ্গাব ত্যাগ কবে, তেমন সেই পর্বেত গুহামুখনারা শকল দিকে হমুমানের সেই লাঙ্গূলশব্দের প্রতিধ্বনি করিল ॥৭১॥

সেই বিশাল পর্বত হন্তুমানের লাঙ্গুলক্ষেপেব শব্দে কম্পিত হওয়ায় তাহাব শৃঙ্গগুলি যেন ঘুরিতে লাগিল এবং সকল দিকেই যেন সে পর্ববিতটা বিশীর্ণ হইয়া গেল ॥৭২॥

এবং সেই লাঙ্গূলেব শব্দ পর্ব্বতন্থিত মন্ত হস্তীদিগেব গর্জনশব্দকে তিবো-হিত কবিয়া পর্ব্বতের বিচিত্র সমতল ভূমিতে বিচৰণ কবিতে লাগিল ॥৭৩॥

<sup>(</sup>१४) म ভীমদেনন্তচ্ঞবা—বা ব का नि ।

কদলীবনমধ্যস্থমথ গীনে শিলাতলে।

স দদর্শ মহাবাহুর্বানরাধিপতিং তদা ॥৭৫॥

বিদ্যুৎসম্পাতদুপ্রেক্ষং বিদ্যুৎসম্পাতপিঙ্গলম্।

বিদ্যুৎসম্পাতনিনদং বিদ্যুৎসম্পাতচঞ্চলম্ ॥৭৬॥

বাহুস্বস্তিকবিন্যস্ত-পীনহ্রস্থশিরোধরম্।

স্কন্ধভূরিষ্ঠিকায়ন্বান্তনুমধ্যকটীতটম্ ॥৭৭॥

কিঞ্চিদাভূগ্নশীর্ষেণ দীর্ঘরোমাঞ্চিতেন চ।

লাঙ্গুলেনোর্দ্ধগতিনা ধ্বজেনেব বিবাজিতম্ ॥৭৮॥ (কলাপকম্)

হুস্বোষ্ঠং তাত্রজিহ্বাস্থাং রক্তবর্গং চলদ্ব্রুবম্।

বিব্রত্তদংষ্ট্রাদশনং শুক্লতীক্ষাগ্রশোভিতম্ ॥৭৯॥

# ভাবতকৌমূদী

অথ চতুর্ভিঃ কলাপকেন হমুসন্ধর্শনমাহ—কদলীতি। পীনে বিশালে। বিদ্যুতাং সম্পাতঃ সমূহন্তদং তৃন্প্রেক্তম্। বাছবেব স্বন্তিকং ত্রিকোণং পিইককৃতং বস্তু তত্র বিশ্বন্তা স্থাপিতা পীনা স্থুলা হ্রস্বা থব্বা চ শিবোধবা গ্রীবা যেন তম্। পাণো ক্ষদ্রার বাছঃ স্বন্তিবাকাবে ভবতীতি প্রষ্টবাম্। ক্ষদ্ধে ক্ষদ্দেশাবচ্ছেদে ভূষিষ্ঠঃ কাবো যস্ত তম্ম ভাবন্তমাৎ, তম্বঃ কৃশো মধ্যকটীতটো যস্ত তম্। কিঞ্চিদাভূগ্যম্ ঈবছক্রং শীর্ষম্ উপবিভাগো যস্ত তেন, দীর্ষষ্ঠ তৎ বোমাঞ্চিতং বোমব্যাপ্রক্ষেতি তেন ॥৭৫—৭৮॥

দ্বাভ্যাং যুগ্মকেন মুখং বৰ্ণযতি—হ্ৰম্বোষ্ঠমিতি। তাত্ৰে জিহ্বাস্থে বসনাম্থবিববে যশু ভাৰতভাৰদীপঃ

বাত্যাদত্ত ইতি বানবঃ অহিংশ্র ইত্যর্থ: ॥৬৮—१०॥ উদ্যাবং প্রতিশব্ধ গোবিব উৎসমর্জ্জ ॥१১—१৬॥ বাহোঃ স্বন্তিবং চতুব্প্রং মূলং ভংস ইতি যাবং। তত্ত্র ক্তত্তকন্ধবসিত্যর্থ:, তত্ত্ব হেতু:—স্বন্ধেতি বিপুলাংসন্থাদিত্যর্থ: ॥११॥ আভূগ্নং বিগুণীকৃতম্ ॥৭৮—१२॥ উডুপং চন্দ্রম্ ॥৮০॥

সেই শব্দ গুনিয়া ভীমদেনের বোমাঞ্চ জন্মিল; তাই তিনি সেই শব্দেব উৎপত্তিস্থানেব অৱেষণে কদলীবনে বিচরণ কবিতে লাগিলেন ॥৭৪॥

তাহার পব মহাবাহু ভীমসেন দেখিলেন—কদলীবনেব মধ্যে বিশাল এক-খানা শিলার উপবে হন্নমান্ বহিয়াছেন; তাঁহাব আকৃতি বিদ্যুৎপুঞ্জের স্থায় দুর্দ্দর্শনীয়, বর্ণও বিদ্যুৎপুঞ্জেব স্থায় পিঙ্গল, শব্দও বিদ্যুৎপাতেব স্থায় বিকট এবং শবীবও বিদ্যুৎপুঞ্জেব স্থায় চঞ্চল এবং স্থূল ও খর্ব্ব গ্রীবাটাকে ত্রিকোণীকৃত বাহুব উপবে বাথিয়াছেন; স্কল্পদেশ স্থূল থাকায় কটীদেশ কৃশ ছিল এবং বোম-ব্যাপ্ত, ধ্বজের স্থায় উভোলিত ও ঈষদক্রপ্রাস্ত দীর্ঘ লাঙ্গুলদ্বাবা শোভা পাইতেছেন ॥৭৫—৭৮॥

ওষ্ঠযুগল খর্বা, জিহবা ও মুখ তাত্রবর্ণ, অপব অংশও রক্তবর্ণ, জ্রযুগল চঞ্চল,

অপশ্যদ্বদনং তস্ত রশ্মিবন্তমিবোড় পৃষ্।
বদনাভ্যন্তবগতৈঃ শুকৈর্দ ন্তৈবলদ্ধতম্ ॥৮০॥ (মুগ্মকম্)
কেশবোৎ কবদন্মিশ্রমশোকানামিবোৎ কবম্।
হিরগ্ময়ীনাং মধ্যস্থং কদলীনাং মহাদ্যুতিম্ ॥৮১॥
দীপ্যমানেন বপুষা স্বর্চিস্মন্তমিবানলম্।
নিরীক্ষন্তমমিত্রন্ধং লোচনৈর্মগুপিঙ্গলৈঃ ॥৮২॥
তং বানববরং ধীমানতিকায়ং মহাবলম্।
স্বর্গপন্থানমারত্য হিমবন্তমিব স্থিতম্ ॥৮৩॥ (বিশেষকম্)
দৃষ্ট্বা চৈনং মহাবাহুবেকং তন্মিন্ মহাবনে।
অথোপস্থত্য তরদা বিভীতীমন্ততো বলী ॥৮৪॥
দিংহনাদং চকারোগ্রং বজ্রাশনিসমং বলী।
তেন শব্দেন ভীমস্ত বিত্রেস্কর্ম্বাপক্ষিণঃ ॥৮৫॥ (মুগ্মকম্)

### ভারতকৌমূদী

ষাভ্যাং যুগাকেন নৃথং বর্ণবতি—হ্রুষেষ্ঠিসিতি। তাম্রে জিহ্নাম্থে বসনামূখবিববে যশ্ত তে । বিবৃত্তা ঈষদ্বজা দংট্রাঃ সম্মুখদন্তাঃ দশনা অপবে দন্তাশ্চ যত্ত তে । দশনানামেব স্তক্রৈস্টিক্লেশ্চ অবৈগ্রঃ শোভিতম্ । বিশ্ববন্তমিতি মোপধত্বাদন্তঃ । উডুপং চন্দ্রম্ । দন্তানাং চন্দ্রবশ্মিদাদৃশ্বানুষেম্ ॥৭৯—৮০॥

পুনন্ত্রিভির্বিশেষকেণ হত্তমন্তমেব বর্ণষতি—কেশবেভি। কেশবোৎকবেণ কিঞ্কদম্হেন সম্মিশ্রম্, অশোকানাং পুশ্পাণাম্ উৎকবং বাশিমিব স্থিতম্, বক্তবর্ণস্বাৎ। হিবগমীনাং স্বর্ণবর্ণানামিত্যর্থঃ। স্বর্চিপ্রন্থং শোভনশিখাবস্তম্। লোচনৈবিতি বছবচনং গৌববাৎ, মধুবৎ পিঙ্গলৈঃ পিঙ্গলবর্টব্যঃ। ধীমান্ ভীমঃ, অতিকাষং বৃহদ্দেহ্ম্। স্বর্গপন্থানমিত্যদন্তমাভাব আর্বঃ। অপশ্রাদিত্যমূবৃত্তিঃ ॥৮১—৮৩॥

সম্থেব দন্ত ও অপব দন্ত সকল ঈবং বক্ত এবং সেই দন্তসমূহেব তীক্ষ্ণ ও শুক্লবর্ণ অগ্রভাগ দ্বাবা মুখখানা শোভা পাইতেছিল, আব অভ্যন্তরন্থিত শুক্লবর্ণ দন্তদ্বারা অলম্বত ছিল; স্থৃতবাং ভীমসেন হন্তমানেব সে মুখখানাকে বশ্মিযুক্ত চক্রেব স্থায় দর্শন করিলেন ॥৭৯—৮০॥

ভীমদেন আবও দেখিলেন— মহাতেজা, বৃহৎকায় ও মহাবল বানবশ্রেষ্ঠ হন্ত্মান্ স্বর্ণবর্ণ কদলীবনের মধ্যে কেশবব্যাপ্ত অশোকপূষ্পবাশির স্থায় অবস্থান কবিতেছেন, উজ্জ্বল দেহে প্রজ্বলিত অগ্নিপুঞ্জেব স্থায় বহিয়াছেন, মধুব স্থায় পিঙ্গলবর্ণ নয়ন দ্বাবা দর্শন করিতেছেন এবং স্বর্গেব পথ বোধ কবিয়া হিমালয়ের স্থায় অবস্থান করিতেছেন ॥৮১ — ৮৩॥

মহাবাহু ও মহাবল ভীমসেন সেই মহাবনে একাকী হন্তুমান্কে দেখিয়া, বন-১৩৪ (৮) হনুমাংশ্চ মহাসত্ত্ব ঈষজুমীল্য লোচনে। দৃষ্ট্যা তমথ সাবজ্ঞং লোচনৈর্মধুপিঙ্গলৈঃ। স্মিতেন চৈনমাসান্ত বানরো নরমত্ত্রবীৎ ॥৮৬॥

হনুমানুবাচ।

কিমর্থং সরুজত্তে২হং স্থবস্থপ্তঃ প্রবোধিতঃ।
নকু নাম ত্বয়া কার্য্যা দরা ভূতেরু জানতা ॥৮৭॥
বরং ধর্মাং ন জানীমন্তির্য্যগ্যোনিমূপাঞ্জিতাঃ।
নরান্ত বৃদ্ধিসম্পন্না দরাং কুর্বনন্তি জন্তুরু ॥৮৮॥
ক্রেরেরু কর্মান্ত কথং দেহবাক্চিত্তদূষিরু।
ধর্মবাতিরু সজ্জত্তে বৃদ্ধিমন্তো ভবদ্বিধাঃ॥৮৯॥

### ভারতকোমুদী

দ্বাভ্যাং যুগাকেন ভীমব্যাপাবমাহ—দৃষ্ট্বেভি । এনং হয়মস্তম্ । তরদা বেগেন, বিভীঃ নির্ভমঃ । অশনিবিদ্যাৎ, "অশনিবিদ্যাৎতাঃ" ইভি হেমচন্দ্রঃ ॥৮৪—৮৫॥

হন্মানিতি। মহাসন্তো মহাবলঃ। লোচনে ইতি দ্বিচনান্দ্নিষনস্বমেব হন্মতঃ, কদাচিদ্বিত্বচনস্ক গৌববাং। আসান্ত সম্বধ্য। বটুপালোইষং শ্লোকঃ ॥৮৬॥

বিমিতি। কন্ধবা বোগেণ সহেতি সকলঃ, তে স্বয়া, প্রবোধিতো জাগবিতঃ ॥৮৭॥ ব অথ জানতেতি কথমুক্তমিত্যাহ—বযমিতি। তির্বাগ্রোনিং মন্বয়েতবযোনিম্ ॥৮৮॥

তাহাব পব নির্ভয়চিত্তে বেগে তাঁহার নিকট যাইয়া, বজ্র ও বিত্যুতের তুল্য ভয়ত্বব সিংহনাদ করিলেন; ভীমসেনের সেই সিংহনাদে পশু-পক্ষীরা ভীত হইল ॥৮৪—৮৫॥

তাহাব পব মহাবল হন্মান্ নয়নযুগল ঈষং উন্মীলিত কবিয়া, মধুর স্থায় পিললবর্ণ দেই নয়নযুগলদ্বাবা অবজ্ঞার দহিত ভীমেব প্রতি দৃষ্টিপাত করিয়া ঈষং হাস্তপুর্বক তাঁহাকে বলিলেন ॥৮৬॥

হন্মান্ বলিলেন—"আমি কগ্ণ এবং স্থাথে নিজা ষাইতেছিলাম, এ অবস্থায তুমি আমাকে কি জন্ম জাগবিত কবিলে ? ওছে ! তুমি যখন সকল বিষয় জান, তথন সকল প্রাণীর প্রতিই তোমার দয়া করা উচিত ॥৮৭॥

আমবা তির্যাগ্রোতি বলিযা ধর্ম জানি না, (স্কুতরাং দয়াও করি না); কিন্তু মান্তবেনা বুদ্ধিসম্পন্ন বলিয়া প্রাণীদেব উপরে দয়া করিয়া থাকে ॥৮৮॥

তোমাদের মত বৃদ্ধিমান্ মান্নবেরা দেহ, বাক্য ও মনেব দোষজনক এবং ধর্মনাশক হিংনাকার্য্যে প্রবৃত্ত হয় কেন ? ॥৮৯॥

<sup>(</sup>৮৬)...रन्यानिहयदगा९—वा व का नि ।

ভক্ষয়িত্বা নিবর্ত্তম মা র্থা প্রাপ্স্যাসে বধন্ ৷
গ্রাহাং যদি বচো মহাং হিতং মনুজপুঙ্গব ! ॥৯৬॥ (রুগ্মকম্)
ইতি শ্রীমহাভারতে শতদাহস্র্যাং দংহিতায়াং বৈয়াদিক্যাং বনপর্ববিণি তীর্থযাত্রায়াং ভীমস্য কদলীযগুপ্রবেশে একবিংশত্যধিকশততমোহধ্যায়ঃ ॥০॥ \*

---3米3---

# দ্বাবিংশত্যধিকশতত্যো২খ্যায়ঃ।

--- 23% 2---

বৈশপ্পায়ন উবাচ।

এতচ্ শ্রুত্বা বচস্তস্ত বানরেক্রস্ত ধীমতঃ। ভীমদেনস্তদা বীরঃ প্রোবাচামিত্রকর্ষণঃ॥১॥

# ভাৰতকৌসুদী

যুগ্মকেন বাবণায নির্বণ্গতি—স্বাগতমিতি। স্বাগতং স্থানোগমনং জাতম্, সোভাগ্যা-দিতি ভাব:। বুধা নিক্ষলম্। মহুং মম ॥৯৫——৯৬॥

ইতি মহামহোপাধ্যায-ভাবতাচার্ঘ্য-মহাকবি-পন্মভূবণ-শ্রীহবিদাসনিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-বিবচিতাযাং মহাভাবতটীকাযাং ভারতকোমূদীসমাখ্যাযাং বনপর্বান

তীর্থবাত্রাবামেকবিংশত্যধিকশততমোহধ্যাবঃ॥।॥

এতদিতি । স্বিত্রান্ শত্রন্ কর্ষতি বলেনাযত্তীকবোতীতি স্বামিত্রকর্ষণঃ ॥১॥
ভাষতভাষদীপঃ

অশোকানামশোকপুষ্পাণাস্ ॥৮১—৮৬॥ প্ৰকল্প: সপীডঃ, তে ত্বা ॥৮৭—৯৩॥ আখসিহি বিশ্বাসং কুক ॥৯৪—৯৫॥ মহুং মম ॥৯৬॥

ইতি শ্রীমহাভাবতে বনপর্বনি নৈলক্ষ্পীয়ে ভাবতভাবদীপে একবিংশত্যধিকশততমোহধ্যায়ঃ ॥১২১॥

মন্ত্রশ্রেষ্ঠ। আজ নিশ্চয়ই নির্বিদ্নে তোমার এখানে আগমন হইয়াছে। কিন্তু নবশ্রেষ্ঠ। আমার হিতবাক্য যদি তোমার প্রান্ত হয়, তবে এই অমৃত-তুল্য ফল-মূল ভক্ষণ কবিয়া এখান হইতেই নিবৃত্ত হও, বুথা বিনাশ প্রাপ্ত হইবে না"॥১৫—১৬॥

বৈশপ্পায়ন কহিলেন—বুদ্ধিমান্ ও বানবশ্রেষ্ঠ হন্মানেব এই কথা শুনিয়া শত্রুবিজয়ী বাব ভীমদেন তখন বলিলেন ॥১॥

<sup>\* &#</sup>x27;…व्हेठ राविश्मनिधक…'—वा व का, '…मश्चठश्चाविश्मनश्चिक…'—भि, '…ज्रष्ठठश्चाविश्मन मिंद क्यां-

### ভীম উবাচ।

কো ভবান্ কিং নিমিন্তং বা বানরং বপুরাস্থিতঃ।
ব্যক্ষণানন্তরো বর্ণঃ ক্ষত্রিয়স্ত্বান্ত পৃচ্ছতি ॥২॥
কৌরবঃ সোমবংশীযঃ কুন্ত্যা গর্ভেণ ধারিতঃ।
পাগুবো বায়ুতনয়ো ভীমসেন ইতি শ্রুন্তঃ ॥৩॥ (যুগ্মকম্)
স বাক্যং কুরুবীরস্থা স্মিতেন প্রতিগৃহ্য তৎ।
হন্মান্ বাযুতনযো বায়ুপুত্রমভাষত ॥৪॥

#### হনুযানুবাচ।

বানবোহহং ন তে মার্গং প্রদান্তামি যথেপ্দিতম্। নাধু গচ্ছ নিবর্ত্তস্ব মা ত্বং প্রাপ্দ্যদি বৈশসম্॥৫॥ ভীম উবাচ। ণ

বৈশসং বাহস্ত যদাহত্যম ছাং পৃচ্ছামি বানর !। প্রয়চ্ছ মার্গমূত্তির্চ মা মত্তঃ প্রাপ্স্যদি ব্যথাম্ ॥৬॥

### ভারতকৌমূদী

ক ইতি। আন্থিত আশ্রিতঃ। ব্রাহ্মণক্ত অনন্তরঃ প্রাং। ব্রক্তা দেবা। । ১—৩: স ইতি। জাতজ্ঞাপি সবিশেষপবিচ্যদানাৎ কৌতুকেন হিতমিতি ভাবঃ। ৪০ বানব ইতি। সাধু ভবং প্রার্থযিসি চেৎ গচ্ছ। বৈশসন্ অক্তর্কুক্রিভিংলান্ত্র বিশ্বমিতি। বানরেতি সম্বোধনাদবজা স্টিতা। মত্রো মম নবাশাং। ৬০

ভীম বলিলেন—"আপনি কে ? কি জন্মই বা বানবদেহ অবলম্বন কবিয়াছেন ? ব্রাহ্মণেব পরবর্ত্তী বর্ণ—ক্ষত্রিয, চন্দ্রবংশীয়, কুরুকুলোংপর, কুস্তীকর্তৃক গর্ভে ধৃত, পাঙ্নন্দন ও বায্ব পুত্র ভীমদেন আপনাকে প্রশ্ন করিতেছে" ॥২—৩॥

বাযুপুত্ৰ হত্নমান্ মৃত্ন হাস্তা কবিয়া কুরুবীৰ ভীমসেনেৰ সেই কথা স্থানারপৃষ্ঠক তাঁহাকে বলিলেন ॥॥॥

হনুমান্ বলিলেন—"আমি বানর; আমি তোমার মত্রীষ্ট পথ দিব ম।। তাল চাও ত—যাও, ফের, মৃত্যুব ক্লেশ পাইবে না" rer

ভীম বলিলেন—"বানর! আমার মৃত্যুব বেশই হউক, ব. অহা কিচ্ছু হউক, আমি ভাহা ভোমাকে জিজ্ঞানা কবি না , তুমি পথ লাও, উঠ, আমা হইচে বেদনা পাইবে না" ॥৬ঃ

<sup>(</sup>৩) শ্লোকাৰ পুতৰ্ 'বৈশপাহন উবাচ'—দি । ক ভাৰ কেন উপাচ—লা ৫ ক

## হনুমানুবাচ।

নান্তি শক্তির্মমোত্থাতুং ব্যাধিনা ক্লেশিতো হুহম্। যত্যবশ্যং প্রয়াতব্যং লঙ্ঘয়িত্বা প্রয়াহি মাম্॥৭॥ ভীম উবাচ।

নিগুণিঃ প্রমাত্মা তুং দেহং ব্যাপ্যাবতিষ্ঠতে।
তমহং জ্ঞানবিজ্ঞেরং নাবমন্তে ন লজ্জারে ॥৮॥
যত্যাগমৈর্ন জানীয়াং তমহং ভূতভাবনম্।
ক্রমেয়ং ত্বাং গিরিঞ্চেমং হনুমানিব সাগরম্॥৯॥

# ভাবতকৌমূদী

নেতি। প্রয়াতব্যং স্বযা। ভীমশু ধর্মজ্ঞানপরীক্ষার্থমিযমৃক্তিরিতি বোধ্যম্ ॥१॥

নিবিতি। নিশুৰ্ণঃ সম্ববজন্তমোতিঃ বপাদিভিশ্চ বিহীনঃ, "সাক্ষী চেতাঃ কেবলো নিশুৰ্ণশ্চ" ইতি শ্রুতেঃ, প্রমাত্মা "তন্তমসি" ইতি শ্রুতা জীবস্থ ব্রহ্মাভিন্নত্বাং। জ্ঞাযতে যম্মাদিতি জ্ঞানং বেদন্তেন বিজ্ঞেষম্, "তমেতমাত্মানং বেদান্ত্রচনেন ব্রাহ্মণা বিবিদিষস্তি" ইতি শ্রুতেঃ, নাবমন্তে, অতএব ন লক্ষ্মণে ॥৮॥

যদীতি। আগমৈঃ উজৈবেদৈঃ। ভূতভাবনং ভূতোৎপাদকম্, "ষম্মাদিমানি ভূতানি জাষন্তে" ইত্যাদি শ্রুতেঃ। ক্রমেযং ক্লাময়েখং লঙ্খ্যযেমিত্যর্থঃ ॥२॥

#### ভারতভাবদীপঃ

এতদিতি ॥১—৪॥ বৈশসং বিরোধম্ ॥৫—৭॥ নিগুর্ণ ইতি। গুণাঃ সন্থাদযো কপাদ্যত তৈর্বজ্জিতঃ, অতএব পরমঃ কোশপঞ্চকে হি অনাত্মপ্রাত্মমৃথ্যমাধ্যাদিকত্বাক্তম ততোহস্তম্ভ নিরুপাধিচিন্মাত্রো মৃথ্য আত্মা প্রত্যগ্ভূত আকাশো ঘটমিব দেহং ব্যাপ্য স্থিতঃ। এতেন শুদ্ধস্থপদার্থ উক্তঃ। অশু নিগুর্ণব্যেহস্থতবং প্রমাণযতি—জ্ঞানবিজ্ঞেযমিতি। জ্ঞানং শাস্ত্রার্থধ্যানজপ্রমা তেন জ্ঞেযম্। জ্ঞাতবিজ্ঞেযমিতি পাঠে সর্বপ্রকাশকমহঙ্কারাদিনাক্ষিণমিতার্থঃ। তশ্খাবমাননা শালগ্রামাদিবক্তম্পাধিভূতশু শরীরশু ল্ভ্যনেন ভবত্যতভদ্বাহ ন কুর্বে ইত্যর্থঃ॥৮॥ ভূতভাবনং ভূতানাং বিষদাদীনাং জ্বাযুজাদীনাঞ্চ ভাবনং

হন্মান্ বলিলেন—"আমি বোগপীড়িত বলিয়া আমাব উঠিবাব শক্তি নাই; স্তবাং তোমাব যদি অবশ্যই যাইতে হয়, তবে আমাকে লজ্বন করিয়া যাও" ॥৭॥

ভীম বলিলেন—"নিগুৰ্ণ পরমাত্মা (জীবন্ধপে) দেহ ব্যাপ্ত করিয়া অবস্থান করেন; স্মৃতবাং সেই বেদবেগু প্রমাত্মাকে আমি অবজ্ঞা কবিতে পাবিব না বলিয়া লঙ্কনও করিতে পাবিব না ॥৮॥

আমি যদি বেদশাস্ত্রদ্বাবা সেই ভূতভাবন পরমাত্মাকে না জ্বানিতাম, তবে হনুমান যেমন সমূজ লজ্বন করিয়াছিলেন, সেইরূপ আমি তোমাকে ও এই পর্ব্বতটাকে লজ্বন করিতে পারিতাম"॥॥

#### হনুমানুবাচ।

ক এষ হনুমান্ নাম সাগরো যেন লঙ্খিতঃ। পুচছামি ছাং নরশ্রেষ্ঠ। কথ্যতাং যদি শক্যতে ॥১०॥ ভীম উবাচ।

ভাতা মম গুণশ্লাব্যো বৃদ্ধিসত্ত্বলাম্বিতঃ। রামায়ণেহতিবিখ্যাতঃ শ্রীমান্ বানরপুঙ্গবঃ ॥১১॥ রামপত্নীকৃতে যেন শতযোজনবিস্তৃতঃ। मार्गदः क्ष**र**ार<u>त्क</u>न क्राप्तिकन मुख्यिकः ॥১२॥ স মে ভ্রাতা মহাবীর্যাস্তল্যোহহং তস্ত্র তেজ্পা। বলে পরাক্রমে যুদ্ধে শক্তোহহং তব নিগ্রহে ॥১৩॥ উত্তিষ্ঠ দেহি মে মার্গং পশ্য মে চাত্ত পৌরুষ্য। মচ্ছাসনমকুর্ববাণং ছাং বা নেয়ে যমক্ষয়ম্॥১৪॥

## ভারতকোমূদী

ক ইতি। স্ববিষয়ে লোকবাদুন্ত বামাযণন্ত চ জ্ঞানপরীক্ষার্থময়ং প্রশ্ন: ॥১०॥ ভাতেতি। স্রাতা, একবায়ুজনিতত্বাৎ, গুণৈঃ পবোপকাবাদিভিঃ শ্লাঘ্যঃ। সন্তম অধ্যবসায়:। বামায়ণে বান্মীকিপ্রণীতে ইতিহাসে। শ্রীমান্ ত্রিবর্গসম্পত্তিমান্ ॥১১॥ রামেতি। রামপত্নীক্ততে দীতাম্বেশনিমিত্তে। ক্রমেণ উল্লন্ডনেন ॥১২॥ দ ইতি। তেজ্সা দূর্পেণ। নিগ্রহে দমনে, যেন ত্বয়া পদ্মা দেবঃ স্থাৎ ॥১৩॥ উত্তিষ্ঠেতি। বা অথবা পশ্রেতি সম্বন্ধঃ। মচ্ছাসনং মদাদেশম্ ॥১৪॥

#### ভারতভাবদীপ:

বচনং যশ্মতিম। "আত্মন আকাশঃ সম্ভূতঃ। আত্মনঃ সর্বব এত আত্মানো ব্যচ্চবন্তি" ইত্যাদিশ্রতিভাঃ। এতেন তৎপদার্থ উক্তঃ। তমোঃ সামানাধিকবণ্যাবভেদে ব্রহ্মাদৈতঞ

হনুমান বলিলেন—"নবশ্রেষ্ঠ! আমি তোমাকে জিজ্ঞাসা করিতেছি; তুমি যদি বলিতে পার, তবে বল—এ হনুমান্টা কে, যে সমুদ্র লজ্বন কবিয়াছিল ?" ॥১০॥

ভীম বলিলেন—"তিনি আমাব ভ্রাতা, গুণে শ্লাঘ্য, বৃদ্ধি, অধ্যবসায় ও বলসম্পন্ন, বামায়ণে অত্যন্ত বিখ্যাত, ব্রিবর্গসমন্বিত এবং বানরমধ্যে শ্রেষ্ঠ ॥১১॥

যে বানবশ্রেষ্ঠ সীতাব অশ্বেষণের জন্ম শতযোজনবিস্তৃত সমুদ্রটাকে একলক্ষে লঙ্খন করিয়াছিলেন ॥১২॥

সেই মহাবীব আমার ভ্রাতা; আমি তেজে, বলে, পরাক্রমে ও যুদ্ধে তাঁহারই তুল্য ; স্মৃতরাং আমি তোমাকে নিগৃহীত করিতে সমর্থ হইব ॥১৩॥

বৈশম্পায়ন উবাচ। ত কলামতে বালবীৰ্যের দুৰ্গিক্য

বিজ্ঞায় তং বলোন্মতং বাহুবীর্য্যেণ দর্গিতম্। হুদয়েনাবহক্তিসনং হনুমান্ বাক্যমত্রবীৎ ॥>৫॥

হনুমানুবাচ।

প্রদীদ নান্তি মে শক্তিরুত্থাতুং জরয়াখনঘ !। মমানুকম্পয়া জেতৎ পুচ্ছমুৎসার্য্য গম্যতাম্ ॥১৬॥

বৈশস্পায়ন উবাচ।

এবমুক্তো হমুমতা হীনবীর্যপরাক্রমম্।
মনসাহচিন্তরন্তীমঃ স্ববাহুবলদর্গিতঃ ॥>৭॥
পুচ্ছে প্রগৃহু তরদা হীনবীর্যপরাক্রমম্।
দালোক্যমন্তকস্পৈনং নরাম্যগেহ বানরম্ ॥>৮॥
দাবজ্জমথ বামেন স্ময়ন্ জ্ঞাহ পাণিনা।
ন চাশকচ্চালয়িতুং ভীমং পুচ্ছং মহাকপেঃ ॥>৯॥

# ভারতকৌমুদী

বিজ্ঞাযেতি। অবহস্ত স্বাপেক্ষমা ন্যূনবলস্বাত্বপহস্ত, এনং ভীমদেনম্ ॥১৫॥ প্রসীদেতি। পুচ্ছং লান্দ্র্লম্, উৎসাধ্য অপসাধ্য। বলপরীক্ষার্থম্ক্তিবিষম্ ॥১৬॥ এবমিতি। হীনবীর্য্যপবাক্রমং হন্ত্মস্তমিতি শেষঃ ॥১৭॥ পুচ্ছ ইতি। তবসা বলেন। সালোক্যং সমানলোক্বর্জিতাম্। এতদ্বপ্যচিন্ত্র্যৎ ॥১৮॥

অতএব তুমি উঠ, আমার পথ দাও; যদি আমাৰ আদেশ পালন না কব, তবে আমাৰ পুরুষকাৰ দেখ—আমি তোমাকে যমালয়ে পাঠাই" ॥১৪॥

বৈশম্পায়ন বলিলেন—হন্নুমান্ ভীমসেনকে বলে উন্মন্ত ও বাহুবলে দর্পিত জানিয়া তাঁহাকে মনে মনে উপহাস কবিয়া এই কথা বলিলেন ॥১৫॥

হন্মান্ বলিলেন—"হে নিষ্পাপ। বার্জিক্যবশতঃ আমার উত্থানশক্তি নাই; স্বতবাং তুমি আমাব প্রতি প্রসন্ন হও, দ্বা করিবা আমাব লাঙ্গূল্টা সরাইয়া গমন কর" ॥১৬॥

বৈশম্পায়ন বলিলেন—হনুমান্ এইরূপ বলিলে, বাহুবলদর্পিত ভীমসেন হনুমান্কে হীনবীর্য্য ও হীনপবাক্রম মনে কবিলেন ॥১৭॥

(আবও মনে করিলেন যে,) আমি বলপূর্ব্বক লাঙ্গূল ধাবণ কবিয়া হীনবীর্য্য ও হীনপবাক্রম এই বানবটাকে আজ এখনই যমলোকে পাঠাইব ॥১৮॥

তাহার পর, ভীমসেন ঈবং হাস্ত করিয়া বামহস্ত দ্বারা অবজ্ঞাব সহিত হনুমানেব লাঙ্গুলটা ধবিলেন ; কিন্তু সঞ্চালিত কবিতে পারিলেন না ॥১৯॥ উচ্চিক্ষেপ পুনর্দোর্ভ্যামিক্রায়ুধমিবোচ্ছ্রিত্য।
নাদ্ধর্ত্ত মুশকন্তীমো দোর্ভ্যামিপা মহাবলঃ ॥২০॥
উৎক্ষিপ্তক্রবির্ত্তাক্ষঃ সংহতক্রকৃটীমুখঃ।
ফিন্নগাত্রোহতবদ্তীমো ন চোদ্ধর্ত্ত্বং শশাক তম্ ॥২১॥
যক্রবানপি চ শ্রীমার্লাঙ্গুলোদ্ধবণোত্ততঃ।
কপেঃ পার্শগতো ভীমন্তক্ষে ব্রীড়ানতাননঃ ॥২২॥
প্রণিপত্য চ কোন্তেয়ং প্রাঞ্জলিবাক্যমন্তবীৎ।
প্রসীদ কপিশার্দ্দিল! তুরুক্তং ক্ষম্যতাং মম ॥২০॥
দিদ্ধো বা যদি বা দেবো গন্ধর্বো বাহথ গুহুকঃ।
পৃষ্টঃ সন্ কাম্যা ক্রহি কন্ত্বং বানবর্মপথ্যক্ ॥২৪॥

## ভারতকোমূদী

সাবজ্ঞমিতি । শ্বৰন্ স্বৰমান দ্বিদ্ধনন্ । জগ্ৰাহ পুক্তমিতি সম্বন্ধঃ ॥১৯॥
উচ্চিক্ষেপতি । উচ্চিক্ষেপ উৎক্ষেপ্ত,মাবেভে । দোর্ভাগ দ্বাভাগেনে বাছভাগ ॥০০॥
উৎক্ষিপ্তেতি । ভীমা, উৎক্ষিপ্তে উত্তোলিতে ক্রবৌ যেন সা, বিবৃত্তে বিশেবেণ গোলাকাবে
অক্ষিণী যতা সা, সাংহতং সংবদ্ধ কৃতং ক্রকুটীন্ক্রং মৃথং যেন সা, শাকপার্থিবাদিদ্বাদ্যুক্তশন্দলোপঃ,
বিদ্বাগাত্রণভাত্বৎ , কিন্তু তং পুক্তযুদ্ধর্ভ্বুং ন চ শশাক ॥২১॥

যত্নেতি। লান্ধুলোদ্ধবণে যত্নবানপি চ, তত্রাশক্তং দরিতি শেষং ॥২২॥ প্রাণিপত্যেতি। মম ছক্তকং কটুবচন্ম ॥২৩॥

তা'ব পৰ মহাবল ভীমদেন তুই হাত দিয়া—আকাশে উদিত ইন্দ্রধন্নব তুল্য সেই লাঙ্গুলটাকে তুলিবাব চেষ্টা কবিলেন; কিন্তু তুই হাত দিয়াও তুলিতে পাবিলেন না॥২০॥

(হন্নমানেব লাঙ্গূল ধবিয়া প্রাণপণে আকর্ষণ কবিতে থাকার) ভীমের জ্রাযুগল উপবে উঠিল, নয়নযুগল গোলাকাব হইল, মুখে জ্রকুটী দেখা দিল এবং সমস্ত অঙ্গ ইইতে ঘর্মা নির্গত হইতে লাগিল; তথাপি তিনি সে লাঙ্গুল উস্তোলন কবিতে সমর্থ হইলেন না ॥২১॥

ভীমসেন হন্নমানের লাঙ্গূল উত্তোলনে উছাত এবং যরবান্ হইযাও যথন পাবিলেন না, তথন তিনি লজ্জায় অধোবদন হইযা হনুমানেব পার্যে দাঁড়াই-লেন ॥২২॥

এবং প্রণিপাত কবিয়া কৃতাঞ্জলি হইয়া এই কথা বলিলেন—"বানবশ্রেষ্ঠ। আপনি প্রদন্ন হউন এবং আমাব কটুবাক্যগুলিব উপরে ক্ষমা ককন॥২৩॥

<sup>(</sup>२२)…नाम्र्रनाक्षरागाकटः—वा द का नि । दत-७८१ (৮)

ন চেদ্গুহুং মহাবাহো। শ্রোতব্যং স্থান্মথা যদি। শিষ্যবত্ত্বান্ত পৃচ্ছামি উপপন্নোহস্মি তেহনঘ।॥২৫॥

হন্মান্ত্বাচ।

যত্তে মম পবিজ্ঞানে কোতৃহলমবিন্দম!।
তৎ দৰ্বমখিলেন ত্বং শৃণু পাগুবনন্দন!॥২৬॥
তাহং কেশবিণঃ ক্ষেত্ৰে বায়ুনা জগদাযুনা।
জাতঃ কমলপত্ৰাক ! হনুমান নাম নামতঃ॥২৭॥
সূৰ্য্যপুত্ৰঞ্চ স্থগ্ৰীবং শক্ৰপুত্ৰঞ্চ বালিনম্।
সৰ্বে বানববাজ্ঞানন্তথা বানৱযুথপাঃ॥২৮॥
তপতস্কুৰ্মহাবীৰ্য্যা মম চামিত্ৰকৰ্ষণ।।
স্থগ্ৰীবেণাভবৎ গ্ৰীতিবনিল্ম্ভাগ্নিনা বথা॥২৯॥ (যুগ্মকম্)

# ভারতকৌমূদী

সিদ্ধ ইতি। গুজ্কো যক্ষঃ। কাম্যুষা উৎকটশ্রবণেচ্ছ্যা মধা পৃষ্টঃ সন্ ॥২৪॥
নেতি। গুজ্ গোপনীযম্। উপপন্নোহন্মি শবণাগতোহন্মি ॥২৫॥
যদিতি। অথিলেন প্রকারেণ। পাণ্ডুরেব পাণ্ডবঃ প্রজ্ঞাদিত্বাৎ স্বার্থে অণ্ ॥২৬॥
অহমিতি। কেশবিণস্তদাথাশু বানবশু। জগত আযুনা প্রাণরূপস্বাদায়্বঃ প্রবর্তকেন। অস্তি
চ উকারাস্তোহপ্যায়শ্বরঃ, "বিভাদায়ু তথাযুষ্য" ইতি দ্বিরূপকোবাৎ ॥২৭॥

র্ম্বর্যাতি। বানবযুগণা বানবগণপত্যঃ। উপতস্থঃ সিবেবিবে। অনিলম্ম বায়োঃ॥২৮—২>॥

আমি প্রবল প্রবণেচ্ছাবশতঃ জিজ্ঞাসা কবিতেছি—বানররূপধাবী আপনি কে ? কোন দেবতা, না সিদ্ধ, না গন্ধর্ব্ব, না যক্ষ, তাহা বলুন ॥২৪॥

নিষ্পাপ মহাবাছ! যদি গোপনীয় না হয় এবং আমাব যদি শ্রোতব্য হয়, তাহা হইলে আমি শিয়্যেব ক্যায আপনাকে জিজ্ঞাসা কবিতেছি এবং আপনার শরণাগত হইযাছি" ॥২৫॥

হন্নমান্ বলিলেন—"অরিন্দম পাণ্ড্নন্দন! আমাব পবিচয় জানিবাব জন্ত যথন তোমাব কৌতৃহল জনিয়াছে, তথন তুমি সে সমস্তই শ্রবণ কব ॥২৬॥

পদ্মন্যন ! জগংপ্ৰাণ বাযু কেশবিনামক বানবেব পত্নীব গৰ্ভে আমাকে উৎপাদন কবিযাছেন ; আমাব নাম—'হনুমান্' ॥২৭॥

শক্রবিজয়ী ভামসেন! মহাবীব বানববাজগণ এবং বানবযুথপতিগণ সূর্যাপুত্র স্মুগ্রীবেব এবং ইন্দ্রপুত্র বালীর সেবা কবিতেন। এদিকে অগ্নিব

<sup>(</sup>२६)... त्यां ज्वाः क्रष्टरनमम-वा व का नि । (२१)... हन्मान् नाम वानवः-वा व का नि ।

নিকৃতঃ স ততো ভাত্রা কশ্মিংশ্চিৎ কাবণান্তবে।
খাসুকে মযা সার্দ্ধং স্থত্তীবো ভ্যবসচ্চিব্য ॥৩০॥
ভাথ দাশরথিবাঁবো বামো নাম মহাবলঃ।
বিষ্ণুর্মানুষরূপে চচাব বস্থধাতলম্ ॥৩১॥
স পিতুঃ প্রিয়মন্নিচ্ছন্ সহভার্য্যঃ সহানুজঃ।
সধনুর্ধনিনাং ভোচো দণ্ডকাবণ্যমাজিতঃ ॥৩২॥
তক্ষ ভার্য্যা জনস্থানাচ্ছলেনাপহ্যতা বলাৎ।
বাক্ষমেন্তেণ বলিনা বাবণেন ত্বাজ্মনা ॥৩০॥
স্থবর্ণবিজ্বচিত্রেণ মুগরূপেণ বক্ষসা।
বঞ্চবিত্বা নবব্যান্ত্রং মাবীচেন তদাহনব। ॥৩৪॥ (যুগ্মকম্)
হাতদাবঃ সহ ভাত্রা পজুীং মার্গন্ স বাঘবঃ।
দৃষ্টবান্ শৈলশিথবে স্থগ্রীবং বানবর্ষভ্য ॥৩৫॥

## ভাবতকৌমুদী

নিক্ত ইতি। নিক্তো বহিদ্ধৃতঃ, স স্থগ্রীবঃ, আত্রা বালিনা, ঋশুমূকে পর্বতে ॥৩০॥
সংক্ষেপেণ বামাযণমাহ—অথেতি। বিষ্ণুঃ বামো নাম সন্নিতি সম্বন্ধঃ ॥৩১॥
স ইতি। অফিছন্ অমুষ্ঠাতুমিচ্ছন্। সধন্ম সকাশ্মৃকঃ ॥৩২॥
তত্যেতি। জনস্থানাৎ দণ্ডকাবণাগ্রৈব প্র.বশবিশেষাৎ। ছল্মাহ—ত্বর্বেতি ॥৩৩—৩৪॥

সহিত বাযুব যেমন সৌহার্দ্দ আছে, আমাবও তেমনই সুগ্রীবেব সহিত সৌহার্দ্দ ছিল ॥২৮—২৯॥

তাহার পব কোন কাবণে বালী সূত্রীবকে বহিদ্ধৃত কবিয়া দেন, তাহাতে স্থুত্রীব স্থামাব সহিত যাইয়া ঋষ্যমূকপর্বতে দীর্ঘকাল বাস কবেন॥৩০॥

তদনন্তব ভগবান্ নাবায়ণ দশবথেব পুত্র হইষা 'বাম' নাম ধাবণ কবিয়া, মহাবীব ও মহাবল মানুষকাপে ভূতলে বিচৰণ কবেন ॥৩১॥

ধন্বৰ্জবন্দ্ৰেষ্ঠ সেই বামচন্দ্ৰ পিতাৰ প্ৰিয়কাৰ্য্য কবিবাৰ ইচ্ছায় ধন্মু ধাৰণ কবিয়া ভাৰ্য্যা সীতা ও ভ্ৰাতা লক্ষ্মণেৰ সহিত দণ্ডকাৰণ্যে গমন কবেন॥৩২॥

হে নিষ্পাপ ভীমসেন! তখন বাক্ষসরাজ মহাবল ছুবাত্মা বাবণ স্বর্ণ ও বড়ে বিচিত্র মৃগত্বপধাবী মাবীচনামক বাক্ষসভারা নরশ্রেষ্ঠ বামচক্রকে প্রতাবিত কবিয়া ছলে ও বলে জনস্থান হইতে তাঁহাব ভাষ্যা সীতাদেবীকে অপহবণ কবে ॥೨೨—೨৪॥

<sup>(</sup>৩৪) শ্লোকাৎ পৰম '···সপ্তচন্ধারিংশদ্ধিকঃ···হন্মান্থবাচ'—বা ব কা, '···অষ্টচন্ধারিংশদ্ধিকঃ···হন্মান্থবাচ'—পি, '···একোনপঞ্চাশদ্ধিকঃ···হন্মান্থবাচ'—নি ৷

তেন তস্থাভবৎ স্থ্যং রাঘ্বস্থ মহাত্মনঃ।

স হত্মা বালিনং বাজ্যে স্থগ্রীবমভিষিক্তবান্ ॥৩৬॥

স বাজ্যং প্রাপ্য স্থগ্রীবঃ সীতায়াঃ পবিমার্গনে।
বানবান্ প্রেষয়ামাদ শতশোহথ সহল্রশঃ ॥৩৭॥
ততাে বানরকােটিভিঃ সহিতােহহং নবর্ষভ!।
সীতাং মার্গন্ মহাবাহাে! প্রযাতাে দক্ষিণাং দিশম্ ॥৩৮॥
ততঃ প্রবৃত্তিঃ সীতায়া গৃপ্তেণ স্থমহাত্মনা।
সম্পাতিনা সমাথ্যাতা বাবণস্থা নিবেশনে ॥৩৯॥
ততােহহং কার্য্যদিদ্ধ্যর্থং রামস্থাক্রিফকর্ত্মণঃ।
শতযােজনবিস্তারমর্ণবং সহসা প্লাতঃ ॥৪০॥
অহং স্ববীর্যাত্মন্তীর্য্য সাগবং মকবাল্যম্।
স্থতাং জনকবাজস্থা সীতাং স্থরস্থতােপমান্ ॥৪১॥

# ভারতকোমূদী

স্বতেতি। প্রাত্তা লক্ষণেন, মার্গন্ অন্বিশ্বন্, বাদবো বাম: ॥৩৫॥
তেনেতি। স বাদবং। বাজ্যে বানববাজস্বপদে ॥৩৬॥
স ইতি। পবিমার্গনে সমস্তাদছেদশে ॥৩৭॥
তত ইতি। বানবকোটীভিরিত্যনেন বানবাণাং বহুজ্মাঞ্জং বিবৃক্ষিত্ম ॥৩৮॥
তত ইতি। প্রবৃত্তিবৃত্তান্তঃ। গৃগ্রেণ পক্ষিবিশেষেণ। নিবেশনে ভবনে ॥৩৯॥
তত ইতি। অর্ণবং সমৃক্ষম্। প্লুডঃ বৈহাযক্তা গত্যা অতিক্রান্তঃ ॥৪০॥

তাহাব পব হাতদাব রামচন্দ্র ভ্রাতা লক্ষণেব সহিত মিলিভ হইয়া সীতার অন্নেষণ কবিতে থাকিয়া ঋষুমৃকপর্বতেব শৃঙ্গে বানবশ্রেষ্ঠ স্থগ্রীবকে দেখিতে পান ॥৩৫॥

তদনস্তব স্বগ্রীবেব সহিত মহাত্মা রামচন্দ্রেব সধিত্ব হইল এবং রামচন্দ্র বালীকে ব বধ কবিয়া কিন্ধিন্ধ্যাবাজ্যে স্বগ্রীবকে অভিষিক্ত কবিলেন ॥৩৬॥

স্থাবি বাজ্যলাভ করিয়া সীতাব অন্বেষণে শত শত এবং সহস্র সহস্র বানর প্রেবণ কবিলেন ॥৩৭॥

মহাবাহু নবশ্রেষ্ঠ। তাহাব পব আমি বহুতব বানরের সহিত মিলিত হইয়া সীতাব অবেষণ কবিতে করিতে দক্ষিণ দিকে গেলাম ॥৩৮॥

ভদনস্তব অতিমহাত্মা গৃধ্ৰ সম্পাতি, বাবণ্ডবনে সীতাব অবস্থিতিবৃত্তাস্ত আমাদেব নিকট বলিলেন ॥৩৯॥

তাহাব পব তামি, অক্লিষ্টকর্মা রামচন্দ্রের কার্য্যসিদ্ধিব জন্ম তৎক্ষণাৎ শতবোজনবিস্তৃত সমুদ্র লঙ্ঘর্ন করিলাম ॥৪০॥ দৃষ্টবান্ ভবতশ্রেষ্ঠ । রাবণস্থ নিবেশনে ।

সমেত্য তামহং দেবীং বৈদেহীং বাঘবপ্রিয়াম্ ॥৪২॥

দগ্ধ্বা লঙ্কামশেষেন সাট্টপ্রাকারতোরণাম্ ।

প্রত্যাগতশ্চাস্থ পুনর্নাম তত্র প্রকাশ্য বৈ ॥৪৩॥ (বিশেষকম্)

মদ্বাক্যাচ্চাবধার্য্যাশু রামো রাজীবলোচনঃ ।

স বুদ্ধিপূর্ববং সৈন্মস্থ বদ্ধা সেতুং মহোদধ্যে ।

রতো বানরকোটীভিঃ সম্ত্তীর্নো মহার্ণবম্ ॥৪৪॥

ততো বামেণ বীরেন হন্বা তান্ সর্ববাক্ষসান্ ।

বনে সবাক্ষসগণং বাবণং লোকবাবণম্ ॥৪৫॥

নিশাচবেন্দ্রং হন্ধা তু সভ্রাতৃত্বত্বাদ্ধবম্ ।

বাজ্যেহভিষিচ্য লঙ্কায়াং বাক্ষসেন্ত্রং বিভীষণম্ ॥৪৬॥

# ভাবতকোমূদী

দশিতম্ ॥২—১১॥ ক্রমেণ পাদবিক্ষেপেণ ॥১২—১৬॥ এবস্কো সভি, তমিত্যধাহাব:। তং হীনবীর্ঘপরাক্রমং মনসাহচিত্তবং মেনে ॥১৭—১৮॥ উপভত্মর্বালিনং মম চ স্থগ্রীবেণ প্রীতিবভবং, নিক্কতো নিবস্তঃ॥২১—৪১॥ সমেত্য বিদিত্বা সম্ভাবণাদিনা নিশ্চিত্য॥৪২॥ অত্য বামত্য, তত্ত্র লঙ্কাধাম্॥১৩॥ অবধার্ষ্য নিশ্চিত্য॥৪৪॥ লোকবাবণং লোকপীড়াকরম্

ভবতশ্রেষ্ঠ ! আমি আপন বলেই মকবালয় সমূত্র লজ্বন কৰিয়া যাইয়া বাবণভবনে দেবতনয়াসদৃশী জনকতনয়া সাতাকে দর্শন কবিলাম এবং বিদেহ-বাজনন্দিনী বামপ্রিয়তমা সীতাদেবীৰ সহিত আলাপ কবিয়া অট্টালিকা, প্রাচীব ও তোবণেব সহিত সমগ্র লঙ্কানগরী দগ্ধ কবিয়া এবং সেখানে নিজেব নাম প্রকাশ কবিয়া, পুনবায় বামচন্দ্রেব নিকট প্রত্যাগমন কবিলাম ॥৪১—৪০॥

ভখন পদ্মনয়ন রামচন্দ্র আমাব বাক্য শুনিয়া, সৈশুগণেব মন্ত্রণা অনুসাবে লঙ্কাগমনের উপায় স্থিব করিয়া সম্ববই মহাসমুদ্রে সেতুবন্ধনপূর্বক কোটি কোটি বানবসৈত্তে পবিবেষ্টিত হইয়া মহাসমুদ্র পাব হইলেন ॥৪৪॥

তাহাব পব মহাবীব রামচন্দ্র যুদ্ধে সমস্ত রাক্ষ্ম এবং শ্রাতা, পুত্র, বান্ধব

<sup>(</sup>৪৩)--প্রত্যাগতশ্চাম্মি পুন: —বা ব কা পি। (৪৪) মঘাক্যঞ্চাবধার্যান্ত —পি, --- অবৃদ্ধ পুর্বমন্ত্রেন্ড বন্ধা—নি। (৪৫) ততো রামেণ বীর্ষ্যেণ—বা ব কা।

ধার্ন্মিকং ভক্তিমন্তঞ্চ ভক্তানুগতবৎসলম্।
পুনঃ প্রত্যাহ্নতা ভার্যা নফা বেদশ্রুতির্যথা ॥৪৭॥ (বিশেষকম্)
তবৈব সহিতঃ সাধ্ব্যা পত্ন্যা বামো মহাযশাঃ।
গত্মা ততােহতিত্ববিতং স্বাং পুবীং বযুনন্দনঃ।
ভধ্যাবসভতােহযােধ্যামযােধ্যাং দ্বিষতাং প্রভুঃ ॥৪৮॥
ততঃ প্রতিষ্ঠিতাে রাজ্যে রামো নৃপতিসভ্তমঃ।
ববং ময়া যাচিতােহসাে বামো বাজীবলােচনঃ ॥৪৯॥
যাবদ্রাম। কথেয়ং তে ভবেল্লােকেয়ু শক্রহন্।।
তাবজ্জীবেয়মিত্যেবং তথাহস্থিতি চ সােহত্রবীৎ ॥৫০॥ (য়ুয়কম্)
সীতাপ্রসাদাচ্চ সদা মামিহস্থমবিন্দম!।
ভপতিষ্ঠস্তি দিব্যা হি ভাগাে ভীম। যথেক্সিতাঃ ॥৫১॥

# ভাৰতকৌমুদী

তত ইতি। লোকবাবণং জগৎপীভকম্। লহাবাং বাজ্যে ইতি সম্বন্ধঃ। নৃষ্টা লুপ্তা বেদশ্রতিঃ বেদাখ্যা শ্রুতিঃ, পুবা নাবায়ণেনেতি শেষঃ ॥৪৫—৪৭॥

ত্যেতি । দ্বিতাং শত্রণাম্, অযোধ্যাং যোজুমশক্যাম্ । অযমপি বট্পাদঃ শ্লোকঃ ॥৪৮॥
তত ইতি । রাজীবলোচনঃ পদ্দন্যনঃ । কথা আখ্যানম্, ভবেন্তিষ্ঠেৎ ॥৪৯—৫০॥
সীতেতি । সীতাযাঃ প্রসাদাৎ প্রসাদেন ববদানাৎ । দিব্যাঃ স্বর্গীযাঃ, ভোগাঃ খাছাদ্যঃ ॥৫১॥

ও প্রধান প্রধান রাক্ষসেব সহিত জগতের উৎপীড়ক বাক্ষসবাজ বাবণকে বধ করিয়া, ধার্মিক, ভক্ত ও অনুগতবংসল রাক্ষসশ্রেষ্ঠ বিভীষণকে লঙ্কাবাজ্যে অভিষিক্ত কবিয়া, নাবায়ণ যেমন লুগুশ্রুতি উদ্ধার কবিয়াছিলেন, সেইকপ সীতাকে উদ্ধার কবিলেন ॥৪৫—৪৭॥

তদনন্তব প্রভাবশালী ও মহাযশা রঘুনন্দন বাম সেই সাধনী পত্নী সীতাদেবীৰ সহিতই অতি সম্বৰ যাইয়া, শত্রুগণেৰ অজেয় আপন বাজধানী অযোধ্যানগরীতে বাস কবিতে লাগিলেন ॥৪৮॥

তাহাব পব পদ্মনয়ন বাজশ্রেষ্ঠ বাম রাজ্যে প্রতিষ্ঠিত হইলে, আমি তাঁহাব নিকট এই বব প্রার্থনা করিলাম যে, হে শক্রনাশক বাম! যে পর্যান্ত আপনার এই উপাখ্যান জগতে প্রচলিত থাকিবে, ততকাল আমি জীবিত থাকিব; তথন বাম বলিলেন—'তাহাই হউক' ॥৪৯—৫০॥

অবিন্দম ভীম! আমি এইখানেই আছি; তাহাতে দীতা যে অনুগ্রহপূর্বক বর দিয়াছিলেন, তাহাব প্রভাবে অভীষ্ট স্বর্গীয় ভোগ্যবস্তু সকল আমাব নিকট উপস্থিত হইয়া থাকে ॥৫১॥ দশ বর্ষসহস্রাণি দশ বর্ষশতানি চ।

বাজ্যং কাবিতবান্ রামস্ততঃ স্বভবনং গতঃ ॥৫২॥
তদিহাপ্সবসন্তাত! গন্ধর্ববাশ্চ সদাহনত্য!।
তস্ত ধীরস্ত চবিতং গাযন্তো বময়ন্তি মাম্॥৫৬॥
ভ্যথঞ্চ মার্গো মর্ত্ত্যানামগম্যঃ কুরুনন্দন!।
ততোহহং রুদ্ধবান্ মার্গং তবেমং দেবসেবিতম্ ॥৫৪॥
ভ্যামনেন পথা যান্তং যন্দো বা রাক্ষসোহপি বা।
ধর্ষয়েদ্বা শপেদ্বাপি মা কশ্চিদিতি ভারত!॥৫৫॥ (যুগ্মকম্)
দিব্যো দেবপথো হেষ নাত্র গচ্ছন্তি মানুষাঃ।
ঘদর্থমাগতশ্চাদি তৎ দ্বোহভার্গ এব হি॥৫৬॥

ইতি শ্রীমহাভারতে শতুসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং হন্মন্তীমসংবাদে দ্বাবিংশত্যধিকশততমোহধ্যায়ঃ॥০॥ #

# ভারতকৌসুদী

বামবান্ত্যকালকথনেনাত্মন আয়ুবঃ পবিমাণং স্থচযতি—দশেতি। কাবিতবানিতি স্বার্থে ইন্
আর্বঃ ৪৫২॥

॥৪৫—৪৭॥ অযোধ্যাং যোজ মূশক্যাম্॥৪৮—৫১॥ কারিতবান্ ক্লতবান্, স্বার্থে ণিচ্, স্বভবনং বৈকুঠম্॥৫২—৫৬॥

ইতি শ্রীমহাভাবতে বনপর্বনি নৈলক্ষ্ঠীয়ে ভারতভাবদীপে দ্বাবিংশত্যধিকশততমোহধ্যাবঃ ॥১২২॥

বামচন্দ্র দশ সহস্র বংসর এবং আবও একসহস্র বংসর (এগাব হাজার বংসর) রাজ্বত্ব করিয়াছিলেন; তাহার পব তিনি আপন বৈকুণ্ঠভবনে গমন কবিয়াছেন ॥৫২॥ বংস! নিম্পাপ! অপ্সবোগণ এবং গন্ধর্ববর্গণ সর্ববদা এইখানে আসিয়া সেই বীরেব চবিত্রবিষয়ে গান কবিয়া আমাকে আনন্দিত কবিয়া থাকে॥৫৩॥

ভবতবংশীয় কুকনন্দন। এই পথটা মানুষেব অগম্য ; বিশেষতঃ তুমি এই পথ দিযা যাইবার সময়ে কোন যক্ষ বা বাক্ষস তোমাকে অভিভূত না কবে বা অভিসম্পাত না দেয়, এই জন্মই আমি দেবসেবিত তোমার এই পথ বোধ কবিয়াছিলাম ॥৫৪—৫৫॥

<sup>(</sup>৫৫) প্রথমাদ্ধি বা ব কা পি নাস্তি। (৫৬) ক্রেস অতএব সরশ্চ তৎ—বা ব কা নি।

\* 'অষ্ট্রচ্ছারিংশদ্ধিকঃ ' — বা ব কা, ' ক্রেনপঞ্চাশদ্ধিকঃ ' — পি, ' ক্রেশদ্ধিকঃ ' 
—নি।

# ত্রয়োবিংশত্যধিকশততমোইধ্যায়ঃ।

---°\*°---

বৈশম্পায়ন উবাচ।

এবমুক্তো মহাবাহুর্তীমসেনঃ প্রতাপবান্।
প্রণিপত্য ততঃ প্রীত্যা ভাতরং হুফুমানসঃ ॥>॥

উবাচ প্লক্ষ্মা বাচা হনুমন্তং কপীশ্বরম্।
ময়া ধ্যাতবো নান্ডি যদার্য্যং দৃষ্টবানহম্ ॥২॥ (যুগ্মকম্)
অনুগ্রহো মে স্থমহাংস্কৃপ্রিশ্চ তব দর্শনাৎ।
একস্ক কুতমিচ্ছামি ত্বয়াতার্য্য। প্রিয়ং মম ॥৩॥
যতে তদাসীৎ প্রবতঃ সাগবং মকরালযম্।
রূপমপ্রতিমং বীব। তদিচ্ছামি নিরীক্ষিতুম্ ॥৪॥

# ভাবতকে মুদী

দিব্য ইতি। দিব্য উত্তমঃ। অভ্যৰ্ণে আদন্ধে দেশে বৰ্ত্ততে ॥৫৬॥
ইতি মহামহোপাধ্যাম-ভাবতাচাৰ্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্ৰীহবিদাসদিদ্ধান্তবাগীশভট্টাচাৰ্য্যবিবচিতায়াং
মহাভাবতটীকাষাং ভাবতকোম্দীসমাখ্যাষাং বনপৰ্বাণি তীৰ্থযাত্ৰাষাং
দ্বাবিংশতাধিকশতভ্যমোহধ্যায়ঃ ॥०॥

-----

এবমিতি। উজ্জো হন্মতা। শ্লন্ধবা কোমলযা। ময়া তুল্য ইতি শেষঃ ॥১—২॥ অন্তগ্রহ ইতি। তৃপ্তিশ্চ স্থমহতীতার্থঃ। প্রিষং প্রীতিকবং কার্য্ম ॥१॥

এটা উত্তম দেবপথ; স্মৃতবাং এ পথে মানুবেবা গমন করিতে পাবে না। (সে যাহা হউক) তুমি যে জন্ম আসিয়াছ, সে সবোবর নিকটেই আছে" ॥৫৬॥

বৈশম্পায়ন বলিলেন—হন্মান্ এইবাপ বলিলে, মহাবাহু, প্রতাপশালী ও হাষ্টচিত্ত ভীমসেন প্রণিপাত কবিয়া কোমল বাক্যে বানবশ্রেষ্ঠ ভ্রাতা হন্মান্কে বলিলেন—"আমার তুল্য মহাধক্ত লোক আব নাই; যেহেতু আমি আপনাকে দেখিতে পাইলাম ॥১—২॥

আর্য্য! আপনি দর্শন দান কবিয়া আমাব প্রতি অতি গুকতব অনুগ্রহ কবিয়াছেন, আমাবও অতি গুকতব তৃপ্তি জন্মিয়াছে। এখন আমি ইচ্ছা কবি যে, আপনি আমার একটী প্রিয়কার্য্য কবেন।।।।

<sup>(</sup>৩)---এবন্ত ক্বতমিচ্ছামি ত্বযান্ত প্রিয়মাত্মনঃ---বা ব কা, ---এতন্ত বৃতমিচ্ছামি ত্বযার্য্যেণ প্রিয়ং মস-ননি।

এবং তুকৌ ভবিয়ামি শ্রদ্ধাস্থামি চ তে বচঃ।

এবমূক্তঃ স তেজস্বী প্রহস্থ হবিবত্তবীং ॥৫॥

ন তক্ষক্যং স্বয়া দ্রেক্ট্যুং রূপং নান্মেন কেনচিং।

কালাবস্থা তদা হুলা ন সা বর্তুতি সাম্প্রত্যু ॥৬॥

অন্যঃ কুত্যুগে কালস্ত্রেতাযাং দ্বাপবেহপবঃ।

অবং প্রধ্বংসনঃ কালো নাগ্য তদ্রুপমস্তি মে ॥৭॥

ভূমির্নলো নগাঃ শৈলাঃ সিদ্ধা দেবা মহর্ষয়ঃ।

কালং সমনুবর্তুন্তে যথা ভাবা যুগে যুগে ॥৮॥

কালং কালং সমাসাগ্য নবাণাং নবপুন্তব ।।

বলবর্ম্ম প্রভাবা হি প্রহীযন্ত্যন্তবন্তি চ ॥৯॥

## ভাৰতকোমুদী

যদিতি। প্লবতো বৈহাযক্তা গত্যা লঙ্ঘ্যতঃ। অপ্রতিমং নিরুপমম্ ress এবসিতি। এবং সতি। শ্রদ্ধাক্তামি বিশ্বসিম্বানি। হবির্বানবো হন্মান্ sen নেতি। অক্সা বৃহদাকৃতিযোগ্যা। বর্জতি বর্জতে ses

ষত্ত ইতি। গলে বন্ধা গোবিত্যাদিবৎ কৃত্যুগে কাল ইত্যাদাবাধাশধেণভাব উপপ্যতে অব্যবে অব্যবিস্তানীকাবাৎ। প্রধানে ধর্মহাসকবঃ ৪৭৪

ভূমিরিতি। নগা বৃক্ষা:। কালং সমন্ত্র্যন্তিত্ত কালান্তমানের পূর্ববিদক্ষণা ভবস্থি। ভাবা বাল্যকোমাবাত্তবস্থা:। মুমাপি তথৈব দেহবৈদক্ষণ্যং জাত্মিতি ভাবং। ৮॥

বীব! মকবালয় সমূজ লজ্বন কবিবাব সমযে আপনাব যে রূপ ছিল, এখন সেই অসাধাৰণ রূপ আমি দেখিতে ইচ্ছা কবি ॥৪॥

ইহা হইলে আমি সন্তুষ্ট হইব এবং মাপনাব বাক্য বিশ্বাস কৰিব।" ভীস এইবাপ বলিলে, তেজস্বী হনুমান্ হাস্ত কৰিয়া বলিলেন—॥॥

"ভীম। তুমি বা অক্স কোন ব্যক্তিই আমাব দে ৰূপ এখন দেখিতে সমৰ্থ নহ। কাৰণ, তখন কালেব অবস্থা অক্সপ্ৰকাৰ ছিল, এখন তাহা নাই ॥৬॥

নত্যমূগে একপ্রকাব কাল, ত্রেতায়ুগে অন্তপ্রকাব কাল . আর এই দাপব্দুগে ধর্মহ্রাসজনক অন্তপ্রকাব কাল চলিতেছে; স্মৃত্বাং এখন আমাব সেপ্রকাশ কর্ম ইইতে পারে না ॥৭॥

দেহেৰ অবস্থা যেমন কালেৰ অনুগামী হয় (দেহ যেমন কাল অনুসাদে বালা ও কৌমাৰপ্ৰভৃতি অৱস্থা প্ৰাপ্ত হয়), ভেমন যুগে যুগে ভূদি, নদা, বন্দ, পৰ্দেশ, দিন দেবতা ও মহৰ্ষিৰা কালেৰ অনুগাদী হন (কাল অনুসাদে ডিঃ ডিঃ প্ৰকাব হন)।৮॥

<sup>(</sup>a) পূর্বান্ধং বা ব কা পি নান্তি। বন-১৫৬ (b)

তদলং তব তদ্ৰপং দ্ৰস্ক্ট্ইং কুরুকুলোদ্বহ !।

যুগং সমন্মবৰ্ত্তামি কালো হি ছবতিক্ৰমঃ ॥১০॥
ভীম উবাচ। প

যুগদংখ্যাং দমাচক্ষ্ব আচাবঞ্চ যুগে যুগে।

ধৰ্মকামাৰ্থভাবাং\*চ কৰ্ম বীৰ্য্যং ভবাভবো ॥>>॥

## হনৃমানুবাচ।

কৃতং নাম যুগং তাত। যত্র ধর্ম্মঃ সনাতনঃ।
কৃতমেব ন কর্ত্তব্যং তিম্মিন্ কালে যুগোভমে ॥>২॥
ন তত্র ধর্ম্মাঃ সীদন্তি ক্ষীয়ন্তে ন চ বৈ প্রজাঃ।
ততঃ কৃতযুগং নাম কালেন গুণতাং গতম্॥>৩॥

#### ভাৰতকোমুদী

কালমিতি। কালং কালং বিভিন্নং কালম্। বর্ম্ম বপু:। প্রাহীমন্তি ক্ষীমন্তে ॥>॥
তদিতি। অলমিতি বাবণে। যুগং সমম্বর্জামি যুগাম্নাবেণ থর্বো জাত ইত্যর্থ: ॥>०॥
যুগেতি। ভাবঃ অবস্থা, কর্ম বৃত্তিং, বীর্যাং বলম্, ভবাভবো উৎপাদনবিনাশো ॥>>॥
সত্যযুগাবস্থামাহ—ক্বতমিতি। সনাতনো নিত্যস্থিতঃ। ক্বতমেব ধর্মাং কর্ম, ন কর্জব্যম অবশেষাভাবাৎ ॥>২॥

নেতি। সীদন্তি অবহীষত্তে শ্ব, ক্ষীয়ন্তে অকালমূত্যুনা। গুণতামপ্রাধান্তম্ ॥১৫॥ ভাৰতভাবদীপঃ

এবমিতি ॥১—৪॥ হবির্বানবং ॥৫ – ৮॥ বন্ধ শবীবম্ ॥৯—১৽॥ ভাবান্ তন্তানি, কর্ম শুভাগুভন্, বীর্ঘ্য ফলোদ্যপর্য্যন্তং শক্তিং, ভবাভবাবুৎপত্তিবিনাশো ঐশ্ব্যানশ্বর্ধ্য বা ॥১১॥ ক্বত্যেব সর্ব্বে ক্বতক্ত্যা এবেত্যর্থং, তত এব হেতোং ক্বতম্বুগং নাম ॥১২॥ গুণতাং মুখ্যমণ্য-

নবশ্রেষ্ঠ ! ভিন্ন ভিন্ন কাল অনুসাবে মানুষেব বল, শবীব ও প্রভাব ক্ষয়ও পায় এবং বৃদ্ধিও পায় ॥১॥

অতএব কুক্কুলশ্রেষ্ঠ। তুমি আমার সেরূপ দেখিতে চাহিও না। কাবণ, আমিও যুগেব অনুসবণ করিতেছি। যেহেতু কালের অতিক্রম করা ছন্কর" ॥১০॥

ভীম বলিলেন—"আর্য্য! আপনি—যুগের সংখ্যা (কয়টা যুগ তাহা) এবং ভিন্ন ভিন্ন যুগেব আচাব, ধর্ম্ম, কাম, অর্থ, অবস্থা, কর্ম্ম, বল, উৎপত্তি ও বিনাশের বিষয় বলুন" ॥১১॥

হনুমান্ বলিলেন—"বংস! প্রথম সত্যযুগ। যে যুগে ধর্ম সনাতন (সর্ববদা দিদ্ধ) ছিল, সেই যুগঞ্জেষ্ঠেব সময়ে মানুষ ধর্মকার্য্য কবিয়াই ফেলিড; কিন্তু কর্ত্তব্য বলিয়া অবশিষ্ট রাখিত না ॥১২॥

<sup>(</sup>১০) দ্বিতীযাদ্ধং বা ব কা নাস্তি। 🕆 ভীমদেন উবাচ—বা ব কা।

দেবদানবগন্ধকা যজরাক্ষমপন্নগাঃ।
নাসন্ কৃত্যুগে তাত! তদা ন ক্রয়বিক্রয়ঃ॥>৪॥
ন সাম ঋগ্যজুর্বনাঃ ক্রিয়া নাসীচ্চ মানবী।
ভাভিধ্যায় ফলং তত্র ধর্মাঃ সন্ম্যাদ এব চ॥>৫॥
ন তব্মিন্ যুগসংসর্গে ব্যাধ্যো নেক্রিয়ক্লয়ঃ।
নাসূযা নাপি ক্রদিতং ন দর্পো নাপি বৈকৃত্যু॥>৬॥
ন বিগ্রহঃ কুতন্তন্তা ন দ্বেষা ন চ পৈশুন্য।
ন ভয়ং নাপি সন্তাপো ন চের্ঘা ন চ মৎসবঃ॥>৭॥
ন ভয়ং নাপি সন্তাপো ন চের্ঘা ন চ মৎসবঃ॥>৭॥

## ভাৰতকৌমুদী

দেবেতি। নাসন্, প্রস্পবং বিভিন্না ইতি শেষঃ, সর্বেষামেবৈকরূপত্মাদিত্যাশ্যঃ, ক্রয়বিক্রনশ্চ নাসীৎ, সম্বর্মাত্তেশৈব তন্ত্রৎক্রসিন্ধেবিতি ভাবঃ ॥১৪॥

নেতি। তত্ত কৃত্যুগে, সাম ঋক্ যজুর্নাসীৎ বেদভেদো নাসীদিত্যর্থং, দ্বাপদ এব দ্বৈণাখনেন তক্ত কবণাৎ 'ব্যাদধাদ্যজ্ঞসন্ততৈয় বেদনেকং চতুর্বিধন্" ইতি শ্রীমন্ত্রাগবতবচনাৎ। ত্রাদ্ধণাদ্দো বিভিন্না বর্ণা নাসন্। সানবী মানবসম্বন্ধিনী, ক্রিয়া বীজবপনাদিকপা নাসীৎ। তর্হি কথা ভোজনাদিনিপাত্তিবাসীদিত্যাহ—অভীতি। মানবা অভিধ্যায় সংক্রৈত্রব ফলং ক্রেযবিত্রয়বীজনবপনাদিকসম্ আনাদিকসম্ আনাদিকসম্ আনাদিকসম্ আনাদিকস অলভন্তেতি শেষঃ। সন্ত্রাসক্রাগ্য এব চ ধর্ম আসীং াঃবা

নেতি। যুগস্ত সত্যযুগস্ত সংসর্গে নম্বন্ধে সতি। বৈক্বতং প্রপ্রেতাবণাদিবিকারঃ ॥১৬॥ ভারতভারদীপঃ

ম্থাতাং গতম্ ॥১৩—১৪॥ ন সামেতি। ত্র্যীধর্মস্ত চিত্তেক্ষার্থতান্তকাশ্চ তরানীং সভাব-সিক্ষান সামাদীস্তাসন্, মানবী ক্রিয়া ক্রুযাভারেস্করণা কিন্তু অবিধ্যায় কলং সদর।দেব সর্প্রং সম্পাতত ইত্যর্থ: ॥১৫॥ বৈকৃতং কপটম্ ॥১৬॥ বিগ্রহো বৈবম্, তন্ত্রা আলম্ভন্, বেংঃ প্রানিষ্ট-

তথন ধর্মা ক্ষয় পায় নাই, লোকক্ষয়ও হয় নাই। সেই জন্মই তাহাব নাম ছিল—'সত্যযুগ'। কালক্রমে সে যুগও অপ্রধান (নিকৃষ্ট) হইয়াছিল ॥১৩॥

